Vol. XXIX—No. 3

Assembly Proceedings

Official Report

West Bengal Legislative Assembly

The 22nd and 23rd. March 1961

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc. No. 197
Date 19. 2. 65
Catalog No. 328.54/351
Price Rs 1.68

Published by authority of the Assembly under Rule 134 of the West Bengal Legislative Assembly Procedure Rules

Price—Indian, Rs. 1·68 nP.; English, 2s 6d per copy

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 22nd March, 1961 at 3p.m.

Present :

Mr Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 13 Hon'ble Ministers, 13 Deputy Ministers and 177 Members.

[3-3-10 p.m.]

Information regarding Calcutta Metropolitan District Authority Bill

Sj. Jatindra Chandra Chakravorty :

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার চেম্বারে গিয়ে আপনার অনুমতি নিয়ে এসেছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবার জন্য। মুখ্যমন্ত্রী এখন এখানে আছেন, আমি তাঁর কাছ থেকে তার উত্তর চাই। একটা খবরে দেখছি যে ক্যালকাটা করপোরেশন এবং ৩০টি মিউনিসিপ্যালিটি এলাকার প্রায় ২১০ বর্গমাইল ব্যাপী এলাকার জন্য একটা ক্যালকাটা মেট্রোপোলিটান ডিস্ট্রিক্ট অথরিটি গড়ে তোলবার জন্য চেষ্টা হচ্ছে এবং একটা মেট্রোপলিটান অথরিটি বিল নাকি ডাঃ রায় আনবার চেষ্টা করছেন এবং এই বিলের মাধ্যমে ১৯৫১ সালের ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট এবং বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট, ১৯৩২ এবং ক্যালকাটা এণ্ড হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট এ্যাক্টকে সুপারসিড করা হবে যার ফলে জনসাধারণের মধ্যে অত্যন্ত কনফিউসন্ দেখা দিয়েছে এবং বিশেষ করে এখন যখন ক্যালকাটা করপোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলির ইলেকশন হচ্ছে—সে ক্ষেত্রে এই ব্যাপারে ভোটারদের মধ্যে একটা হতাশার সঞ্চার হয়েছে, কারণ এর দ্বারা করপোরেশন এবং উক্ত মিউনিসিপ্যালিটিগুলির ক্ষমতা কেড়ে নেওয়া হবে। আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে এ সম্পর্কে উত্তর চাই।

Sj. Sunil Das :

মাননীয় স্পীকার মহাশয়, কালকে আমি একটা কলিং অ্যাটেনশন্ মোশান দিয়েছি মেট্রোপলিটান ডিসট্রিক্ট অথরিটি সম্পর্কে। যে বিল আসবার কথা ছিল এই ব্যাপারে সেই বিল এখন নাকি আসছে না, এবং ক্যালকাটা করপোরেশন ও মিউনিসিপ্যালিটিগুলির ইলেকশন হওয়ার পর সেই বিল আসবার সম্ভাবনা রয়েছে এবং শুধু তাই নয়, উদ্দেশ্যমূলকভাবে একটা চেষ্টা হচ্ছে এবং সেই বিলের মধ্যে প্রভিসন রয়েছে যাতে করে ক্যালকাটা করপোরেশন এবং ৩০টি মিউনিসিপ্যালিটির স্বায়ত্তশাসনমূলক অধিকার হরণ করা যায়। এসম্পর্কে মুখ্যমন্ত্রী মহাশয়ের কি বক্তব্য আমরা জানতে চাই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, it seems that my friends are exeercised over the birth of a scheme which has not yet been conceived. The proposal for having a Metropolitan Board was made by the World Health Organisation which was asked by the Government of India and the Government of West Bengal to consider the question of supplying Calcutta and the riparian municipalities with sufficient quantity of water and providing for drainage, sewerage etc. No scheme has yet been for

mally formulated for the purpose of putting it into action. The matter is being considered in all its details and bearings. There is no question of the municipal powers being taken up by any other body—that question does not arise at the present moment—and I feel that but for the great imaginative power of the newspapermen people would not have become so frightened about this. There is nothing in this at the present moment to be considered.

Mr. Speaker : This is not a statement on any calling attention notice. This is a statement made by the Hon'ble Minister with my permission under rule 346.

GOVERNMENT BILL

The West Bengal Appropriation Bill, 1961

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir I beg to introduce the West Bengal Appropriation Bill, 1961.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1961, be taken into consideration.

According to the Constitution no taxes can be levied or collected except by authority of law. And all moneys which are so collected, all loans raised by the Government, all loans or ways and means, advances and all moneys received by the Government in repayment of loans shall form one fund called the "Consolidated Fund of the State." The Constitution says "no moneys out of the Consolidated Fund of India or the Consolidated Fund of a State shall be appropriated except in accordance with law and for purposes and in the manner provided in the Constitution." Under Article 202 the Governor is to place before the House in respect of every financial year a statement of the estimated receipts and expenditure of the State for the year which is called the annual financial statement. This has been done. The items which have been demanded by the administration for expenditure under the various heads have been placed before the House and the House has accepted these items. The Article says that so much of the estimates as relates to the expenditure charged on the Consolidated Fund of a State shall not be submitted to the vote of the Assembly. The Constitution further says that as soon as may be, after the grants under Article 203 have been made by the Assembly there shall be introduced a Bill, which is now before you to provide for the appropriation out of the Consolidated Fund of the State of the moneys required to meet (a) Grants which have been made by the Assembly, and (b) the expenditure charged on the Consolidated Fund of State but not exceeding in any case the amount shown in the statement previously laid before the House. Article 204 (2) provides that no amendment shall be proposed to any such Bill in the House or either House of the Legislature of the State which will have the effect of varying the amount or altering the destination of any grant so made or varying the amount of expenditure charged on the Consolidated Fund of the State, and the decision of the person presiding as to whether the amendment is admissible under this clause shall be final. Under that provision of the Constitution I have placed this Bill before the House.

The total amount proposed to be appropriated by this Bill for expenditure during the financial year 1961-62 is Rs. 1, 67, 64, 22, 001. This amount

includes Rs. 23, 47, 46,000 on account of charged expenditure. The details of the proposed Appropriation Bill will appear in the Schedule to the Bill.

With these words, Sir, I commend my motion for the acceptance of the House.

Mr. Speaker : One amendment has been given by Shri Basanta Kumar Panda for circulation of the Bill for the purpose of eliciting public opinion thereon by 28th February, 1961. This amendment, in my opinion, is inadmissible. The house has voted the Demands for Grants and these voted grants have been included in the Bill for allowing withdrawal of money from the Consolidated Fund as provided in the Constitution. The question of eliciting public opinion, therefore, does not arise.

Mr. Panda also knows it.

Sj. Basanta Kumar Panda : I would like to draw your attention to Art. 204(2) of the Constitution. There are restrictions to give amendment to these Bills. Article 204(2) reads thus : "No amendment shall be proposed to any such Bill in the House or either House of the Legislature of the State which will have the effect of varying the amount or ...."

Mr. Speaker : I have given my final ruling. I won't allow you to discuss this matter over again. You know, I have the power under Rule 218 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly to apply guillotine and I announce that guillotine will fall at 6-30 P.M. and the House will sit up to 7-30 P.M. Yes, Mr. Bankim Mukherji.

Sj. Bankim Mukherji :

স্যার আপনি পয়েন্ট অফ অর্ডার ফাইণ্ডাল করলেন। বসন্ত পাণ্ডা যথাসময় এই এমেণ্ডমেন্ট এনেছিলেন—দ্যাট ওয়াজ ইন অর্ডার—এবং সেই সময় আমি বলেছিলাম every possible amendment under the rules and constitution.........

Mr. Speaker : You are losing your time.

Sj. Bankim Mukherji :

স্পীকার মহাশয়, বাজেটের আলোচনা শেষ হয়ে গেছে, কিন্তু খুব বেশী ফলদায়ক সরকার পক্ষ বা বিরোধী পক্ষের থেকে হয়নি। তার কারণ আপনি জানেন প্রায় ২।২½ হাজার কাটমোশানরা পড়ে যার মধ্যে ৪০০।৫০০ বেশী এই হাউসে উত্থাপন করা যায় না এবং মিনিষ্টার খুব চেষ্টা করলেও ১০০ বেশী কাটমোশানের উত্তর দিতে পারেন না—বাকীগুলো সব ওয়েষ্ট পেপার বাস্কেট এবং প্রসেসনী প্রোসিডিংসের মধ্যে সীমাবদ্ধ থাকবে। একথা আমি প্রত্যেকবার অ্যাপ্রোপ্রিয়েশন বিলের সময় বলেছি যে আমাদের লেজিসলেচারের ক্ষমতা অত্যন্ত সীমাবদ্ধ। আমরা বছরের ভেতর বোধ হয় ৬ মাস বসি—অর্থাৎ ৮০ থেকে ১০০ দিন—এর ভেতরে বাংলা দেশের সমস্ত অভাবঅভিযোগ আলোচনা করার কোন সুযোগ সুবিধা হয় না এবং বেশীর ভাগ সময় গভর্নমেণ্টের যে বিল থাকে সেগুলি পাশ করতে কেটে যায়। এই সময় যখন কোন অভিযোগ আনা হয় তখন আপনারা একথা বলেন যে অ্যাডজোর্নমেন্ট মোশন বা অন্য কোন মোশান আনতে পারেন। কাজেই কতটুকু সময় আছে তা আপনি জানেন এবং এই ১৫।১৬ দিনের মধ্যে সারা বাংলা দেশের অভিযোগ না যায় উত্থাপন কর

না পাওয়া যায় তার উত্তর। আবার কোন মিনিষ্টারের পক্ষে ½ ঘণ্টার মধ্যে সমস্ত উত্তর দেওয়া সম্ভব নয়—সেদিক থেকে আমি তাঁদের কোন দোষ দিচ্ছি না। কিন্তু যেটা সম্ভব সেটা আমি বারবার বলেছি—অর্থাৎ যে অভিযোগগুলি আসছে সে সবগুলি যে সত্যি হবে তানয়, অনেক সময় ধারণায় কিছু অভিযোগ হয়। কিছু লোকের কাছ থেকে শোনা অভিযোগ সেগুলি যদি কর্তৃপক্ষের কাছে পৌঁছায়—যেমন কোশ্চেন করলে পৌঁছায়—তাতে একদিকে তাঁকে হুঁসিয়ার করা হয় এবং অন্যদিকে গভর্নমেণ্টের কর্তব্য অভিযোগগুলিকে খণ্ডন করা বা অভিযোগ যদি সত্য হয় তাহলে তার প্রতিকারকরা। সেজন্য আমি বারবার বলেছি যে বাজেটের অল্প সময়ে মধ্যে কাটমোশান আলোচনা করা বা তাহার উত্তর যথাযথভাবে দেওয়া সম্ভব নয়। কাটমোশানগুলি নিয়ে যদি ডিপার্টমেণ্টে কাছ থেকে তদন্ত করা হয় এবং পরে সেখানে যদি একটা পুস্তিকাকারে সেগুলো বিতরিত করা হয় মেম্বারদের ভেতর এবং পাবলিকের কাছে তাহলে সার্থক হোত। এটাই হচ্ছে আমার বরাবরের অভিযোগ।

কারণ এই অ্যাসেম্বলীর ভেতর সবচেয়ে সার্থক সময় হচ্ছে বাজেট ডিস্‌কাসন, কিন্তু সেই বাজেট আলোচনা অত্যন্ত সীমাবদ্ধ থাকে। অথচ এদিকে হাজার হাজার অভিযোগ—হয় সত্য না হয় ভ্রান্ত—সারা দেশ থেকে যখন আসছে তখন এর একটা সদুত্তর থাকা দরকার কেননা এগুলো হচ্ছে অভিযোগ এবং সেই জন্যই বলেছি যে এটা দেওয়া উচিত। তারপর এই হাউসের আর একটা দুর্দশা দেখছি যে, যে সমস্ত স্পীচ এখানে হয় তার রিপোর্ট আমাদের কাছে আসতে ১।১॥ মাস সময় লাগে। কিন্তু এত পরে যদি রিপোর্ট আসে তাহলে তা'র করেক্ট করবার কোন মানে হয় না, কারণ আমরা যা বলেছি তা এতদিন পর্যন্ত মনে রাখতে পারিনা, তবে শুধু যে স্পীচ গুলোই ১।১॥ মাস পরে পাই তাই নয়, অ্যাসেম্বলী প্রসিডিংস আসতেও আমাদের কাছে প্রায় ১ বছরের উপর সময় লেগে যায়। কিন্তু এর তো কোন কারণ খুঁজে পাইনা। তবে স্যার আমার ধারণা যদি গভর্নমেণ্ট এগুলো নিজের হাতে না রেখে এ্যাসেম্বলীর সচিবের হাতে দিয়ে দেন তাহলে প্রসিডিংস্ করেক্ট করবার ৩।৪ দিন বা ১ সপ্তাহ পর তিনি এগুলো পেতে পারেন এবং তারপর ১মাসের ভিতর করেক্ট প্রসিডিংস হতে পারে। কাজেই মাননীয় স্পীকার মহাশয়, আমার মনে হয় এ বিষয়ে আপনার নিজের তরফ থেকেও একটু কড়া নজর রাখা উচিত যাতে এ্যাসেম্বলীর নিজের হাতে এই ক্ষমতা থাকে। তবে এসব কথা বলার কারণ হচ্ছে যে এই প্রসিডিংস সময়মত না পাওয়ার ফলে আমরা অনেক সময় অসুবিধা ভোগ করি কেননা যদি কেউ জানতে চায় যে বাজেট ডিসকাসন কি হোল বলুন, তখন আমরা তাদের সেসব কথা কিছুই বলতে পারিনা যেমন ধরুন, ইতিমধ্যেই বহু লোক আমার কাছে এখানকার আলোচ্য বিষয় জানতে চেয়েছে, কিন্তু আমরা সময়মত প্রসিডিংস পাইনা বলে অনেক সময় সেক্রেটারীকে প্রেসার দিয়ে বলেছি যে, আনকরেক্টেড প্রসিডিংস যা পারেন দিন। কাজেই এসব অসুবিধাগুলো আমরা খুবই ভোগ করছি। তবে সবচেয়ে যেটা অসুবিধা ভোগ করছি সেটা হচ্ছে এইযে আগে রাষ্ট্রের বেশীর ভাগ প্রয়োজনীয় জিনিষ পাবলিক সেক্টরে না হয়ে প্রাইভেট সেক্টরে হোত এবং এখন অবশ্য ক্রমে ক্রমে সেগুলো পাবলিক সেক্টরে এসেছে এবং তাতে আমাদের সমর্থনও আছে কেননা যত বেশী পাবলিক সেক্টরে আসে ততই নেশন বিল্ডিং এর কাজ ভালভাবে হবে, কিন্তু যে অসুবিধার কথা বলছিলাম সেটা হোল এই যে এর ফলে সমস্ত জিনিষ অ্যাসেম্বলীর কর্তৃত্বের বাইরে চলে যাচ্ছে অর্থাৎ আমাদের পর্যবেক্ষণের বাইরে চলে যাচ্ছে। যেমন ধরুন, ষ্টেট ট্রান্সপোর্ট বোর্ড তৈরী হয়ে সেটা আমাদের আওতার বাইরে চলে গেল। তারপর কল্যাণীতে যে স্পিনিং মিল হচ্ছে তাতে যদিও সরকার শেয়ার খরিদ করেছেন কিন্তু সেখানেও আমাদের পর্যবেক্ষণের ক্ষমতা থাকছেনা এবং এ্যাকাউণ্টেণ্ট জেনারেলের শক্তিও অত্যন্ত সীমাবদ্ধ। এইসব কারণে কেন্দ্রে এবং অন্যান্য সমস্ত রাষ্ট্রে এষ্টিমেট কমিটি করা হচ্ছে এবং এই এষ্টিমেট কমিটির বা বিধান সভার প্রতিনিধিমণ্ডলের কমিটির কাজ হচ্ছে গভর্নমেণ্টের তরফ থেকে যে টাকা খরচ করা হচ্ছে তা ইকোনমিক্যালি খরচ করা হচ্ছে কিনা তা তাঁরা দেখবেন এবং আরও ইকোনমিক্যালি খরচ করা যায় কিনা সে সম্বন্ধে তাঁরা সাজেশনস্ দেবেন।

স্যার, এবারে আমাদের কাছে ষ্টেট ট্রান্‌জাকসনস্‌ যা পেশ করা হয়েছে তাতে দেখছি যে কোথাওকোথাও যদিও সামান্য গেইন হয়েছে কিন্তু অধিকাংশ জায়গাতেই লস্‌ হয়েছে। তবে এটা আমাদের বোঝবার প্রয়োজন আছে কেননা এর উপর নির্ভর করছে যে আমরা প্রাইভেট সেক্টরের সঙ্গে প্রতিযোগিতায় পাবলিক সেক্টরকে কতখানি উপযোগী করতে পেরেছি। স্যার আমরা ন্যাসনালাইজেসন চাচ্ছি কেন? আমার ধারণা প্রাইভেট সেক্টরে যে মুনাফা চলে যায় সেটা যদি পাবলিক সেক্টরে আসে তাহলে তা দেশের কল্যাণে লাগতে পারে। কিন্তু প্রাইভেট সেক্টরের কাছে যদি পাবলিক সেক্টর অপদার্থ বলে প্রমাণিত হয় তাহলে দিনে দিনে একথাই প্রচারিত হবে যে বিজনেস্‌ করা গভর্নমেণ্টের সাধ্য নয়, এটা একমাত্র প্রাইভেট ক্যাপিটালিষ্টরাই করতে পারে এবং এইভাবে দেখব যে ন্যাশনালাইজেসন এর বিরুদ্ধে মত প্রচারিত হতে থাকবে।

[3-20—3-30 p.m.]

এই কারণে আমার মনে হয় যে সমস্ত হাউসের বিশ্বাস পেতে গেলে পর এইরকম এষ্টিমেট কমিটির প্রয়োজন। আমি দেখছি নন-অফিসিয়াল মেম্বার, কি শাসক পার্টি, কি বিরোধী পার্টি ক্রমে সমস্ত বিষয় থেকে আলাদা হয়ে যাচ্ছে। ট্রেজারী বেঞ্চের মেম্বাররা জানেন কি হচ্ছে, লস হচ্ছে, কোথায় যাচ্ছে। এ ছাড়া আমাদের জানবার কোন সুযোগ সুবিধা নেই। আমরা প্রতিনিধি, আমাদের কাজ শুধু যে টাকা বরাদ্দ করা তা নয়, আইনতঃ টাকা বরাদ্দ করতে হবে, কিন্তু সেই টাকা যাতে খরচ হয় সেই খরচটা ঠিকমত হচ্ছে কিনা এটাও দেখা। সমস্ত বাংলা দেশের জনসাধারণ মনে করেন তাঁদের প্রতিনিধি সেই খরচ ভালভাবে করবেন। কিন্তু তার গণ্ডী এত ছোট যে আমাদের পক্ষে কাজ করা অসম্ভব এবং গভর্নমেণ্টের পক্ষ থেকে যদি সমস্ত জিনিষটার পুঙ্খানুপুঙ্খভাবে হিসাব ২৫০ জন মেম্বারের কাছে দিতে হয় তাহলে বাজেট চালাতে হয় সারা বছর ধরে। কাজেই তার জন্য একটা এষ্টিমেট কমিটি বিভিন্ন পার্টির প্রতিনিধিদের নিয়ে গঠন করে তাদের রিপোর্ট যদি হাউসের সামনে দেন তাহলে হাউস অনেকখানি ওয়াকিফহাল হয়; আমরাও বুঝতে পারি, আমরা সেখানে পরামর্শ দিতে পারি। এই রকমভাবে জিনিষ চালান উচিৎ। এই কারণে সমস্ত রাষ্ট্রে, কেন্দ্রে, এষ্টিমেট কমিটি নেওয়া হয়েছে। আমি জানিনা কেন আমাদের এখানে মুখ্যমন্ত্রী এষ্টিমেট কমিটি করতে কিছুতেই রাজী হননি। হয় তিনি এষ্টিমেট কমিটির কার্যধারা সম্বন্ধে বিশেষ খবর রাখেন নি, নয়ত কোন প্রেজুডিস আছে যে এষ্টিমেট কমিটি বোধ হয় গভর্নমেণ্টের কাজে ইণ্টারফিয়ার করবে। ইণ্টারফিয়ার করবার কোন অধিকার তাদের নেই। এই এষ্টিমেট কমিটি থাকলে গভর্নমেণ্টের প্রচারের দিক থেকে সুবিধা। এই এষ্টিমেট কমিটির রেকমেণ্ডেশান যদি আসে তাহা গভর্নমেণ্টের পক্ষে সমস্ত জনসাধারণকে সেই বিষয়ে সচেতন করার কাজেতে সহায়ক হবে, ক্রমে আমাদের এই সমস্ত ট্রানজাকসান বাড়তে থাকবে। যদি সমস্ত জিনিষটা আলোচনার বহির্ভূত হয়ে যায় তাহলে ক্রমে সংকীর্ণ থেকে সংকীর্ণতর হয়ে যাবে। আগেকার বাজেটে ষ্টেট ট্রান্সপোর্ট সম্বন্ধে আলোচনা করবার যেটুকু সুযোগ ছিল এবার সেই সুযোগ থেকে আমরা বঞ্চিত হয়েছি। ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানী নিয়ে নিচ্ছেন, কতটাকা দিতে হবে, কাকে দিতে হবে, কেন এই টাকা দিতে হবে, সেই টাকা দিয়ে যে এখান থেকে লাভ হবে তার পক্ষে যুক্তি আছে কিনা এই সমস্ত জিনিষগুলি আমাদের আর জানবার সুবিধা হচ্ছে না। এই সমস্ত কারণে আমি এবারকার এ্যাপ্রোপ্রিয়েসান বিলে সবচেয়ে জোর দিচ্ছি এই এষ্টিমেট কমিটির উপর। তারপর আজকে মেট্রোপলিটন বোর্ড সম্বন্ধে আলোচনা হয়েছে। মুখ্যমন্ত্রী উত্তর দিয়েছেন, হয়ত ডিটেলস্‌ হয়নি কিন্তু মোটামুটি এ সম্পর্কে তাঁর মাথায় আইডিয়া আছে অন্ততঃ তাঁর সঙ্গে যে আলাপ করেছি তাতে জেনেছি আউটলাইন। কিছু ডিটেলস নেওয়া হয়নি—কত ইঞ্চি পাইপ নিতে হবে না হবে। ঠিক কত টাকা খরচ হবে তার মোটামুটি একটা এষ্টিমেট আছে। সে টাকাটা কোথা থেকে আসবে সেই ধারণাও আছে। ওয়াটার ট্যাক্স সম্বন্ধে—কি ওয়াটার

ট্যাক্স হবে না হবে, কোন মিউনিসিপ্যালিটিতে কত লাগান হবে এই সব জানার প্রয়োজন আছে। সেই ওয়াটার ট্যাক্স মেট্রোপলিটন বোর্ড হলে করবেন? সেই ট্যাক্স নিশ্চয়ই সব জায়গায় লাগান হবে, সবজায়গায় সিউয়িজ অ্যাণ্ড ড্রেনেজের যে ট্যাক্স লাগান হবে কে সেটা আদায় করবেন—গভর্নমেণ্ট আদায় করবেন, না, মেট্রোপলিটন বোর্ড করবেন, নাকি সেটা মিউনিসিপ্যালিটিগুলির মারফৎ করবেন এই সব জানার প্রয়োজন আছে। এই যে টাকাটা খরচ হবে সেটা এ্যাসেমব্লীর প্রতিনিধিদের জানবার অধিকার আছে। সেই টাকাটা কি কনট্রাকটররা বেশীর ভাগ নষ্ট করবেন, না তার সুপ্রয়োগ হবে এটা জানার দরকার আছে তাদের যারা এই টাকাগুলি দিচ্ছে। কেননা আমরা তাঁদের সম্বন্ধে খুব সন্দিহান এ কথা অস্বীকার করে লাভ নেই। বৃটেন এবং আমেরিকার প্রতি আমাদের সন্দেহ প্রচুর এবং তার জন্য ২ শত বছরের ইতিহাস হচ্ছে সাক্ষী এবং শুধু আমরা নয় সারা পৃথিবীর মানুষ জানে এরা ২শো বছর ধরে এ জিনিষ করেছে। ২শো বছর কেন ৪শো বছর আগে স্যার থমাস্ রোর সেলাম করতে করতে পিঠ কুঁজো হয়ে গেছে—তখন এশিয়া ছিল সুবর্ণময় দেশ, ওরা স্বপ্ন দেখত কি করে এশিয়ায় আসবে। তাদের উপর আমাদের সন্দেহ আছে।

আজকে আমরা দেখতে পাচ্ছি পৃথিবীর রাজনীতিতে কঙ্গো ছেড়ে দেবার পরও কঙ্গোকে কিরকমে দখলে রাখা যায়, তার প্রচেষ্টা চলেছে। কাজেই মেট্রোপলিটান বোর্ড বা এই সমস্ত স্যাটেলাইণ্ট টাউন করবার জন্য যে টাকা আসছে তাতে করে তারা কতখানি আমাদের উপর রাজনৈতিক কর্তৃত্ব করতে চায় এটা জানবার জন্য আমাদের যথেষ্ট পরিমাণে সন্দেহ এবং আগ্রহ আছে। এই সমস্ত কারণে আমরা চাই এইসব টাকাকড়ির ব্যাপারে কে দিচ্ছে, কোথায় দিচ্ছে, কোথায় খরচ হবে এই সমস্ত জিনিষটা আমি মনে করি যে এ্যাসেমব্লীর পক্ষে সম্ভব না হলেও এ্যাসেমব্লীর প্রতিনিধিত্বমূলক একটা কমিটির দ্বারা এই সমস্ত জিনিষগুলি দেখা উচিৎ, পরীক্ষা করা উচিৎ এবং সারা দেশে যাতে কোন সন্দেহের অবকাশ না থাকে এবং যাতে যথাসম্ভব সারা দেশের সমর্থন পাওয়া যায় তারজন্য গভর্নমেণ্টের পক্ষ থেকে সচেষ্ট হওয়া উচিৎ। কাজেই এই য়্যাপ্রোপ্রিয়েশন বিলে আমি খুব বেশী জোর দিতে চাই না। আমি দুটো মোশান দিয়েছি এবং এই দুটোর উপর আমি আবার জোর দিচ্ছি যে কাটমোশানগুলি যেন ফেলে দেয়া না হয়—বাজেট শেষ হয়ে যাবার পরও কাটমোশানগুলোর পেছনে পেছনে যেন ফলো করা হয় এবং ডিপার্টমেণ্টের উত্তর, মন্ত্রীদের উত্তর সমেত যেন একটা জিনিষ আমরা পাই, এই একটা জিনিষ। আর দ্বিতীয় মোশান হচ্ছে, এষ্টিমেট কমিটি সম্বন্ধে যেকথা ভাল বল্লাম সে ভাল যেন জেনে নেয়া হয়। সারা ভারতবর্ষ, কেন্দ্র এবং অন্যান্য রাষ্ট্র যেপথে চলেছে এমন কি প্রবল যুক্তি আছে যার জন্য আমরা সে পথ ছেড়ে দিয়ে অন্য পথে যাবো? আমি আশাকরি তিনি এটা সহানুভূতির সঙ্গে আলোচনা করবেন। তিনি বলেছেন যে রুলস কমিটি আছে, ভবিষ্যতে এ বিষয়ে বিবেচনা করা হবে। কাজেই আমার এ সম্বন্ধে যে যুক্তি সেগুলি সবার সামনে আমি উপস্থিত করলাম।

Sj. Basanta Kumar Panda:

মাননীয় সভপাল মহাশয়, আজ এ্যাপ্রোপ্রিয়েশন বিলের সীমাবদ্ধ আলোচনার মধ্যে অংশ গ্রহণ করে আমি বলতে চাই যে আমরা প্রত্যেক বছর যে পরিমান টাকা খরচ করি, যে বরাদ্দ এখান থেকে পাশ করি এবং এ্যাপ্রোপ্রিয়েশন বিলে যে সমস্ত টাকা এখান থেকে পাশ হয়ে যায় সেটা উপযুক্ত ভাবে প্রয়োগ হয় কিনা, যে উদ্দেশ্যে এ বিল পাশ করা হয় সেভাবে লোক তার উপকার পায় কিনা সেটা আজকে আমি একটু আলোচনা করতে চাই। দ্বিতীয় যুদ্ধের পর যে কয়টা বাজেট আজ পর্যন্ত হয়েছে সেই বাজেটের ফলাফল সম্বন্ধে আমি আপনার মাধ্যমে হাউসকে একটু জানাতে চাই। ১৯৪৪ সাল থেকে ১৯৫৭ সাল পর্যন্ত বাজেটে আয় এবং ব্যয়ের অবস্থা ছিল ১৯৪৪-৪৫ সালে ৪৪ কোটী, ১৯৪৫-৪৬ সালে ৪০ কোটি, ১৯৪৬-৪৭ সালে ৪২ কোটি। এটা হল ২৯টা জেলা

সমেত বাংলাদেশের ছিল। তারপর ১৯৪৭-৪৮ সালের আগষ্ট মাস থেকে ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত যে কয়েক মাস তাতে ছিল ১৩ কোটী টাকা। তারপর ১৯৪৮-৪৯ সালে ২৮ কোটি, ১৯৪৯-৫০ সালে ৩০ কোটী, ১৯৫০-৫১ সালে ৩৭ কোটী, ১৯৫১-৫২ সালে ৩৭ কোটী, ১৯৫২-৫৩ সালে ৩৮ কোটী, অর্থাৎ দেশ ভাগ হবার পর যখন ½ দেশ হয় তখন দেখা যাচ্ছে যে ১৯৪৭ সাল থেকে ১৯৫৪ সাল পর্য্যন্ত বাজেটের অবস্থা ছিল ২৮ কোটী থেকে ৪৪ কোটী টাকা পর্য্যন্ত কিন্তু হঠাৎ ১৯৫৫ সাল থেকে বাজেটের অবস্থা এমন ভাবে বেড়েছে যে ১৯৫৫-৫৬ সালে ৫০ কোটী, তারপর ১৯৫৮-৫৯ সালে ৮০ কোটী, ১৯৫৯-৬০ সালে ৯২ কোটী, ১৯৬০-৬১ সালে ১০০ কোটী টাকার বাজেট হয়েছে এবং খরচ হয়েছে। এর সংঙ্গে সেণ্ট্রাল বাজেটটা একটু আলোচনা করে নেই, কারণ তার সঙ্গে আমাদের এটা ওতপ্রোতভাবে জড়িত। সেখানে বাজেটের অবস্থা ছিল এই ১৯৫২-৫৩ সালে ৩৯৬ কোটী, ১৯৫৩-৫৪ সালে ৪০৭ কোটী টাকা, ১৯৫৪-৫৫ সালে ৪২২ কোটী, ১৯৫৬-৫৭ সালে ৪৭৩ কোটী, ১৯৫৭-৫৮ সালে ৬৩১ কোটি, ১৯৫৮-৫৯ সালে ৬৯৯ কোটী, ১৯৫৯-৬০ সালে ৭৫৯ কোটী, ১৯৬০-৬১ সালে ৮৯০ কোটী, তারপর এবছর নশো কোটীর উপর চলে গেছে।

[3-30 — 30-40 p.m.]

এই যে টাকা দিচ্ছে এই টাকা যারা দিচ্ছেন, তারা কি পরিমাণ উপকার পাচ্ছে? আজকে এবিষয় আমরা কিম্বা অপর পক্ষীয়রা এবিষয়ে একমত হবেন যে আজকে জনসাধারণের হাতে টাকা নাই। অধিকাংশ টাকা জমা হয়েছে অল্প কয়েকজন লোকের হাতে। সেই অল্প কয়েকজন দেশের জনসাধারণের অর্থ গভর্নমেণ্টের মাধ্যমে লুণ্ঠন করে নিজেরা গভর্নমেণ্টের সমস্ত ট্যাক্স ফাঁকি দিয়ে তাদের টাকার অঙ্ক বাড়িয়েছে। এর দু একটা উদাহরণ এখানে দিতে চাই। গত তিন বছরের মাত্র হিসেব দিতে চাই। সাধারণতঃ ধনীরা ট্যাকস দেয়—Income tax, excess profits tax, estate duty, expenditure tax, gift tax, wealth tax.

যদি স্যার, আপনি শুধু এই ইনকাম ট্যাকস এর দিক তাকান, তাহলে দেখবেন সেই ট্যাকসের পরিমাণ ক্রমশঃ নেমে আসছে ১৯৫৮-৫৯। সালে এই ট্যাক্সের পরিমাণ ছিল ১৭১ কোটী টাকা ১৯৫৯-৬০ সালে সেটা কমে হল ১৫২ কোটী টাকা; এবং ১৯৬০-৬১ সালে সেটা এসে দাঁড়ালো ১৩৫ কোটী টাকায়। অল্প লোকের হাতে অনেক বেশী টাকা জমা হয়, যখন আয় তাঁদের বাড়ছে ইনকাম ট্যাক্স এর পরিমান বেশী থাকছে। এই ইনকাম ভয়ানক ভাবে ডজিং হচ্ছে বলে ট্যাক্স ফাঁকি দিচ্ছে। আর দরিদ্র মধ্যবিত্ত যে ট্যাক্স দিচ্ছে তা বেড়ে চলে যাচ্ছে। সেটা হচ্ছে সেণ্ট্রাল একসাইজ ডিউটি, যেটা আমাদের সমস্ত লোকের সমস্ত আবশ্যকীয় জিনিসের উপর প্রয়োগ করা হয়েছে। তা থেকে যা আদায় হয়, তার পরিমান ১৯৫৮-৫৯ সালে ছিল ৩১২ কোটী টাকা, ১৯৫৯-৬০ সালে ছিল ৩৫০ কোটী টাকা, আর ১৯৬০-৬১ সালে ছিল ৩৫৮ কোটী টাকা। আর এ বছর হয়েছে ৪২০ কোটী টাকা। আর কি? ১৯৫৮-৫৯ সালে ভারতীয় বাজেটে ট্যাক্স ধরা হয়েছিল ৭৬৩ কোটী; এই ৭৬৩ কোটী টাকার মধ্যে ৩১২ কোটী টাকা হচ্ছে এক্সাইজ ডিউটি। ১৯৫৯-৬০ সালে ধরা হয়েছিল ৮৫৩ কোটী টাকা, এর মধ্যে ৩৫০ কোটী ছিল একসাইজ ডিউটি। আর ১৯৬০-৬১ সালে ৯৮০ কোটী টাকার মধ্যে ৩৫৮ কোটী টাকা ছিল এই একসাইজ ডিউটি। এবার তার উপর আরো ৬০ কোটী টাকা একসাইজ ডিউটি বেশী চাপান হয়েছে অর্থাৎ ৪২০ কোটী টাকা ভারতীয় জনসাধারণকে দিতে হচ্ছে ট্যাক্স বাবদ তাদের আবশ্যকীয় জিনিষ পত্র ব্যবহারের জন্য।

আমরা গত সেনসাস অনুসারে দেখছি ভারতের ৪০ কোটী লোককে এই ৪১০ কোটী টাকা এই একসাইজ ডিউটি দিতে হচ্ছে অর্থাৎ মাথাপিছু ১০ টাকা করে আবশ্যকীয় জিনিষপত্রের উপর অপ্রত্যক্ষ ট্যাক্স। এ ছাড়া আরো কয়েকটি ট্যাক্স আছে, যেগুলো গত তিন বছরে আমাদের দিতে হয়েছে, যেমন গিফ্‌ট ট্যাক্স। ১৯৫৮-৫৯ সালে ছিল ৯৮ কোটী টাকা, তারপর ৮০

কোটী, ৮০ কোটী টাকা করে। এক্সপেনডিচার ট্যাক্স্ ৬৪ কোটী টাকা, তার পরপর প্র সমানই আছে। এস্টেট্ ডিউটি গত তিন বছরে প্রায় সমানই রয়েছে। এই থেকে দেখা যাচ্ছে ধনীদের কাছে যে পরিমাণ টাকা জমেছে, সেখানে তাদের ট্যাক্স্ সেই পরিমাণে দিতে হচ্ছে না। অন্যদিক জনসাধারণ মধ্যবিত্তকে ক্রমবর্দ্ধমান হারে ট্যাক্স্ দিতে হচ্ছে। যার ফলে তাদের জীবন আজকে দুর্বহ হয়ে উঠেছে। বাংলা দেশের যে অবস্থা হয়েছে, তাতে করে নূতন ট্যাক্স্ করার আর নূতন জায়গা নাই। বাংলা দেশকে বাঁচাতে হলে এই ট্যাক্সের বোঝা কমাতে হবে। যেখানে ক্রমবর্দ্ধমান ট্যাক্স দরিদ্র জনসাধারণের উপর চাপান হচ্ছে সেখানে এই যে সেলস্ ট্যাক্স, যেটা ধনীর উপর ট্যাক্স্ নয়, এটা ক্রেতা সাধারণের উপরে ট্যাক্স্। এই সেলস্ ট্যাক্স্ ক্রেতার কাছ থেকে আদায় করে গভর্নমেণ্টকে প্রাপ্য টাকা ফাঁকি দিয়ে ধনীরা যথেষ্ট টাকা জমা করছে। এই সেলস্ ট্যাক্স আদায় করার ব্যাপরে যে সমস্ত লুপহোল রয়েছে তা বন্ধ করলে পর কিছু টাকা বাড়তে পারে। আমাদের কাছ থেকে যে সমস্ত ট্যাক্স্ আদায় হচ্ছে, তার অধিকাংশই ধনীদের বেলায় ফাঁকি হয়ে যাচ্ছে। একট হচ্ছে এগ্রিকালচার জমির উপর ট্যাক্স্, এসটেট্ ট্যাক্স্, একটা হলো হাইকোর্টের ওরিজিনাল সাইডএর উপর চাপান যায় আরো কতকগুলি ছোট ছোট বিষয়ে ট্যাক্স্ করা যায় যেমন এনটারটেন্মেন্ট ট্যাক্স, ষ্টেট একসাইজ ডিউটি, এগুলি বাড়ান যেতে পারে। এই ষ্টেট একসাইজ ডিউটির মধ্যে একটা কথা রয়েছে। আমরা যদি প্রহিবিশন করি, যেটা কনস্টিটিউশন এ রয়েছে, তাহলে এটার উপর বেশী নির্ভর করতে পারব না। তাহলেও সেলস্ ট্যাক্স কোথায় গিয়ে দাঁড়িয়েছে? ওয়েষ্ট বেঙ্গল এ দেখছি ১৯৫২-৫৩ সালে সেলস্ ট্যাক্স থেকে আয়ের পরিমাণ সাড়ে পাঁচ কোটী টাকার মত ছিল। কিন্তু গত তিন বছরে সেটা এমন ভাবে বেড়েছে যে তার পরিমাণ ১৪ কোটী থেকে ১৫ কোটী টাকা হয়ে গেছে। এমন এই ট্যাক্সটা ফাঁকি দেওয়ার ফলে আজকে এর পরিমাণ প্রায় সমাধি প্রাপ্তি হয়েছে, বাড়বার অবস্থা নাই। এই সেলস্ ট্যাক্স্ ফাঁকির পথটা বন্ধ করতে পারলে আরো ৫।৭ কোটী টাকার বেশী আয় সরকারের হতে পারে। কি সরকার তা করবেন না।

আজকে আমাদের দেশের উন্নতির কথা সরকার বলছেন কিন্তু আমাদের দেশ যখন স্বাধীন হয় তখন দু-রকম চিন্তাধারা এসেছিল। সোসালিষ্টিক্ পেটার্ন-এ এদেশকে তৈরী করা এবং গান্ধীয়ান চিন্তাধারা এর মধ্যে রয়েছে। গান্ধীয়ান চিন্তাধারার মধ্যে যিনি সবচেয়ে বড় একস্পোনেণ্ট শ্রীকুমারাপ্পা, তিনি বলেছেন যে গ্রামীন সভ্যতাকে প্রধান করে, গ্রামকে ইউনিট হিসাবে ধরে, তার উপর সমস্ত দেশের সভ্যতাকে গড়ে তুলতে হবে। কিন্তু আজকে সেটা উল্ট পথে নিয়ে আমরা ভাবছি বিদেশী অনুকরণে আমাদের দেশের ইণ্ডাষ্ট্রি, শিল্পকে বড় করবো; এবং ইণ্ডাষ্ট্রিকে, শিল্পকে বড় করতে গিয়ে গ্রামের যে সমস্ত উন্নতি করা প্রয়োজন, অর্থাৎ গ্রাম-শিল্প বা গ্রামকে যতটা সাহায্য দেওয়া যেতে পারে এই ইনডাষ্ট্রি করে সেইটুকু ব্যাপারে আমরা গ্রামকে সাহায্য করবো। অর্থাৎ গ্রামের উন্নতির জন্য ইন্ডাষ্ট্রিকে সামনে রেখে গ্রামের যতটা উন্নতি হয় হোক; আর তা যদি না হয়, গ্রামের উন্নতির দিকে আমরা তাকাবো না। আজ সেই অবস্থা এসে দাঁড়িয়েছে।

তারপর আসছে একটার পর একটা করে নূতন নূতন প্লান। প্রতি পাঁচ বছর অন্তর একটা করে প্লান আসছে, এবং এই সমস্ত প্ল্যানের খোরাক যোগাতে দেশ অন্তরশার শূণ্য হয়ে গিয়েছে। আমাদের দেশ যখন স্বাধীন হয়েছিল তখন আমাদের দেশ একটা উত্তমর্ণ দেশ ছিল, আমাদের তেরশো কোটী ষ্টার্লিং ব্যালেন্স জমা ছিল। তখন আমাদের দেনা ছিল না। আজকে আমাদের অবস্থা হয়েছে, সেই ষ্টার্লিং ব্যালেন্স কমতে কমতে একশো কোটীর নীচে এসে দাঁড়িয়েছে। তাছাড়া পাবলিক ডেট্ অফ ইণ্ডিয়া হচ্ছে ৪,৭৭১ কোটী টাকা। এই পাবলিক ডেট্ ছাড়াও ফরেন লোন হচ্ছে ৮২৬ কোটী টাকা। আর প্রায় ১২শো কোটী টাকার নোট ছাপান হয়েছে। এইভাবে সাত হাজার কোটী টাকা দেনার পরিমাণ দাঁড়িয়েছে। যদি ৪০ কোটী ভারতের অধিবাসী হয়, তাহলে ভারত সরকারের কল্যাণে বা তাঁদের কাজের ফলে আজ প্রতিটি মানুষের গড়ে দুশো

টাকা করে দেনা দাঁড়িয়েছে। আমাদের ষ্টেটে, বাংলাদেশের প্রতিটি মানুষের তিনশো টাকা করে দেনা হয়েছে। অবশ্য এবারকার সেন্সাসে যদি সাড়ে তিন কোটী লোক হয়ে থাকে, তাহলে মাথাপিছু একশো টাকা করে দেনা হয়েছে। গত ১২ বছরের মধ্যে সরকারের ডিফেক্টিভ পলিসির জন্য আমাদের দেশের অবস্থা দাঁড়িয়েছে, তাদের ব্যক্তিগত যে দেনা হোক না কেন, মাথাপিছু তিনশো টাকা করে দেনা দাঁড়িয়েছে। এই দেনা কি শোধ হতে পারে! ভারতের কোন অবস্থাতে, বা ষ্টেটের কোন অবস্থাতেই এই দেনা শোধ করা সম্ভব নয়। সুতরাং দেখা যাচ্ছে—আমরা এমন অবস্থা সৃষ্টি করেছি যে দেনা করে যাবো অথচ শোধ করবার চেষ্টা নেই। এই দেনার কি পরিনাম হয়েছে দেখুন। মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে এই দেনা কিভাবে ক্রমশঃ বেড়েছে, তার একটা তালিকা এখানে দিতে চাই।

১৯৫২ সালে আমাদের পাবলিক্ ডেট্ (দেনা) ছিল মাত্র ২৫৫৯ কোটী টাকা। ১৯৫৩ সালে ২৫৯৩ কোটী টাকা। ১৯৫৪ সালে ২৫০৫ কোটী টাকা। ১৯৫৫ সালে ২৮৭৩ কোটি টাকা। ১৯৫৬ সালে ৩০৬২ কোটী টাকা। ১৯৫৭ সালে ৫৫০৭ কোটী টাকা। ১৯৫৮ সালে ৪১১২ কোটী টাকা। ১৯৫৯ সালে ৪৬১২ কোটী টাকা। আর ১৯৬০ সালে, এক বছরের মধ্যে আমাদের দেনার পরিমান দাঁড়িয়েছে ৫৯১১ কোটী টাকা।

আজকে আমাদের সরকার বলছেন আজকে আমরা যে সমস্ত প্ল্যান করছি, তার জন্য দেনা করতে হচ্ছে। কিন্তু এর ফলাফল কি হচ্ছে? এর ফল কোথায় দাঁড়িয়েছে! ফল হয়েছে এই গত আগষ্ট মাসে আমি বলছি না, ইউ এন ও থেকে যে রিপোর্ট বেরিয়েছে, তাতে এই কথা বলা হয়েছে যে ভারতের লোক অন্যান্য সব দেশের লোকের চেয়ে অনেক কম খেতে পায়। মাত্র দৈনিক ১৮শো ক্যালোরী এখানকার ভারতের লোকে খেয়ে থাকে। আর সেখানে পাকিস্থানের লোক দৈনিক ২০১০ ক্যালোরী খেতে পায়। ভারতের লোকের জীবনের দৈর্ঘ্য, বা এক্সপেক্‌টান্সি অফ্ লাইফ মাত্র ৩২ বৎসর। এই লোয়েষ্ট এক্সপেক্‌টান্সি অফ্ লাইফ পৃথিবীর মধ্যে অন্যান্য দেশের লোকের গড় অবস্থা থেকে আমাদের দেশের লোকের অনেক কম।

ইংরাজ যখন আমাদের দেশ ছেড়ে চলে যায় তখন আমাদের দেশের লোকের এই রকম অবস্থা ছিল না। তখন তাদের অবস্থা এত নীচুস্তরে নামেনি। আজকে আমাদের বর্তমান সরকারের শাসন কার্য্য পরিচালনার ফলে ও তাঁদের নীতির ফলে আজকে ভারতের অর্থনৈতিক অবস্থা যে স্তরে নেমে এসেছে, ভারতবাসীর অবস্থাও সেই স্তরে নেমে এসেছে।

আজ বাংলাদেশের ট্যাক্‌সেশন করার ক্ষেত্র স্যাচুরেশন্ পয়েণ্টে রীচ করে গিয়েছে।

[3-40 – 3-50 p.m.]

এখন অবস্থাটা দাঁড়াচ্ছে কি? এই ভারতবর্ষকে যদি অর্থনৈতিক সম্পদে উন্নত করতে হয় তাহলে আমাদের কতকগুলি উপায় অবধারন করতে হবে। এই উপায় হচ্ছে ব্যয় কমাতে হবে। এখন পর্য্যন্ত দেখতে পাচ্ছি অনাবশ্যক কতকগুলি ডিপার্টমেণ্ট, অনাবশ্যক কতকগুলি কর্মচারী এখানে বসিয়ে দেওয়া হয়েছে। তাকে কতকগুলি কথা আমি বলবো। জেলা বোর্ড এবং স্কুল বোর্ড এগুলির আর দরকার নাই। পঞ্চায়েৎ আইন হয়ে যাবার পর আর দরকার নাই। অবসরপ্রাপ্ত কর্মচারীদের মধ্যে বৃদ্ধ অক্ষম যারা সেই সমস্ত কর্মচারীর সংখ্যা প্রচুর পরিমাণে উচ্চবেতন দিয়ে রাখা হচ্ছে। এই সমস্ত অফিসারদের দেশের প্রতি আনুগত্য থাকতে পারে না—তারা শুধু মন্ত্রীদেরই তাঁবেদারী করবে নিজের চাকুরীর স্বার্থে। আর যারা যুবক অফিসার, যাদের বয়স এখন ৫৫ হয়নি তারা সাধারণভাবে আশা করবে যে তাদের উন্নতি হবে এবং কনষ্টিটিউশান অনুসারে যারা কর্ত্তব্যে রত আছে সেই সমস্ত অফিসারদের উন্নতি হওয়া উচিত; কিন্তু অবসর

প্রাপ্ত অফিসাররা এখন বেশী সংখ্যায় থাকার জন্য, সিনিয়র হিসাবে থাকার জন্য ইয়াং অফিসারদের ভাল কাজ করার স্পৃহা আস্তে আস্তে লোপ পেয়ে যাচ্ছে।

এই যে কাউন্সিল এটাও একটা অনাবশ্যক ব্যয়। আর একটা ব্যয় হচ্ছে এই মন্ত্রীসভা। মিঃ স্পীকার স্যার, আপনি জানেন যখন দ্বৈতশাসন ছিল ১৯২১—১৯৩৫ সালে ৪ জন এক্সিকিউটিভ কাউন্সিলার, ৩ জন মিনিস্টার গোটা বাংলা দেশ শাসন করতো। ১৯৩৫-৪৭ সাল পর্য্যন্ত আমরা জানি মন্ত্রী এবং ডেপুটি মন্ত্রীর সংখ্যা ২৫ এর বেশী কখনো হয়নি। আজকের ব্যবস্থা কি। ⅓ অংশ বাংলা চলে গিয়েছে, ⅓ অংশ বাংলায় মন্ত্রী ও ডেপুটি মন্ত্রী মিলে ৪০ জন অর্থাৎ কংগ্রেস বেঞ্চের দিকে যদি তাকান যায় তাহলে আমরা দেখবো প্রতি ৪ জনে একজন মন্ত্রী বা আধা মন্ত্রী—যে কোন রকমই হোক প্রতি ৪ জনে একজন মন্ত্রী। এর সঙ্গে তুলনা করি আমেরিকান কনসষ্টিটিউশান-এর। সেখানে ৪৩ বছরের প্রেসিডেন্টের ১০ জন মন্ত্রী। আর ছোট বাংলা দেশে এত মন্ত্রী যেখানে মিলিটারী ইত্যাদির সঙ্গে কোন সম্বন্ধ নাই। পৃথিবীর সবচেয়ে শক্তিশালি গণতন্ত্র যেখানে, সেখানে ১০ জন মন্ত্রী দিয়ে, যাদের এ্যাভারেজ বয়স ৪৯ বছর এবং প্রেসিডেন্টের বয়স ৪৩ বৎসর, শাসন চলছে। আর আমাদের এখানে ৭০ হোক ৮০ হোক ৯০ হোক যত বৃদ্ধ হবে তত কর্মক্ষম হবে। রিটায়ার্ড কর্মচারী রাখতে হবে, তাদের পুষে রাখতে হবে। অক্ষম মন্ত্রীদের রাখতে হবে। এই হচ্ছে গণতন্ত্র এখানে। এটা গণতন্ত্রের নামে প্রহসন চলেছে।

আর একটা কথা এ প্রসঙ্গে জাপান সম্বন্ধে বলি। জাপানে একরকম গভর্নমেন্ট রয়েছে, বৃদ্ধ অক্ষম যারা হয়েছে তাদের যুক্তি পরামর্শ নেওয়া হয়। যখন দেশের কোন ক্রাইসিস দেখা দেয় এবং দেশের স্বার্থে খুব একটা দরকারী জিনিষ আলোচনার প্রয়োজন হয় তখন প্রাক্তন মন্ত্রী প্রধান মন্ত্রী যারা থাকেন তাদের ডাকা হয় এবং তাদেরকে নিয়ে অধিবেশন বসে, আলোচনা হয়। তাদের পরামর্শ যে গ্রহণ করতেই হবে বা মন্ত্রীসভা তা দ্বারা প্রভাবান্বিত হবে তা নয় কিন্তু তাদের জ্ঞানের খানিকটা অংশ দেশের কাজে লাগতে পারে এজন্যই তাদের মতামত নেওয়া হয়। কিন্তু আমাদের দেশে! যতক্ষণ না পর্য্যন্ত মৃত্যুর মত অবস্থায় নেমে আসে তাবা রাজনীতি পরিত্যাগ করে না এবং মন্ত্রীর গদি পরিত্যাগ করে না—এই অবস্থা দাঁড়িয়েছে।

এর ফলে আমাদের যে সমস্ত জায়গায় ট্যাক্স করা উচিত, যেখানে অন্যান্য প্রদেশ ট্যাক্স করেছে, সেখানে আমরা ট্যাক্স করিনি। যেমন টারমিন্যাল ট্যাক্স, পিলগ্রিম ট্যাক্স যা অন্যান্য ষ্টেট-এ আছে। আজকে বিভিন্ন দেশের লোক অন্য প্রদেশ থেকে আসে, সেখানে ট্যাক্স না থাকার ফলে আমাদের ভ্রমণকারীদের জন্য যে ট্যাক্স পাওয়া উচিত সেটা আমরা পাই না। তারপর আরও কয়েকটি ব্যাপার রয়েছে, যেমন এগ্রিকালচার এস্টেট ডিউটি, এগ্রিকালচার ইনকাম ট্যাক্স, এই সমস্ত জিনিষ এবং এনটারটেনমেন্ট ট্যাক্স, বেটিং ট্যাক্স ইচ্ছা করলে আরো বাড়াতে পারতেন। কিন্তু এইগুলি ধনীর উপর পড়বে সেইজন্য এই ট্যাক্স বাড়ান হয়নি। যদি এইগুলি করেন যেমন সেলস্ ট্যাক্সের ফাঁকিগুলি বন্ধ করতে পারেন তাহলে তার থেকে যে পরিমাণ মুনাফা করছেন তার থেকে আরো বেশী মুনাফা করতে পারতেন। আমাদের যে সমস্ত কৃষক আছে তাদের খাজনা মকুব করতে পারতেন এবং তাতে দেশের উন্নতি করার সুবিধা হোত। আজকে যিনি আমাদের প্রধান মন্ত্রী তিনি ইনডাষ্ট্রিয়াল মনভাবাপন্ন। তার ফল হয়েছে কি, গ্রামগুলি উপেক্ষিত হয়ে গেল। আমাদের বর্ত্তমান প্রধান মন্ত্রীর সঙ্গে ফজলুল হক যখন মন্ত্রী ছিলেন তার সঙ্গে কত তফাৎ। ফজলুল হক্ সাহেব ১৯৩৫ সাল থেকে ১৯৩৯ সাল পর্য্যন্ত প্রধানমন্ত্রী ছিলেন। এই সময়ের মধ্যে তিনি করেছিলেন মনিলেনডারস এ্যাক্ট, এগ্রিকালচার ডেটারস্ এ্যাক্ট, বেঙ্গল টেনান্সি এ্যাক্ট, এবং এই সব আইন করে প্রজাদের অধিকার দিয়েছিলেন। যার ফলে এই চার বৎসরের মধ্যেই প্রজারা বুঝতে পেরেছিল যে কিছু কিছু আইন তাদের পক্ষে

হয়েছে। কিন্তু ১৯৪০ সালের পর থেকে ১৯৬০ সাল পর্যান্ত এই প্রজাদের জন্য আর কোন আইন হয়নি। শুধু বিরোধী পক্ষ থেকে একটা মুভমেণ্ট করেছিল তে-ভাগা আন্দোলন, যার ফলে বর্গাদার আইন হয়েছিল। কিন্তু এই বর্গাদারদের আইনে জমির সুযোগ দেওয়া হয়নি। বর্গাদারদের ছেলেকে জোতদাররা তাড়িয়ে দেয়, বর্গাদারের ছেলে উত্তরাধিকার সূত্রে বর্গাদার হতে পারে না। যেখানে প্রজা ঋণ মকুফ হয়ে গিয়েছিল আজকে আবার সেই আইনে তা জমা হচ্ছে। এই যে আইনগুলি আছে তাতে গভর্নমেণ্ট লোন যা আছে সেখানে গভর্নমেণ্ট মকুফ হতে পারেনা। যার জন্য গভর্নমেণ্টের দেনা এই আইনের আওতায় আসে না যার জন্য কো-অপারেটিভ সোসাইটি ও গভর্নমেণ্ট লোন যা হচ্ছে তাতে প্রজারা এই সমস্ত আইনের আওতায় না আসার ফলে তাদের দেনা ডবল হয়ে যাচ্ছে। এই দেনা আদায় হয় না তারজন্য বিহার টেনান্সি এ্যাক্ট এ্যামেণ্ড করে ৬ বৎসর পর তামাদি হয়ে যাবে বলে আরো ৪ বৎসর বাড়িয়ে নেওয়া হল। এ থেকেই বোঝা যায় প্রজাদের প্রতি তাদের কত দরদ। স্পীকার মহাশয় আর একটা কথা, আমাদের দেশের যে অবস্থা হয়েছে তাতে বলা হচ্ছে প্লান কর। এতে দেশের বর্ত্তমান জেনারেশন কষ্ট পাবে কিন্তু ভবিষ্যৎ বংশধরের উপকার হবে। ভবিষ্যৎ বংশধরের উপকার হবে কি না হবে তা এই ১৪ বৎসর পরে দেশের অবস্থা দেখলেই বুঝতে পারা যায়। দেশের আর্থিক অবস্থা, দেনার অবস্থা ক্রমশ খারাপ হচ্ছে, তা দেখে কি বুঝতে হবে যে ভবিষ্যৎ বংশধরদের উপকার হবে! যদি তর্ক ক্ষেত্রে মেনেও নিই যে ভবিষ্যৎ জেনারেশনের উপকার হবে তাহলে যখন আমরা ব্রিটিশের বিরুদ্ধে যুদ্ধ করে স্বাধীনতা এনেছিলাম তখন কি শুধু ভবিষ্যৎ জেনারেশনের উপকার হবে এবং আজকের জেনারেশন ধ্বংশপ্রাপ্ত হবে একথা কি বলেছিলাম। সুতরাং আজকে একথা বলার অর্থ কি? এখনও যাতে লোক বাঁচে তার চেষ্টাও করা দরকার। আর একটা বিষয় হচ্ছে আমাদের আয়ের সোর্স বর্ত্তমানে প্রধানমন্ত্রী মহাশয় এখানে বক্তৃতা করলেন যে সেণ্টার আমাদের টাকা দেয় না। সেণ্টার টাকা দেন না এই বিলাপ করা ছাড়া আর কি কাজ তিনি করেছেন? আমাদের বক্তব্য সেণ্ট্রাল পুল থেকে আমাদের আরো বেশী টাকা পাওয়া উচিত। আমরা যে টাকা আদায় করি তার অতি নগণ্য অংশই আমরা পাই। বম্বে ও মাদ্রাজ সেনট্রাল পুল থেকে অনেক বেশী টাকা পেয়ে থাকে কিন্তু আমরা তা পাইনা। যাতে বেশী করে পেতে পারি তার চেষ্টা করা উচিৎ

[3-50—4p.m.]

কিন্তু এই টাকার মূল্য কি। বলা হচ্ছে ন্যাশন্যাল ইনকাম্ বেড়েছে, ব্যক্তিগত ইনকাম্ বেড়েছে কিন্তু টাকার দাম কত? টাকার দাম শতকরা ৩০ ভাগ কমে গিয়েছে—টাকার ক্রয় ক্ষমতা কোথায়? ইন্‌ফ্লেশনের জন্যই আজ টাকার অবস্থা এমন হতে যাচ্ছে। এই প্লান যদি কিছুকাল চলা যায় তাহলে জার্মানীতে মার্কের যে অবস্থা হয়েছে, চীনে ইয়েনের যে অবস্থা হয়েছে, এখানেও সেই অবস্থা হবে এবং শেষকালে সবই পেপার কারেন্সিতে পরিণত হবে। এই হচ্ছে একটা অসহায় অবস্থা। আজকে আমাদের দেশের ভিতরই বিদেশী পণ্য আসা বন্ধ করা হয়েছে—আমিও বলি তা বন্ধ করাই উচিৎ কিন্তু তার সঙ্গে সঙ্গে আমাদের দেশের ভিতরে প্রাইভেট সেক্টরে যে সমস্ত দ্রব্য ও পণ্য আমাদের ইনডাস্ট্রিয়ালিষ্টদের দ্বারা উৎপন্ন হচ্ছে, তা যাতে স্বল্পমূল্যে এ রিজিনেবেল মূল্যে দেশের লোক পেতে পারে এবং তাদের মধ্যে সুষ্ঠুভাবে বিতরিত হতে পারে সেটা দেখাও গভর্নমেণ্টের উচিৎ। একদিকে যেমন বিদেশ থেকে পণ্য আমদানী বন্ধ হয়েছে এবং দেশীয় ক্যাপিটেল গড়ে উঠতে সাহায্য ও সুযোগ দেওয়া হচ্ছে, তেমনি যারা উচ্চমূল্যে বিক্রয় করছে তাদের উপর তদারকী ব্যবস্থা রাখাও সরকারের কর্তব্য। কিন্তু সেই তদারকী করার ক্ষমতা আপনাদের নেই। সেই ক্ষমতা তো নাইই, বরঞ্চ তারা গভর্নমেণ্টের মাধ্যমেই আরো বেশী সুযোগ পাচ্ছে। তারা আজ ইনকাম ট্যাক্স ফাঁকি দিয়ে প্রচুর টাকা মুনাফা করছে। তারা আজ ইলেক্‌শনের জন্য রুলিং পার্টিকে টাকা দেয়—এমন একটা নির্লজ্জ ব্যবস্থা পৃথিবীর অন্য

কোনও দেশে নাই। কোম্পানী এ্যাক্টের এই ব্যবস্থায় বোম্বে হাইকোর্ট কর্তৃক প্রতিবাদের পর সুপ্রীম কোর্টের বিচারে এই আইন সংশোধন করিয়ে নেওয়া হয়েছে যে, পাবলিক মনি, কোম্পানীর টাকা যদি কোন রাজনৈতিক দলের ইলেক্‌শান ফাণ্ডে দেওয়া হয়, তাহলে সেটা ন্যায় সংগত খরচ বলে গণ্য হবে। আজ ভারতবর্ষের আর্থিক অবস্থা কি? পৃথিবীর যে কোন দেশের সংগে যদি ভারতের দেনার আনুপাতিক তুলনামূলক হিসাব দেখা যায় তাহলে দেখা যাবে, ১০০০ কোটি টাকা আয় হয়েছে, দেনা ৭০০০ কোটি, অর্থাৎ এক বৎসরে সাতগুণ দেনা। আমাদের বাজেট ও অর্থনীতির সংগে যাদের পরিচয় আছে তারাই জানেন এই যে জমিদারী আইনে জমিদারী উচ্ছেদ হয়েছে, সেগুলি কত টাকায় বিক্রী হত? সাধারণভাবে মুনাফা থাকে ১০—২০ গুণ। কিন্তু আমরা কত গুণ কমপেন্‌সেশান দিচ্ছি? একেই তো আমাদের বাজেটে কোন সারপ্লাস নাই, তার উপরে যদি এই টাকা বার দেওয়া হয় তাহলে বাংলাদেশের অর্থনীতির কি অবস্থা হবে? আমাদের বাজেটে ৩২০ কোটি টাকা দেনা। এই বিরাট পরিমাণ দেনা কি কোনকালে শোধ দেওয়ার মতো? এই দেনা কখনো শোধ করতে পারবেন না। এই হচ্ছে অবস্থা, এই হচ্ছে আমাদের অর্থমন্ত্রীর যোগ্যতা, দেশকে তিনি এই অবস্থায় এনে দাঁড় করিয়েছেন, অথচ তিনি আমাদের সামনে এসে বড়াই করেন, ফলাও করে দেখান যে, বিদেশের অমুক দেশ তমুক দেশ থেকে এই টাকা দেনা করেছি। দেনা করতে ভদ্রলোক লজ্জিত বোধ করে, কারণ ওটা একটা দুর্বলতা যা সকলেই ঢেকে রাখতে চান, কিন্তু তাই এখানে ইনফ্লেট করে দেখাচ্ছেন। এই যে দেনা বা আর স্যাংরেশন প্যাক্ট এসে গিয়েছে তার যেসমস্ত ক্রেডিটর যারা টাকা লগ্নী করেছেন তাঁরা আর এলভাবে আলাদা আলাদা ভাবে দেনা দিতে প্রস্তুত নন। তারা একটা ইণ্ডিয়া এড্‌ ক্লাব করেছেন—তারাই ঠিক করবেন কি পরিমাণ টাকা দেনা ভারতকে দেবেন। ভারতের বর্তমান অবস্থায় দেনা শোধ করতে পারবে কিনা, এবং যদি তাঁরা স্থির করেন দেনা শোধ করতে পারবে তাহলেই তারা দেনা দেবেন। একটা কথা, মিঃ স্পীকার স্যার, এখানে বিবেচনা করতে হবে এবং সেটা হচ্ছে কখন, কোন অবস্থায় একজন খাতক সম্পর্কে মহাজনরা এইভাবে একত্রিত হন? তখনই মহাজনরা একত্রিত হন যখন তাঁরা বুঝেন খাতকের নিঃসহায় ও দেউলিয়া অবস্থা, তখনই তাঁরা চিন্তা করে ঠিক করেন দেনা দেওয়া হবে না। আজ আর একটা কথাও বিবেচনা করতে হবে। যে সমস্ত কাজ এঁরা করবেন বলেন টাকার অভাবে সেই কাজ এঁরা করতে পারেন না। এই প্রসঙ্গে আমি মেদিনীপুরের কথা একটু বলব। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কাঁথি তমলুক রাস্তায় রসুল নদীর উপর একটা পুল তৈরীর ব্যবস্থা ছিল এবং এ জন্য ২১ লক্ষ টাকা বরাদ্দও ছিল, কিন্তু দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেই কাজ করা হয়নি। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায়—যা ড্রাফ্‌ট প্ল্যান পাওয়া গিয়েছে—তাতে সেই কাজের ব্যবস্থা নাই। এই কালি নগরের এই ২১ লক্ষ টাকা দুর্গাপুর বা অন্য কোথাও চলে গিয়েছে। যে কাজের টাকা বরাদ্দ হচ্ছে তা ব্যয় হচ্ছে না, অথচ দেখা যাচ্ছে দেনা করতে যাচ্ছেন। বাংলা দেশের উন্নতি, বিশেষ করে ডায়মণ্ডহারবার থেকে ব্যাণ্ডেল পর্যন্ত হুগলীর দুইপাশে যে সহরগুলি রয়েছে তাদের উন্নতির জন্য মেট্রোপলিটন বোর্ড করবেন। পশ্চিমবংগের কতলোক এই অঞ্চলে বাস করে? পশ্চিমবংগে ৩॥০ কোটি লোক, তার মধ্যে ১—১॥০ কোটি বেশী লোক এই অঞ্চলে বাস করে না। ২—২॥ কোটি পল্লী অঞ্চলে বাস করে। এখন এই যে উন্নয়ন কার্যের জন্য দেনা করা হবে, যে টাকা এর জন্য খরচ করা হবে, তার ভার ঐ ২—২॥ কোটি লোকের ঘাড়ের উপরই পড়বে। কি পাবেন তারা বেনিফিট? প্রথমত তাদের উন্নতি হবে না, হলেও দেরী করে হবে কিন্তু এই দেনায় অংশ ভাগী তারা হবে। এই ষ্টেটে যে সমস্ত ব্যবসা করা হচ্ছে তা অধিকাংশ ক্ষেত্রেই ক্ষতিগ্রস্ত হচ্ছে। ষ্টেট্ ট্রান্সপোর্ট যদি দেখেন, ৫ কোটি ২০ লক্ষ টাকা মূলধন, এই বছর ক্ষতি দেখান হয়েছে ২%, ডিপ সী ফিসিংএতে দেখুন, ২২ লক্ষ টাকা মূলধন, এই বছর ক্ষতি দেখান হয়েছে ১২ হাজার টাকা, বেঙ্গল ব্রিক এ্যাণ্ড টাইল বোর্ডে ২০ হাজার টাকা মূলধন, এ বছর ক্ষতি হয়েছে হাজার টাকা, দুর্গাপুর ব্রিক বোর্ডে ৪॥০ লক্ষ টাকা মূলধন, ক্ষতি হয়েছে ৬০ হাজার টাকা, সেন্ট্রাল লক্ ফাক্টরি ২।০ লক্ষ টাকা মূলধন, লোকসান ৪২ হাজার টাকা, সেলস এম্পোরিয়াম ২ লক্ষ ৭০ হাজার টাকা মূলধন, ক্ষতি ৩১ হাজার টাকা, ইন্‌ডাষ্ট্রিয়াল এস্টেট, বারুইপুরে ৫।০ লক্ষ

টাকা মূলধন, এ বছর ক্ষতি হয়েছে ৩২ হাজার। এইভাবে অধিকাংশ ব্যবসাতে ক্ষতি হয়েছে। আজ মধ্যবিত্তরা সম্পূর্ণভাবে ধ্বংসোন্মুখ হয়ে উঠেছে। বাংলাদেশে আস্তে আস্তে ইনডাষ্ট্রিয়ালিসেশন হচ্ছে, এগ্রিকালচার থেকে ইনডাষ্ট্রিতে লোককে আসতে হবে, কারণ বাংলা দেশে এমন পরিমাণ জমি নাই যে তাদের জমিতেই রাখা যাবে। এই ইনডাষ্ট্রি গড়ে উঠবার জন্য গভর্নমেন্টকে এ্যাসিষ্ট করতে হবে, এবং যত ইনডাষ্ট্রি আজ রয়েছে তাতে এগ্রিকালচার ফ্যামিলিকে অগ্রাধিকার দিতে হবে, এবং তাদের ইনডাষ্ট্রিতে চাকরী দিতে হবে এটা এঁদের কর্তব্য। কারণ বাংলা দেশে যে পরিমাণ জমি আছে তাতে সমস্ত লোককে জমিতে রাখতে পারা যাবে না।

Sj. Monilal Basu :

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে এ্যাপ্রোপ্রিয়েশন বিল এখানে এসেছে তাকে আমি সমর্থন জানিয়ে দুই একটা কথা বলতে চাই। গত দুই মাস ধরে এখানে বাজেট অধিবেশন চলছে—গভর্নরস্ স্পিচ থেকে আরম্ভ হয়েছিল এখন পর্য্যন্ত চলছে। তাতে বিভিন্ন ভাবে সরকার পক্ষ থেকে অনেক কথাই বলা হয়েছে, এবং বিরোধী পক্ষ থেকে সরকারের অনেক দোষত্রুটী দেখিয়ে অনেক বিষয়ে অনেক কথা বলা হয়েছে। সে ক্ষেত্রে আমি বলতে চাই স্বাধীনতার ১২ বছর পর আমাদের সরকার জনশিক্ষা এবং জনস্বাস্থ্য এবং বিভিন্ন উন্নয়ন মূলক যে সমস্ত কাজ করেছেন তাতে সমগ্র দেশবাসী নিশ্চয়ই গর্ব অনুভব করতে পারে। অন্যান্য দেশে বিরোধী পক্ষ অর্থাৎ অপজিসন্ দেশের শাসন ব্যবস্থা সম্বন্ধে হেলদি ক্রিটিসিসিম করে দেশকে কল্যাণের পথে এগিয়ে নেবার জন্য অনেক কিছু কনট্রিবিউসন করেন কিন্তু আমাদের দেশে বিরোধী পক্ষ শুধু কাদা ছোড়া ছাড়া আর বিশেষ কিছু করেন না।

[4-4—10 p.m.]

আশ্চর্য্য কথা এই যে কাদা ছুড়তে গিয়ে অনেক সময় তাঁরা নিজেদের নীতি এমনভাবে দলীয় স্বার্থে বিসর্জন দিয়েছেন তা দেখলে অবাক হতে হয়। এবিষয়ে আমি ২।১টা উদাহরণ দিচ্ছি। ডাঃ রায় কোলকাতা ও পশ্চিমবঙ্গের সামগ্রিক উন্নয়নের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য কেন্দ্রীয় কর্তৃপক্ষের সহানুভূতিহীন মনোভাবের সমালোচনা যখন করেন তখন জ্যোতিবাবু সেটাকে বলেন ইলেকশান ষ্টাণ্ট। অথচ এটা ওদের কথা যে সেণ্ট্রাল গভর্নমেন্টের সিমপ্যাথি পশ্চিমবঙ্গের উপর সবসময় ঠিকমত পাওয়া যায় না। কিন্তু ডাঃ রায়ের মুখ দিয়া যখন একথাটা বেরুল তখনই সেটা ইলেকশান ষ্টাণ্ট হয়ে গেল। তারপর পশ্চিম বাংলার নেতাদের বাংলা ভাষার প্রতি দরদ খুব স্বাভাবিক যার জন্য গভর্নরের স্পীচ বাংলা ভাষায় বিতরিত না হবার দরুণ প্রথমে আমাদের অপোজিশনের বন্ধুরা স্পীকারের মাধ্যমে সরকার পক্ষের কাছ থেকে কৈফিয়ৎ চেয়েছিলেন। আপার এডুকেশান বাজেটের সময় বাংলাভাষাকে এডুকেশানের মিডিয়াম করার জন্য তাঁকে অনেকে অনেক কথা বলেছেন। এসব খুব ভাল কথা। কিন্তু আশ্চর্য্যের কথা হচ্ছে যে আনন্দবাজার পত্রিকার ২৬শে ফেব্রুয়ারী ১৯৬১ সালে দেখা গেল "দার্জিলিং জেলায় পাহাড়ীয়াদের মাতৃভাষা হিসাবে নেপালী এবং ভারতীয় বিশেষ এক সম্প্রদায়ভুক্তদের মাতৃভাষা উর্দু শিখাইবার জন্য সুপরিকল্পিত উপায়ে রাজনৈতিক প্রয়াসের অভিযোগ এবারকার জনগণের ইতিহাসে উল্লেখযোগ্য ঘটনা। এই ব্যাপারে কম্যুনিস্ট পার্টির তরফ থেকে বিশেষ তৎপরতা দেখান হইতেছে।" এটা শুধু দার্জিলিংএ নয় হাওড়া জেলায় কয়েক জায়গায় এক শ্রেণীর লোক বাংলাভাষায় লিখিত সেনসাস রিপোর্ট ফেরৎ দিয়া সেটাকে উর্দুভাষায় দেবার জন্য চাপ দিয়েছে। কাজেই বাংলাভাষার প্রতি এই যে দরদ সেটাকে দলীয় স্বার্থের খাতিরে কিভাবে উল্টে দিচ্ছেন সেটা এ থেকেই দেখা যায়। তাঁরা দুর্নীতির অনেক কথা বলেছেন। দুর্নীতি

এখানে আছে, রাশিয়াতেও আছে। যুগান্তর পত্রিকার সেকেণ্ড ফেব্রুয়ারী তারিখে দেখা যায় সেখানে লেখা হচ্ছে "রুশিয়ায় কম্যুনিস্ট পার্টির কর্মিগণ এবং কৃষি-শিল্প সংস্থার প্রধান কর্মকর্তাগণ মিথ্যা পরিসংখ্যান পরিবেশন ও হিসাবের কারচুপির অপরাধে মিঃ ক্রুশ্চভ কর্তৃক অপরাধী সাব্যস্ত হইয়াছেন।" কাজেই দুর্নীতি সবজায়গায় আছে। কংগ্রেস গভর্নমেন্ট সেই দুর্নীতি দমন করার যে চেষ্টা করছেন সেটা প্রমাণিত হয়েছে অমৃতবাজার পত্রিকার ১৬ই মার্চ তারিখের একটা খবরে—"টেন অফিসার ফেসিং এনকোয়ারি এ্যাণ্ড ইলেভেন গভর্নমেন্ট এমপ্লইস পানিশড্" তারপর আমি বলতে চাই তাঁরা ক্রিটিসিজিম করেন, কিন্তু এই ক্রিটিসিজিমের মাধ্যমে তাঁরা কতখানি সাজেশান দিয়েছেন। আজকে পশ্চিমবাংলার সীমানায় চীনের হামলা দেওয়ার ফলে বর্ডার প্রবলেম এ্যাকিউট্ ভাবে দেখা দিয়েছে। কিন্তু এ সম্বন্ধে তাঁদের কাছ থেকে কিছুই শোনা যায়নি। তাঁরা কি একথা বলেছেন যে ৫টা নর্দান ডিসট্রিকএ—জলপাইগুড়ি, দার্জিলিং, ওয়েষ্ট দিনাজপুর, কুচবিহার, মালদহ—আরও ভাল এ্যাডমিনিসট্রেশান হওয়া দরকার, ওয়েষ্ট ও ডিস্ট্রিক্ট অফিসার থাকা দরকার এবং সেখানে আর একজন ডিভিশনাল কমিশনার থাকা দরকার। এখানকার পুরাতন ব্যবস্থাতে একজন ডিভিশনাল কমিশনার কোলকাতায় বসে থেকে বর্ডার প্রবলেম দেখাশুনা করা সম্ভব নয়। দার্জিলিং জেলায় ডিভিশনাল কমিশনার আছে, আমার মনে হয় এখানেও একজন ডিভিশনাল কমিশনার থাকা দরকার।

হাওড়া জেলাবোর্ডের ব্যাপার নিয়ে মাননীয় সদস্য কানাই ভট্টাচার্য্য মহাশয় অনেক কথা বলেছেন, কিন্তু হাওড়া শহরে যেখানে আর এত বেশী পপুলেশন হয়েছে সেখানে একজন সিটি ম্যাজিষ্ট্রেট থাকলে যে অ্যাডমিনিষ্ট্রেসন-এর কিছুটা উন্নতি হয় সে কথা তিনি বলেননি। কাজেই ঐ কথা বলছিলাম যে দলগত স্বার্থের খাতিরে তিনি তাঁর নীতি বিসর্জন দিতে কাতর হয়নি। স্যার, সেদিন কানাইবাবু এখানে বসে হাওড়া ডিস্ট্রিক্ট বোর্ড সম্বন্ধে যে সব উক্তি করেছেন সেগুলো এতই সত্যের অপলাপ যে ভাবলে অবাক হতে হয় এবং তাঁর মত একজন শিক্ষিত লোক কি করে যে হাউসের মধ্যে এতখানি সত্যের অপলাপ করলেন তা আমি ভেবে পাই না। যেমন, তিনি বলেছেন ডিষ্ট্রিক্ট বোর্ডের যখন মিটিং হয় তখন সেখানে কোন রেকর্ড করেনা। কিন্তু আমি বলছি রেকর্ড করা হয়। তারপর তিনি বলেছেন মিটিং এর কোন রেকর্ড মিনিট থাকেনা কিন্তু আমি বলছি তা থাকে। তারপর তিনি বলেছেন এই রকম নিয়ম আছে যে মিটিং এর ৭দিনের মধ্যে সেই মিটিং-এর মিনিট মেম্বারদের কাছে ডিষ্ট্রিবিউট করতে হবে কিন্তু আমি বলছি এরকম কোন নিয়ম নেই যে ৭ দিনের মধ্যে মেম্বারদের কাছে মিনিট পাঠাতে হবে। তারপর তিনি বলেছেন বিমান বসু এবং অমরেন্দ্র বসু ডাঃ বোসের কাজিন ব্রাদার। কিন্তু আই ক্যাটিগারক্যালি ডিনাই এ্যাণ্ড ইট ইজ নট এ ফ্যাক্ট দ্যাট দে আর মাই ক্যাজিন ব্রাদারস্। তবে যেহেতু "বসু" সেইহেতু ওঁর মতে যদি জ্যোতি বসু বা হেমন্ত বসু আমার কাজিন ব্রাদার হয় তাহলে আমি নাচার। যা হোক, তারপর তিনি বলেছেন ১৯৫৭ সালের জেনারেল ইলেকশনের পর টাইপ রাইটার মেসিন চেয়ারম্যান ডাঃ বোসের বাড়ীতে যায় এবং সেটা আজ পর্যন্ত ফিরে আসেনি। কিন্তু আমি বলছি এটা সত্যের অপলাপ এবং এতবড় অপলাপ যে পৃথিবীতে কোন দেশে কোন দিন বোধ হয় এরকম আর হয়নি। তবে আমি বলতে পারি যে কোন টাইপ রাইটার মেসিন চেয়ারম্যানের বাড়ীতে যায়নি বা অন্য কোথায়ও অপসারিত করা হয়নি। তারপর জিপ্ সম্বন্ধে যে কথা বলেছেন তার উত্তরে বলতে পারি যে

The provision was originally sanctioned by the Board and accordingly a new jeep was purchased in 1959. The purchase of the jeep was thoroughly scrutinised by the Audit and the Audit was fully satisfied about it. There was no irregularity or illegality. The provision was made in the original budget which was approved by the Commissioner of the Division.

তারপর তিনি বলেছেন যেখানে আগে ডিষ্ট্রিক্ট বোর্ডের চেয়ারম্যানের টুর-এর জন্য ৫০০ টাকাও খরচ হোত না সেখানে এখন ডাঃ বোসের আমলে এবছরে দেখা গেল বছরে প্রায় ৩৬০০ টাকা খরচ হচ্ছে। কিন্তু উনি কি জানেন না যে সেই জীপ চেয়ারম্যান একা ব্যবহার করে না, সেটা সকলে মিলে অর্থাৎ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান এবং ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ার ব্যবহার করেন এবং তার জন্যই ঐ ৩৬০০ শত টাকা খরচ হয়। যাহোক স্যার ডাঃ মনিলাল বোস একটা টার্মে নয়, দুটো টার্মেই চেয়ারম্যান হন এবং তখন হাওড়া ডিষ্ট্রিক্ট বোর্ডের টাকার ছিল ৪ লক্ষ টাকা এবং দেনা ছিল ২ লক্ষ টাকা এবং বোর্ডের এই আর্থিক অসহায় অবস্থা দেখে ১৯৪৮ সালে ধীরেন দাস যখন বিগত বোর্ডের চেয়ারম্যান হন তখন তিনি রেজিগনেসন দিয়েছিলেন। কিন্তু সেই অবস্থায় এই ডাঃ মনিলাল বসু চেয়ারম্যানশিপ এ্যাকসেপ্ট করে বলেছিলেন যে যতদিন পর্যন্ত এই ২ লক্ষ টাকা দেনা শোধ না হবে ততদিন পর্যন্ত তিনি টি এ নেবেন না এবং সেই অনুসারে ডাঃ মনিলাল বসু এক পয়সাও টি এ না নিয়ে সমস্ত ডিষ্ট্রিক্ট টুর করেছে। তারপর তিনি বলেছেন ম্যাজিষ্ট্রেটের উপর এনকোয়ারীর ভার দেওয়া হয় এবং ম্যাজিষ্ট্রেট বন্ধুত্বের খাতিরে তাঁর কাছেই রিপোর্ট চেয়ে পাঠালেন। এটাও সর্বৈব অপলাপ ছাড়া আর কিছু নয়। স্যার, উনি যে এ্যালিগেশন এনেছেন ঠিক সেম এ্যালিগেশন পর্যায়ে একটি এ্যানোনিমাস্ লেটারের দ্বারা ডিভিসনাল কমিশনারকে জানান হয় এবং ডিভিসনাল কমিশনার তখনকার ম্যাজিষ্ট্রেট মিঃ তালুকদারকে এই ব্যাপারে এনকোয়ারীর ভার দেন এবং মিঃ তালুকদার এনকোয়ারী করে এই সমস্ত এ্যালিগেশন ফলস বলে রিপোর্ট দেন। তারপর দি সেম এ্যালিগেসন জালান সাহেবের কাছে যায় এবং যখন এটা কংগ্রেস গভর্নমেন্ট এবং যখন হাওড়া ডিসট্রিক্ট বোর্ড হল এ্যান আউট এ্যাণ্ড আউট কংগ্রেস বোর্ড কিন্তু তবুও তৎক্ষণাৎ তিনি এনকোয়ারীর ব্যবস্থা করতে পশ্চাৎপদ হননি।

(4-10—4-20 p m.]

কংগ্রেস গভর্নমেন্টের সততা না থাকলে যে জিনিসটা একবার ম্যাজিষ্ট্রেট দ্বারা এনকোয়ারী হওয়ার পর মিথ্যা বলে প্রমাণিত হয়েছে সেই জিনিসের উপর আবার জালান সাহেব ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে দিয়ে এনকোয়ারী করতে দিতেন না। বর্তমানে যিনি ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট মিঃ মজুমদার, যিনি ১ মাস হয়নি ম্যাজিষ্ট্রেট হয়ে হাওড়া জেলায় এসেছেন, তাঁর সঙ্গে আমার কোন রকম বন্ধুত্ব করবার সুযোগ হয়নি, তিনি পুরো তিন দিন ধরে পার্সোন্যালি এনকোয়ারী করেছেন। কাজেই ঐ কথা মোটেই সত্য নয় যে ম্যাজিষ্ট্রেট চেয়ারম্যানের কাছে ফাইল চেয়ে পাঠালেন এবং রিপোর্ট দিলেন। তিনি তার উপর রিপোর্ট দিয়েছেন। তিনি আমার বন্ধু নন। তিনি জাতিতে ব্রাহ্মণ, তিনি তাঁর হয়তো কোন আত্মীয় হতে পারেন। মিঃ মজুমদার ৩ দিন তাঁর অমূল্য সময় নষ্ট করে এই সমস্ত এ্যালিগেশান মিথ্যা বলে রিপোর্ট দিয়েছেন। ডাঃ মনি বোস ১৯৫৯ সাল থেকে চেয়ারম্যান হয়ে আছেন, তাঁকে জীপ কেনবার জন্য বহুলোক অনুরোধ করেছিলেন। কিন্তু তখন হাওড়া জেলার রাস্তাঘাট ভাল ছিল না। পরে রাস্তা ভাল হতে জীপ কেনার প্রয়োজন হল ফর বেটার সুপারভিসান এণ্ড ফর কুইক সার্ভিস অফ দি অফিসারস। কানাইবাবু এই হাউসে আমার অনুপস্থিতিতে আমাকে চ্যালেঞ্জ দিয়েছেন, আমি তাঁকে চ্যালেঞ্জ করছি যে আজ আমি যেসব কথার উত্তর দিলাম

If I am not correct I will resign from the Assembly House. If I am correct let him have the courage to say that he will resign.

কানাইবাবু আজকে জানেন না এই ডাঃ মনি বোস উপর্যুপরি দুটো বোর্ডের আনকনটেস্টেড্ চেয়ারম্যান ইলেকটেড হয়েছেন। কিন্তু কানাইবাবু কমিশনার অব হাওড়া মিউনিসিপ্যালিটির

জন্য একবার দাঁড়িয়ে দ্বিতীয়বার দাঁড়াবার ভরসা করেননি পাছে হেরে যান। কানাইবাবু হতে পারেন খুব বিদ্বান লোক, কিন্তু তাঁর মনোবৃত্তি যেকোন সৎ বিদ্বান লোকের মাথা লজ্জায় হেঁট করে দেয়। এর কারণ হচ্ছে যেসব লোক সমাজের কলঙ্কস্বরূপ সেইসব লোক নিয়ে ওঁর কারবার, সেইসব লোক নিয়ে উনি দল করেন। এই যে এ্যালিগেশানগুলি ডিষ্ট্রিক্ট বোর্ডের বিরুদ্ধে করেছেন এর মূল কোথায় বলছি—তার প্রমাণ আছে। ডিষ্ট্রিক্ট বোর্ডের এ্যাকাউন্টসের একজন কর্মচারী ডিষ্ট্রিক্ট বোর্ডের টাকা নিয়ে গোলমাল করেছিলেন। একটা উদাহরণ দিচ্ছি—ডিষ্ট্রিক্ট বোর্ডের একজন ডাক্তার সমস্ত পাওনা মিটিয়ে নিয়ে রিটায়ার করে চলে গিয়েছিলেন, সেই কর্মচারী তাঁকে লিখে পাঠালেন যে আপনার আরও ৫ শত টাকা পাওনা আছে নিয়ে যাবেন। তিনি সেই টাকা ড্র করলেন। তারপর তার টাকা থেকে অর্দ্ধেক টাকা কর্জ হিসাবে নিয়েছিলেন তবে তায় কোন কণ্ডিসান ছিল না। এই রকম একটা উদাহরণ নয়, বহুক্ষেত্রে কর্মচারীরা এক্সেস পেমেণ্ট করেছেন এবং তারপর তাঁদের কাছ থেকে কর্জ হিসাবে টাকা নিয়েছেন। তিনি বলেছেন এ্যানোনিমাস এ্যালিগেশান করেছিলেন। তার উপর এনকোয়ারী হয়েছে। তারপর একটা কেসের কথা আপনাদের বলছি কিরকম লোক নিয়ে দল করছেন

The case of Krishna Pada Roy versus Apurba Krishna Chowdhury under section 504, I. P. C.

এই কেস-এ হাওড়া কোর্টে কৃষ্ণপদ রায় অভিযুক্ত হয় এবং ৬০৲ জরিমানা দেয়, কানাইবাবু আসামী পক্ষের সাক্ষী হিসাবে এর জন্য হাওড়া কোর্টে এ্যাফিডেফিড্ দিয়েছেন। আমি হাওড়া কোর্টের ফাষ্টক্লাস ম্যাজিষ্ট্রেটের জাজমেণ্টের কপি থেকে বলছি।

D.W.1. Shri Kanai Lal Bhattacharya, M.L.A., has deposed that on 23. 8. 55 accused Krishna Pada Roy was with him from 7 a m. till 11 a. m. I regret I cannot place any reliance on the assertion of Shri Bhattacharya that accused was with him on 23. 8. 55 from 7 a. m. till 11 a. m. Accused is convicted and fined Rs. 60 which was upheld by the District Judge."

এরপর ঘটনা হচ্ছে দি সেম এ্যাকিউজড্ অপূর্ব চৌধুরীকে খুন করে এবং খুন করার পর যখন পুলিশ ধরে নিয়ে হাওড়া হাসপাতালে যায় তখন সে গাড়ী থেকে নামতে চায়নি। সে বললে কানাইবাবু আমার জন্য মেডিক্যাল কলেজে অপেক্ষা করছেন, আমি এখানে নামব না। কানাইবাবু কি করে জানলেন যে অপূর্ববাবু খুন হবে যার জন্য এই লোককে রিসিভ করবার জন্য তিনি মেডিক্যাল কলেজে ছিলেন? অবশ্য তার এনকোয়ারী হয়েছিল।

Dr. Kanailal Bhattacharjee : Sir, I rise on a point of personal explanation.

অপূর্ব চৌধুরী এবং কৃষ্ণকমল রায়ের ব্যাপারটা—দি কেস ইজ সাবজুডিস। তাঁরা হাইকোর্টে এ্যাপিল করেছেন এবং উনি যে ষ্টেটমেণ্ট পড়ে শোনালেন সেটা হচ্ছে একটা কেসে আমি সাক্ষ্য দিয়াছিলাম এবং সেটা ফ্যাকট। ম্যাজিষ্ট্রেট যদি সন্ধান না করতে পারেন তাট ইজ নট্ মাই ফল্ট। সেকেণ্ড পয়েণ্ট অপূর্ব রায়ের যে কথা উনি বলছেন দ্যাট হ্যাজ ইয়েট টু বি প্রুভড ইন দি হাই কোর্ট। সেই কেস হাইকোর্টে হচ্ছে। আমি বলবো যে ওঁরা জুরীগণকে হাত করে ঘুষ দিয়ে নিরাপরাধীর শাস্তির বন্দোবস্ত করেছেন। সেজন্য অপূর্ববাবু জুরীট্রায়ালের বিরুদ্ধে চলে গেছেন। শ্রীমণি বোস এবং শ্রীঅবনি বোস জুরী তদ্বির করেছেন সেই কেসে। আর একটা পয়েণ্ট হচ্ছে যে কথা উনি বল্লেন। মিঃ স্পীকার, স্যার, আমি যে প্রশ্নটা তুলেছিলাম তার জবাব হয়নি। উনি জীপের ব্যাপারে বলেছেন। ১৯৫৩ সালে যখন পাবলিক হেলথ ডিপার্টমেণ্ট হেলথ ডিপার্টমেণ্ট যেটা দিয়ে দিল, যখন ডিষ্ট্রিক্ট বোর্ড লিমিটেড্ তখন ১৪ হাজার টাকা দিয়ে জীপ কেনা হয় পার্সোনাল ব্যবহারের জন্য ৩৬ শত টাকা দিয়ে। তিনি এক নম্বরের অসাধু, আবার অপরকে বলছেন অসাধু।

Sri Abani Kumar Basu : Sir, Dr. Kanailal Bhattacharjee has just now said that I myself made some **tadbir** with regard to the jury. Certainly it is a false statement.

Dr. Kanailal Bhattacharjee : Sir, my speech has been appreciated by both Mr. Abani Kumar Basu and Sri Monilal Basu.

Shri Hemanta Kumar Basu :

স্যার, হাওড়া ডিষ্ট্রিক্ট বোর্ডের ব্যাপারে যে কথা কাটাকাটি দেখতে পেলাম এবং কানাই ভট্টাচার্য মহাশয় যেসমস্ত চার্জ ডিষ্ট্রিক্ট বোর্ডের বিরুদ্ধে আনলেন এবং তার বিরুদ্ধে মনি বোস মহাশয় যে উত্তর দিলেন এবিষয়ে আমি মনে করি একটা ইমপার্সিয়াল এনকোয়ারী করে এটার সমাধান হওয়া উচিত। এটা খুবই দরকার, কারণ দুজনেই আমাদের হাউসের মেম্বার এবং একজন এবিষয়ে অভিযোগ এনেছেন, আর একজন তার উত্তর দিয়েছেন। কাজেই আমি মনে করি এবিষয়ে একটা ইমপারসিয়াল এনকোয়ারী হওয়া দরকার। তাহলে কানাই বাবু যে চার্জ আনলেন তার সত্যাসত্য সম্বন্ধে আমরা বুঝতে পারবো। স্যার, প্রত্যেক বছরই বাজেটের এ্যাপ্রোপ্রিয়েশন বিল আমাদের সামনে আনা হয়। এই এ্যাপ্রোপ্রিয়েশন বিল বিভিন্ন খাতে আলোচনা হয়। বিভিন্ন খাতে টাকা মঞ্জুর হবার পর এ্যাপ্রোপ্রিয়েশন বিল আসে। স্যার, আমরা যে কাটমোশান দিই সেই কাটমোশান গঠন মূলক ভাবে দিই। কোন্ কোন্ জায়গায় কাজ হচ্ছে, কোন্ কোন্ জায়গায় কাজ হয়নি সে বিষয়ে আমরা কাটমোশান দিই। কাজেই কাটমোশান গুলি খালি গভর্নমেণ্টকে সেন্সার করার জন্য দেওয়া হয় না। যে সমস্ত সমস্যা সমাধান হয়নি সমস্ত সেই সমস্যার দিক দৃষ্টি আকর্ষণ করাবার জন্য কাটমোশান গুলি দেওয়া হয়। মনিবাবু যেকথা বল্লেন যে যখনি আমরা সরকারকে তিরস্কার করার জন্য বা নিন্দা করার জন্য দিই, তা নয়। কাটমোশানের উদ্দেশ্য হচ্ছে বিশেষবিশেষ ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করা। এই যে বাজেট হল এই বাজেটে অনেক সময় অনেক টাকা খরচ হয় না আমরা দেখতে পাই। যে কাজের জন্য টাকা মঞ্জুর করা হয় সেই কাজ অনেক হয় না। কৃষক সমস্যা আছে, শ্রমিক সমস্যা আছে—এই সমস্ত সমস্যার সমাধান আমরা করতে পারছি না।

[4-20—4-30 p.m.]

এই খাদ্যোৎপাদন বাড়াবার যে চেষ্টা, এদ্বারা যে খাদ্যোৎপাদন বেড়েছে, তারজন্য আপনাদের compliments দেওয়ার আবশ্যকতা নাই। কারণ এই খাদ্যগুলি মজুত হবে, জমা হবে, বড় বড় মজুতদারদের হাতে এবং মজুতদাররা ইচ্ছা করলে কৃত্রিম খাদ্যসংকট সৃষ্টি করতে পারে। কারণ সরকারের হাতে এমন ক্ষমতা নাই—যে ক্ষমতার দ্বারা সরকার এই কৃত্রিম খাদ্য সংকট বন্ধ করতে পারে। কাজেই সেদিক থেকে আমি মনে করি যে খাদ্যোৎপাদনের জন্য আমাদের কৃষিমন্ত্রী যে প্লান আমাদের সামনে দিয়েছেন, তাতে যতই খাদ্য বাড়ুক, যদি না এই এই খাদ্য ঠিকমত বিতরণ হয় এবং মজুতদাররা যথেষ্ট লাভ করতে না পারে—সেই রকম আইন না করতে পারা যায়, ততক্ষণ এই খাদ্য বাড়ালে পরেও আমাদের কোন লাভ হবে না। আমার এই ধারণা যে খাদ্যের কৃত্রিম সংকট মজুতদাররা সৃষ্টি করে এবং সরকার সে বিষয়ে কোন ব্যবস্থা করতে পারেন না বা ব্যবস্থা করতে রাজী নয়। কারণ তাদের বিশেষ স্বার্থ সেখানে রয়েছে।

অনেকগুলি পঞ্চবার্ষিক পরিকল্পনা পর পর করা হচ্ছে,—তার জন্য টাকা নিচ্ছেন, টাকা খরচ করছেন। কিন্তু এই সব পঞ্চবার্ষিক পরিকল্পনার মাধ্যমে যে সব বিভিন্ন সমস্যার সমাধান হওয়া উচিত ছিল—তা হচ্ছে না, আমাদের শিল্পগুলি সেভাবে, গড়ে উঠেছে অর্থ তার জন্য যথেষ্ট খরচ হচ্ছে। কিন্তু যে পরিমাণ বেকারের সংখ্যা বাড়ছে, সেই রকম ভাবে সেই সব বেকারদের কাজ দেবার জন্য শিল্পকে আমরা গড়ে তুলতে পারছি না।

আমাদের সরকারের লক্ষ্য হচ্ছে—যেটা পণ্ডিত নেহরু বলেন—সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা তাঁদের লক্ষ্য। কিন্তু আমরা বাজেটের মধ্যে তার কোন লক্ষণ দেখতে পাই না বা যে সমস্ত কাজ করা হয়, তাতেও দেখতে পাই না যে কতখানি আমরা সমাজতন্ত্রের দিকে এগিয়ে চলেছি। সেদিক থেকে এই বাজেট যে সমাজতন্ত্রের আদর্শ থেকে অনেক দূরে সে বিষয়ে কোন সন্দেহ নাই। যে টাকা আমরা পাই তাতে আমাদের কুলোয় না বা অনেক সময় তা আমরা খরচ করিতে পারি না যে টাকা আমরা সেণ্ট্রাল পুল থেকে পাব। এবিষয়ে পূর্বে অনেকবার আমরা আলোচনা করেছি। ইনকামট্যাক্স এর ভাগ, জাষ্ট প্রাপ্য যা, তা অনেক সময় আমরা পাই না। কাজেই সেদিক থেকে আজ যে টাকা ধরা হয়েছে, বড়লোকদের উপর, অত্যধিক টাকা, সুপারট্যাক্স, এক্সপেনডিচার ট্যাক্স, নানারকম ট্যাক্স। কাজেই গরীবের উপর যে ট্যাক্সের বোঝা বেশী নয় তা দেখান হয় এবং দেখান হয় বড়লোকদের উপর ট্যাক্স্ বেশী। এই ট্যাক্সের পুরাপুরি টাকা যদি আদায় করা হতো, তাহলে অবশ্য আমাদের লাভ হতো, কিন্তু দুঃখের বিষয় এই টাকা আদায় হয় না, এই ট্যাক্সের টাকা ফাঁকি দেওয়া হয়। তবুও যে মুনাফা তারা করে, তাতে দেখতে পাচ্ছি, সেই মুনাফার হার ক্রমেই বেড়ে চলেছে।

তারপর আমাদের দেশের আর যে সমস্ত সমস্যা রয়েছে, সেই সমস্ত সমস্যা সম্বন্ধে এই বাজেটে নানা রকম আলোচনা হয়েছে। কিন্তু এমন একটা ইনটিগ্রেটেড প্ল্যান আপনারা নিতে পারছেন না এই ক্রমবর্দ্ধমান জনসংখ্যার অনুপাতে। ইনডাষ্ট্রি ডেভেলপ করবার চেষ্টা হচ্ছে, তার জন্য প্লান হচ্ছে, কিন্তু জনসংখ্যার অনুপাতে সেটা ডেভেলপ করা হচ্ছে না। আমরা অনেকবার বক্তৃতায় বলেছি যে আমাদের প্লানিং যেটা হয়, সেই প্লানিংটা সেই দিকে দৃষ্টি রেখে ব্যবস্থা করা বিশেষ প্রয়োজন।

তারপর করাপশন্-এর কথা হয়েছে। এবিষয়েও অনেক আলোচনা হয়েছে। আমরা কালকে স্বাস্থ্য বিভাগ সম্বন্ধে আলোচনার সময় দেখেছি আমাদের পক্ষ থেকে বলা হয়েছে স্বাস্থ্য বিভাগের বিরুদ্ধে যে দুর্নীতির অভিযোগ করা হয়েছে, সে বিষয়ে এন্টি-করাপশন্ ডিপার্টমেণ্ট স্বাস্থ্য বিভাগ সম্বন্ধে অনুসন্ধান করে যে রিপোর্ট দিয়েছেন, সেই রিপোর্ট সম্বন্ধে আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় কিছু বললেন না। কাজেই সেদিক থেকে বিবেচনা করে আজকে এই এপ্রোপ্রিয়েশন বিলকে আমি কিছুতেই সমর্থন করতে পারি না।

Dr. Ranjit Kumar Ghosh Chowdhury :

মাননীয় স্পীকার মহোদয়, আমরা গতকাল যে বাজেট পাশ করেছি, সেই বাজেট আজ একজিকিউশানের মুখে। এই বাজেট একজিকিউশানের মুখে আমি বলবো—আমরা এখানে বাজেট পাশ করি, কিন্তু বাজেট একজিকিউশান আমরা সরাসরি করি না। যাঁরা বাজেট একজিকিউশান করেন, তাঁদের বলবো যেভাবে প্রাপ্ত পদে পদে এ্যাচিভমেণ্ট, যেটা হচ্ছে, সেটা সেটিসফ্যাকটরি হচ্ছে কিনা? আমি অনেকবার বলেছি, আবার বলছি—আমি সরকারী কর্মচারীদের স্মরণ করিয়ে দিচ্ছি স্বামীজীর কথা। স্বামীজী বলতেন কর্মী দুই প্রকারের। প্রথম যাঁরা এক নম্বর কর্মী, তাঁরা অনুভূতির উপর কাজ করেন; তাঁরা অনুভব করেন 'আমার দেশের জন্য কিছু করা উচিত।' তাঁরা অনুভব করেন 'আমার জাতির জন্য কিছু করা উচিত।' আর যাঁরা দুই নম্বর কর্মী, তাঁরা কর্তব্য বলে মনে করেন 'আমরা দেশের সরকারী কর্মচারী, আমার উপর যে কর্তব্যভার দেওয়া হয়েছে, তা আমি পুরাপুরি ভাবে পালন করবো"। এই মনোভাব যাঁরা পোষণ করেন, তাঁরা এক নম্বরের কর্মী না হতে পারেন, যদি দুনম্বর কর্মীও হন তাহলেও আমি মনে করি বাজেটটা পুরাপুরি, প্রপার একজিকিউশান হবে।

আমি প্রথমে একটা হেড্ নিয়ে এই এ্যাপ্রোপ্রিয়েসন বিলের আলোচনা করতে চাই। সেটা হচ্ছে সোস্যাল এ্যাণ্ড ডেভালপ্মেণ্টাল সার্ভিসেস। এই সোস্যাল এ্যাণ্ড ডেভালপমেণ্টাল সার্ভিসেস-এর

আনডার-এ মেডিক্যাল এবং এডুকেসন্। এই দুটো নিয়ে আমি কয়েকটা কথা বলবো। এডুকেসন্ খাতে যে ব্যয় বরাদ্দ করা হচ্ছে, সেটা অপ্রচুর সন্দেহ নেই। কিন্তু এর মধ্যে দেখতে পাচ্ছি, যদিও এখন সভার ডিটেলস্-এ আলোচনা করবার সময় নেই, তবু আমি দু-একটা কথা বলবো। সেটা হল, যদি ষ্টেটস্টিকস্ দেখি, তাহলে দেখতে পাবো কি প্রাইমারী, কি সেকেণ্ডারী যে কোন এডুকেসনেতে সর্বভারতীয় যে পরিসংখ্যান আছে, তাদের জন্য যে এ্যাভারেজ খরচ করা হয়, তারচেয়ে আমাদের এখানে খরচ অনেক কম করা হয়। যেমন প্রাইমারীতে দেখছি সর্বভারতীয় পরিসংখ্যান হল টোটালে এডুকেসন্ বাজেটের ৩৯ পারসেণ্ট খরচ করা হয়; আর আমাদের এখানে ২৯ পারসেণ্ট খরচ করা হয়। আর যদি আমরা সেকেণ্ডারীতে দেখি তাহলে দেখতে পাবো সর্বভারতীয় খরচ হল ৪২'৪ পারসেণ্ট আর আমাদের এখানে হচ্ছে ২৪'৮ পারসেণ্ট। এখানে মনে হচ্ছে স্যার, যে এমন কতকগুলি জায়গা আছে যেখানে অর্থের অপব্যয় হয়। আমি সেকেণ্ডারী এডুকেসন্ বোর্ডের কথা বলছি। আমি সরকারকে অভিনন্দন জানাবো এইজন্য যে তাঁরা যেখানে দুর্নীতি অত্যন্ত বেশী হয় দেখে, সেটা বন্ধ করবার জন্য সিকিউরিটি অফিসার নিয়োগ করেছেন। কিন্তু সিকিউরিটি অফিসার, তিনি এগ্জামিনেশান্ কনফিডেনসিয়াল্ খাতে প্রতি বছর অনেক হাজার টাকা ড্র করেন। সেই টাকাটা মিসলেনিয়াস কনফিডেনসিয়াল হেডেতে খরচ হিসাবে দেখান হয়েছে। এক্জামিনার-দের যাতায়াতের ট্যাক্সি ভাড়া ইত্যাদি উদ্দেশ্যে যে টাকা দেওয়া হয়েছে তার কোন এ্যাকাউণ্ট নেই। অডিট রিপোর্টে এসম্পর্কে অবজেক্সন দিয়েছেন। আমি অনুরোধ করবো সরকারকে যদি তাই হয়ে থাকে, তাহলে অবিলম্বে তা বন্ধ করুন।

স্যার, আমি এখন মেডিকেল সম্বন্ধে দু-একটা কথা বলবো। এটা ঠিকই এদিকে সরকারের একটা আন্তরিক প্রচেষ্টা আছে যাতে জনসাধারণের কাছে মেডিকেল সারভিসটা ইজিলি এভেলেবল হয়। কিন্তু এর জন্য পলিসিটা চেঞ্জ করার একান্ত প্রয়োজন আছে।

[4-30—4-40 p.m.]

মেডিক্যাল সম্বন্ধে আমি দেখছি স্যার, এটা ঠিক যে সরকারের একটা আন্তরিকতা আছে যাতে জনসাধারণের কাছে মেডিক্যাল সার্ভিস খুবই ইজিলি এভেলেবেল্ হয়। কিন্তু আমি বলবো পলিসি চেঞ্জ করার প্রয়োজন আছে। আমি আগেই বলেছি যতক্ষণ পর্যন্ত না প্রপার ডিসেনট্রা-লিজেশান হবে ততক্ষণ পর্যন্ত মেডিক্যাল সার্ভিস গিয়ে পৌঁছবে না। আমরা হেল্থ সেণ্টার করছি ঠিক কথা কিন্তু হেল্থ সেণ্টারে যে ডাক্তার বাবুরা যান তাদের যে সমস্ত কোয়ালিফিকেশান্ দরকার গ্রামের মানুষের সেবা করার জন্য সে কোয়ালিফিকেশান্ তাদের আছে বলে আমার মনে হয় না, যেমন স্পেশাল কোয়ালিফিকেশান্ ইন অর্থোপেডিক্ সারজারী এ্যাণ্ড কলেরা। ফলে কি হয়? কোন অর্থোপেডিক কেস হলে কলকাতায় পাঠাতে হয়; একটা হেল্থ সেণ্টার করলেই হবে না, পোষ্ট অফিসের মত শুধু ষ্ট্যাম্প দিলেই হবে না, কাজ যাতে ভালভাবে চলে সেজন্য ডাক্তার বাবুরা যারা হেল্থ সেণ্টারে যান তাদের স্পেশাল্ শিক্ষা দেওয়া দরকার।

একথা প্রায়ই শুনে থাকি গ্রামে ফিরে যাও, গ্রামের সেবা কর ইত্যাদি। কিন্তু যারা এডমিনিস-ট্রেশান্ চালাবেন তাঁদের আমি অনুরোধ করবো গ্রামে গিয়ে কিছুদিন বসবাস করতে। আমি শুনেছিলাম যারা গ্রামে ফিরে যাও বলেন তারা চান যারা ডাক্তার হবেন তারা রেজিষ্ট্রেশান্ পেতে হলে ৬ মাস কিম্বা ১ বছর পাশ করার পর গ্রামে যেতে মানুষের সেবা করতে হবে। আই এস্‌সি ফার্ষ্ট ডিভিশানে পাশ করার পর ৬ বছর ডাক্তারী পড়ার পর তারপর একবছর হোম ফিজিশিয়ান এবং তারপর যদি আবার ১ বছর গ্রামে থাকতে হয় তাহলে ডাইরেক্টার অব হেল্থ সার্ভিসেস হতে গেলে অন্ততঃ ৮।১০ বছর গ্রামে থাকা দরকার। তাহলেই গ্রামের মানুষের সমস্যার সমাধান সম্ভবপর হবে নইলে হবে না।

আমি আর একটা কথা বলবো। এটা ঠিক যে পঞ্চবার্ষিক পরিকল্পনার মাধ্যমে দেশের উন্নতি করার চেষ্টা চলেছে, এর জন্য জনসাধারণের কষ্ট হবে অনেক, দুঃখকষ্ট কপালে যা আছে ভোগ করতে হবে। কিন্তু এটা সর্বস্তরেই হওয়া উচিত। তা যদি না হয় তাহলে অনেক কর্মচারী আছে যারা কাজে ইম্‌পিটাস পাবে না। তাদের ভিতর ইন্‌সেনটিভ দিতে হলে—একটা উদাহরণ দিই যেমন সাধারণভাবে এডুকেশান্ সেক্রেটারী ২৭০০ টাকা মাইনে পান। কিন্তু ডি আই যারা তারা মধ্য-প্রদেশে, বিহারে ডি আই যা পান তা থেকে কম পান; এই হলে কি করে যথাযথ তারা কর্তব্য করবে ? কাজেই বলছি এই সেবার কথা বলা হয়—উচ্চপদস্থ কর্মচারীদের বেলায়ও এটা লক্ষ্য হওয়া উচিত। তাহলেই সমস্ত স্তরের মানুষ ইন্‌সেনটিভ পাবে।

আর একটা কথা, এখানে ওয়েষ্টেজ-এর কথা বলেছেন, সেন্ট্রাল মেডিকেল ষ্টোর থেকে ঔষধ সাপ্লাই করা হয়। অবশ্য সরকার একটা ভাল ব্যবস্থা করেছেন সেন্ট্রাল মেডিকেল ষ্টোর-এর ঔষধের দামে বিভিন্ন হাসপাতাল বাজার থেকেও কিনে নিতে পারবে। একবার এক মাষ্টার মহাশয় তার ছাত্রকে জিজ্ঞাসা করছে ওহে তুমি আমাশায় ভোগ? বললে না স্যার, মাষ্টার তখন বললেন তুমি তাহলে বাঙ্গালী নও। অর্থাৎ বেশির ভাগ বাঙ্গালীই আমাশায় ভোগে। কিন্তু ডিকুইনাল বলে যে ঔষধ সাপ্লাই করা হয় সেন্ট্রাল মেডিকেল ষ্টোর থেকে তার এফিকেসি অত্যন্ত কম অথচ আমরা ক্লিনিকাল এক্সপিরিয়েন্স থেকে জানি এনট্রোকুইনল বা এনট্রোভাইওফরম এর হাফ ডোজ দিলেও ফল ভাল হতে পারে।

স্বাস্থ্য বিভাগ সম্বন্ধে আর একটা কথা বলেই শেষ করছি। এখানে প্রায়ই বলা হয়ে থাকে বাঙ্গালী নিয়োগ করতে হইবে। স্বাস্থ্য বিভাগে ডেপুটি ডাইরেক্টর, এসিষ্টেন্ট ডাইরেক্টর বহু আছে কিন্তু স্পেশাল অফিসার যিনি আছেন তার বাবদ যে টাকা আছে সেটা ওয়েষ্টেজ বলে মনে করি। তাঁর কোয়ালিফিকেসন হচ্ছে ডাক্তার এবং ব্যারিষ্টার। আমার ধারণা কোন প্রাকটিসই তার জমছে না। তাছাড়া তিনি মেনটাল হসপিটাল-এ ছিলেন নট এজ এ ডক্টর বাট এজ এ পেসেন্ট, তিনি যোগ্য হিসাবেই মেনটাল হসপিটাল-এ ছিলেন। এঁকে রাখা যুক্তিসঙ্গত বলে আমি মনে করি না।

Shri Jatindra Chandra Chakravorty :

মাননীয় স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী কিছুক্ষণ আগে এই অধিবেশন সুরু হবার সময় আমি যে বিষয় আলোচনা করেছিলাম তার জবাবে মেট্রোপলিটন্ অথরিটি বিল সম্পর্কে যা বলেছেন, আমি মনে করি, আমার কাছে যে সব তথ্য আছে তা উপস্থিত করলে দেখতে পাবেন তিনি যা বলেছেন তা পুরোপুরি সত্য নয়। কিন্তু এ কথায় আসবার আগে, স্যার, আমি আর একজন মন্ত্রী, আমাদের প্রিয় কালীবাবু, তার সম্পর্কে দু'একটি কথা বলে নিই। তাঁর দপ্তর সম্পর্কে সেদিন সময় সংক্ষেপ ছিল বলে বলতে পারি নি। সেদিন অভিযোগ করেছিলাম অধুনা যে আই জি আছেন তিনি যখন পুলিশ কমিশনার ছিলেন, তাঁর বিরুদ্ধে একটা স্পেসিফিক্ অ্যালিগেশান্ করেছিলাম রিভলভার লাইসেন্স দেবার ব্যাপারে। তিনি এহ ত্রুটিপূর্ণ কাজ করে থাকেন এবং সব যে 'ঝুটা বাৎ হ্যায়' তা নয়। সেদিন যে স্পেসিফিক অ্যালিগেশান্ এনেছিলাম, সেদিনও শংকরদাস বাবু তার ওকালতী করতে এগিয়ে এসেছিলেন। তিনি যখন পুলিশ কমিশনার ছিলেন, তখন পুলিশের পক্ষ থেকে যখন পত্রিকার উপর জুলুম হয়েছিল সেদিনও এই শংকরদাস ব্যানার্জি নির্লজ্জভাবে পুলিশের পক্ষে ওকালতী করেছিলেন। সেদিন আমি বলেছিলাম, স্পেসিফিক অ্যালিগেশান দিয়েছিলাম যে, বাজরাংলাল মোড়, সে ৫ হাজার টাকা তাঁর গুরুদেবকে দিয়েছিলেন এবং এই ব্যাপারে একটা ষ্টেটমেন্ট চেয়েছিলাম। স্যার, আমি শুনে সুখী হয়েছি যে আমি যে অ্যালিগেশান্ করেছিলাম সেই অ্যালিগেশান্ সম্পর্কে পুলিশ কমিশনার তদন্ত সুরু করেছেন। গত ১০ বৎসরে রিভলভার লাইসেন্স কত দেওয়া হয়েছে এবং কাকে দেওয়া হয়েছে তার একটা লিষ্ট করা হচ্ছে। সেই লিষ্ট

থেকেই বেরিয়ে পড়বে কতজন বাঙ্গালী, কতজন মারয়াড়ী, কত টাকা দেওয়া হয়েছে ইত্যাদি। এ রিপোর্ট যুগান্তরে ও স্টেটসম্যানে প্রকাশিত হয়েছিল। আমি এই আই জি-র নামে আর একটা অ্যালিগেশান্ দিচ্ছি শংকরবাবু শুনে রাখুন। এই আই জি তাঁর পদাধিকারের সুযোগ নিয়ে বিরাটীতে কয়েক বিঘা জমি ওঁর নামে নিয়েছেন এবং তা ফাটকাবাজী করে বেশী দরে সেই জমি বিক্রী করে মুনাফা করেছেন। এটা তদন্ত করে দেখা হোক কত বিঘা জমি তাঁর পদাধিকারের সুযোগ নিয়ে করেছেন কিনা।

স্যার, মুখ্যমন্ত্রী, মেট্রোপলিটান্ অথরিটি বিল সম্পর্কে, আমি যে কথা বলেছিলাম, তাতে তিনি বলেছেন দি স্কীম হাজ নট্ বিন্ কন্সিভ্ড।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

The Scheme has been conceived but it has not been born.

Shri Jatindra Chandra Chakraborty :

It has not only been conceived but it has also been born.

স্যার, আমাদের অভিজ্ঞতা আছে মুখ্যমন্ত্রী সম্পর্কে। বেরুবাড়ী আলোচনার সময়ও তিনি অসত্যকথা বলেছিলেন যে সেই বিল তাঁর কাছে ছিল না। এবং পরে প্রকাশ্য সভায় এসে দেখা গেল সেই বিল তাঁর কাছে ছিল এবং সে সম্পর্কে তাঁকে রিগ্রেট এক্সপ্রেস করতে হয়েছিল।

[4-40 - 4-50 p.m.]

স্যার, আপনি দেখুন বিলের ব্যাপারে.......... তাঁরা যে রিপোর্ট ওয়াটার সাপ্লাই সিয়ারেজ ড্রেনেজ, গ্রেটার ক্যালকাটা সম্পর্কে দাখিল করেছেন তার মধ্যে দেখা যাচ্ছে—তার সামারী আমার কাছে আছে, তারা নিউ টাইপ অফ লোকাল এজেন্সী সুপারিশ করেছেন ক্যালকাটা মেট্রোপলিটান অথরিটি নাম দিয়ে। আমাদের সরকারের পক্ষ থেকে সম্মতি জানান হয়েছে, We agree with the proposal, the success of the Scheme can only be assured if an authority of this nature is implemented.

এরকমভাবে আমরা দেখি ওয়ার্লড হেলথ অরগানিজেশান্ এর যে টিম এসেছিল হেলথ ডিপার্টমেন্ট-এর সংগে আলোচনা করে তাঁরা যে রিপোর্ট দিয়েছিলেন—সেই রিপোর্ট নিশ্চয়ই ডাঃ রায়ের কাছে আছে—সেই রিপোর্টের যা সামারী তাতে দেখা যাচ্ছে, এই রকম একটা পরিকল্পনা, মেট্রোপলিটান অথরিটি এই নামে তাঁরা করছেন—এবং শুধু তাই নয়, এখন দেখা যাচ্ছে এর পরের স্টেজে যে চিঠি হেলথ ডিপার্টমেন্ট থেকে ওয়ার্লড হেলথ অরগানিজেশান-এ লেখা হয়েছে বোর্ড অফ ডাইরেক্টরস সম্পর্কে তাতে আছে বোর্ড অফ ডাইরেক্টরস সুড বি মেড অফ পার্ট টাইম ডাইরেক্টরস্ এবং জেনারেল ম্যানেজার আমাদের হেলথ ডাইরেক্টরেট থেকে। কিন্তু তাঁরা বলেছেন, তা নয়, ডাইরেক্টর হবেন ৩—৫, একজন চেয়ারম্যান হবেন, একজন সেক্রেটারী হবেন। এই ব্যাপারের পরে অর্থাৎ এই আলোচনার পরে—আমার কাছে সাইক্লোষ্টাইলড কপি আছে,—হেলথ ডিপার্টমেন্ট-এর সঙ্গে ওয়ার্লড হেলথ অরগানিজেশান্-এর যে কথাবার্তা ও আলোচনা হয়েছিল তার পরে একটা বিল ড্রাফটেড হয়েছে। সেই বিল ড্রাফটিং-এর পরে ফোর্ড ফাউণ্ডেশান্ এবং ওয়ার্লড ব্যাঙ্ক-এর প্রতিনিধিরা সেটা নিয়ে আলোচনা করেন। তারপর, দ্বিতীয় একটা বিল ড্রাফটেড হয়েছে—তা যদি না হত ২০শে জানুয়ারী—কেবলমাত্র কনসিভড তা নয়, ইট ইজ অলসো বর্ন—বিল যদি ড্রাফটেড না হয়ে থাকে—২০শে জানুয়ারী আমাদের কাছে যে লিষ্ট অব বিজনেস্ সারকুলেটেড হয়েছে—তাতে দেখুন আছে ২।২।৬১এ আইটেম ৭ অর্থাৎ ক্যালকাটা মেট্রোপলিটন অথরিটি বিল, ১৯৬১—এটা

যুগান্তরে বেরিয়েছে, এটা ফ্লাইটস্ অব ইমাজিনেশান অব দি রিপোর্টাস্ও নয় বা আমাদের সেক্রেটারীর ফ্লাইট অব ইমাজিনেশান্ হিসাবেও আমাদের কাছে আসেনি। যাই হোক, এই বিল মুখ্যমন্ত্রী চেপে রেখেছেন—এই বিলের কপি দুর্ভাগ্যবশতঃ আমি আনতে পারিনি—কিন্তু এই বিলের মধ্যে যে সমস্ত ধারা সন্নিবেশিত হয়েছে, তাতে দেখছি—এই ক্যালকাটা মেট্রোপলিটান ডিষ্ট্রিক্ট বোর্ড গঠন করার যে ক্ষমতা এই বিলের মাধ্যমে দেওয়া হচ্ছে তাতে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট, ১৯৫১, বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট, ১৯৩২, ক্যালকাটা অ্যাণ্ড হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট অ্যাক্ট সুপারসিড করার প্রভিসন রয়েছে। স্যার, তাতে দেখতে পাচ্ছি, ক্যালকাটা কর্পোরেশান এবং ৩০টি মিউনিসিপ্যালিটির স্বাধীনতা ও ক্ষমতা খর্ব করার জন্য প্রভিশান করা হয়েছে—আজকে এখানে মুখ্যমন্ত্রী যতই অস্বীকার করুন। স্যার, আমি জিজ্ঞাসা করতে চাই, এই বিল যার কথা আমি বললাম সেটা যদি ড্রাফটেড না হয়ে থাকে—বেরুবাড়ীর সময় আমাদের যে অভিজ্ঞতা হয়েছে তাও আমরা জানি, মুখ্যমন্ত্রী কখনো পূর্ণসত্য বলেন না, তিনি অর্ধসত্য বলেন যার জন্য তাঁকে এই হাউসের কাছে মার্জনা ভিক্ষা করতে হয়েছিল—আমি এখনো বলছি সেই বিলের কপি তাঁর কাছে আছে—ক্যাবিনেটে জানিয়েছেন কিনা জানি না।

Shri Sankardas Bandyopadayay :

Sir, I appeared in that case not in my capacity as a public man but as a Barrister, duly engaged for consideration—that is my lawful fee.

I appeared in that case. The case was heard by one of the High Court Judges and there was a report which held that the conduct of the police was justified. I would like to know why my friend says that I appeared নির্লজ্জভাবে I appeared in my professional capacity—and, if necessary, I shall also prosecute Mr. Jatindra Chandra Chakravorty if the occasion arises.

Shri Jatindra Chandra Chakraborty :

স্যার, তিনি নির্লজ্জভাবে, লজ্জায় সন্দেহই করেছিলেন।

Shri Sankardas Bandyopadhyay :

দালাল কোথাকার!

Shri Ganesh Ghosh :

স্যার, এই দালাল কথাটা কি imparliamentary নয়?

Shri Maziruddin Ahmed :

মিঃ স্পীকার স্যার, মুখ্যমন্ত্রী যিনি ইন্‌চার্জ অফ ফাইন্যান্স তিনি যে এপ্রোপ্রিয়েশান্ বিল যুক্ত করেছেন তা আমি সমর্থন করছি। স্যার আপনি জানেন পারটিসনের পর পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্টের অর্থনৈতিক অবস্থা যে কি প্রকার সংকটাপন্ন ছিল এবং তা মাননীয় সদস্যাগণের জানা আছে এমন কি সেণ্ট্রাল গভর্ণমেণ্ট থেকে তখন লোন না নিলে এ্যাডমিনিষ্ট্রেশন চালানই সম্ভব ছিল না। স্যার, আমি গত কয়েক বৎসর লক্ষ্য করে আসছি কিভাবে বাজেটের আয় বৎসরের পর বৎসর বৃদ্ধি পাচ্ছে। চীফ মিনিষ্টার ডাঃ রায়ের যত্নে ও প্রচেষ্টায় পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্টের আয় বৎসর বৎসর বৃদ্ধি পাইয়াছে। ১৯৫৯-৬০ সালে ৭৯ কোটি ৪ লক্ষ এবং ঐ সনের রিভাইষ্ট বাজেট বৃদ্ধি পাইয়া ৯১ কোটি ৫০ লক্ষ উঠেছিল। ১৯৬০-৬১ সালে বাজেট এষ্টিমেট ৮৮ কোটি ১৭ লক্ষ টাকা ধরা হইয়াছিল এবং রিভাইষ্ট বাজেটে উহা বৃদ্ধি পাইয়া ১০২ কোটি ২১ লক্ষ টাকা দাঁড়াইয়াছে। আয়ের এই স্টেবল্ অ্যাণ্ড ষ্টেডি প্রোগ্রেসের সব ক্রেডিট ডাঃ রায়ের প্রাপ্য, তাঁহার চিন্তাশীলতা ও প্রচেষ্টায় তিনি এই ষ্টেডিনেস্ মেনটেন্ করতে পেরেছেন। আমরা আশা করতে পারি অদূর ভবিষ্যতে এই আয়ের পরিমাণ আর বৃদ্ধি পাইবে। ডাঃ রায় আয় বৃদ্ধি করে তাহা নিয়ে ছিনিমিনি খেলেন

নাই। পশ্চিমবঙ্গের নানা প্রকার ডেভালাপমেন্টে ব্যয় করেছেন। চিত্তরঞ্জন, দুর্গাপুর প্রোজেক্টের কথা বাদ দিলে ও বিরোধী বন্ধুরা যতই বিরুদ্ধে বলুন। পশ্চিমবঙ্গে শিক্ষা বিভাগে, জনস্বাস্থ্য বিভাগে, যোগাযোগ পূর্ত বিভাগে, সোসাল ওয়েলফেয়ার বিভাগে কতই না উন্নতি হয়েছে। শিক্ষা বিভাগে প্রাইমারী এডুকেশনের কথাই যদি ধরি কত হাজারে হাজারে প্রাইমারী স্কুল, জুনিয়ার সেকেণ্ডারী স্কুল প্রতিষ্ঠিত হইয়াছে। প্রায় ৫০০টী স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠিত হইয়াছে, প্রিপার্টিশান ডেজ এগার শত মাইল পাকা রাস্তার স্থানে ৭।৮ হাজার মাইল পাকা রাস্তা হইয়াছে। এইসব নেশান্ বিল্ডিং বিভাগের উন্নতি কোন ব্যক্তিবিশেষের জন্য হয় নাই, এই উন্নয়ন জনসাধারণের সকলেরই কল্যাণের জন্য হইয়াছে। এসব দেখেও যদি কেউ বলেন যে কিছুই হয় নাই, তিনি জাগিয়া ঘুমাইবার ভান করিতেছেন বলা চলে। এসবের বিরুদ্ধে সমালোচনা নিছক দলীয় স্বার্থের অভিব্যক্তি ছাড়া আর কিছুই নয়।

কংগ্রেস গণতন্ত্রকে সার্থক করিয়া তুলিবারই চেষ্টা করিতেছেন। দেশের সত্যিকারের কল্যাণমূলক উন্নতি হইতেছে। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা আড়াই হাজার কোটী টাকার মধ্যে পশ্চিমবঙ্গ ৭০ কোটীর উপর পেয়েছিলেন। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৪৮০০ কোটী টাকার মধ্যে প্রায় ১৫৭ কোটী টাকার বেশী পাওয়া গেছে। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা ১০০০০ কোটী টাকা মধ্যে পশ্চিমবঙ্গে ৩৪১'০ কোটী টাকা পাওয়া যাবে। (৭৪ + ১৫৭ = ২৩১) প্রথম ও ২য় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা পশ্চিমবঙ্গে যা কাজ করেছি তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তারও অনেক বেশী কাজ আমরা করিতে পারিব বলিয়া আশা করিতে পারি। মিঃ স্পীকার, স্যার, আমার ব্যক্তিগত অভিজ্ঞতায় যতটা বুঝিতে পারিতেছি দেশের লোক বিশেষতঃ গ্রামাঞ্চলের লোক উন্নয়নমূলক কাজই চাচ্ছে এবং দেশের ভিতরে কল্যাণমূলক কাজের জন্য একটা সাড়া পড়ে গেছে। দেশের কল্যাণে কংগ্রেস এই সুযোগ গ্রহণ করিবে। আমি এই হাউসের মাননীয় সদস্যগণকে ও জনগণকে কংগ্রেসের সহিত সহযোগিতা করিতে আহ্বান জানাই। মিঃ স্পীকার, স্যার, ডাঃ রায় যে গত বৎসরের বাজেট ষ্টেটমেন্টে পে কমিটির উল্লেখ দেখিতে পেয়েছি কিন্তু এ পর্যন্ত উক্ত কমিটির রিপোর্টের বিষয় কিছুই জানা যায় নাই। উহা ত্বরান্বিত হওয়া উচিত।

[4-50—5 p m.]

স্যার আমরা সকলে জানি বাঙ্গালীদের বার মাসে তের পার্বণ, বাঙ্গালীরা অতিথিবৎসল ও লৌকিকতা তাদের ধর্ম। পে কমিটির সদস্যগণকে এই সব বিষয় বিবেচনা করিতে অনুরোধ করি। বিশেষতঃ লো ইন্‌কাম গ্রুপ এবং লোয়ার মিডল ইনকাম গ্রুপ-এর বিষয় বিশেষ করে চিন্তা করিতে হইবে। আমাদের দেশে প্রবাদ আছে পেটে খেলে পিঠে সয়। সুতরাং এই অফিসারদের ভদ্রজীবন যাপনের জন্য সাফিসিয়েন্ট মেন্টেন্যান্স এলাউন্স দেওয়া সংগত। তাঁদের টিফিনের ও ছেলেমেয়েদের শিক্ষার ব্যবস্থা সরকারকে গ্রহণ করা সংগত হবে। আমরা ফ্রি অ্যাণ্ড কম্পালসারী প্রাইমারী এডুকেশান্ প্রবর্তন করিতে চাই। কিন্তু প্রাথমিক শিক্ষকদের সন্তুষ্ট না করিতে পারিলে ভাল কাজ পাওয়া যাবে না। তাঁদের বিষয় বিশেষ চিন্তা করা আবশ্যক। মিঃ স্পীকার, স্যার, এবার আমি উত্তরবঙ্গের কথা কিছু বলিব; উত্তরবঙ্গে অর্দ্ধ কোটীর উপর লোকের বাস কিন্তু উত্তরবঙ্গের লোকশিক্ষার চাহিদা, বৈজ্ঞানিক কৃষিপ্রথায়, যোগাযোগ ব্যবস্থা, বাণিজ্যে সবদিকেই বড়ই অনগ্রসর। অজ্ঞতার অন্ধকারে তারা হাবুডুবু খাচ্ছে। প্রায় ৫০০ মাইল দূরে তারা বাস করে, কলিকাতার সর্বপ্রকার ফ্যাসিলিটি গ্রহণ করা তাদের পক্ষে সম্ভব নয়। উত্তরবঙ্গকে একটা ইউনিট হিসাবে ডেভালাপ করা উচিত। এখানে একটি ইউনিভারসিটি প্রতিষ্ঠা করা একান্ত দরকার। একটি টি. বি. হাসপাতালের আবশ্যকতা খুব বেশী। কলিকাতা এসে তাদের অধিকাংশের পক্ষে চিকিৎসার সুযোগ, শিক্ষার সুযোগ গ্রহণ করা সম্ভব নহে। ২।১টী বড় ইণ্ডাষ্ট্রি প্রতিষ্ঠা করা উচিত। আমি সাজেষ্ট করি সুন্দরবন ডেভালাপমেন্ট বোর্ডের মত নর্থ বেঙ্গলে একটা ডেভালাপমেন্ট বোর্ড গঠন করিয়া তার উপর সব ভার অর্পণ করিতে পারিলে উত্তরবঙ্গের ডেভালাপমেন্ট বিষয়ে অনেকটা অগ্রসর

হইতে পারে। কনষ্টিটউশানে যখন সকলের সমান সুযোগ ও অধিকার আছে, উত্তরবঙ্গের দাবি ন্যায়সংগত বলিয়া মনে হয়। মুখ্যমন্ত্রী মহাশয়ের বিশেষ দৃষ্টি এদিকে আকর্ষণ করি। মিঃ স্পীকার, স্যার, এইবার আমার জিলা কুচবিহার সম্বন্ধে কিছু বলিব। নর্থ বেঙ্গলের কুচবিহার একটি অনগ্রসর জিলা। শিক্ষায় অনেক পশ্চাৎপদ। এখানে ১০।১১ লক্ষ লোকের বাস। এখানে একটী মেডিকেল কলেজ প্রতিষ্ঠার জন্য ও একটী পলিটেকনিক্যাল ইনষ্টিটিউটএর জন্য জনসাধারণ আগ্রহ প্রকাশ করিতেছেন আমি এদিকে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি। রাজেরহাটে যে ইনফেকসাস ডিজিজ হাসপাতাল আছে এখানে প্রচুর খোলা জায়গা পড়িয়া আছে, এখানে সহজেই একটী টি. বি. বেড নির্মাণ করা যাইতে পারে। যে কয়েকটী টি. বি. বেড আছে তাহা অতিশয় অপ্রচুর, তাহার সংখ্যা অগোণে বাড়ান দরকার। একটী ফাষ্ট গ্রেড পুরাতন কলেজ আছে কিন্তু তাতে সর্বদাই টীচার সর্ট। কুচবিহারে একটি প্রসিদ্ধ হাসপাতাল আছে, দৈনিক ইনডোর এবং আউটডোর মিলে ৭০০ । ৮০০ রোগী হয়। এখানে একটা ইয়ার, নোজ, থ্রোট ডিপার্টমেণ্ট খোলা আবশ্যক। একটী চিলড্রেন্স ওয়ার্ডের আবশ্যক আছে। এ্যাকোমোডেশানের বড় অভাব। আউটডোর হাসপাতালটি দোতলা করিলে অনেক বিষয় সুবিধা হইতে পারে। বোসার-খোটলা রোডটি ২য় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মঞ্জুরী পাইয়াছিল কিন্তু এখনও কার্য আরম্ভ হয় নাই, গত বৎসর বাজেটে ৫০ হাজার টাকা ধরা হইয়াছিল, কিছুই খরচ হয় নাই; এবারও বাজেটে দুই লক্ষ টাকা প্রভিশন আছে। নয়ারহাটে দবিদরিয়া নদীর উপর একটী ব্রিজ অত্যাবশ্যক, এর এসটিমেটও হয়েছে—আমি পূর্তমন্ত্রী মহাশয়কে অনুরোধ করিব যাতে এই দুইটী অগোণে আরম্ভ হয়। মিঃ স্পীকার, স্যার, আমি পুনরায় অর্থমন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাইয়া আমার বক্তৃতা শেষ করিলাম।

Dr. Jnanendra Nath Majumdar :

মাননীয় স্পীকার মহাশয়, য্যাপ্রোপ্রিয়েশান বিল সম্বন্ধে বলতে গেলে সব কথা বলতে হয়। ৪ বছর হাউসে যা দেখলাম তাতে দেখলাম একনায়কত্বই এখানে চলছে। কারন আমাদের দিক থেকে কোন সাজেশন নেওয়া হয়নি, মানা হয়নি। আমার বন্ধু ডাঃ মণিলাল বসু যখন ক্রিটিসিজমের কথা বলছিলেন তখন আমার একটু হাসি পাচ্ছিল, কেননা কাট মোশানের মধ্য দিয়ে আমরা ক্রিটিসিজম করি, কিন্তু তার কোন কাজ হয় না। কারণ এঁরা গণতন্ত্রের কোন তোয়াক্কা রাখেন না, বিরোধীদলের দিকে তাকিয়ে কোন কাজ করেন না। যাই হোক, সমাজতন্ত্র এঁরা যেভাবে গড়ে তুলছেন সে সম্বন্ধে ২।১টা কথা নীতিগতভাবে বলা যেতে পারে। কংগ্রেসে ঢুকলে এবং বেশীদিন থাকলে কি হয় সেটা আমি ডাঃ মণিলাল বসুকে দেখে দেখলাম, আবার কংগ্রেসে থেকে যখন ইল্যুসান থাকে সেই ইল্যুসানও কি হতে পারে এবং তা না ভেবে কি বলা যায় সেটা ডাঃ রঞ্জিত বোসের কথা শুনে দেখলাম।

স্যার, ডাঃ মণিলাল বসু আমার সহপাঠী এবং সহকর্মী এবং তাঁর ছোটবেলাকার ডাক নাম ছিল "মোল্লাই"; কিন্তু কংগ্রেসে ঢুকে তিনি যে ঐ স্তরে নেমেছেন তা আমি ভাবতেও পারিনি। যখন তাঁর সঙ্গে কয়েকটা ব্যাপার নিয়ে কথা কাটাকাটি হচ্ছে তখন তার কিছুটা সত্য তো বটেই—তবে এসব আমার চিন্তাধারার অতীত ছিল। যা হোক্ রণজিৎ ঘোষের দেখছি এখন অনেক আশা আকাঙ্ক্ষা এবং তিনি এসব কাজ করা হয়নি, এগুলো করা উচিত প্রভৃতি অনেক কথাই মুখ্যমন্ত্রীর সামনে বললেন—অর্থাৎ আমরা পেটে কাপড় বাঁধব, অন্য কেউ বাঁধবে না। তবে এতে হয় ওঁকে আমাদের দিকে চলে আসতে হবে—অবশ্য আমি একথা বলছি না যে সে কমিউনিষ্ট হয়ে বেরিয়ে আসবে বা বামপন্থী হবে—আর তা নাহলে ঐ ডাঃ মণিলাল বোসের মতই অবস্থা হবে যদি কংগ্রেসে উঠতে চায়। যা হোক্, এখন কথা হোল নীতিগতভাবে আমি বলব যে কৃষিক্ষেত্রে সর্বভারতীয় ভিত্তিতে তো দেখছি আমরা অনেক দূর এগিয়েছি এবং এমন কি নাগপুরে আমরা কো-অপারেটিভ করব এটাও বলেছি। কিন্তু এই ১৩ বছরে কৃষিক্ষেত্রে দেখলাম ১৯৫০।৫১ সালে যেখানে চাষীর আয় ছিল ৪৪৭ টাকা সেখানে ১৯৫৭।৫৮ সালে সেটা হয়েছে

৪৩৭ টাকা—অর্থাৎ ১০৲ টাকা আয় কমেছে। তারপর ১৯৪৭ সালে যেখানে ডেট ছিল ৮৮৲ টাকা সেটা এখন হয়েছে ৮৮% এবং ঐ সালে ফ্যামিলি বেড়েছে ৪৫ জন এবং ১৯৫৭।৫৮ সালে ইনডেবটেডনেস বেড়েছে ৬৪%। এই হোল কৃষিক্ষেত্রের অবস্থা। কাজেই এখন ক্রিটিসিজম্ করে আমরা সাজেসন দিতে চাই যে, ল্যাণ্ড রিফর্ম করে বা হয়েছে তা তো দেখছি, তবে পপুলেসন বেসিসে যদি খাদ্য জোগাতে হয় তাহলে ল্যাণ্ড রিফর্ম না করেও ইমপ্রুভড ফার্টিলাইজার দিয়ে এমনি হতে পারত। তারপর যদিও বলবার সাহস হয়নি কিন্তু দুটি কথা ভেবেছিলাম যে এর দ্বারা হয়ত হতে পারে এবং সেটা হচ্ছে কো-অপারেটিভ ফার্মিং এবং বাংলা দেশের যখন অবস্থা খারাপ তখন তার প্রয়োজনও আছে, কিন্তু এই পরিপ্রেক্ষিতে কি করে হবে? স্যার, ফার্টিলাইজার প্রভৃতি দিয়ে হয়ত একর প্রতি ২/১ মণ ফসল বাড়ান যেতে পারে কিন্তু মেকানাইজেসন্ এবং ইমপ্রুভড মেথড অব ইম্প্লিমেন্টেসন যদি না হয় তাহলে কোনদিন চাষ বাড়াতে পারা যাবে না। অবশ্য সেদিক দেখে এঁরা বলছেন ফ্যামিলি প্ল্যানিং করে পপুলেসন কমাও এবং যেমন সেদিন ফ্যামিলি প্ল্যানিং-এর কথা বলে বাসের কনজেসন কমাতে চেয়েছিলেন এবং এটা ঠিক যে সমাজতান্ত্রিক ধাঁচে এঁরা চলছেন তাতে চললে এই রকমই হবে।

তারপর লেবার সম্বন্ধে আমাদের কনিষ্ঠতম বন্ধু বলেছেন যে অন্যদের পেট ফুলছে। কিন্তু স্যার, আমি যদিও তাঁদের নাম করব না তবে মাঝে মাঝে যখন রোগী দেখতে কোন কোন একচেটিয়া কোটীপতি মুনাফাখোরদের আলিপুরের বাড়ীতে যাই তখন টাকার তো কথাই নেই, মনে হয় যে এরকম সাজান গোছান এবং লাক্সারীর আতিশয্য আর কোথাও দেখিনি। আমি যদিও ঐসব ফিগার দেব না তবে আমি তাঁদের জিজ্ঞাসা করেছিলাম যে কতদিনে এই মুনাফা কমাবেন? তাঁরা তখন গান্ধীজীর নাম করে বললেন যে আমরা ট্রাষ্টি হিসেবে করছি—অর্থাৎ সব যেন তারকেশ্বরের মোহন্ত। স্যার, একথা সকলেই জানেন যে, যেসব জায়গায় সত্যসত্যই সমাজতন্ত্র আছে সেখানে ছেলেমেয়েদের এডুকেশন কম্পালসারী ফ্রি করে দেওয়া হয়েছে, কিন্তু সেদিক থেকে ভারতবর্ষের যে কি অবস্থা তা সকলেই জানেন। তারপর ১৯৫০।৫১ সালে যেখানে ১৩৫ জন চাইল্ড লেবার ইউটিলাইজ করা হয়েছে সেখানে ১৯৫৬।৫৭ এবং ১৯৬০।৬১ সালে তার সংখ্যা আরও বেড়েছে—অর্থাৎ ছেলেপেলেদের খাটিয়ে পয়সা রোজগারের ব্যবস্থা হচ্ছে বা ম্যাক্সিমাম প্রফিটের ব্যবস্থা হচ্ছে। তবে এই যে চাইল্ড লেবারের সংখ্যা বাড়ছে তাতে তাদের লেখাপড়ার বন্দোবস্ত কোথায়? কিন্তু স্যার, যদি কোন সমাজতন্ত্র দেশে আপনি যান তাহলে দেখবেন যে সেখানে চাইল্ড লেবার উঠে গেছে। তারপর রেগুলার ওয়ার্কার ছাড়া যদি ক্যাজুয়াল ওয়ার্কার দেখি তাহলে দেখব যেখানে ১৯৫০।৫১ সালে তারা নাইন্টি ডেজ্ কাজ করত সেখানে ১৯৫৬।৫৭ সালে ৮০ দিন কাজ করেছে। অর্থাৎ কাজের দিন কমে যাচ্ছে। শুধু তাই নয়, এর সঙ্গে সঙ্গে তাদের ওয়েজও কমে যাচ্ছে এবং যেমন দেখছি ১৯৫০/৫১ সালে ১৩ নয়া পয়সা এবং ১৯৫৬/৫৭ সালে ১৬ নয়া পয়সা ওয়েজ কমে গেছে। তারপর এসব ছেড়ে দিয়ে যদি মেয়ে ক্যাজুয়াল লেবারদের অবস্থা দেখি তাহলে দেখব যে তাদের সংখ্যাও কমে গেছে। কাজেই এই যদি এঁদের লেবার পলিসি হয় বা এই যদি সমাজতান্ত্রিক ধাঁচ হয় তাহলে বুঝতে পারছি না যে কিভাবে চলবে। তারপর লেবার দপ্তর থেকে বলা হয়েছে যে ইলেকট্রিক সাপ্লাই লেবারকে বাঁচিয়ে রেখেছে। কিন্তু স্যার, একটা কথা হোল যে, ষ্ট্যাণ্ডিং অর্ডার ভায়োলেট করবার জন্য ইলেকট্রিক সাপ্লাই-এর কয়েকটি কর্মচারীর সঙ্গে কোম্পানীর ঝগড়া হয় এবং তার ফলে তাঁদের অ্যারেষ্ট করা হয়। অবশ্য পরে মুখ্যমন্ত্রী তাঁদের ছাড়িয়ে নেন এবং একথা আমি এর আগেও বলেছি যে শ্রমমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী বলেছিলেন যে এটাকে ট্রাইবুনালে দিয়ে দেব। তবে দুঃখের বিষয় যে, আজ পর্য্যন্ত তা দেওয়া হয়নি এবং বে-আইনীভাবে ছাঁটাই করা হয়েছে।

[5—5-20 p. m.]

তারপর কল্যাণীতে ষ্টেট অব ইনডাষ্ট্রিজ হয়েছে। সেখানে সেন পণ্ডিত এনটারপ্রাইস্ লিঃ বলে একটা কোম্পানী হয়েছে। সেই কোম্পানী থেকে কথা ছিল ওয়ারকারদের কোয়াটার্স দিতে

হবে। সরকার থেকে তাদের কোয়ার্টার তৈরী করে দিতে পারা যায়নি বলে মুখ্যমন্ত্রী তাদের কোয়ার্টার দিয়েছেন। সেই কোয়ার্টারের ১৩ টাকা করে ভাড়া নিচ্ছে। আবার এই ২॥ বছর ধরে এই ওয়ারকারদের কাছ থেকে ২০ টাকা করে ভাড়া নিচ্ছে। আমি মুখ্যমন্ত্রীর গোচরে এটা এনেছিলান কিন্তু কিছু হয়নি। তারপর দেখা করেছিলাম, কোন উত্তর পাইনি, ৩ সপ্তাহ হয়ে গেছে—গরীব শ্রমিকদের ৬০ হাজার টাকা পকেট কাটা হয়েছে। এদিকে শুনছি ইমপার্সিয়াল লেবার দপ্তর ব্ল্যাক উড বলে একটা জায়গা আছে সেখানে আই. এন. টি. ইউ. সি.' র ইউনিয়ন আছে এবং কোন এফিলিয়েসান নেই এই রকম একটা ইউনিয়ন আছে, সেই দুইটি ইউনিয়ন থেকে যে চারটার অব ডিমাণ্ডস প্লেস করা হয়েছিল সেই চারটার অব ডিমাণ্ডস-এর ব্যাপারে আই. এন. টি. ইউ. সি. ইউনিয়নকে ডেকে কাজকর্ম্ম আরম্ভ করা হল কিন্তু ওদের পার্টিকে নিলেন না। এটা সাব-জুডিস আছে, এটা নিয়ে কোর্ট কেস চলছে সেজন্য কিছু বলতে চাই না। ব্ল্যাক উডের দুটো ইউনিয়ন থেকে বোনাসের ব্যাপার নিয়ে যে কথা উঠেছিল তা এদের কিছু দেওয়া হল না কিন্তু আই. এন. টি. ইউ. সি - কে ট্রাইবুনালে বোনাসটা দেওয়া হয়েছে। লেবার দপ্তর ইমপার্সিয়াল—যারা সত্যসত্যই কাজ করে এবং যারা দালালি করে তাদের মধ্যে তফাৎ এই লেবার দপ্তর করে না।

তারপর আমি বলতে চাই এ্যাডমিনিষ্ট্রেশান কি সুন্দর চলছে। পাবলিক সার্ভিস কমিশান কেন রেখেছেন জানি না, ওটাকে তো তুলে দিলেই হয়। তারপর ডিরেকটর অব হেল্থ তাঁর সুপারএ্যানুয়েশান ব্যাপারে বলেছিলেন ১ বছর দেবেন, এখন বলছেন, না, ওঁর মত লোক না হলে চলতে পারে না। ছোট্ট একটা কথা বলি—তাঁকে ধরে একটা কেস এন. আর. সরকার হাসপাতালে ভর্তি করেছিলাম—একটা অর্থোপেডিক কেস। আমাদের হাসপাতালে নাকি সময় নেই—হাসপাতালে অন্ততঃ ভর্তি হবার সময় লোক পায় না। টাকা না দিয়ে ভর্তি হবে বলে আমার কাছে এসেছিল, তাঁকে ধরে সেই কেসটা ভর্তি করে দিলাম। এই কেসটা ৩ মাস পড়ে থাকল, অপারেশান হল না যেহেতু টাকা না দিয়ে উপর থেকে ঢুকে পড়ল বলে। এইভাবে যদি ডিপার্টমেন্ট চলে, এ্যাডমিনিষ্ট্রেশান চলে তাহলে কি করে কি হতে পারে তা আমি বুঝতে পারি না। আর একটা কথা বলব যে একই অপরাধে নানারকম বিচার হয়, একই গুণে নানা রকম জিনিষ হয়। পোষ্ট-গ্রাজুয়েট ইনষ্টিটিউট অব রিসার্চ ইন মেডিসিন বলে যে স্কীম হয়েছে কিছুকাল আগে সেই স্কীমে বাঙ্গুর হাসপাতাল, প্রেসিডেন্সি জেনারাল হাসপাতাল, এন. আর. সরকার হাসপাতালকে দেওয়া হয়েছিল। সেখানে প্রফেসার, ডিরেক্টর ইত্যাদি রয়েছে, কিন্তু আমাদের এখানে ২৪ পরগনার শম্ভুনাথ পণ্ডিত হাসপাতাল যেটা কলকাতার ভেতর তাদেরও নেওয়ার কথা হচ্ছিল। আমরা ২॥ বছর ধরে চিঠি লিখেছি যে আমাদের অন্ততঃপক্ষে বলা হোক যে আমরা বাড়াচ্ছি যাতে করে স্কীমের ভেতর থাকি। একথা বলা হচ্ছে না কেন? স্কীমের ভেতর থাকলে বাড়ান যদি কিছু হয় তাহলে টাকা কিছু দেওয়া হচ্ছে না কেন? এই যদি অবস্থা হয় তাহলে এ্যাডমিনিষ্ট্রেশানকে কি করে প্রশংসা করতে হবে তা বুঝতে পারছি না।

[5-20—5-30 p. m.]

Shri Bhupal Chandra Panda :

মাননীয় স্পীকার মহোদয়, বাজেট বরাদ্দ ব্যাপারে বিভিন্ন সময়ে বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে। আমি প্রধানতঃ ভূমিব্যবস্থা সম্পর্কে আলোচনা করতে চাই। স্পীকার, স্যার, আপনি জানেন বাংলাদেশের অর্থনীতিক্ষেত্রে যে মূল সংকট সেই সংকট জড়িয়ে রয়েছে আমাদের ভূমিব্যবস্থার সংগে। দেশ স্বাধীন হবার পর আমাদের সবচেয়ে বড় আশা ছিল দেশের সাধারণ মানুষ যে পশ্চাৎপদ হয়ে রয়েছে সাম্রাজ্যবাদী শাসনের জন্য তারা নিশ্চয়ই এগিয়ে যাবে এবং তার সংগে সংগে দেশও এগিয়ে যাবে কিন্তু এত বছর কংগ্রেসী শাসনে দেশের সেই যে মূল আশা, সেই মূল আশা বাস্তবে আজ দেশের জনসাধারণের মনকে হতাশাচ্ছন্ন করেছে, কারণ কংগ্রেস সরকারের যে

ভূমিব্যবস্থা সেই ভূমিব্যবস্থা কার্য্যতঃ দেশের সাধারণ মানুষকে এগিয়ে যাওয়ার রাস্তা খুলে দেয়নি। প্রধানতঃ যে সামন্তবাদী ব্যবস্থা আমাদের দেশের ভূমিতে রয়েছে সেই সামন্তবাদী ব্যবস্থার পরিবর্ত্তন অত্যাবশ্যক। একথা শাসক পার্টি স্বীকার করলেও কাজের ক্ষেত্রে যে দুটো আইন প্রযুক্ত হয়েছে সেই দুটো আইনের মধ্যে এমন ফাঁক তাঁরা রেখে দিয়েছেন যে ফাঁকের মধ্য দিয়ে আমাদের ভূমি সংস্কার আইন বা জমিদারী দখল আইন কার্য্যতঃ বানচাল হয়ে যাচ্ছে। আজকে বাংলা দেশের পরিকল্পনাকে রূপায়িত করার জন্য যে সম্পদ, বাংলাদেশের খাদ্যসংকট সমাধানের যে মূল ব্যবস্থা সেই ব্যবস্থাকে কার্য্যে রূপ দিতে গেলে ভূমিসংস্কারের যে প্রয়োজনীয়তা সেটাকে এখনও তাঁরা জোরের সংগে সমগ্র গ্রহণ করেননি, অধিকন্তু কার্য্যতঃ আইনে যে সমস্ত সুযোগ সুবিধা কৃষক সাধারণের জন্য স্বীকৃত হয়েছে তাকে কার্য্যকরী করতে তাঁরা নারাজ—তার প্রমাণ আমি দেব। কিন্তু স্পীকার, স্যার, এই যে দলীল আপনার সামনে আমি দেখাচ্ছি এই দলীলের মূলে যে সমস্ত বড় বড় জমির মালিক যাদের জমি বাড়তি বলে ৫ ক) ধারার বিচারে হয়েছে সেই জমিতে এখনও পর্য্যন্ত চাষীদের চাষের ব্যবস্থা থাকা সত্ত্বেও সরকারের পুলিশ সেই ৫ ক) ধারানুযায়ী আইনানুযায়ী যেখানে সরকারের অংশ সেটা মালিকেরা অংশ সেই মালিকের অংশ সরকারে জমা দেবার পক্ষে বিরাট অন্তরায় সৃষ্টি করেছে। আমি আপনাকে একটা দুটো করে পরপর ঘটনা বলতে চাই। যেমন ধরুন আমাদের নন্দগ্রামবাসীর মালিক যতীন্দ্রনাথ গাতী তার সেই যে বাড়তি জমি যা সরকারে ভেষ্ট হয়ে গেল ৫(ক) বিচারে সেই জমিতে চাষী যখন ধান নিজে কেটে নিতে যাচ্ছে সেই অবস্থায় ঐ জমিকে কেমন করে রাখলো পাকল বালা পালের নামে—বেনামে কেস করে, কেস নাকোচ হয়ে যায়, জমি ভেষ্ট হয় এবং চাষীদের সেই ধান কেটে নিয়ে যাওয়ার পূর্বে বেনামদার সেই ধান কেটে নেয় পরবর্ত্তী বছরে আবার যখন চাষী সেই জমির ধান নিজ খামারে তোলে তখন পুলিশের সহায়তায় আবার সেই বেনামদার চাষীর বাড়ী থেকে ধান বয়ে নিয়ে চলে গেল এবং চাষীদের সকলকে গ্রেপ্তার করলো।

এবং এইভাবে পুলিশ জুলুম যখন শুরু হলো, তখন তারই সুযোগ নিয়ে ঐ বোয়াল গ্রামের বড় মালিক অনিল পাণ্ডা চাষী সুরেন ভূঁইয়া, কালাচাঁদ ভূঁইয়া, অধর ঘোড়াই ও পুলিন বেরা এই পাঁচজন চাষীর ৫।৭ বিঘা জমির ধান লাঠিয়াল সহ নিজের খামারে তুলে নিলেন জোর করে পুলিশের সামনে। চাষী সুরেন ভূঁইয়া তাতে বাধা দিতে গেলে তারা তাকে গাছের সঙ্গে বেঁধে রেখে বেদম প্রহার করতে লাগলো। এ সম্বন্ধে পুলিশকে বললে তাঁরা বললেন, তোমরা থানায় গিয়ে ডায়েরী কর, এখানে আমাদের কোন করণীয় নাই।

এই সুযোগে মহিষাদল রাজ ষ্টেটের প্রজা, ২১ বছরের সাক্কা চাষী, সে ধানের বদলে টাকা দেবে বলে খাজনা ঠিক করলো, সেই জমি এখন কোর্টের সামনে বিচার সাপেক্ষ রয়েছে। সেই জমি বেআইনী হস্তান্তর করে দেওয়া হলো শশাঙ্কগিরির নামে। সে যখন ভাগচাষ কোর্টে কেস্ করলো, তা সত্ত্বেও পুলিস উভয় পক্ষে ১৪৪ ধারা জারী করলো, চাষীদের কেসে শো-কজ-এর নোটিস না দিয়ে রিসিভার নিয়োগ হলো এবং সঙ্গে সঙ্গে পুলিস দলবলে এসে রিসিভারকে দিয়ে চাষীদের কাটা ধান সমস্ত তুলে নিয়ে গেল। এই ভাবে নেবার মতলব হলো এই ধান নেওয়া পুলিস তাদের সঙ্গে যোগসাজসের ভেতর দিয়ে চাষীদের বেশীর ভাগ ধান লুট করা হ'ল। এই উৎপন্ন ধানের ½ অংশ ধানও সরকারের জন্য জমা পড়েনি।

তারপর মালিক সুশীল রঞ্জন দে ১৪৪ ধারা জারী করে ধান কাটতে যায়। তখন বর্গাদার তরুণ বুর্দ্দর স্ত্রী তাতে বাধা দিতে গেলে তাকে মারপিট করা হয় এবং ধান তুলে নিয়ে যাওয়া হয়। এখানে পুলিস মালিককে সহায়তা করলো, কিন্তু চাষী পুলিসের সহায়তা পেল না। এই রকম অত্যাচার যারা পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে চালাবার জন্য বাড়তি জমিতে যাতে চাষী নিজ অধিকার প্রতিষ্ঠা না করতে পারে, সেই কারণে কৃষক কর্মীদের দলে দলে ধরে জেলে পোরা

হয়েছে। ১০৭ ও ১১৭ ধারার জোরে পুলিস ধরে নিয়ে গিয়ে বে-আইনী ভাবে জেলের মধ্যে সমস্ত লোককে আটকে রাখবার চেষ্টা করছে।

তারপর নন্দীগ্রাম থানার এক নম্বর ইউনিয়নে মাজনাবেড়্যার জোতদার ভুবন জানার ভেষ্টেড জমিতে চেক্ পাওয়া সত্ত্বেও পুলিস চাষীর খামার থেকে ধান মালিককে লুট করে নিতে সাহায্য করে। জোতদার প্রসন্নকুমার দাস এবং চাষী ভূষণচন্দ্র আদক ১৩৬৬ সালে চেক্ পেয়েছে উট্‌রন্দীচেক্, তা সত্ত্বেও পুলিস এসে দাঁড়িয়ে থেকে চাষীর কাটা ধান মালিককে তুলে নিয়ে যেতে সাহায্য করলো। লক্ষ্মী ঘোড়াই বহু জমি ভেষ্টেড হয়েছে। চাষীরা মালিকের খামারে গত কয়েক বছর ধান তুলতে অস্বীকার করলো এবং সেই ধান বোর্ডের নির্দিষ্ট খামারে তোলে এবং সরকারের মালিকানা অংশ জমা দেয়। এ বছরও চাষীরা ঐ পথে চলবে ভেবে আগেই যতীন মণ্ডল প্রমুখ কয়েকজন ইউঃ সদস্য ১০৭ ও ১১৭ ধারায় ১১ জন চাষী ও কৃষক কর্মীকে গ্রেপ্তার করে রাখলেন।

ঐ এক থানার ১৫ নম্বর ইউনিয়নের জোতদার মহেন্দ্র দাস ও মুরারী দাস প্রমুখ মালিকেরা ৫ (ক) ধারায় বিচারাধীন সেই সমস্ত জমির কাটা ধান চাষীরা মালিকের খামারে তুলতে অস্বীকার করলে, ১০৭ ও ১১৭ ধারায় তাদের পুলিস দিয়ে গ্রেপ্তার করালো। বিবেক মাঝি প্রমুখ ১৭।১৮ জন কৃষক কর্মীর গ্রেপ্তারী পরোয়ানা জারী করে জেলে আটক করলো।

মহিষাদল থানার কলাগাইছা মৌজার খুলীতে চাষীদের যে জমি ভেষ্ট হয়ে গেছে, সেই ভেষ্ট জমির উপর জোতদার গুলি চালিয়ে চাষীকে হত্যা করলো। কিন্তু পুলিস সেই হত্যাকারী জোতদারকে গ্রেপ্তার করতে পারল না। ওদিকে পাল্টা কেস আবার চাষীদের নামে দায়ের করা হলো। এইভাবে গ্রামাঞ্চলে পুলিসী জুলুম চলছে। এই পুলিস ভূমিসংস্কার আইনের পক্ষে না গিয়ে ভূমিসংস্কারকে বানচাল করে দিচ্ছে। এর অবিলম্বে প্রতিকার হওয়া বাঞ্ছনীয়।

[5-30—5-40 p.m.]

Dr. Beni Chandra Dutt :

মাননীয় স্পীকার মহোদয়, গত কয়েকদিন ধরে বহু আলোচনার পর বাজেট গ্রহণ করা হয়েছে, এবং এই বাজেটের টাকা ব্যয় করবার জন্য আজকে যে অ্যাপ্রোপ্রিয়েসন্ বিল এখানে উত্থাপিত করা হয়েছে, তা আমি সমর্থন করতে উঠে, এই বাজেটের সমালোচনা কিভাবে এবং কোন পথে হয়েছে সে সম্বন্ধে দু-একটা কথা আপনার সামনে রাখবো। বিরোধী পক্ষের তরফ থেকে, এই আলোচনার ভিতর দিয়ে বিশেষ কোন গঠনমূলক পরিকল্পনা বা সমালোচনা দেখলাম না। এমন কোন একটা বেশ ভাল বাগ্মিতাও শুনলাম না। দেখলাম সেই মামুলী অভিযোগ, যা কয়েক বৎসর ধরে এখানে শুনে আসছি—দুর্নীতি সম্বন্ধে। এবং এই দুর্নীতি সম্বন্ধে বলতে বলতে, দেখলাম যে বিরোধীদলের মধ্যে যেন একটা প্রতিযোগিতা লেগে গিয়েছে যে, কে কত লোকের বিরুদ্ধে এই রকম সব দুর্নীতির কথা বলতে পারে। দৃষ্টান্তস্বরূপ আপনি দেখুন—পুলিস বাজেট যেদিন আলোচনা হয়, সেদিন আমি প্রথম দিকটায় হাউসে ছিলাম না ; কিন্তু, পরের দিন সংবাদপত্রে দেখলাম যে

"Mr. Apurbu Lal Majumdar fired the first shot at the Treasury Benches. Citing a specific instance he accused the Home Minister of hobnobbing with criminals. He alleged that the Minister had been entertained with

rasogollas at a shop in Howrah by two men who later had been sentenced to life imprisonment for murdering a policeman."

এটা যখন আমি পড়ি, তখন আমার নিজের চোখকে বিশ্বাস করতে পারিনি। শেষে মনে হ'ল এটা কি তারা ভুল করে লিখেছে? অভিযোগের রূপটা একটু দেখুন, দুটি কনষ্টেবল্‌, খুনী আসামী, মন্ত্রীকে নিয়ে আপ্যায়িত করছেন রসগোল্লা খাইয়ে। এই দৃশ্যটা খুবই অদ্ভুত, আমি বলবো ইট ইজ এ সাইট ফর দি গড্‌স্‌ টু সি। এই রকম অভিযোগ তিনি অম্লান বদনে করতে পারলেন। আমি আরও আশ্চর্য হলাম এই রকম একটা অভিযোগ সংবাদপত্রে ছাপান হল। (মিঃ স্পীকার—এতে সংবাদপত্রের দোষ কি করে আসে?) আমি সেদিন হাউসে উপস্থিত ছিলাম না, সংবাদপত্রে যা দেখলাম সেইটা বলছি। একটা বিশেষ ঘটনাকে উপলক্ষ করে তিনি এই সমস্ত কথা বলেছিলেন। ঘটনাটি এইরকম হয়েছিল। হাওড়ায় বালি সঙ্ঘ বলে একটি প্রতিষ্ঠান, তারা গত কালীপূজা উপলক্ষে একটা সভা করেছিল, যাকে উদ্বোধনী সভা বলে, তাতে কিছু সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা করা হয়েছিল এবং সেখানে সংঘের বিশিষ্ট নাগরিকদের তাঁরা আমন্ত্রণ করেছিলেন এবং কালীবাবুকে প্রধান অতিথি হিসাবে নিয়ে গিয়েছিলেন। এই রকম ধরণের সব সভায় যেমন হয়ে থাকে, বিশেষ বিশেষ অতিথিদের চা-পানের ব্যবস্থা হয়। কিন্তু আমি জানি কালীবাবু তাঁর নিজের বক্তৃতা দিয়ে চলে গেলেন। তিনি বললেন—তাঁকে অন্যত্র আর একটা মিটিং এ যেতে হবে। তিনি রসগোল্লার স্বাদও খাননি। আর এই যে ক্রিমিন্যালস্‌ এর কথা বলা হয়েছে, তাদের হচ্ছে ঐ পল্লীতেই বাড়ী; ক্রিমিন্যালস্‌ সমাজের কোন লোক সেখানের সভ্য নন এবং সেখানে সেই ধরণের কোন লোক উপস্থিতও ছিলেন না। অথচ তিনি এই রকম একটা অভিযোগ করলেন। তাঁর সেই অভিযোগের সূত্রটা কি, আমি পরে অনুসন্ধান করে জানলাম। ঐখানে আগামী যে মিউনিসিপ্যাল ইলেক্‌শন হচ্ছে, তাতে তাঁদের দলের একজন প্রতিদ্বন্দ্বী আছেন; তিনি সেদিন সভাতে অমুকবাবুর কাছে এসে বলেন যে এই ঘটনাকে উপলক্ষ করে আপনি যদি কিছু বলতে পারেন, তাহলে আমার ইলেক্‌শনে সুবিধা হবে। এই সূত্রে তিনি এরকম অভিযোগ করলেন। একজন প্রাচীন বাসিন্দা সম্পর্কে এই রকম একটা মিথ্যা অভিযোগ করতে তিনি একটুও সংকোচ বোধ করলেন না।

এই বাজেটের একটা জিনিষ ভাল দেখছি—সেটা হল এই বাজেটকে ডেভেলপমেন্ট বাজেট বলতে পারি। আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনায় উন্নয়নের জন্য যে সমস্ত বিভিন্ন খাতে বড় ব্যয় আমরা বরাদ্দ করেছিলাম—আমাদের দৈনন্দিন জীবনযাত্রার যে সমস্ত বিভাগ রয়েছে সেখানে প্রতিটি ক্ষেত্রে আমাদের ব্যয় বেড়ে চলেছে, কিন্তু একটা জায়গায় আমি দেখতে পাচ্ছি ব্যয় কিছুই বাড়েনি বা সামান্য বেড়েছে, সেটা আপনিও বলেছেন। সেটা হচ্ছে ফিজিক্যাল এডুকেশান্‌ ডিপার্টমেন্ট। আমরা দেখছি এই খাতে ১৯৫৯-৬০ সালে ধরা হয়েছিল ১ লক্ষ ২৬ হাজার ২০০ শত, ১৯৬০-৬১ সালে ১,৩১,৬০০। ডেভেলপমেন্ট স্কিম থেকে যে টাকা আমরা পাচ্ছি সেটা হচ্ছে ৯ লক্ষ ৩০ হাজার টাকা। আজকে দেশের ফিজিক্যাল এডুকেশান এর জন্য যে টাকা দরকার তার তুলনায় আমি বলবো এটা কিছুই নয়।

আজকে এই যে বেকার সমস্যার কথা বলে বেড়াই—চারিদিকে বিশেষতঃ পশ্চিমবাংলার ক্ষেত্রে আমরা দেখি কি, বেকার যারা তারা সকলেই শিক্ষিত, উচ্চশিক্ষিত—বি.এ., এম.এ. পাশ করা ছেলে নয়। অশিক্ষিত, অর্ধশিক্ষিতও আছে। কেন আজ কলকারখানায় ইণ্ডাষ্ট্রি-এর মধ্যে ৩০।৩৫ ভাগ বাঙ্গালী এবং বাকী সমস্তই অবাঙ্গালী? শুধু আমি বলবো এটা দৈহিক অক্ষমতার জন্য। একসময় ছিল যখন এই সমস্ত কাজে বাঙ্গালী ছেলেরা এগুতো না কিন্তু এখন এই সমস্ত কাজের ভিতর যাবার বেশ আগ্রহ হয়েছে কিন্তু দৈহিক শক্তি না থাকায় সেখানে তারা দাঁড়াতে পারছে না। আজকে দেশের ছেলেরা যদি সবাই সুঠাম দেহ গঠন করতে পারে তাহলে বেকার সমস্যার সমাধান হয়। আরও একটা এর ভিতর গভীর কথা রয়েছে। আজকে দেশের যে

পরিস্থিতি, পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা যা দেখছি তাতে দেশে শান্তি রাখবার জন্য একটা সহ অবস্থান নীতি আমরা গ্রহণ করেছি যার জন্য আমাদের দেশের সৈন্যশক্তি সামান্য মাত্র বেড়ে আমরা এগিয়ে চলেছি। কিন্তু কোন সুষ্ঠু নীতিই চিরদিন একইভাবে চলতে পারে না। এবং এই নীতি, সুষ্ঠু নীতির সুযোগ নিয়ে আমরা দেখতে পাচ্ছি আমাদের প্রতিবেশী আমাদের উপর লোলুপ দৃষ্টি ফেলছে। আজকে যদি আমাদের শক্তি যথেষ্ট থাকত আমি মনে করি হয়ত তারা এরকম সাহস করত না। আজকে পৃথিবীতে বিবদমান জাতি যারা রয়েছে, তারা কিন্তু বিশেষ তৈরী হয়েছে। আজকে আমাদের যদি তেমন ক্ষাত্রশক্তি থাকত তাহলে আমাদের দেশের উপর হানা হত না। একথা বলি যে আজকে সকল দিক থেকে আমাদের ফিজিক্যাল এডুকেশান্ এর জন্য এগিয়ে যাওয়া উচিত। আমি মনে করি ওয়ার ফুটিং অবস্থার মত একটা পোর্টফলিও গঠন করে ফিজিক্যাল এডুকেশান্ এর জন্য আরও টাকা দেওয়া উচিত।

Shri Panchugopal Bhaduri :

মিঃ স্পীকার, স্যার, আমি আপনার কাছে মন্ত্রীমহাশয়দের দায়িত্বজ্ঞান সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, ১লা মার্চ যেদিন কেন্দ্রীয় বাজেট প্রকাশিত হল আপনি নিশ্চয়ই জানেন তারপর দিনই কলকাতায় নিত্যপ্রয়োজনীয় জিনিষপত্রের দাম বেড়ে গেল, অনেক জিনিষ বাজার থেকে উধাও হয়ে গেল। ঠিক সেই সময় আপনি হয়ত মনে করতে পারেন যে পুলিশ মন্ত্রীর এন্‌ফোর্সমেন্ট ডিপার্টমেন্ট এবং সিভিল সাপ্লাই মন্ত্রী তাঁর ডিপার্টমেন্ট নিয়ে দেশের সুখসুবিধার জন্য তদ্বির করে দোকানে দোকানে ঘুরে বেড়াচ্ছিলেন এবং অপরাধীদের ধরবার চেষ্টা করছিলেন।

[5-40—5-50 p.m.]

এটা সত্যি শোচনীয় ব্যাপার যখন আমরা দেখি যে, কলিকাতার অধিবাসীরা যে সময় ত্রাহি ত্রাহি রব করছে ঠিক সেই সময় মন্ত্রীরা তাঁদের দায়িত্ব পালনের পরিবর্তে নগরকীর্ত্তনে বেরিয়েছেন। এই বাজেট অধিবেশনে শুধু বিরোধীপক্ষ থেকেই নয়, কংগ্রেসপক্ষ থেকেও অনেক বিরোধী বক্তব্য করা হয়েছে। এখানে আদিবাসী ও তপশীলী সম্প্রদায়ের প্রতিনিধিরা অনেক ভালো ভালো কথা বলেছেন, অন্য পক্ষে মন্ত্রীদের পক্ষ থেকে সম্পূর্ণ পৃথক দৃষ্টিভঙ্গী থেকে অন্য কথা বলা হয়েছে। প্রথমেই আমাদের অর্থমন্ত্রী বল্লেন শ্রমিকদের মজুরী বৃদ্ধি হয়েছে, মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ করা হয়েছে। কিন্তু বাস্তবে এর উল্টোটাই আমরা দেখতে পাই—১৯৫০ সালে শ্রমিকদের যেটুক মজুরী বেড়েছিল তা মূল্যবৃদ্ধি থেকে ১৯৬০-৬১ সালে সম্পূর্ণ বরবাদ হয়ে গিয়েছে। সম্প্রতি আমাদের এখানে সেনসাস হল। আজকে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় প্রাথমিক শিক্ষা ও লিবারটি সম্পর্কে যে ব্যাখ্যা দিলেন তা একেবারে আজগুবি মনে হয়। পুলিশমন্ত্রী সমাজের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতির প্রবেশ হয়েছে এই দোহাই দিয়ে তাঁর ডিপার্টমেন্ট-এর কার্যকলাপের সাফাই গেয়ে গেলেন। বাস্তবক্ষেত্রে সমাজের উপরতলার দুর্নীতির জন্যই দেশে আজ দুর্নীতি এত ব্যাপক আকার ধারণ করেছে। আজ আমাদের দেশের অগণিত জনসমষ্টি দুটো ভাগে বিভক্ত—একদিকে শোষিত জনসাধারণ, অপর দিকে শোষক শ্রেণী। আমি একথা বলতে পারি যে, নানারকম জাতীয় পরিকল্পনা হাতে নেওয়া হলেও জনসাধারণের স্বার্থ পরিপূর্ণ রক্ষিত হচ্ছে না, আজ জনসাধারণের অর্থনৈতিক বিকাশের পথ পরিষ্কার নয়। আজ আমাদের রাষ্ট্রসেক্টরকে প্রাধান্য দেবার একটা ক্ষীণ চেষ্টা হচ্ছে, এটা সমর্থনযোগ্য। অপরদিকে বিদেশী স্বার্থের খাতিরে রাষ্ট্রসেক্টরকে ক্ষুণ্ণ করা হচ্ছে। আজকে আমাদের রাষ্ট্রসেক্টরে যে গণতান্ত্রিক সচেতনতা আছে, প্রাইভেট করপোরেশান্ ইত্যাদির হাতে তুলে দিয়ে সেটা নষ্ট করতে যাচ্ছেন—সারের কারখানা, এলুমিনিয়ম কারখানা দেশী এবং বিদেশী পুঁজিপতিদের হাতে তুলে দিচ্ছেন। এর আমি তীব্র প্রতিবাদ করি। এতে আমাদের বৃহত্তর স্বার্থ ক্ষুণ্ণ করা হচ্ছে। আমি লক্ষ্য করেছি, আমাদের অর্থমন্ত্রী একটা

মার্কিনী পদ গাইতে সুরু করেছেন উইন্নার ওয়ার্কিং উইদিন দি ফ্রেমওয়ার্ক অফ ফ্রীডম অ্যাণ্ড ডিমোক্রেসী—মার্কিন ধনকুবের রাষ্ট্রনায়করা আজ এটাকে বাঁধাবুলি হিসাবে ব্যবহার করছেন। একদিকে এই ডিমোক্রেটিক বুলি চলছে, তারই মধ্যে একসঙ্গে আবার নিগ্রোদের লীনচিং চলছে। আমাদের সংবিধানের ৪৩ নং ধারা যদি দেখেন তাহলে লক্ষ্য করবেন সেখানে মানুষের জীবিকা সম্পর্কে একটা হিউম্যান অ্যাটিটিউড নেওয়া হয়েছে, কিন্তু তাকে বারে বারে খণ্ডন করা হচ্ছে জঙ্গলসুলভ মাৎস্যন্যায় নীতির দ্বারা। সম্প্রতি যে কৃষিমেলা কলকাতায় হয়ে গেল সেখানে মুখ্যমন্ত্রী হাজির হয়েছিলেন, এবং আমাদের উপরাষ্ট্রপতি ডাঃ রাধাকৃষ্ণন সেখানে গিয়ে বল্লেন, ফ্রীডম ফ্রম্ হাঙ্গার ইজ দি ফার্ষ্ট ফ্রীডম। আমাদের দেশে বহু হাজার বৎসর আগে উপনিষদের ঋষিরা বলেছিলেন অন্নই ব্রহ্ম। আমাদের মুখ্যমন্ত্রী ব্রহ্মবাদী হয়েও মার্কিন মালিকদের অনুগ্রহলাভের জন্য ব্রহ্মদৈত্য হয়ে বসেছেন। আমাদের পশ্চিমবাংলায় ১২ লক্ষ বেকার যুবক আছে, তাদের যদি কলকারখানায় এমপ্লয় করা হত তাহলে কমপক্ষে ৩ হাজার টাকার জাতীয় সম্পদ সৃষ্টি করতে পারত।

Shri Phakir Chandra Roy :

মাননীয় স্পীকার মহাশয়, প্রথম পরিকল্পনা গেল, দ্বিতীয় পরিকল্পনা গেল, এবারে তৃতীয় পরিকল্পনা এসেছে। ডাঃ রায় বলেছেন এই পরিকল্পনায় মহকুমা এবং জেলা পরিকল্পনাকে প্রাধান্য দেওয়া হয়েছে—আমি একথার বিরোধিতা করি। আমার বক্তব্য হচ্ছে, এই পরিকল্পনায় ইউনিয়ন বা মহকুমা সমূহের সমস্যাগুলি কোনরূপ স্থান পায়নি। ব্লক ডেভালপমেন্ট অফিসার, সার্কল অফিসাররা, অঞ্চল পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টের কাছ থেকে সাজেশান নেন, সেই সাজেশান ডিষ্ট্রিক্ট ডেভালপমেন্ট কাউন্সিলএর কাছে পাঠান হয় তারপর এগুলি উপরের স্তরে যায়। কিন্তু এর মধ্যে গ্রাম্য অঞ্চল বা ইউনিয়নের কোন সম্যক ছবি থাকে না। এই রকম যদি প্লানিং হয়, তাহলে সেটাকে ঠিক ওয়ারকিং প্লান বলে বলা যেতে পারে না। যদি সঠিক প্লান করতে হয় তাহলে তাদের সঠিক সাম অফ পার্সপেক্টিভ কে প্রায়োরিটি দিতে হবে, তারজন্য ডেটার ভিত্তি করে কাজ করতে হবে। কিন্তু দুঃখের বিষয় সেই রকম কোন ডেটা কলেক্ট করা হয়নি। শুধু তাই নয়, কারেক্ট ডেটা সংগ্রহ করতে হবে। সেজন্য আমি অনুরোধ করব, যেসব ডিষ্ট্রিক্ট ডেভালপমেন্ট কাউন্সিল রয়েছে, সাবডিভিসনাল কাউন্সিল রয়েছে, যেসব ইউনিয়নবোর্ড বা অঞ্চল পঞ্চায়েৎ রয়েছে, সেগুলিকে প্লানিং অরগানাইজেশান হিসাবে রূপান্তরিত করা হোক এবং সেই ভাবে ক্ষমতা ও অর্থ বরাদ্দ করা হোক। যদি গ্রামাঞ্চল থেকে জেলা পর্য্যন্ত এই অরগানাইজেশান গুলি একসূত্রে ফাংশান করে তাহলেই সত্যিকারের প্লানিং হবে, নচেৎ সত্যিকারের প্লানিং হবে না, গলদ থেকে যাবে, প্লানিং-এর উদ্দেশ্য ব্যর্থ হবে।

আজকে দেশের যারা বিরাট জনসমষ্টি তাদের আয় বাড়েনি, ধনিকসম্প্রদায়ের ধনভাণ্ডার ক্রমেই স্ফীত হচ্ছে। কলকারখানার শ্রমিকদের উপার্জন ভাল হচ্ছে। গরীব মধ্যবিত্ত ও কৃষক এবং গ্রামের শ্রমজীবী তারা মারা যাচ্ছে। গ্রামীণ শ্রমজীবীদের শুধু আয়ই নেই, কর্মও নাই। আমি সাধারণ ভাবে এখানে অনুরোধ জানাবো মুখ্যমন্ত্রীকে, যারা গ্রামীণ সমাজের শ্রমজীবী তারা যাতে কাজ পায় সেই ব্যবস্থা যেন করা হয়।

[5-50—6 p.m.]

Dr. Benoy Kumar Chatterjee :

মাননীয় স্পীকার মহাশয়, আমি বিশেষভাবে জন-স্বাস্থ্য সম্পর্কে কয়েকটা কথা আপনার মাধ্যমে এই হাউসের কাছে রাখতে চাই। বাজেটে যে টাকা বরাদ্দ করা হয়েছে তাতে হাসপাতালসমূহে বেড-এর সংখ্যা বাড়ানোর যে প্রয়োজনীয়তা রয়েছে তা মিটবে না। আজকে আমরা দেখছি নন্-

গভর্নমেণ্ট হসপিটালগুলি পূর্বাপেক্ষা বেশী বেড মেনটেন করার চেষ্টা করছে এবং নানাভাবে জন-স্বাস্থ্যের উন্নতিমূলক প্রচেষ্টা তাঁরা করছেন। সেজন্য আমি মনে করি আজকে নন্-গভর্নমেণ্ট হাসপাতালগুলিকে প্রচুর পরিমাণে সাহায্য দেওয়া উচিত এবং তাদের উপর একটা সুপারভিসান রাখা উচিত যাতে তারা সাহায্যপ্রাপ্ত টাকা প্রপারলি খরচ করেন। এই সঙ্গে আমি বলতে চাই, রাণাঘাটে একটা টি. বি. হসপিটাল গড়ে উঠেছিল, সম্ভব নন্-গভর্নমেণ্ট ইনষ্টিটিউশান এটা—এখন তাই উপেক্ষা, কোনমতে চালাচ্ছেন, কিন্তু সরকার থেকে সাহায্য পেলে তাঁরা আরো ভালোভাবে চালাতে পারতেন। তাই আমি বিশেষভাবে অনুরোধ জানাবো, এই নন্-গভর্নমেণ্টাল ইনষ্টিটিউশানগুলিকে প্রচুর পরিমাণে অর্থসাহায্য দেওয়া হোক।

আমার বিশেষ অনুরোধ যে, নন-গভর্নমেণ্ট ইনষ্টিটিউশানগুলোকে প্রচুর ভাবে টাকা দিন যাতে তারা ভাল ভাবে চলতে পারে। আর একটা কথা হচ্ছে যে আমাদের গ্রামের মধ্যে রুরাল হেলথ সেণ্টারগুলি করা হচ্ছে বা সাবডিভিশানাল টাউনে করা হচ্ছে তাতে সেখানে যাঁরা মেডিক্যাল প্র্যাক্টিশনার যাঁরা প্র্যাক্টিস করে খান তাঁদের ফাইন্যান্সিয়াল অবস্থা শিথিল হয়ে যাচ্ছে। আজকের দিনে এসম্বন্ধে চিন্তা করা উচিত এবং তাঁদের রিহেবিলিটেশান-এর প্রশ্ন ইন দি লং রান আসতে পারে। সেই যারা ডাক্তার সেখানে প্র্যাক্টিশ করছেন সেই ডাক্তারদের প্রপার ট্রেনিং দিয়ে কোয়ালিফায়েড করে তাদের পার্ট-টাইম ডাক্তার হিসাবে প্রোভাইড করা উচিত। তাতে তাদের ফাইন্যান্সিয়াল লস্ হবে না এবং হাসপাতালগুলিও ভালভাবে চলতে পারবে। শুধু তাই নয়, আজকের দিনে ডাক্তারদের একটা রিফ্রেসার কোর্স দেওয়া উচিত যাতে তাদের জ্ঞান বাড়বে এবং তাতে আমাদের দেশের রোগীদের উপকার হবে—এসম্বন্ধে একটু সুষ্ঠু চিন্তা করা উচিত। ইণ্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশান এই দিকে বহু চিন্তা করেছে এবং তাদের সঙ্গে যোগাযোগ রেখে কিভাবে প্ল্যান করা যায় সেটা চিন্তা করা উচিত। এবার রাণাঘাট সম্বন্ধে বলব। আমাদের রাণাঘাট থেকে কৃষ্ণনগর ভায়া বনগর পর্যন্ত যে রাস্তা ছিল সেটা ও ফাইভ ইয়ার প্ল্যানে সেটা সম্বন্ধে কিছু হচ্ছে না। একটা হাইওয়ে হবে এই রকম কথা শোনা যাচ্ছে। এসম্বন্ধে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব যাতে এই রাস্তাটি তাড়াতাড়ি হয়। বহরমপুর রাস্তাটা খুব মূল্যবান রাস্তা—এটা যাতে তাড়াতাড়ি হয় তার জন্য চেষ্টা করা উচিত। আর একটা রাস্তা ইনটার-ডিষ্ট্রিক্ট রোড সম্বন্ধে বলব। হুগলীর সঙ্গে নদীয়ার যোগাযোগ রেখে ইনটার-ডিষ্ট্রিক্ট রোড যাতে হয় সেটার দিকে নজর দিন। ফুলিয়া থেকে বলাগড়ঘাট রাস্তা যাতে হয় সেদিকে নজর দিন। আর একটা কথা বলব—রিহেবিলিটেশান ইনডাষ্ট্রিজ কো-অপারেটিভ রিফিউজি এলাকায় আছে। তাদের চাকরী দেবার জন্য যে ইণ্ডাষ্ট্রি গঠন করার জন্য চেষ্টা করছেন সেটা সম্ভব নয়। তার স্থানে একটা স্পিনিং মিল করার কথা ছিল। সেটা এখন ও সম্ভব হয়নি। প্রাইভেট সেকটারে যেন যাতে হয় তার জন্য গভর্নমেণ্টকে বিশেষ করে অনুরোধ করব।

Dr. Hirendra Kumar Chattopadhyay :

মাননীয় স্পীকার মহাশয়, আমি দেখছি আজকে শিক্ষামন্ত্রী মহাশয় এখানে নেই। কিন্তু সেদিন আমি যে কাটমোশান একটা দিয়েছিলাম সিঙ্গুরে গোলাপমোহিনী গার্লস স্কুল সম্বন্ধে সে সম্বন্ধে তিনি একটা হোয়াইট ওয়াশিং রিপোর্ট পড়ে গেলেন। আমি জানি মন্ত্রী মহাশয় অসহায় এবং তাঁর সচিব বোধহয় এটা তাঁকে পড়তে দিয়েছিলেন এবং আসল রিপোর্টটি তিনি দেননি। তিনি যা বলেছিলেন সেটা একজন ইন্‌সপেক্টর অব স্কুলের ষ্টেটমেণ্টের কপি। মিস্ ভায়োলেট রায় একটা রিপোর্ট দিয়েছিলেন ৮।১২।৫৯ সালে। এই রিপোর্টের মানে ইনভেষ্টিগেশান রিপোর্ট আমি পড়ে দিচ্ছি, তাতে আছে :

The undersigned begs to state that she called for the Headmistress and the Secretary of the School in connection with the above subject.

After careful study of the report submitted by the Secretary in writing, the undersigned is fully satisfied with the action taken by the body in respect of Bina Roy and others.

[6—6-10 p.m.]

অর্থাৎ তিনি এনকোয়ারী করেননি—যাঁরা হলেন এ্যাকিউসড সেই সেক্রেটারী এবং হেড মিসট্রেস যে রিপোর্ট দিলেন সেই রিপোর্ট নিয়ে তিনি বগল বাজিয়ে বলে এলেন যে আমাদের এনকোয়ারী হয়ে গেছে। অর্থাৎ চোর, ডাকাত যেমন হাইকোর্টে গিয়ে বলে যে আমি নিষ্পাপ, ঠিক সেই রকম তিনিও সেই রিপোর্ট পড়ে বললেন যে আমার এনকোয়ারী হয়ে গেছে। একে বলে এনকোয়ারী? এটা হচ্ছে দি ষ্টেটমেণ্ট অব দি এ্যাকিউসড। তারপর এই রিপোর্ট সাবমিট করা হোল ৮।১২।৫৯ তারিখে, কিন্তু তারপর কি হোল? তারপর ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে গেল এবং ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট অনুসন্ধান করবার জন্য বি. ডি. ও.-কে ডেকে পাঠালেন এবং বি. ডি. ও. এনকোয়ারী করলেন। তখন সেই সেক্রেটারী ম্যাজিষ্ট্রেটকে লিখলেন যে ইনসপেক্টর রিপোর্ট করে গেছে। ম্যাজিষ্ট্রেট তখন বললেন যে, এ্যাডমিনিষ্ট্রেটিভ এনকোয়ারী করতে কোন আপত্তি নেই কাজেই বি. ডি. ও.-র কাছে হাজির হও। কিন্তু আশ্চর্যের বিষয় যে, তাঁরা এলেন না—অর্থাৎ সেই সেক্রেটারী এবং হেড মিসট্রেস এলেন না। তখন বি. ডি. ও. ম্যাজিষ্ট্রেটের কাছে রিপোর্ট দিয়ে জানিয়ে দিলেন যে, ইন স্পাইট অব মাই রিকোয়েষ্ট এ্যাণ্ড মাই লেটার দি সেক্রেটারী এ্যাণ্ড দি হেড মিসট্রেস নেভার কেয়ারড টু কাম, নেভার সাবমিটেড এনি পেপার। কিন্তু তারপর কি করে সব ধামাচাপা পড়ে গেল জানতে পারলাম না এবং সেই জন্যই বলছিলাম যে রাইটার্স বিল্ডিং-এ আঙ্কেল আছে। অবশ্য পরে যখন আবার মুভমেণ্ট আরম্ভ হোল তখন শেষ বারের মত একটা দিয়েছিলেন। স্যার, আগে হরেনবাবুকে সমালোচনা করতে ইচ্ছে করত, কিন্তু আজকাল তাঁকে সমালোচনা করতে করুণা হয় কেননা একে তিনি বৃদ্ধ মানুষ তারপর দেখছি তিনি সম্পূর্ণ হেল্পলেস্। যা হোক্, তারপর দেখুন স্যার, এটা ১৯৫৯ সালের ডিসেম্বর মাসের কথা নয়, ৫ই মে, ১৯৬০, এস্. ডি. ও. চন্দননগর বলেছেন:

In connection with your complaint about the happenings in Golapmohini Girls' School at Singur an enquiry is scheduled to be held by me.

অথচ উনি বলছেন ১৯৫৯ সালে এনকোয়ারী হয়ে গেছে। অবশ্য ম্যাজিষ্ট্রেট বি. ডি ও.-কে দিয়ে যে এনকোয়ারী করালেন সেটা তিনি বললেন, কিন্তু ১৯৬০ সালের ৫ই মে-এর পর এস. ডি. ও. যে চিঠি দিলেন তাতে এনকোয়ারী হোল না এবং তার কারণ হোল রাইটার্স বিলডিংস-এ আঙ্কেল বসে আছে। এই হোল গোলাপমোহিনী গার্লস স্কুলের কাহিনী এবং সেই জন্যই বলছি যে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়ের একটু অভিজ্ঞতা হওয়া উচিত ছিল—এতখানি অজ্ঞতা নিয়ে মন্ত্রিত্ব করা চলে না।

দেখা যাবে এই খাতে এলাউন্স, হনরারিয়াম এর অনেক কথা আছে। সুতরাং এই টাকা, সবটা রিলিফ আপারেশানে ব্যয় হবে বলে মনে হয় না। সুতরাং বাজেটের সমস্ত বইগুলি উল্টে-পাল্টে দেখে মনে হচ্ছে ৩৫ পারসেন্টের বেশী খরচ হয়ে যাবে এডমিনিষ্ট্রেশনএর জন্য আর মাত্র ৬৫ পারসেন্ট টাকা রিলিফে দেওয়া হবে। এই যে রিলিফের থেকে ৩৫ পারসেন্ট টাকা খরচ হবে এডমিনিষ্ট্রেশনএর জন্য, এটা কখনই হওয়া উচিত নয়। আমাদের এখানে এষ্টিমেট কমিটি নেই, সেইজন্য এই রকম হয়। একটা এষ্টিমেট কমিটি করবার জন্য অনেকবার দাবী করা হয়েছে; কিন্তু, তা করা সম্ভব হয়নি। কারণ ডাঃ রায়ই ত নিজে এষ্টিমেট কমিটি। তিনি নিজে যা বলবেন, তাইতো হবে, এই রকম এষ্টিমেট হবে। তাই আমরা দেখি এই রকম সব ওলোট্ পালট্ হয়ে যায়। মিঃ স্পীকার, স্যার, আমি এই ফেমিন রিলিফ খাতে দু-একটা কথা বলতে চাই। পশ্চিম বাংলায় বর্ত্তমান কংগ্রেস মন্ত্রীমণ্ডলী যে নীতি অনুসরণ করে চলেছেন, তাতে পশ্চিম বাংলায় ফেমিন্‌টা একটা পারমানেন্ট ফিচার হয়ে দাঁড়িয়েছে। লর্ড কর্ণওয়ালিস্ জমিদারীকে একটা পারমানেন্ট ফিচার করে গিয়েছিলেন, আর আমাদের বর্ত্তমান কংগ্রেস মন্ত্রীরা এখানে ফেমিন-কে একটা পারমানেন্ট ফিচার করে গেলেন। বাজেট বইএর পাতা উলটালেই দেখবেন ফেমিন্। সুতরাং ওঁরা এখানে যতদিন থাকবেন, ফেমিনও এখানে ততদিন থাকবে। ওঁরা যেদিন থাকবেন না, সেদিন ফেমিন্‌ও বাংলা দেশ থেকে চলে যাবে।
(Hon'ble Dr. Bidhan Chandra Roy : Excellent logic.)

[3-30—3-40 p.m.]

কথায় কথায় কেরলের কথা, কমিউনিষ্ট পার্টির কথা বলে ফেললাম। কিন্তু সেসব বলে লাভ কি? একবার সে কথায় আমি ডাইভার্টেড হতে চাই না। ডাঃ রায়ের হাসি এখনি তো বন্ধ হয়ে যাবে। গত বার বছর যাবৎ আপনি শাসন করছেন, ফেমিন খাতে যা দেখছি সারা পশ্চিম বাংলার বিরাট সংখ্যক মানুষকে একটা ভিখারী শ্রেণীতে আপনি পরিণত করেছেন। মানুষকে আপনি মানুষের মর্য্যাদা দিতে চান না। একটা ক্লাস অফ বেগার্স সৃষ্টি করেছেন, আর ডাঃ রায় তার জন্য আওয়ার গেড ফেমিন এবং টেষ্ট রিলিফ খাতে খরচ উত্তরোত্তর বাড়িয়ে চলেছেন। কি রকম বাড়ছে দেখুন:—

১৯৪৮-৪৯ সালে	ছিল	৩৭,০০০
১৯৪৯-৫০ ,,	হল	১,০৫,০০০
১৯৫০-৫১ ,,	,,	১,৫১,০০০
১৯৫১-৫২ ,,	,,	২,৩৮,০০০
১৯৫২-৫৩ ,,	,,	৪,৫৬,০৬,০০০
১৯৫৪-৫৫ ,,	,,	৮,০০,২৭,০০০
১৯৫৫-৫৬ ,,	,,	২,৫৮,৩৫,০০০
১৯৫৬-৫৭ ,,	,,	১,৪৬,৩৪,০০০
১৯৫৭-৫৮ ,,	,,	১,৪৪,১৪,০০০
১৯৫৮-৫৯ ,,	,,	৪,৮৩,৭৭,০০০

এই টাকা টেষ্ট রিলিফে দিচ্ছেন। আপনারা টাকা নিয়ে ইলেকসনে খরচ করুন যেমন করে প্রফুল্লবাবু করেছিলেন তাঁর কনষ্টিটুয়েন্সিতে ১ লক্ষ ৩৬ হাজার টাকা। এই হচ্ছে এঁদের নীতি। ১৯৬০-৬১ সালে টেষ্ট রিলিফ খাতে খরচ করবেন ৪ কোটি ১৫ লক্ষ টাকা। আপনি জানেন স্যার, যারা দুর্ভিক্ষ-পীড়িত, খেতে পায় না, সবাই তো টেষ্ট রিলিফে কাজ পায় না। শতকরা ৫০ জন কাজ পায় না। সুতরাং এই যে উত্তরোত্তর ৩৭ লক্ষ টাকা থেকে বেড়ে বেড়ে ৪ কোটী ১৫ লক্ষ টাকা দাঁড়িয়েছে এর ডবল অফ দি পপুলেশান নিশ্চয়ই খেতে পায় না,—নিশ্চয়ই তারা ক্ষতিগ্রস্ত অনশন-

গ্রস্ত। এই কি ক্রেডিট আপনাদের ? এই হল অজয়বাবুর গণতন্ত্র, ডাঃ বিধান রায়ের গণতন্ত্র, যাঁ দুর্ভিক্ষ-পীড়িত চাষী তারা সরকারের উপর নির্ভর করে থাকে। আর টাটা বিড়লার কথা বলি, এটা কথার কথা নয়। দুর্গাপুরে কি হচ্ছে ? টাকার দাবী করছেন ? উনি সেদিন বলেছিলেন সরকারী কারখানার কণ্ট্রোল এমেরিকানদের হাতে দিচ্ছে, উনি বুঝিয়ে বললেন যে শতকরা ২৬ আলটিমেটলি তাদের হাতে দেবেন। আমি বলি কেন এই ২৬ পারসেণ্ট প্রাইভেট সেক্টরে থাকবে ? পাবলিক সেক্টরে যে কারখানা হবে তার ২৬ পারসেণ্ট কণ্ট্রোল কেন প্রাইভেট সেক্টরে থাকবে ও পারটিকুলারলি কেন এমেরিকানদের হাতে থাকবে ? শুধু তাই নয়, দুর্গাপুর কারখানায় যে সমস্ত তৈরী হয়েছে কোক ওভেন প্রোডাকশান্, গভর্নমেণ্ট এজেন্সী মারফৎ বিক্রী হবে না, বিক্রী হবে করমচাঁদ থাপ্পর কোং মারফৎ। ইলেকট্রিসিটি তৈরী হচ্ছে কিন্তু গভর্নমেণ্ট এজেন্সি মারফৎ বিক্রী হবে না, সেটা ডি. ভি. সি. নেবে না, সেটা দেওয়া হবে ক্যালকাটা ইলেকট্রিসিটিকে। কলকাতায় নেবেন ৵০ ইউনিট আর বাইরে নেবেন ।৵০ ইউনিট—সারের কারখানার যা কিছু শ' ওয়ালেশ মারফৎ বিক্রী করা হবে। দুর্গাপুরে আর একটা হবে কুলজিয়ান কোম্পানী, ব্যাণ্ডেলে থারমল প্ল্যাণ্ট হবে, তার কন্সালটাণ্ট হিসাবে থাকবে, এবং টোটাল এক্সপেনডিচার যা হবে তার ৩৫ পারসেণ্ট তাদের দিতে হবে কমিশন হিসাবে। ৩'৫ পারসেণ্ট কমিশন দেওয়া হবে অর্থাৎ ৯০ লক্ষ টাকা দেওয়া হবে। ভারতবর্ষের বহু জায়গায় ডেভেলপমেণ্ট প্রোজেক্টের কাজ হচ্ছে, কোন জায়গায় কোন কোম্পানী এই রকম দাবী করেছে এবং সরকার কোন কোম্পানীর সর্ত মেনে নিয়েছেন। আর একটা সর্ত হচ্ছে এরজন্য যেসব যন্ত্রপাতি লাগবে সবই তাদের কাছ থেকে কিনতে হবে। তারা যে টার্মস দেবে তাতেই কিনতে হবে। অন্য দেশের বেটার টার্মস পেলেও কিনতে পারবে না। আমরা শুনেছি ডাঃ রায় এই সর্তেও নাকি রাজী হয়েছেন। আমরা সেটা জানতে চাই এটা ঠিক কিনা। স্পীকার মহোদয়, সেইজন্য বলছিলাম বাংলা দেশ দুর্ভিক্ষগ্রস্ত হয়ে চলেছে, দরিদ্র হয়ে চলেছে তাতে কিছু যায় আসে না, তাদের শুধু এমেরিকান কনসরটিয়াম বেঁচে থাক, কুলজিয়ান কোম্পানী বেঁচে থাক, এটাই তাঁরা চান। আর এখানে যে দুইটি রাস্তা হচ্ছে—দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে এবং দমদম হাইওয়ে—এরজন্য বহু ধানের জমি নিয়ে নেওয়া হবে। এমনি করেই অজয়বাবু একদিন বলেছিলেন খাল কাটবার ব্যাপারে যে বঙ্কিমবাবু বিশ্বাস করতে পারবেন না যে এর ভিতর দিয়ে কত নৌকা যাতায়াত করবে। যাতায়াত ত দূরের কথা, সেখানে এখন একটা নৌকারও পাত্তা নেই। শুধু কম্যুনিষ্টকে গালাগালি দিলে খালে জল আসে না। এবারও বহু লোক উদ্বাস্তু হবে। এই রাস্তার প্রয়োজন নেই। যেখানে রেল আছে সেখানে আবার রাস্তা কেন ?

Shri Mihirlal Chatterjee :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আমার বক্তব্য সাপ্লিমেণ্টারী বাজেটের মধ্যেই সীমাবদ্ধ রাখবো। আমি একথা প্রথমেই বলতে চাই, বৎসর বৎসর একটা সাপ্লিমেণ্টারী বাজেট আমাদের হাউসে প্লেস করা হয় কিন্তু এই বৎসরের সাপ্লিমেণ্টারী বাজেট দেখে একটু আশ্চর্য্যবোধ করছি। এর কারণ সাপ্লিমেণ্টারী বাজেটে দাবীর পরিমাণ ক্রমাগত বেড়েই চলেছে। মিঃ স্পীকার, স্যার, আপনি যদি সাপ্লিমেণ্টারী বাজেট লক্ষ্য করেন তাহলে দেখবেন ১৯৫৯-৬০ সালের সাপ্লিমেণ্টারী বাজেটে দাবীর পরিমাণ মোট ছিল ৭ কোটী ৩ লক্ষ টাকা। কিন্তু এই বৎসর, ১৯৬০-৬১ সালের সাপ্লিমেণ্টারী বাজেটে সেই ৭ কোটী ৩ লক্ষর জায়গায় ১১ কোটী ৬৩ লক্ষ টাকা চাওয়া হয়েছে। অর্থাৎ মূল বাজেটের বৃদ্ধির সাথে সাথে উত্তরোত্তর সাপ্লিমেণ্টারী বাজেট বৃদ্ধি পাচ্ছে। এইজন্য বাজেটের অ্যাকিউরেসী সম্বন্ধে আমাদের মনে সন্দেহ জাগে। গত বৎসর আমরা দেখেছি ভোটেড এ্যাকাউণ্টে যেগুলিতে মাত্র ৭ কোটী টাকা চাওয়া হয়েছিল এবার সেখানে ১১ কোটী টাকা চাওয়া হল। সেখানে ঐ বৎসর চার্জ্জড্ এ্যাকাউণ্টে দেখতে পাচ্ছি চাওয়া হয়েছিল ২৬ লক্ষ ৬৭ হাজার টাকা, এই বৎসর চাওয়া হচ্ছে ৪২ লক্ষ ৮৩ হাজার টাকা। অর্থাৎ ভোটেড এ্যাকাউণ্টে ডিমাণ্ড বেশী, চার্জ্জড এ্যাকাউণ্টে ডিমাণ্ড বেশী। এইটাই হচ্ছে এই সাপ্লিমেণ্টারী বাজেটের বিশেষত্ব। অর্থাৎ

ল বাজেটের সঙ্গে সাপ্লিমেন্টারী বাজেটের বৈষম্য বৎসরের পর বৎসর বেশী করে ধরা পড়ছে। বাজেট অ্যাকিউরেটলি তৈরী হয় না। Sir, nation-building departments এবং development department-এর জন্য যদি অতিরিক্ত টাকা বরাদ্দ করতে হয় তাহলে আমরা আনন্দের সঙ্গে তা বরাদ্দ করে দেবো। কিন্তু প্রশাসনিক কাজের জন্য সাপ্লিমেন্টারী বাজেটএ টাকা চাওয়া গভর্ণমেন্টের পক্ষে অন্যায়। গভর্ণমেণ্ট মূল বাজেট পেশ করার সময় কেন আগে থেকে ঠিক করতে পারেন না কত টাকা ব্যয় হবে বিভিন্ন বিভাগের প্রশাসনিক কাজের জন্য? আজকে এই সাপ্লিমেন্টারী বাজেটে—কি দেখছি, দেখছি কতকগুলি বিভাগের জন্য যে টাকা চাওয়া হয়েছে সেই টাকার বেশীর ভাগ দেখছি চাওয়া হয়েছে এডমিনিস্ট্রেশন পারপাস-এ।

[3·40—3·50 p.m.]

কোন্ ডিপার্টমেণ্টে কি পরিমাণ টাকা খরচ হবে সেটা আমরা সরকারের মূল বাজেটে প্রত্যাশা করি। আমরা আশা করি একটা অ্যাকিউরেট অঙ্ক থাকবে বিভিন্ন বিভাগের জন্য, কিন্তু সেই রকম কোন অ্যাকিউরেট অঙ্ক সরকার আমাদের দিতে পারেন না। বছর প্রায় শেষ হবার কাছাকাছি এসে সরকার আমাদের কাছে বিভিন্ন বিভাগের জন্য প্রশাসনিক খাতে অতিরিক্ত টাকা চান। সাপ্লিমেণ্টারী বাজেটে এগ্রিকালচার খাতে কোন দাবী নাই, ইরিগেশান্ খাতে কোন দাবী নাই, মেডিক্যাল খাতে নাই, ইণ্ডাষ্ট্রি খাতে নাই, স্মল ইণ্ডাষ্ট্রি খাতে একেবারে নাই, বিগ ইণ্ডাষ্ট্রি খাতে দুটো টাকার অঙ্ক আছে—কল্যাণী স্পিনিং মিলের জন্য চাওয়া হয়েছে ১২।।০ লক্ষ টাকা, ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানীর জন্য ৩১ লক্ষ ৪৪ হাজার টাকা। সাপ্লিমেণ্টারী বাজেট দেখে মনে হয় এই রাজ্যে কুটিরশিল্পের কোন গুরুত্ব নাই, এগ্রিকালচারের নাই, ইরিগেশানের নাই, ইণ্ডাষ্ট্রি বাবদ কোন সাপ্লিমেণ্টারী বাজেট নাই, মেডিক্যালে সাপ্লিমেণ্টারী বাজেট নাই, কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে আমরা দেখছি, এইসব বিভাগের এ্যাডমিনিষ্ট্রেশান্ কষ্ট বেড়ে যাচ্ছে। গঠনমূলক কাজের জন্য এইসব বিভাগের সাপ্লিমেণ্টারী বাজেট নাই। জেলের জন্য গতবার ৬ লক্ষ ৫ হাজার টাকা চাওয়া হয়েছিল, আমরা ভেবেছিলাম এবছর চাওয়া হবে না, কিন্তু এই বছর চাওয়া হয়েছে ৬ লক্ষ ৭ হাজার টাকা। এভাবে ওয়েলফেয়ার ষ্টেট গঠন করা যায় না, যতই সরকার ওয়েলফেয়ার ষ্টেটের গুণগান করুন না কেন। কোথায় আমরা ভাবি ওয়েলফেয়ার ষ্টেট হবে, ওয়েলফেয়ার ষ্টেটে আবগারী বিভাগের খরচ কমে যাবে, প্রহিবিশান এনফোর্স্‌ড হবে; তা নয়, তার পরিবর্তে আবগারী দপ্তরের জন্য সাপ্লিমেণ্টারী বাজেটে টাকা চাওয়া হয়েছে এবার ১ লক্ষ ২৪ হাজার, গতবার চাওয়া হয়েছিল ১ লক্ষ ৪ হাজার। এভাবে এক একটা ডিপার্টমেণ্টের জন্য এ্যাডমিনিষ্ট্রেশান্ কষ্ট দিনের পর দিন বেড়ে যাচ্ছে। আমি প্রথমেই বলতে চাই, সাপ্লিমেণ্টারী বাজেটে বেশী টাকা আমরা বরাদ্দ করার বিরোধী। স্যার, ল্যাণ্ড রেভিনিউ ব্যাপারের জন্য গেলবার কোন সাপ্লিমেণ্টারী ছিল না, এবার প্রায় ৪৭ লক্ষ টাকা চাওয়া হয়েছে— এজন্য আমরা খুশী হয়েছি। নূতন এম্ব্যাঙ্কমেণ্ট তৈরী, যে বাঁধগুলি ভেঙ্গে গিয়েছে সেগুলি মেরামত করা এখন জমিদারের পরিবর্তে গভর্নমেণ্টের দায়িত্ব। জমিদাররা এই দায়িত্ব যথাযথ পালন করতেন না। এই দায়িত্ব এখন গভর্নমেণ্টের পালন করতে হলে তার জন্য টাকার প্রয়োজন এবং এটা যে কোন আকস্মিক প্রয়োজন তা নয়, আনফোরসিন এক্সপেণ্ডিচারের ব্যাপার নয়। আমরা ভেবেছিলাম ১৯৬০ সালের বাজেটে ভাঙ্গা এমব্যাঙ্কমেণ্টগুলি রিপেয়ার করার জন্য টাকা চাওয়া হবে, কিন্তু চাওয়া হয়নি, অরিজিন্যাল বাজেটে কোন টাকা চাওয়া ছিল না, আজ এসে সাপ্লিমেণ্টারী বাজেটে ৪৭ লক্ষ টাকা চাচ্ছেন। আরেকটা বিষয় বলেই আমি শেষ করব। জেনারেল অ্যাডমিনিষ্ট্রেশান্ খাতে আমরা দেখছি পাবলিসিটি ডিপার্টমেণ্টে ২ লক্ষ ১৮ হাজার টাকা চাওয়া হয়েছে—কি এমন জরুরী, ইমারজেন্সির কাজ এই বিভাগে করতে হয় যার জন্য এই টাকা চাওয়া যেতে পারে—এই টাকা কিসের জন্য? এ্যাডমিনিষ্ট্রেশান্ চালাবার জন্য। আমি কোন মোটিভ ইমপিউট করতে চাই না—কেন বছরের শেষে এসে এভাবে টাকা চাওয়া হবে সেটা আগে থাকতে

জানতে দেওয়া হবে না? তারপর ইল্যুমিনেশান-এর জন্য পাবলিক এ্যাডমিনিষ্ট্রেশান খাতে ২১ হাজার টাকা চাওয়া হয়েছে—রিপাবলিক ডেতে গভর্ণমেন্ট বিল্ডিং-এর সাজসজ্জার জন্য যে নরম্যাল খরচের ব্যবস্থা ছিল তাতে হল না? ইল্যুমিনেশানের জন্যে অতিরিক্ত বাজেট ব্যবস্থা করতে হবে ২১ হাজার টাকা। স্যার, আমাদের দেশ একটা তামাসার দেশে পরিণত হয়ে পড়ছে। রিপাবলিক ডের জন্য ২১ হাজার টাকা অতিরিক্ত ব্যয় হয়, অথচ আমাদের দেশে সাইকেলের উপর চেপে ছেলেরা স্কুল কলেজে যাবে তার জন্য ট্যাক্স দিতে হয় এক আনা করে! আমাদের লজ্জাবোধ করে একথা ভেবে যে, গভর্নমেন্ট এই ধরণের ট্যাক্স মকুব করতে রাজী নন। যেখানে সরকার মানুষের নিম্নতম দাবি পূরণ করতে পারেন না, সামান্যতম রিলিফ দিতে পারেন না, টাকার অভাবে টিউবওয়েল করতে পারেন না, কালভার্ট দিতে পারেন না, বাঁধে মাটি দিতে পারেন না, সেখানে রিপাবলিক ডেতে খরচের জন্য সাপ্লিমেন্টারী বাজেটে ২১ হাজার টাকা চাওয়া হয় গভর্নমেন্ট হাউস ইল্যুমাইন করার জন্য—এর চেয়ে বড় তামাসা আর কি হতে পারে?

এই প্রসংগে আমি আর একটা কথা বলতে চাই। পশ্চিমবঙ্গে আপার হাউসের কোন প্রয়োজন নাই। কাউন্সিলে বহু যোগ্য ব্যক্তি আছেন, তাঁরা সাধারণ নির্বাচনের মধ্যে দিয়ে অনায়াসে বিধানসভায় আসতে পারেন—সেই যোগ্যতা তাঁদের আছে। কেন জানি না লেজিসলেটিভ কাউন্সিল পশ্চিমবঙ্গে পোষণ করা হচ্ছে এবং একটি অকারণ ব্যয় বহন করা হচ্ছে। কাউন্সিল খাতে এই বছর অতিরিক্ত টাকার মঞ্জুরী চাওয়া হয়েছে। কাউন্সিল একটি বাহুল্যবস্তু—এর কোন প্রয়োজন নাই।

যাই হোক, আমার বক্তব্য হচ্ছে, প্রশাসনিক খাতে খরচ কমান উচিত—আশা করি আপনারা এই জিনিসটা একটু ভালো করে ভেবে দেখবেন। দি এক্সিইসটেন্স অব দি কাউন্সিল ইজ এ্যাবসোলিউটলি আননেসেসারী।

স্যার, আর একটা কথা বলে আমি শেষ করছি। আমাদের এই গভর্নমেন্টর অধিকাংশ খরচ আমি দেখছি গ্রামমুখী কিংবা গ্রামশিল্প নয়, শহরমুখী এবং বৃহৎ শিল্পমুখী। লোন্স এণ্ড র‍্যাডভান্সের ব্যাপারে আমরা জানি যে, গ্রামের লোক কৃষিঋণ, গরুক্রয় ঋণ এবং অন্যান্য ঋণ বেশী পরিমাণে চায়। এই সকল ঋণের খাতে ১৯৬০-৬১ সালে ৫৯ লক্ষ টাকা বরাদ্দ ছিল। রিভাইজড্ এষ্টিমেটে দেখলাম ১৩০ লক্ষ টাকা খরচ হবে—অর্থাৎ ৭১ লক্ষ টাকা আরও বেশী খরচ হবে। কিন্তু আলটিমেটলি দেখছি সাপ্লিমেন্টারী বাজেটে মাত্র ৩৮ লক্ষ ৫০ হাজার টাকা চাওয়া হয়েছে। এই গভর্ণমেন্টের অনুরাগের অভিব্যক্তি গ্রাম কিংবা গ্রামশিল্পের দিকে নয়, শহরের দিকে, বড় বড় শিল্পের দিকে। আপনি লাল বাতি জ্বেলে দেওয়াতে আমি এখানেই শেষ করছি।

[3-50—4 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, এই অতিরিক্ত বাজেটে যে সমস্ত ব্যয়বরাদ্দের দাবী করেছেন সেই সমস্ত ব্যয়বরাদ্দ দাবী করার মধ্য দিয়ে আমাদের রাজ্য সরকারের যে শ্রেণীচরিত্র সেটা পুনরায় আমাদের সামনে প্রকাশিত হল। সাপ্লিমেন্টারী বাজেট আনার মূলনীতি সম্পর্কে আমি কিছু বলছি না তবে এই আলোচনার সূত্রপাত করার মধ্য দিয়ে অত্যন্ত কয়েকটি জরুরী প্রশ্ন এবং সঙ্গে সঙ্গে যে প্রশ্নের প্রতি আমাদের সরকার দৃষ্টি দেননি বা এখানকার অনেক সদস্য ওয়াকিবহাল হয়ে কিছু করেন না সে সম্পর্কে আপনার মাধ্যমে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই সাপ্লিমেন্টারী বাজেটে আমি দেখলাম যে প্রশাসনিক যন্ত্রের যাঁরা উপরতলায় রয়েছেন তাঁদের বেতন বৃদ্ধি, ভাতা বৃদ্ধি, মন্ত্রীদের আরও বেশী পরিভ্রমণ করার সুযোগ ও সুবিধা ইত্যাদি ব্যাপারে সুযোগ সুবিধা দেবার জন্য একটা বিরাট অঙ্ক ওখানে রাখা হয়েছে। অপর পক্ষে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি সেই সমস্ত অবহেলিত, অবজ্ঞাতদের প্রতি যাদের সঙ্গে সরকারের ঘনিষ্ঠ সম্পর্ক আছে, অথচ তাদের প্রতিই সরকারের চরম হৃদয়হীনতা ও

ঔদাসীন্য রয়েছে। স্যার আপনি জানেন যে বাংলাদেশে গ্রামাঞ্চলের সঙ্গে সরকারের প্রশাসনিক ব্যবস্থার যোগাযোগ রক্ষা করে, শান্তি শৃঙ্খলা বজায় রাখে চৌকীদার এবং দফাদার শ্রেণী। আমি দেখলাম এখানে বাজেটের বরাদ্দের মধ্যে ৫০ হাজার টাকা রেখেছেন এদের জন্য। আপনি জানেন কিনা জানি না এই যারা গ্রামের চৌকীদার দফাদার তারা মানুষ কিনা, বরং আমার মনে হয় তারা দ্বিপদ ভারবাহী পশু। এ হেন কাজ নেই যা তাদের করতে হয় না। তাদের গ্রামাঞ্চলে যখন কাজ করতে হয় তখন দেখি তাদের প্রায় দেড় বর্গ মাইল অঞ্চল জুড়ে পাহারা দিতে হবে—শীতে কনকনে ঠাণ্ডা রাত্রে বা বর্ষাকালে শ্রাবণ মাসে তাদের পাহারা দিতে হবে। গ্রামে যাঁরা আছেন তাঁদের গতিবিধি সম্পর্কে থানার দারোগা, ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টের রিপোর্ট করতে হবে। গ্রামের জন্ম-মৃত্যুর কথা তাদের রিপোর্ট করতে হবে। গ্রামের জন্ম ও মৃত্যুর সমস্ত তথ্য তাদের রিপোর্টের উপর নির্ভর করে। অর্থাৎ যাদের উপর নির্ভর করে ভারতের পরিকল্পনা তৈরী হয় সেই পরিসংখ্যান তৈরী করার দায়িত্ব গ্রামীণ চৌকীদারদের। মাননীয় স্পীকার মহাশয়, এখানে আর এক শ্রেণী আছে তাদের বলে প্রোসেস সার্ভিস পিওন অর্থাৎ ট্যাক্স আদায় করতে হয়, সার্টিফিকেট জারী করতে হয়। আইডেন্টিফাই করার দায়িত্বও এদের। এই ভাবে থানা ও ইউনিয়ান বোর্ডে হাজির করার পরও বেসরকারী কাজ কিছু আছে। সরকারী অফিসার যদি কেউ গ্রামে যান এবং গ্রামের রাস্তায় তখন যদি কাদা থাকে তাহলে তাঁকে কোলে করে নিয়ে পার করতে হয় যাতে অফিসারের গায়ে কোন জায়গাতে কাদা না লাগে। এজন্য আমি আগেই বলেছি যে তারা মানুষ নয়, তারা দ্বিপদ ভারবাহী পশু। পশুর ক্লেশ নিবারণ করার জন্য সমিতি আছে, আইন আছে, সরকারী সাহায্যের ব্যবস্থা আছে, কিন্তু এদের জন্য কোন কিছুই নেই।

কিন্তু এই যে মানুষ যাদের পশুর মত জীবন যাপন করতে বাধ্য করা হচ্ছে, তাদের জন্য কোন দরদ, সহানুভূতি বা দুঃখ নেই। অবশ্য এটা যদিও তারা কোনদিন ভাবতেও পারেনি যে তাদের সম্পর্কে আলোচনা হবে বা তাদের কথা সংবাদপত্রের পৃষ্ঠায় স্থান পাবে, কিন্তু আমি মনে করি তাদের সম্পর্কে আজ বিবেচনা করা দরকার। কেননা তারা কি পায় বা তারা কি অবস্থায় আছে তা আমরা দেখছি না। স্যার, ১৯৫৮ সালে পশ্চিম বাংলায় চৌকিদারের সংখ্যা ছিল ২৭ হাজার এবং তাদের যে বেতন দেওয়া হয় তার পরিমাণ বছরে ২৯ লক্ষ টাকা। তাহলে দেখা যাচ্ছে একজন চৌকিদার বছরে ১০৭৲ টাকা অর্থাৎ মাসে বড়জোর ৯।১০ টাকা মাইনে পায়। তারপর এই বেতন সরকার এবং ইউনিয়ন বোর্ড যুক্তভাবে দেন এবং ইউনিয়ন বোর্ডের অবস্থা সম্বন্ধে আপনি নিশ্চয়ই জানেন যে অধিকাংশ ইউনিয়ন বোর্ডের যে আর্থিক সঙ্গতি তার মধ্যে দিয়ে তাঁরা চৌকিদারদের বেতন দিতে পারেন না এবং তার ফলে চৌকিদারদের উপবাসে থাকতে হয়। তবে এছাড়া তাদের আরও একটা অসুবিধা ভোগ করতে হয় এবং সেটা হোল সরকার যে ড্রাই ডোল দেন তা চৌকিদাররা পায় না কারণ তারা সরকারী কর্মচারী। তারপর সরকার তাদের যে ডি. এ. দেন তার পরিমাণ শুনলে আপনি অবাক হবেন—অর্থাৎ মাসিক ২৲ টাকা মাত্র এবং আরো অবাক হবেন যে সেটাও অনেক সময় আবার ধারে থাকে। কাজেই মাননীয় স্পীকার মহাশয়, আজ চিন্তা করে দেখুন যে এই হচ্ছে তাদের অবস্থা যারা সরকারের প্রশাসনিক বিভাগের সর্বাপেক্ষা নিম্নস্তরে আছে এবং যারা হচ্ছে সমগ্র প্রশাসনিক যন্ত্র পরিচালনা করবার অবিচ্ছেদ্য অংশ। সুতরাং সরকারের বিরাট কর্মকেন্দ্রে যারা কাজ করে তাদের প্রতি এই যে অবহেলা দেখান হচ্ছে আমি এর তীব্র প্রতিবাদ এবং নিন্দা করি এবং দাবী করি যে এর প্রতিকার হওয়া উচিত। অবশ্য সাপ্লিমেন্টারী বাজেটে যদিও আপনারা তাদের জন্য ৫০ হাজার টাকা বরাদ্দ করেছেন—অর্থাৎ মাথাপিছু ২৲ টাকা—কিন্তু ২৭ হাজার চৌকিদারের জন্য এই টাকা খুবই কম বলে মনে করি এবং এ থেকে সরকারের এই দৃষ্টিভঙ্গীরই পরিচয় পাই যে উপরতলার কর্মচারী এবং ধনিক মালিক গোষ্ঠীর প্রতি তাঁদের যেমন সহানুভূতি রয়েছে ঠিক তেমনি চরম অবহেলা এবং ঔদাসীন্য রয়েছে সমাজের সর্বস্তরের নিম্নতম মানুষদের প্রতি। তারপর জবপুরেদের

কথায় বলব যে, একদিন একজন দুঃস্থা মহিলা আমার কাছে এসে বললেন যে আমার ছেলেটি হারিয়ে গেছে কাজেই তার একটা ব্যবস্থা করুন। ছেলেটির নাম হোল সুনীল চক্রবর্তী এবং সেই অনুসারে খোঁজ করে দেখলাম যে সে একটি ভ্যাগর‍্যান্ট ক্যাম্পে আশ্রয় নিয়েছে এবং খবর নিয়ে জানা গেল যে সে পাগল হয়ে গেছে। তখন আমি ছেলেটির চিকিৎসার কথা জিজ্ঞেস করায় তাঁরা বললেন যে এখানে আমাদের আয়ত্তে বহু পাগল আছে কিন্তু তাদের চিকিৎসার ব্যবস্থা করার কোন সঙ্গতি আমাদের নেই। কিন্তু স্যার, এই যেখানে অবস্থা সেখানে আমরা দেখছি যে এই ভ্যাগর‍্যান্টদের উন্নতির জন্য ১ লক্ষ ২০ হাজার টাকা চাওয়া হয়েছে। যা হোক্, এখন আমার প্রশ্ন হচ্ছে যে শহরের এবং গ্রামের রাস্তায় রাস্তায় যে সব ভবঘুরে বেড়ায় এবং যাদের আপনারা ভ্যাগর‍্যান্ট ক্যাম্পে নিয়ে যান তাদের কি চিরকাল ভবঘুরে হিসেবে রাখবেন বা ঐ রকম একটা বদ্ধ অবস্থায় রেখে পাগল করবেন, না, তাদের সমাজে প্রতিষ্ঠা করবার জন্য কোন ব্যবস্থা করবেন? শুধু তাই নয়, আরও জিজ্ঞেস করতে চাই যে, এই লোকগুলোকে বদ্ধ জায়গায় না রেখে তাদের সমাজে প্রতিষ্ঠিত করবার যে সামাজিক দায়িত্ব আপনাদের আছে তা পালন করবার জন্য কোন পরিকল্পনা করেছেন কি? অবশ্য আমরা জানি তা নেই।

[4—4-10 p.m.]

এবং এই সমস্ত ভবঘুরেদের আপনারা ঐভাবে রাখতে চান। কাজেই মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি সরকারের দৃষ্টি সেই দিকে আকর্ষণ করি। যখন আমাদের এই রকম অবস্থা তখন দেখি ক্যালকাটা-দমদম সুপার হাইওয়ে করা হবে এবং তা করবার জন্য ৫৬ লক্ষ টাকা সাপ্লিমেন্টারী বাজেটে বরাদ্দ করেছেন। বড় বড় ভি. আই. পি. দের বিনা আয়াসে এখানে আসবার সুযোগ করে দেওয়ার জন্য, দমদম এরোড্রোমে তাড়াতাড়ি যাবার জন্য এই সমস্ত সুযোগ সুবিধা করবার জন্য এঁরা বিরাট পরিমাণ টাকা খরচ করতে চান আর সমাজের যারা নিপীড়িত, অবহেলিত এবং অবজ্ঞাত তাদের প্রতি সামান্য সহানুভূতি দেখাবার জন্য যেখানে কথঞ্চিৎ অর্থ বরাদ্দ করা দরকার সেখানে কিছু নেই। আপনারা যত অপ্রয়োজনীয় জিনিসের জন্য খরচ করেন। আমার শেষ কথা হচ্ছে সরকার যদি মনে করেন অন্ততঃপক্ষে সাপ্লিমেন্টারী বাজেটের মধ্য দিয়ে সমাজ উন্নয়নমূলক কাজ করা সম্ভব তাহলে এতে আমাদের সমর্থন আছে। তা নাহলে যেভাবে একে এনেছেন তাতে একে সমর্থন করবার কোন কারণ নেই।

Shri Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে সাপ্লিমেন্টারী ডিম্যাণ্ড মন্ত্রীমহাশয় আমাদের সামনে উপস্থিত করেছেন সে সম্বন্ধে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। প্রথমেই ধরুন আমাদের সঙ্গে যাঁর সব থেকে প্রীতিসম্পর্ক সেই কালীবাবুর ডিপার্টমেন্ট কর্পোরেশনের যে নির্বাচন আসছে এ সম্পর্কে একটা বিশেষ ডিসক্রিমিনেশান করছেন। স্যার, কংগ্রেসের যাঁরা মনোনীত প্রতিনিধি তাঁদের মাইক্রোফোনসহ গাড়ী চালাবার অনুমতি দেওয়া হচ্ছে কিনা জানি না কিন্তু বিভিন্ন ওয়ার্ডে দেখছি কংগ্রেসের প্রার্থীরা লাউড-স্পীকার, মাইক্রোফোন সহযোগে প্রচার করে বেড়াচ্ছে। অথচ আমরা যদি অনুমতি চাই তাহলে অনুমতি দেওয়া হচ্ছে না। কাশীপুরের যিনি কংগ্রেস প্রার্থী তিনি ১৬ তারিখে লাউড স্পীকারসহ গাড়ী নিয়ে বেরিয়েছেন। স্যার, ২২ তারিখে বড়বাজারের ২৭ নম্বর ওয়ার্ডের যিনি কংগ্রেস প্রার্থী তিনি গাড়ী লাউডস্পীকার নিয়ে বেরিয়েছেন। আজকে সকালবেলা সেই বড়বাজারের কংগ্রেস প্রার্থী লাউডস্পীকারসহ গাড়ী নিয়ে বেরিয়েছেন। অথচ আমি গতকাল নর্থ ডিষ্ট্রিক্ট ডেপুটি কমিশনারকে অনুরোধ করেছিলাম যে আমাদের ইউ. সি. সি.-র প্রার্থীদের সেই অনুমতি দেওয়া হোক। তিনি বললেন এই রকম অনুমতি তো কাউকে দেওয়া হয়নি। আমি জিজ্ঞাসা করতে

চাই এই রকম একটা ডিসক্রিমিনেসান কেন করা হচ্ছে এবং আমাদের নির্বাচনী প্রচারে বাধা সৃষ্টি করা হচ্ছে? স্যার, দ্বিতীয় নম্বর হচ্ছে, আমি আপনার মাধ্যমে খগেনবাবুর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে এই যে পাশে ১৩ তলা বাড়িটা আছে, নিউ সেক্রেটারিয়েট বিল্ডিং, যার জন্য আপনারা সাপ্লিমেন্টারীতে খরচ চাইছেন, সেখানে গেলে দেখবেন—খগেনবাবু জানেন কিনা জানি না—৪টা লিফট্ ১২শ ফ্লোর পর্যন্ত যেতে পারে। যেদিন থেকে লিফট্ বসান হয়েছে সেদিন থেকে এ পর্যন্ত কোনদিন ৪টা লিফ্‌ট ১৩ তলা পর্যন্ত যায় না। এই বাড়ীটায় সরকারের বহু বিভাগ আছে। আমাকে প্রায়ই ১১শ তলায় যেতে হয় কারণ সেখানে লেবার দপ্তরের অফিস আছে।

আপনি অবাক হয়ে যাবেন স্যার, যে মাঝে মাঝে ষ্ট্রাণ্ড রোড পর্যন্ত ঐ রকম লম্বা লাইন পড়ে যায়, বিশেষ করে পিক্ পিরিয়াডে ১।।/২টার সময় যখন টিফিন শেষ করে তাঁরা যান। এতে কনসিলিয়েশনে অনেক দেরী হয়ে যায় এবং আমি স্বয়ং এখানে যাঁরা আছেন তাঁদের বলেছি যে আপনারা অফিসের সময় কেন এস্কালকে রিপেয়ার করেন, বা যা কিছু করেন অফিস পিরিয়ডে কেন করেন? ৫টার পর তো করতে পারেন। সন্ধ্যার সময় করতে পারেন। কা কস্য পরিদেবনা। আপনি যেমন মন্ত্রী হয়েছেন আপনার অফিসারেরাও তেমন কর্মক্ষম। এবিষয়ে আপনি যদি অনুগ্রহ করে একটু মনোযোগ দেন তাহলে ভাল হয়। এ সম্পর্কে মুখ্যমন্ত্রীর তো কোন বালাই নেই, তাঁর নিজের লিফ্‌ট আছে। এর পরে আমি একটু হরেনবাবুর সম্বন্ধে বলতে চাই। স্যার, হরেনবাবুর সম্বন্ধে বলতে গিয়ে আমি একটু মুখ্যমন্ত্রীকে আনতে চাই, কারণ মুখ্যমন্ত্রীকে যদি না আনা যায় তাহলে কোন আলোচনাই চলে না। স্যার, ইউনিভার্সিটির জন্য উনি টাকা বরাদ্দ করেছেন কিন্তু আপনি জানেন সংবাদপত্রে প্রচুর সমালোচনা হচ্ছে। রেজিষ্টার্ড গ্রাজুয়েট কনষ্টিটিউয়েন্সী থেকে সিনেটের যে নির্বাচন হবে তাতে কি বলছে। এক একটা বাড়ীতে ২০০/২৫০ করে রেজিষ্টার্ড করানো হচ্ছে। গতবার মুখ্যমন্ত্রীর বন্ধু ডাঃ সুবোধ মিত্র দেখি এই কাজ করেছেন। এবারে ভাইস-চ্যানসেলার হয়ে তাঁর একটু লজ্জা হয়েছে। এবার তাঁর ভাগনিজামাই ডাঃ বিবেকরঞ্জন সেন-গুপ্ত এই করে বেড়াচ্ছেন এবং এক জায়গায় ২০০/২৫০ করে রেজিষ্টার্ড করাচ্ছেন—এই জিনিষ চলছে। এ সম্পর্কে আজকে সরকারের পক্ষ থেকে এবং মুখ্যমন্ত্রী যদি দেখেন তাহলে ভাল হয়। কারণ অনেকেই তাঁর আত্মীয়স্বজন এবং প্রিয় বন্ধু। সুতরাং এরকম দুর্নীতি যেন না হয়। আমাদের কাউন্সিলে যদি গ্রাজুয়েট কনষ্টিটিউয়েন্সী থাকে টেম্পোরারিয়াল ভোট দেবার সুযোগ থাকে, এই নীতি, প্রসিডিওর যদি থাকে তাহলে ইউনিভার্সিটিতে কেন প্রত্যক্ষভাবে গ্রাজুয়েট যাঁরা ভোটার তাঁরা ভোট দেবেন না? কাজেই এ সম্পর্কে একটা বিধিব্যবস্থা হোক।

Shri Niranjan Sen Gupta :

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে ২।১টা কথা এই সাপ্লিমেণ্টারী বাজেট সম্পর্কে বলতে চাই। এবার প্রশাসনিক খাতে বহু টাকা অতিরিক্ত দাবী এই জায়গায় করা হয়েছে। জেনারেল য়্যাডমিনিষ্ট্রেসনে ২২ লক্ষ টাকা, জেলস্ ৬ লক্ষ ৭ হাজার টাকা, সিভিল ওয়ার্কস এবং অন্যান্য খাতেও টাকা চাওয়া হয়েছে। আমি একটা প্রশ্নের অবতারণা করতে চাই, যদিও এটা জেলের প্রশ্ন, তবুও আমি ডাঃ রায়কে এটা জিজ্ঞাসা করতে চাই। কেননা তার একটা কথা আমি বলেছিলাম, আমিও একবার ডেপুটেসনে তাঁর কাছে গিয়েছিলাম। এই সভাগৃহে মাননীয়া পূরবী মুখার্জী বলেছিলেন যে কাকদ্বীপ, দমদম, বসিরহাট, জেসপ কোম্পানীর বন্দীদের কংসারি হালদার মহাশয়ের কেস হয়ে গেলে মুক্তি দেওয়া হবে, অন্ততঃ চিন্তা করা হবে। কংসারি হালদার মহাশয়ের কেস হয়ে গেছে। সে সব বন্দীরা ১০ বছর পর্যন্ত জেলে আছে। আজকে অবস্থার, পরিবর্তন হয়েছে। এই ধরণের বন্দী তো বাঙ্গালা এবং অন্যান্য স্থানে যাঁরা ছিলেন তাঁরা মুক্তি পেয়েছেন অথচ বাংলাদেশের সরকার এ সম্পর্কে নিশ্চুপ। আগে ডাঃ রায় বলেছিলেন যে কংসারিবাবুর

কেস হয়ে গেলে তাঁরা এবিষয়ে চিন্তা করবেন এবং পূরবী মুখার্জী মহাশয়াও এই হাউসে তাই ব ছিলেন। তাঁর কেস হয়ে গেছে, কংসারিবাবুর সাজা হয়েছে অথচ এ সম্পর্কে বাংলা সরকার বে জনমতকে এরকম অগ্রাহ্য করছেন এটা তাঁদের কাছে জিজ্ঞাসা করছি আপনার মাধ্যমে। আমা দ্বিতীয় কথা হচ্ছে জেলখানায় প্যারোল প্রথা চলতি আছে, কয়েদীরা ছুটীতে যেতে পারেন ৭।১০।১৫ দিন কিন্তু আমার মনে হয় যে সুবিধা এই প্যারোল প্রথায় দিয়া থাকে সেই সুবিধাটা কয়েদীরা পাচ্ছেন না।

[4-10 – 4-20 p.m.]

অর্থাৎ একথা বলা হয়েছিল যে কয়েদীরা বহুদিন জেলে থাকার পরে তাদের গৃহপরিবেশে কয়েকদিন গিয়ে থাকলে তাদের খানিকটা মানসিক শান্তি ঘটবে। কিন্তু দুঃখের বিষয় আজ পর্য্যন্ত তার কোন ব্যবস্থা হয় নাই। মাননীয়া পূরবী মুখার্জী মহাশয়াকে জিজ্ঞাসা করতে চাই আজ পর্য্যন্ত কয়জন কয়েদী প্যারোল পেয়েছে এবং কিভাবে প্যারোল পেয়েছে? একথা জানা দরকার প্যারোল প্রথা সম্পূর্ণ কার্য্যতঃ ব্যর্থ হয়েছে। তার কারণ হচ্ছে পুলিশের অনুমতি অনেক ক্ষেত্রে মেলে না। বিশেষ করে রাজনৈতিক কয়েদী যাঁরা—দমদম, বসিরহাট, কাকদ্বীপ প্রভৃতি জায়গার—তাদের বেলায় প্র্যাকটিক্যালি এই প্যারোল প্রথা চালু হয় নাই। দু-একজন মাত্র দু-চার ঘণ্টার জন্য বাইরে যেতে অনুমতি পেয়েছিল। আর একটা কেসে মাত্র ৭ দিনের জন্য বাইরে যেতে পেয়েছিল। এই ব্যাপারে আর সব আবেদন সম্পূর্ণ বিফল হয়েছে। অন্যান্য মন্ত্রীরা যে পন্থা নিয়েছেন এই ব্যাপারে, তারা বাইরে এসে তাঁদের শাসনকে নিন্দা করবে সে জন্য এই সব কয়েদীদের এঁরা ছাড়তে রাজী নয়, প্যারোলে ছেড়ে দিতে রাজী নয়। পান্নাবাবু, গজেনবাবু ও অন্যান্য বন্দীরা জেলে বহুদিন ধরে থাকার ফলে তাঁদের স্বাস্থ্য ভেঙ্গে গেছে, কিন্তু এখনো তাঁরা বিধানবাবুর কাছে মাথা নোয়ান নাই; বিধানবাবুকেও বলেননি আমাদের ছেড়ে দিন, আর কিছু আপনাদের বিরুদ্ধে করব না বা বলব না। তাঁরা বরং বলেছেন আমরা বাইরে গিয়ে আন্দোলন করবো। আমি ডাঃ রায়কে প্রশ্ন করতে চাই—তিনি একথা চিন্তা করেছেন কিনা?

বাইরে বহু কাগজ প্রকাশিত হয়। কিন্তু দুর্ভাগ্যবশতঃ জেল বিভাগে এই স্বাধীনতা কাগজ দেওয়া হয় না। অন্য সব কাগজ দেওয়া হয়। আমি শুনলাম রাজনৈতিক দলের কাগজ দেওয়া হয় না। বাইরের লোকে যখন সে সব কাগজ পড়তে পারে, তখন জেলের ভেতরের লোকেরা কেন তা পড়তে পারবে না। এর কারণ জানা দরকার। ডাঃ রায় কিছু বলবেন না। মাননীয়া পূরবী মুখার্জীকে জিজ্ঞাসা করলে বলেন, ওটা ডাঃ রায়ের নীতি, আমার দ্বারা কিছু হবে না। ডাঃ রায়কে জিজ্ঞাসা করতে চাই—কেন তাদের এসব দেওয়া হবে না?

তারপর আর একটি কথা বলতে চাই—সেটা হচ্ছে এই মন্ত্রীমণ্ডলীর হৃদয়হীনতা। কাকদ্বীপ প্রিজনারসরা বহুদিন থেকে জেলে আছে, একথা বহুবার এই হাউসে বলা হয়েছে। তারাও দাবী করেছে, আমরাও অনুরোধ করেছি সরকারের কাছে যে তাদের আলিপুর জেলে এনে রাখা হোক্, তাঁরা বলেছেন আমাদের স্বাস্থ্য খারাপ, আমাদের চিকিৎসা আলিপুরে এনে করা হয়, কিন্তু আলিপুরে রাখা হয় না। অল্প কয়েকজন কনভিক্টর, ৯ জন প্রিজনারস কাকদ্বীপের প্রিজনারকে এক জেলে রাখার প্রশ্ন বহুদিন থেকে উঠেছে; তারাও বহু আবেদন নিবেদন সরকারের কাছে করেছে। তবুও তাদের এক জেলে রাখা হয় না। কাউকে দমদমে, কাউকে মেদিনীপুরে, কাউকে আলিপুরে রাখা হয়েছে। একটা শান্ত পরিবেশে—তাদের জেল জীবন, মন্ত্রীমহাশয় বলতে পারেন, এমন কোন জীবন নয় যে আলাদা করে রাখতে হবে। কেন তাদের এক সঙ্গে রাখা হয় না? এটা আমরা জানতে চাই। পুলিসমন্ত্রী কালীপদবাবুকেও অনুরোধ করেছিলাম। তিনি গেলবার বলেছিলেন—তিনি করবেন, তাদের দরখাস্ত করতে দিন। আর এবার বলেছেন, পুলিসের ডি. আই. জি.-র মত নিয়ে নিন। অর্থাৎ ব্যাপার

হচ্ছে জেলখানায় দশ বছর থাকার পরে রাজনৈতিক বন্দীরা দেখছেন যে পুলিসের ডি. আই. জি.-র মতের যারা এই মন্ত্রীমণ্ডলী এখনো পরিচালিত হয়। আপনারা ক্ষমতায় বসে আছেন, আপনাদের কোন স্বাধীন মতামত নাই? ডি. আই. জি.-ই সব করবে, এর অর্থ কি হৃদয়-হীনতা নয়? এটা একটু চিন্তা করে দেখুন। এগুলি সম্বন্ধে জবাব ডাঃ রায়ের কাছ থেকে শুনতে চাই।

Shri Dasarathi Tah :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে মন্ত্রীমণ্ডলী যে মূল বাজেট উত্থাপন করেন, সেটা তাঁর ভোজনের ব্যবস্থা যদি বলা হয়, তাহলে সাপ্লিমেণ্টারী বাজেট, তার দক্ষিণা।

অধ্যক্ষ মহোদয়, আমার কম সময়ের মধ্যে পুলিশ বাজেট এ্যাডমিনিষ্ট্রেসন্ খাতে যে বরাদ্দ সাপ্লিমেণ্টারী বাজেটে এসেছে, আমি সেই প্রসঙ্গে দৃষ্টি আকর্ষণ করছি মন্ত্রীমণ্ডলীর। সেটা হচ্ছে এই সাপ্লিমেণ্টারী বাজেট আমাদের পিটুনী বাজেট কি না? অর্থাৎ আমরা হাতে কলমে তার কিছু পরিচয় পেলাম গত রবিবার দিন দুর্গাপুর গিয়ে। দুর্গাপুর লৌহ-নগরী, শিল্পনগরী হিসাবে খুব গৌরবের স্থল; সেখানে আমরা গিয়েছিলাম গত রবিবারে। সেই দুর্গাপুর শিল্পনগরীর একটা অংশে, যে জায়গায় সেখানকার স্থানীয় ৯টি গ্রামের অধিবাসীকে উচ্ছেদ করে পশ্চিম বাংলায় যে উদ্বাস্তু আছে, তাদের জন্য পুনর্বাসনের ব্যবস্থা করার কথা—'গোপাল মাঠে' যে পরিকল্পনা হয়েছে; সেখানে আজ পর্যন্ত পাঁচ বছরের মধ্যে সেখানকার পুনর্বাসন সুষ্ঠু হয়নি। এবং যে সব প্রতিশ্রুতি সেখানকার অধিবাসীদের দেওয়া হয়েছিল, তা পালন না করার ফলে তাদের অবস্থা চরমে উঠেছে। তাই সেখানকার অধিবাসীদের দুর্দশা জানাবার জন্য সেখানে একটা সভার আয়োজন করেছিলাম, এবং সেই সভা শান্তিপূর্ণভাবে হবার কথা আশা করেছিলাম। কিন্তু অত্যন্ত আশ্চর্যের বিষয় দেখলাম সেখানে। ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষের মত ব্যক্তি যে সভায় উপস্থিত, সেখানে শান্তিপূর্ণভাবে মিটিং হবে এটা আমরা সকলেই ভেবেছিলাম। কিন্তু, সেই মিটিং আরম্ভ হবার একটু আগে, কোথাও কিছু ব্যবস্থা নেই, হঠাৎ জাতীয় পতাকা হস্তে জন কতক অতি আধুনিক খদ্দরধারী শ্লোগান তুললেন 'আমাদের নেতা আনন্দগোপাল মুখপাধ্যায়'। আমরা বললাম বেশ বাবা, তোমাদের নেতা আনন্দগোপাল মুখপাধ্যায়, তাতে আমাদের কোন আপত্তি নেই। তোমাদের যদি কিছু বলবার থাকে পরে বলো। তারা তখন শ্লোগান দিতে দিতে পেনড়ালের অপর প্রান্তে চলে গেল, এবং সেখানে এমন গণ্ডগোল আরম্ভ করলো ও মিটিংএর অর্গানাইজার মগারাম ঘোষকে ছুরিকাঘাত করা হল, সে রক্তকলেবরে মারা গেল। সেখানে নানা রকম গোলমাল চলতে লাগলো। আমরা বললাম যে দলের হাতে দেশের শাসনভার রয়েছে, সেই কংগ্রেস দলের শ্লোগান নিয়ে এই রকম একটা নিরুপদ্রব, সভায়, যেখানে কোন প্রকার গোলমাল নেই, যেখানে একটি বিশেষ দলের নেতা উপস্থিত হয়েছেন, সেখানে এই রকম করা উচিত নয়। গোলমালের সীমা নেই, সেখানে ডাঃ ঘোষ অনেকক্ষণ দৃঢ়ভাবে অপেক্ষা করলেন, শক্ত হলেন, তারপর জনসাধারণও কিছুটা শক্ত হলেন এবং পুলিশও এসে উপস্থিত হল। কিন্তু সবচেয়ে আশ্চর্যের ব্যাপার আমি সেখানে খোঁজ নিয়ে দেখলাম যাঁরা প্রথমে উপদ্রব করতে এলেন তার মধ্যে একজন হচ্ছেন খদ্দরধারী কনট্রাক্টার শচীকান্ত রায়' আর একজন হচ্ছেন স্থানীয় কংগ্রেস কর্মী রামদাস চাটার্জী। কংগ্রেসী রাজত্বে রামদাসের যে দম্ভ, তা তিনি সেখানে দেখিয়ে এলেন। সেই জিনিষের দিকে বিশেষ ভাবে আমি দৃষ্টি আকর্ষণ করছি। আর একজন হাবুল ঘটক, স্থানীয় লাবণ্য ঘটক তার দাদা, এই কয়জনে মিলে এমন অবস্থা সৃষ্টি করলেন, যা বলবার নয়। আমাদের শান্তিপূর্ণ, নিরুপদ্রব সভাকে পণ্ড করবার জন্য নানা রকম অপচেষ্টা ও গুণ্ডামী করতে লাগলেন। মাননীয় মন্ত্রীমহাশয় এত পয়সা খরচ করে যে দুর্গাপুর শিল্পাঞ্চল গড়ে তুলেছেন, সেখানে অন্য গুণ্ডারা থাকতে পারে, কিন্তু যে দলের হাতে দেশের শাসনভার ন্যস্ত রয়েছে, যে দল আমাদের নেতৃত্ব করে, সেই দলের লোকের নাম নিয়ে

যে ভাবে হট্টগোল সেখানে হয়, সে দিকে বিশেষ দৃষ্টি রাখা উচিত। সেখানকার পুলিশ নিশ্চয় সেখানকার কংগ্রেস নেতাদের ভয় খায়। কারণ, সেখানে যে সমস্ত গুণ্ডা প্রকৃতির লোক সোজা এসে এই রকম উপদ্রব করলো, তাদের গ্রেপ্তার করতে পুলিশ সাহস করেননি। আর একটা ঘটনার প্রতি আমি মাননীয় পুলিশ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে বর্দ্ধমান জেলায় রায়নাপুর থানায় বড়রমপুর ইউনিয়নে অনবরত ডাকাতি হচ্ছে। এমন সপ্তাহ নেই, এমন মাস নেই যে সেখানে ডাকাতি হয় না। সেখানে অভিযোগ হচ্ছে যেখানে ডাকাতি হল, সেখানে চুরি বলে লেখা হয়। এবং আজ পর্য্যন্ত সেখানে কোন উচ্চতর পুলিশ অফিসার উপস্থিত হলেন না। সেখানকার যে প্রেসিডেন্ট, তিনি একজন নামকরা দাগি। তাঁর বন্দুকের লাইসেন্স আছে, এবং এরকম বহু অভিযোগ পাওয়া যাচ্ছে যে সেই জায়গায় ডাকাতরা সেখানে তাঁর কাছে আশ্রয় নিচ্ছে। সুতরাং, সেখানে যাতে নিরাপত্তার ব্যবস্থা হয়, তারজন্য নিশ্চয় ব্যবস্থা করা উচিত। আমি এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই।

[4-20—4-30 p.m.]

Mr. Speaker : Shri Robin Mukherjee.

(At this stage Shri Ananda Gopal Mukhopadhyay stood up.)

Point of personal explanation.

[**Shri Ananda Gopal Mukhopadhyay :** On a point of personal explanation, Sir, মাননীয় দাশরথিবাবু এখন গোপালনগর মাঠের কথা উল্লেখ করে তার সঙ্গে সেখানকার সম্ভ্রান্ত ব্যক্তিদের নাম জড়িত করতে চেয়েছেন। এটা দাশরথিবাবুর একটা অপপ্রচেষ্টা এবং তিনি তাঁর রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করবার জন্য [Noise] আমাকে sentenceটা complete করতে দিন।

Mr. Speaker : আপনার নিজের personal explanation যদি থাকে সেটা বলুন।

Shri Ananda Gopal Mukhopadhyay :

আমার নাম করে বলেছে, সেজন্য personal explanation দেবার আমার right আছে।

[Noise]

আমাকে sentenceটা complete করতে দিন। [Noise]

Shri Sudhir Chandra Ray Chaudhuri : Sir, you have allowed the member to say something. এটা কি হচ্ছে ?

Mr. Speaker : Will you please take your seat ?

Shri Sudhir Chandra Ray Chaudhuri :

দেখুন আমরা খুব ভদ্র ব্যবহার করি আপনার সঙ্গে। যখন দেখি আপনি মাত্রা ছাড়িয়ে যান তখন ডিগ্‌নিটি অফ দি হাউসের জন্য উঠে দাঁড়াতে হয়।

Mr. Speaker : You are committing a great mistake. I must hear what he says.

Shri Sudhir Chandra Ray Chaudhuri :

আনন্দবাবু সব কিছু বলার পর এখন একথা বলছেন।

Dr. Prafulla Chandra Ghosh :

আমি একটা কথা বলতে চাই ৫ মিনিটের জন্য যদি আপনি অনুমতি দেন। ওখানে যে মিটিং হয়েছিল তাতে আনন্দবাবু ছিলেন না, আমরা উপস্থিত ছিলাম। "আমাদের নেতা আনন্দ গোপাল বাবু কি জয়" যে কথা দাশরথিবাবু যে কথা বলেছেন তা সত্য। যেহেতু আনন্দবাবু উপস্থিত ছিলেন না তাই সত্য কি মিথ্যা তিনি তা বলতে পারেন না। দ্বিতীয়তঃ যাঁরা উপস্থিত ছিলেন তাঁদের ব্যক্তিগতভাবে জানি না। জিজ্ঞাসা করে জেনেছি যে ভদ্রলোক লাফালাফি করলেন তার নাম শ্রীশচীকান্ত রায়। তার কথা আমি নিজে জানি। আনন্দবাবু জানেন না, না জেনেই তিনি সাক্ষী দিচ্ছেন, আমি উপস্থিত ছিলাম, জেনে বলছি, নাম লিখে এনেছি। এখন সবটা হাউসকে বিচার করতে বলি।

Shri Robindra Nath Mukhopadhyay :

আমার বক্তৃতার বিশেষ কিছু নাই। আমি গত বাজেটের সময় মন্ত্রীমহাশয় খগেনবাবুকে আমার দুটি কাটমোশনএর জিজ্ঞাসা করেছিলাম। কিন্তু যেহেতু বক্তৃতা করিনি সেইহেতু তিনি জবাব দিতে পারেননি। যাই হোক আমি শুধু তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। ডায়মণ্ড হারবার রোডের কথা। গত কয়েক বছর যাবৎ আলোচনা হয়েছে। একথা বলা হয়েছে যে সেটা স্যাংশন করে টাকা দেওয়া হয়েছে, বাজেটেও দেখছি। কিন্তু সেটা হচ্ছে সাধারণভাবে এবারের বাজেটের সেটা হচ্ছে ঠাকুরপুকুরের ওপাশ থেকে বেহালা প্রপার—রিয়েল কনজেশন যেখানে সেখানে আগে হওয়া দরকার যা নিয়ে প্রচুর আলোচনা হয়েছে।

আমি এর প্রতি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি একথা আগের দিনও বলেছিলাম সুতরাং স্কোপের বাইরে হবে কি করে। এই কে. এফ. রেলওয়ে রোড পুরানো রাস্তা এবং সেদিক দিয়ে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যে এই রাস্তার প্রয়োজনীয়তা আছে। যদিও এটা সেন্ট্রাল গভর্ণমেন্টের তবুও এটা একটা বাংলা দেশের রাস্তা এবং এই রাস্তার একটু সংস্কার করলে একটা ভাল রাস্তা হবার সম্ভাবনা আছে। কিন্তু এই রাস্তার এখন বহু লোক তার বা জায়গা দখল করে নিচ্ছে। আরো দু' একটি রাস্তা যেমন ডায়মণ্ড হারবার রোড তার কতখানি অগ্রগতি হয়েছে। ঐদিকেও আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Rama Shankar Prasad :

मिस्टर स्पीकर सर, जो स्प्लिमेन्ट्री बजट सदन के सामने उपस्थित किया गया है, इसमें माननीय भूपति बाबू का ध्यान उनके द्वारा उपस्थित सप्लीमेन्ट्री की ओर ले जाना चाहता हूँ। वह यह है कि अभी जो सप्लीमेन्ट्री दिखाया गया है, उसके अन्तर्गत ग्रान्सर्ड स्कीम के मुताबिक पैसा नहीं दिया जाता है। लैण्डलेस सीड्यूल्ड ट्राइब्स, और लैण्डलेस पीजेन्ट्स जमीन नहीं पाते बल्कि लैण्ड रिफार्म्स एक्ट के निर्देशानुसार सीड्यूल्ड ट्राइब्स की जमीन और जाति वाले नहीं खरीद सकते। मगर दुख है कि दार्जिलिंग और जलपाईगुड़ी जिला के अन्दर हजार-हजार बीघा जमीन विगत ४ साल के अन्दर वहाँ के दूसरे लोग खरीद लिए हैं। और इसके बारे में रीटेन आब्जेक्शन फाइल करने के बाद भी सरकार ने कोई इन्तजाम नहीं किया। यदि सरकार पक्ष के लोग सबूत चाहते हों तो जलपाईगुड़ी कोर्ट के अन्दर जाकर देखें इसका सबूत मिल जायगा।

[4-30—4-40 p.m.]

दूसरी बात यह है कि मिनिस्टर्स लोग साल में एक बार दार्जिलिंग घूमने अवश्य जाते हैं। डा० राय साहब जब कालिंपोंग गए हुए थे तो उनसे कालिंपोंग हास्पिटल के बारे में कहा गया था। आपके गणतंत्र राज्य में सरकार द्वारा परिचालित कोई गवर्नमेन्ट हास्पीटल यहाँ नहीं है। जबकि ६ हजार रुपया और दो डाक्टर एक लाख पापुलेशन पर मिलना चाहिए। डा० राय से बार२ निवेदन करने पर भी यहाँ कोई सरकारी अस्पताल नहीं बन सका। यहाँ पर एक अस्पताल है मगर वह मिशनरी अस्पताल है। दूसरी बात में गर्ल्स स्कूल के बारे में बोलना चाहता हूँ। दुख की बात है कि आज-तक कालिंपोंग में एक भी गर्ल्स स्कूल गवर्नमेन्ट द्वारा स्थापित नहीं किया गया।

तीसरी बात जिसके संबंध में मैं बोलना चाहता हूँ, वह यह है कि हमारे मंत्री लोग सियालदा स्टेशन होकर वेलियाघट्टा की ओर अवश्य जाते होंगे। कितनी शर्म की बात है कि सड़ी-गली झोपड़ियों में रिफ्यूजी लोग अस्पताल के चतुर्दिक और स्टेशन के आस-पास में निवास करते हैं। १३ वर्ष के कांग्रेसी राज्य में आज-तक रिफ्यूजी समस्या का समाधान नहीं हो सका। देश के अन्दर इस समस्या का बना रहना इस देश के लिए कलंक है। प्रफुल्ल बाबू यहाँ असेम्बली में आकर लम्बी२ बातें करते हैं। इनके लिए लाखों रुपया खर्च किया जाता है परन्तु आज भी रिफ्यूजी सियाल्दा स्टेशन के आस-पास जानवरों की भाँति रहते हैं। यहाँ से लेजाकर कहीं अच्छी जगह पर बसाने के लिए सरकार ने आज तक कोई प्रचेष्टा नहीं की। यदि सरकार द्वारा प्रचेष्टा होती है पुलिसों की संख्या बढ़ाने की और मंत्री लोगों की संख्या बढ़ाने की। परन्तु शरणार्थी समस्या जो बंगाल देश की एक गुरुतर समस्या बन गई है, उसकी ओर सरकार का ध्यान नहीं जाता। सरकार यह नहीं सोचती कि कौन सा उपाय किया जाय जिससे शरणार्थी आदमी की तरह वास कर सकें। यदि रिफ्यूजी लोग किस दुर्दशा में रहते हैं, देखना चाहते हैं तो वेलियाघट्टा मेन रोड से मोटर पर जाँय तो मंत्री लोगों की नजर उनकी दयनीय अवस्था की उपर अवश्य पड़ेगी। लिहाजा रिफ्यूजी मंत्री महोदय से निवेदन करेंगे कि जल्द से जल्द इनको पुनर्वासित करने का इन्तजाम करें।

इसके बाद में विमल बाबू के डिपार्टमेन्ट के बारे में कुछ बोलना चाहता हूँ। कालिंपोंग में एग्रीकल्चर-डभलपमेन्ट एरिया है, वहाँ के लोग टेम्परेरी लीज होल्डर्स ने ज्वाइन्ट पीटीशन गवर्नमेन्ट के पास की। अपनी उचित माँग को सरकार के पास रखा। उन्होंने कहा कि वे खजाना देना चाहते हैं, किन्तु सरकार ने एक्सेप्ट नहीं किया। सरकार इन लोगों के लिए आज-तक कोई इन्तजाम नहीं कर सकी। डभलपमेन्ट एरिया के टेम्परेरी लीज-होल्डरों ने मनि-आर्डर से खाजना भेजा परन्तु गवर्नमेन्ट ने एक्सेप्ट नहीं किया।

गवर्नमेन्ट इनको हटाकर दूसरी जगह ले जानी चाहती है। किन्तु कहाँ ले जायगी कुछ भी मालूम नहीं है। मैंने अपनी पार्टी की तरफ से गवर्नमेन्ट को एक स्कीम दी थी। परन्तु कोई ध्यान नहीं दिया गया। साथ ही गवर्नमेन्ट की ओर से भी कोई कांक्रीट प्रोग्राम नहीं रखा गया। यह पता नहीं चलता कि इस डभलपमेन्ट एरिया के लोगों को ले जाकर कहाँ बसाना चाहते हैं? वृटिश जमाने में भी ऐसी स्कीम होती थी जिसके द्वारा इस एरिया को डभलप करने बात सोची जाती थी। इसी एरिया में हमारे माननीय कांग्रेसी मेम्बर श्री कबीर साहब का भी प्लाट है। इसी डभलपमेन्ट एरिया के ८० परमानेन्ट लीज होल्डों जिसके यहाँ प्लाट्स हैं, गवर्नमेन्ट को रेभन्यू नहीं दे रहे हैं। वे अपने प्लाट्स को सरेण्डर करना चाहते हैं। परन्तु रेभन्यू डिपार्टमेन्ट न तो उससे बकाया खजाना ही वसूल कर रही है, और न तो उसकी तकलीफों को ही देख रही है। बार-बार निवेदन करने पर भी रेभन्यू डिपार्टमेन्ट कोई इन्तजाम नहीं कर सका। कबीर साहब से वहाँ का पोजीशन क्या है पूछ सकते हैं? उनसे वहाँ का इतिहास आप लोग पूछ सकते हैं, वे लोग बता देंगे। जो वर्षों से जमीन खरीदे हैं, वे क्यों छोड़ रहे हैं? लाखों रुपया खर्च करके वहाँ सड़कें बनाई गईं, उस एरिया को डभलप किया गया परन्तु वे इसको क्यों छोड़ रहे हैं, इसका कारण क्या है? किस मनोवृत्ति के कारण, किस मनोभाव के कारण वे अपने प्लाट्स को नहीं रखना चाहते हैं, सरकार पता लगा सकती है। बार-बार आवेदन कर भी सरकार उनकी कठिनाइयों को दूर नहीं कर सकी। न तो कोई उचित इन्तजाम ही कर सकी। टेम्परेरी लीज होल्डर्स खाजाना देना चाहते हैं परन्तु गवर्नमेन्ट लेती नहीं। इसलिए यहाँ के टेनेन्ट्स बहुत दुखी हैं। और लीज होल्डर्स अपने प्लाट्स को गवर्नमेन्ट के पास सरेण्डर करना चाहते हैं। यही कहकर मैं अपना वक्तव्य यहीं समाप्त करना चाहता हूँ।

Shri Satyendra Narayan Mazumdar

মাননীয় স্পীকার মহাশয়, সাপ্লিমেণ্টারী বাজেট সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রথমেই আমি বলব যে, পুলিশমন্ত্রীর কাছ থেকে যে বক্তৃতা শুনলাম তাতে আমার মনে হয় পুলিশ বিভাগের জন্য কিছুই দেওয়া উচিত নয়, কেননা তিনি আমার কলিং এটেনসন নোটিশ এর উপর ভুল খবরই যে শুধু দিয়েছেন তা নয়, গঙ্গারামপুর চা বাগানে করেন মিশনরীরা ট্রেড ইউনিয়ন অ্যাক্টিভিটিতে হস্তক্ষেপ করছেন, আমি এটা বলেছিলাম ; কিন্তু তিনি খবর দিলেন শাহাবাদ চা বাগানের। যাই হোক, তাঁকে এই খবর কে দিয়েছে জানি না—এই বাগানও পুলিশ-প্রভাবান্বিত, সুতরাং তার এটা বুঝেরাং হয়ে গিয়েছে—শাহাবাদ চা বাগানের যে য়ুনিয়ন আছে সেটা কংগ্রেস-দলীয়। যাই হোক, এইরকম যদি সাভডিভিসনাল এডমিনিষ্ট্রেসন হয় তাহলে আমার মনে হয় এক পয়সাও দেওয় উচিত নয়। যাই হোক, এখানে আমার বক্তব্য হচ্ছে, করেন মিশনরী বিশেষ করে অষ্ট্রেলিয়ান মিশনরীরা বিভিন্ন চা বাগানের খ্রীষ্টান শ্রমিকদের ট্রেড ইউনিয়ন-এ যোগদান করা থেকে বিরত থাকার জন্য ভয় দেখায়। আমার কথা হল, ধর্মের নামে ট্রেড ইউনিয়ন থেকে সরিয়ে নিয়ে যাওয়া, ধর্মের নামে তাদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করা এটা গর্হিত সন্দেহ নাই, এছাড়াও এর একটা সিনিসটার সিগনিফিকান্স আছে। তাই আমি শ্রমিক কল্যাণ দিকে লক্ষ্য করে

প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারের প্রতি। এবং শুধু তাই নয়, আমি যে খবর পাচ্ছি— তাঁরা চা-বাগানের সাহেব ম্যানেজারদের ইনফ্লুয়েন্স করে খ্রীষ্টান শ্রমিকদের আলাদা কাজ দিচ্ছে, অখ্রীষ্টান শ্রমিকদের আলাদা কাজ দিচ্ছে এসব। জিনিস চা-বাগান সমূহে চলছে। মিশনারী অ্যাকটিভিটিস থেকে ভারতবর্ষে বিশেষ বিপদের কারণ আছে বলে মধ্যপ্রদেশ গবর্ণমেন্ট মিশনরী অ্যাকটিভিটিস সম্পর্কে তদন্ত করেছিলেন, কেন্দ্রীয় সরকারও এসম্পর্কে খোঁজ করেছিলেন। আজকে এইসব মিশনরীই ট্রাইবাল এরিয়াতে শ্রমিকদের ব্যাপারে হস্তক্ষেপ করছে—তাই আমি দেখতে চেয়েছিলাম এটা বুমেরাং হয়ে গিয়েছে—ঐ রিপোর্ট কে দিয়েছে আমি জানি না, আশা করি কালিপদ বাবু একটু জেনেশুনে বলবেন এরপর থেকে। ট্রেড ইউনিয়ন সম্পর্কে তাঁদেরই রেজলুসন রয়েছে,—দুঃখের বিষয়, ঐ ইউনিয়ন আমাদের পক্ষের ইউনিয়ন নয়, এটা কংগ্রেসের ইউনিয়ন। এটা গুরুত্বপূর্ণ ব্যাপার, এবং বিশেষ করে এটা গবর্ণমেণ্টেরই স্বীকৃত নীতি, তাই কালিপদ বাবু কোন গুরুত্ব না দিয়ে যে ভাবে বলে গেলেন তাতে আমি আরো বেশী করে আশ্চর্য হলাম। কালিপদ বাবু যদি একটু ভাল করে খোঁজখবর নেন তাহলে খুশী হব।

তারপর, আমার বক্তব্য হচ্ছে জেল সম্পর্কে—জেলের বরাদ্দ, সেনিটেশন, জেল হসপিটাল, খাওয়া দাওয়া, কাপড় চোপড়, কয়েদীদের সঙ্গে ব্যবহার ইত্যাদি সবকিছু ব্যাপারে বলার সময় নাই, তবুও ছোট একটা কথা বলব যে, কয়েদীদের সম্পর্কে প্রকৃত মানবিক দেখানোর ব্যাপারে এখনো যথেষ্ট ত্রুটি আছে—এই সম্পর্কে আমি সামান্য একটা দৃষ্টান্ত—শিলিগুড়ি সাবজেলে আমি বেসরকারী পরিদর্শক নিযুক্ত হয়েছিলাম, ওঁরাই আমাকে মনোনীত করেছিলেন—সেখানকার কয়েদী ও বিচারাধীন বন্দীদের চা দেবার জন্য আমি সুপারিশ করেছিলাম—এর জন্য একটা স্পেশাল গ্রাণ্ট করার জন্য বলেছিলাম, কারণ পাহাড়ী অঞ্চলের লোকেরা চা খেতে অভ্যস্ত—দুবেলা সরকারী ব্যয়ে চা দেবার জন্য সুপারিশ করেছিলাম। কিন্তু শেষ পর্য্যন্ত অনেক বলাকওয়ার পরও কিছুই হল না। তারপর গতবছর জুলাই মাসে আমি তাদের অবস্থা পরিদর্শন করতে যাই—তাঁরা বেশীর ভাগ মধ্যবিত্ত ঘরের লোক—তাঁরা বিশেষ করে আমাকে বলেন চায়ের ব্যাপারে একটা কিছু করে দেবার জন্য—তখন আমি মন্ত্রীমহাশয়কে চিঠি লিখি, তিনি তার জবাবও দিয়েছিলেন, কিন্তু জবাবটা দিয়েছিলেন, আমি কি করব, শুধু পাহাড়ী জেলায় দেওয়ার অসুবিধা, আমি হেল্পলেস্। তাঁর কি মানবিক দৃষ্টিভঙ্গী নাই?—আমি বুঝি না তিনি কি করে বল্লেন, শুধু পাহাড়ী জেলার জন্য আমরা কোন বিশেষ বন্দোবস্ত করতে পারব না। তাই আমি জানতে চাই, এর নিয়মটা কি, কি ভাবে তার প্রয়োগ করবেন। শিলিগুড়ির পুরানো জেলে কনজেশন হয় বলে নতুন সাবজেল খোলা হয়েছে, সেখানে যে সমস্ত বিচারাধীন বন্দী আছেন তাঁদেরও নানা রকম অভিযোগ আছে। বেসরকারী পরিদর্শকের টারম ফুরিয়ে গেলে তাঁর আর সেখানে যাবার উপায় নাই—এস. ডি. ও. জানিয়েছিলেন, আবার নতুন করে বেসরকারী পরিদর্শক নিযুক্ত করা হবে—এবার আপনার নামই সুপারিশ করা হয়েছে—তার আগে পর্য্যন্ত যেতে দেবার ব্যবস্থা করা যায় না, তার জন্য অনুমতি দেওয়া যায় না। মন্ত্রী-মহাশয়কে চিঠি দেওয়ার পর তিনিও জানালেন, স্বাভাবিকভাবে চায়ের ব্যবস্থা করা যেতে পারে না।

[4-40—4-50 p.m.]

জেলে বিচারাধীন বন্দী হোক বা অন্য বন্দী হোক তাদের অভিযোগ থাকে, তাদের অভিভাবক যারা তারা এসে অভিযোগ করে। আমি সেখানে শুধু স্থানীয় এম. এল. এ. হিসাবে শুধু নয়, ওঁরা আমাকে বেসরকারী পরিদর্শক নিযুক্ত করেছিলেন। আমি বলেছিলাম যে আবার নূতন করে নিযুক্ত করতে ৩ মাস লেগে যাবে এই সময়ের মধ্যে বিশেষ একটা অনুমতি দিন। কিন্তু সেটা ওঁরা পারেননি। এই হচ্ছে ওঁদের মানবিক দৃষ্টিভঙ্গী। জলপাইগুড়ি জেল সম্বন্ধে আমি অনেক অভিযোগ পেয়েছি। এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে চিঠি লিখেছি

এবং উনি লিখেছিলেন যে তদন্ত করবেন। আমি যে ধরণের অভিযোগ পেয়েছি সেটা সামান্ত স্যানিটেশানের ব্যাপার—যদি সেখানে ব্লিচিং পাউডার একেবারে দেওয়া হয় না, ফিনাইল একেবারে দেওয়া হয় না। এই রকম অনেকগুলি অভিযোগ আমি দিয়েছি। এই সমস্ত জিনিষ একজন লোক সে হঠাৎ কোন একটা ব্যক্তিগত কারণে জেল থেকে বেরিয়ে এসে বলেছিল। আমি যে অভিযোগ পেয়েছি সে সব ব্যক্তিগত নয়, সমস্তগুলো হচ্ছে জেলের কয়েদীদের ব্যাপার। ক্যালকাটা ইউনিভার্সিটির সিনেটের নির্বাচনের ব্যাপারে ইলেকটোরাল রোলের কথা যতীনবাবু বলেছেন, আমিও সেটা আর একবার স্মরণ করিয়ে দিচ্ছি। ট্রাইব্যাল ওয়েলফেয়ারের ব্যাপারে আমি আমার সামান্ত বক্তব্য রাখছি। আদিবাসী যারা তাদের কৃষি জমি কেনার জন্ত টাকা দেবার যে ব্যবস্থা করেছেন সেটা এই সাপ্লিমেণ্টারী বাজেটে দেখান হয়েছে। কিন্তু এই সঙ্গে সঙ্গে আমি বলছি যে যাদের জন্ত এই ব্যবস্থা করা হয়েছে তারা বেশীর ভাগ ক্ষেত্রে জানে না যে তাদের যে যে সুবিধা দেওয়া হবে সেই সুবিধা পর্য্যাপ্ত কি পর্য্যাপ্ত নয়। এই প্রশ্ন আমি আজ আলোচনা করছি না। আমি আজ এই জিনিষটা বলছি যে বেশীর ভাগ ক্ষেত্রে তারা এসম্বন্ধে কোন খবর রাখেন না, কোন কিছু জানেন না বা জানবার কোন উপায় নেই। কেননা, ডিষ্ট্রিক্ট ট্রাইব্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেণ্টকে যদি বলা যায় যে এই সমস্ত জিনিষগুলি আদিবাসীদের জানানোর ব্যবস্থা করুন তাহলে তাঁদের নির্ভর করতে হবে পাবলিসিটি অফিসারের উপরে। এই পাবলিসিটি অফিসারদের অনেক কাজ করতে হয় যেমন মন্ত্রীরা যখন যাবেন তখন তাঁদের সঙ্গে ঘুরতে হবে, মন্ত্রীরা একজিবিশান ওপেন করেন তখন তাঁদের সঙ্গে থাকতে হবে এবং তারপর তাঁরা অন্ত কাজে মনোযোগ দেবেন। কাজেই ট্রাইব্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেণ্টের ব্যাপারে ঐ জিনিষগুলি দেখছি যে তাদের যে সুবিধাগুলি দেওয়া হয় সেসবের প্রচারের কোন ব্যবস্থা নেই। দ্বিতীয়তঃ আদিবাসীদের সুবিধা যখন টাকার দেবার ব্যবস্থা হচ্ছে তখন তাদের ফরম্যালিটিজগুলো কমিয়ে আনা হচ্ছে, কিন্তু গভর্ণমেণ্টের ব্যাপারে দেখা যায় যে সাধারণ মানুষকে ফরমালিটিজ পালন করতে গিয়ে তার জান হয়রাণি হয়। সেজন্ত বলব যে ফরম্যালিটিজগুলো সহজ করা উচিত। শেষ কথা হচ্ছে যে রবীন্দ্ররচনাবলী প্রকাশের ব্যাপারে শিক্ষামন্ত্রী মহাশয় একটা বরাদ্দ রেখেছেন, কিন্তু এ সম্বন্ধে একটা অভিযোগ বারবার আসছে। এই অভিযোগ হচ্ছে যে লোকে ফার্ষ্ট ইনষ্টলমেণ্টের টাকা পাঠিয়েছে সেটার অ্যাকনলেজমেণ্ট এসেছে, কিন্তু তারপর তারা টাকা পাঠায় অ্যাকনলেজমেণ্ট রসিদএর সেল্ফ-অ্যাড্রেসড এনভেলাপ উইথ ষ্টাম্প দিয়ে অথচ তার রসিদ এখনও ফিরে আসছে না যার ফলে তারা ভাবছে যে তাদের টাকাগুলি মারা না যায়। এ সম্বন্ধে ওঁর বলার কি আছে উনি আশা করি বলবেন।

Shri Sunil Das :

মাননীয় স্পীকার মহাশয়, সাপ্লিমেণ্টারী বাজেটের উপর কিছু না বলে আমি যে সমস্ত কাটমোসন দিয়েছি তার উপরেই দু-একটা কথা বলব। প্রথমে আমি গ্র্যাণ্ট নম্বর ৮-তে আমার যে কাটমোসন রয়েছে—অর্থাৎ ১১ এবং ১২—সেই দুটোর উপরেই কিছু বলব। স্যার, সাপ্লিমেণ্টারী বাজেটের উপর এই কাটমোসনগুলো দেবার কোন প্রয়োজনই হোত না যদি জেনারেল বাজেট ডিসকাসনএর সময় এই গ্রাণ্টে যে কাটমোসন দেওয়া হয়েছে সে সম্পর্কে মন্ত্রীমহাশয় কোন জবাব দিতেন। তবে যেহেতু এগুলি খুব গুরুত্বপূর্ণ কাটমোসন এবং মন্ত্রীমহাশয়ও তার কোন জবাব দেননি সেইহেতু পুনরায় ২।১টি কাটমোসন আমাকে সাপ্লিমেণ্টারী বাজেটে দিতে হয়েছে। যাহোক, আমার প্রথম কাটমোসনে আমি ইসলামপুরের কথা বলেছি যে এই অঞ্চল যখন বিহারে ছিল তখন সেখানে কি পরিমাণ ওয়েষ্ট ল্যাণ্ড ছিল তার পরিমাণ আমাদের জানা নেই এবং যেহেতু সেখানে কোন সেটেলমেণ্ট অফিসার নেই সেইহেতু তার পরিমাণ ১ হাজার একর কি ১০ হাজার একর তা আমরা বুঝতে পারছি না। তবে সরকারী খরচে সেই ওয়েষ্ট ল্যাণ্ড রিক্লেমড হয়েছে এবং রিক্লামেসনেরী সময় একটা সর্ত ছিল যে একটা নির্দ্দিষ্ট সময়ের জন্ত এটা সরকারের হাতে থাকবে। কিন্তু তারপর সেই ওয়েষ্ট ল্যাণ্ড যা রিক্লেমড হোল তার কি হবে সে সম্পর্কে সুনির্দিষ্ট ভাবে কোন বক্তব্য আইনে আছে বলে যদিও মনে হয় না তবে শুনছি যে এটা ১০ বছরের জন্ত সরকার নিয়েছিলেন এবং সেই সময়টা ১৯৬১-৬২ সালে উত্তীর্ণ হবে। কাজেই এ সম্পর্কে বাস্তব অবস্থা

কি সেটা আমাদের জানান এবং সুস্পষ্টভাবে এও জানান যে, এটা যদি সত্য হয়ে থাকে তাহলে এই সময় উত্তীর্ণ হবার পর এটা কি আবার সেই জমিদার জোতদারদের হাতে বর্তাবে, না সরকার আইন সংশোধন করে সেই রিক্লেমড জমি তাঁদের দখলে রাখবার ব্যবস্থা করবেন ? তারপর ভূমি সম্পর্কিত যে সব জটিল সমস্যা রয়েছে সেগুলো দ্রুত সমাধানের জন্য আমরা এই হাউসে বারবার বলেছি। কিন্তু...

Mr. Speaker : Mr. Das, you placed this cut motion in the general budget.

Shri Sunil Das : Not in the same language but in a different language.

Mr. Speaker : You know one cut motion cannot be repeated. It cannot be done. It was disposed of by the House.

Shri Sunil Das : I know it, but to circumvent the rules the language has not been the same.

Mr. Speaker : All right, carry on.

Shri Sunil Das :

তারপর ২নং কাটমোশনে আমি একটি বিশেষ ঘটনার কথা উল্লেখ করে বলেছি যে, জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি আমগুড়ি মৌজায় গিরিন বসুনিয়া নামে এক জোতদার রেকর্ডেড ভাগচাষীদের কাছ থেকে ১৩৬২ থেকে ১৩৬৬ সাল পর্যন্ত কম্পেনসেসন নিয়েছে এবং কম্পেন্সেসন নেবার পর বছর ২ পর্যন্ত জোতদার তার নিজের অংশ রসিদ দিয়ে নিতেন। কিন্তু তারপর পাট, ধান যা জন্মেছে তা জোর করে দখল করে নিয়েছে এবং তার কারণস্বরূপ বলছে যে আমি জমি ভেষ্ট করিনি, কিন্তু যে ভাগচাষী এই জমির জন্য কম্পেন্সেসন দিল এবং এই জমিতে ফসল উৎপন্ন করল সে যে আজ তার পূর্ণ সুযোগ গ্রহণ করতে পারছে না বা তা থেকে তাকে বঞ্চিত করা হচ্ছে তার জন্য সরকারের কাছ থেকে সে কোন রিলিফ পাচ্ছে না। স্যার, এ ধরণের নানা অবিচারের দৃষ্টান্ত এই হাউসের সামনে অনেকবার রাখা সত্ত্বেও সরকার সেগুলোর সমাধানের চেষ্টা না করে বা কিছু না বলে পাশ কাটিয়ে গেছেন এবং যার ফলে ভূমির সম্পর্ক আজ এত তীব্র এবং তিক্ত হয়ে উঠেছে এবং সরকারের ভূমি সংক্রান্ত নীতিই এই সমস্যার জন্য দায়ী।

[4-50—5-20 p m.]

এরপর মাননীয় স্পীকার মহাশয়, গ্রান্ট নাম্বার ৩-তে আমার যে কাটমোশান রয়েছে তাতে আমি এক্সাইজ অফিসারদের যে সমস্ত পার্টি স্মাগলারস ধরতে যায় তাদের আর্মস দেওয়া সম্পর্কে সরকারের কি ব্যবস্থা আছে সেটা জানতে চেয়েছি। সরকারের কোন ব্যবস্থা নেই যার ফলে মুরারি ঘোষাল, সাব-ইন্সপেক্টর, কিছুদিন পূর্বে নিহত হয়েছিলেন। এই বিষয়ে পুলিশ-মন্ত্রীর কাছে প্রশ্ন করেছিলাম, তিনি দায়িত্ব অস্বীকার করেছেন যে এ সম্বন্ধে আমার কোন বক্তব্য নেই কেননা এটা আমার বিভাগের নয়। আজকে এই বিভাগের যিনি ভারপ্রাপ্ত মন্ত্রী তাঁর কাছ থেকে আমরা জবাব চাই যে ডেঞ্জারাস স্মাগলারদের যখন গ্রেপ্তার করতে যাওয়া হবে তখন অফিসারদের সরকারী ব্যয়ে অস্ত্র সরবরাহ করবার কোন সিদ্ধান্ত গ্রহণ করেছেন কিনা ? এরপর আমি জেনারেল এ্যাডমিনিস্ট্রেশান, গ্রান্ট নং ১৪এ আমার যে ১৬ নম্বর কাটমোশান আছে সে সম্পর্কে বলছি। কলকাতা এবং অন্যান্য কোন কোন অঞ্চলে ইলেকটোরাল রোলের ইনটেন্সিভ রিভিসান হচ্ছে। ইনটেনসিভ রিভিসানের

ফলে ভোটারদের এনরোলমেণ্ট হওয়া উচিত ছিল। কিন্তু সেই ধরণের এনরোলমেণ্ট হচ্ছে না বলে আমার ধারণা। আমি আমার এলাকায় রাসবিহারী এ্যাভিনু কেন্দ্রের বহু জায়গায় খোঁজ নিয়ে দেখেছি যে অনেকে তাদের বাড়ীতে সরকার পক্ষ থেকে ইলেকটোরাল রোলে নাম লিখবার জন্য ভারপ্রাপ্ত কর্মচারী গেছেন কিনা বলতে পারেননি। আমার বক্তব্য হল সরকারের ইলেকটোরাল ডিপার্টমেণ্ট, হোম (কন্‌ষ্টিটিউসান) ডিপার্টমেণ্ট একটা প্রোগ্রাম এ সম্বন্ধে করে দেবেন কিনা এবং সেই প্রোগ্রাম অনুযায়ী প্রত্যেক এলাকার বিধানসভার সদস্যদের তাঁরা জানিয়ে দেবেন কিনা যে এই ৭ দিন এই অঞ্চলে তাঁরা রিভিসান করবেন। এই ব্যবস্থা যদি করেন তাহলে বিধানসভার সদস্যরা তাঁদের অঞ্চলের নাগরিকদের সচেতন ও সতর্ক করে দিতে পারেন এবং তাঁদের অঞ্চলে যাতে ভালভাবে রিভিসান হয় সেজন্য তাঁরা সহায়তা করতে পারেন, প্রত্যেক প্রাপ্তবয়স্কের নাম যাতে ভাল করে তালিকাভুক্ত হয় তার জন্য চেষ্টা করতে পারেন। আমার মনে হয় সরকারের প্রচারের অভাবে রিভিসানের প্রচেষ্টা সম্পূর্ণ ব্যর্থ হয়ে যাবে এবং সেটার সম্পর্কে পাবলিসিটি সেক্রেটারী সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। যেমন দেখা যায় জুলাই মাসে প্রিলিমিনারী রোলে বহু নাম বাদ গেছে। আমার এলাকার বহু রাস্তায় বহু বাড়ীতে নাম বাদ গেছে, তাঁদের বাড়ীতে নাম লিখবার জন্য কোন কর্মচারী গেছেন কিনা তাঁরা জানেন না। সুতরাং এখনও সময় আছে—বোধ হয় গতকাল শ্রী পি. কে. বোস, ডেপুটি সেক্রেটারী, প্রেসের সামনে তাঁর একটা বক্তব্য দেখেছি যে এপ্রিল মাসের প্রথম সপ্তাহে এই রিভিসান শেষ হয়ে যাবে। আমি সরকারকে অনুরোধ করব যে তাঁরা অন্ততঃ যদি এই এই এলাকার এই রাস্তায় ইনটেন্‌সিভ রিভিসান হয়েছে, এই রাস্তায় বাকি আছে, এই রাস্তায় অমুক সপ্তাহের অমুক দিন হবে এইভাবে প্রোগ্রাম ছাপিয়ে বিধানসভার সদস্যদের জানিয়ে দেন তাহলে তাঁরা প্রাপ্তবয়স্ক ভোটাধিকারীদের সচেতন করে তালিকাভুক্ত করতে পারেন। মিঃ স্পীকার, স্যার, পুলিশ খাতে আমি যে তথ্য কাটমোশানে দিয়েছি এতে দৃষ্টান্তস্বরূপ কাঁচড়াপাড়ার একটা ঘটনার কথা বলেছি। কাঁচড়াপাড়ায় দীর্ঘদিন যাবৎ সমাজবিরোধী কাজ চলছে এবং সেখানে গুণ্ডা রাজত্ব চলছে। আমার মনে হয় সেখানে পুলিশ গুণ্ডাদের অত্যাচারের সামনে হয় নিজেদের অসহায় বোধ করেন, না হয়, তাদের সঙ্গে কোন যোগসাজস রয়েছে। এখানকার রিক্সা মজদুর ইউনিয়নের সেক্রেটারী শ্রীকানু গাঙ্গুলীর উপর গত মার্চ মাসের শেষ দিকে আক্রমণ হয়েছে প্রকাশ্য দিবালোকে। একবার তাকে জোর করে গুণ্ডারা ছিনিয়ে নিয়ে গিয়েছিল। পুলিশের পক্ষ থেকে নাগরিকদের মনে নিরাপত্তাবোধ জাগাবার চেষ্টা কি হয়েছে জানি না। আমার মনে হয় নাগরিকদের মনে কোন রকম নিরাপত্তা বোধ নেই। কাঁচড়াপাড়া মনে হয় বাংলাদেশের বাইরে, সেখানে একটা অরাজকতার রাজত্ব চলেছে। এডুকেশান গ্রাণ্টে আমি কলেজ কোডের কথা বলেছি। কলেজ কোড চ্যান্সেলার এখনও এ্যাপ্রুভ করেন না। কলেজ কোড স্যাংকসান করতে বিলম্ব হচ্ছে কেন সে সম্পর্কে আশা করি শিক্ষামন্ত্রী মহাশয় জানাবেন।

[At this stage the House was adjourned for 25 minutes]

[5-20—5-30 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya : Sir, the demand made under the head "47—Land Revenue" has received the general support of the honourable members of the Opposition because the expenditure is necessary for larger expenditure on the repairs of embankments in the Sundarban area. The works in connection with the repairs and maintenance of the embankments in the Sundarban area are done by the Irrigation and Waterways Department. For the current financial year expenditure is being borne by the Land and Land Revenue Department. From the next financial

year, you will be pleased to note, the expenditure will be borne by the Irrigation and Waterways Department.

With regard to the cut motions, most of them have been disallowed. I need not reply to them except the cut motion of Shri Sunil Das, No. 11. With regard to this cut motion, I am only to submit that under the present law the Government is bound to restore lands to the tenants in the Islampur subdivision, and until ceiling is enforced in this area, the lands referred to by Shri Sunil Das, cannot be regarded as surplus lands. But, of course, I must say with all the emphasis that I can command that ceiling is an integral part of the land reform programme undertaken by the Government.

Sir, I have nothing more to add.

There was a bridge across the Raman River connecting Singla Bazar in the district of Darjeeling and Naya Bazar in Western Sikkim It is reported by the Deputy Commissioner, Darjeeling, that the bridge was constructed by the Sikkim Durbar at the cost of the Durbar and with the contribution made from the Darjeeling Improvement Fund, Darjeeling, with no future commitment. The bridge was also maintained by the Sikkim Durbar, necessary cost being borne sometimes by the Durbar and sometimes by the Darjeeling. Improvement Fund, Darjeeling. It was reported that the bridge was damaged by heavy rain on the 9th July, 1959, when the decking of the bridge gave way due to the fall of a big tree on it.

This bridge, it is reported, was of benefit to the people of Singla Bazar and the surrounding Tea Estates in Darjeeling It may be stated that this bridge is not the only link between West Bengal and Sikkim and there are other alternative routes.

Representations for the reconstruction of the bridge were received by the Deputy Commissioner, Darjeeling, from the local people. Commissioner, Presidency Division after due consideration of full facts of the case, has recommended that the matter of reconstruction of this bridge may be taken up with the Sikkim Durbar. Public works Department have accepted this recommendation and propose to act upon it

Message.

Secretary (Shri A. R. Mukherjea): Sir the following Message has been received from the West Bengal Legislative Council, namely :—

Message

The West Bengal Appropriation Bill, 1961, was considered by the West Bengal Legislative council at its meeting held on the 24th March, 1961, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make.

Calcutta,
The 24th March, 1961.

Suniti Kumar Chatterji
Chairman,
West Bengal Legislative Council."

Government Bills

The Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1961.

The Hon'ble Prafulla Chandra Sen: Sir I beg to introduce the Rehebilitation of Displaced persons and Eviction of persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1961.

(Secretary then read the title of the Bill).

The Hon'ble Prafulla Chandra Sen: Sir I beg to move that the Rehabilitation of Displaced persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1961, be taken into consideration.

আমার এই বিলের যে সংশোধনী তা খুব ছোট্ট। আমি তাতে এই কথা বলেছি এই বিলের আয়ু মেয়াদ আরো কিছুদিন বাড়িয়ে দেওয়া হোক্। অর্থাৎ ৩১ শে মার্চ, ১৯৬১ সালে এর আয়ু শেষ হতে চলেছিল। সেটা আমরা বাড়িয়ে ১৯৬৪ সালের ৩১শে মার্চ্চ পর্যন্ত এর আয়ু বৃদ্ধি করছি।

অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এই বিলের উদ্ভব কি করে হয়েছে। ১৯৫০ সালে বিশেষ করে আমাদের এখানে যখন পূর্ব পাকিস্তান থেকে অনেক আশ্রয় প্রার্থী ভাই বোনেরা আসেন, তখন তাঁরা বাধ্য হয়ে অনেক জমি, অনেক বাড়ী, জবর দখল বলে বে-আইনী করে দখল করেছিল। তারপর আমাদের কাছে বাড়ীর ও জমির মালিকরা এসে বললেন আমরা কোথায় যাব? কেন? না, অনেক মুসলমানের বাড়ী তখন অধিকৃত হয়েছিল। ১৯৫০ সালে যে গোলযোগ হয়েছিল, যে সমস্ত সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গাম হয়েছিল, তাতে করে অনেক মুসলমান ভাইবোনেরা বাড়ী ছেড়ে চলে গিয়েছিল তখন তাদের ঘর দুয়োর এই আশ্রয়প্রার্থীরা দখল করেছিল। তারা আবার অনেকের পতিত জমিও দখল করেছিল, বাগান, বাগান বাড়ী ইত্যাদি ও অনেকে দখল করেছিল। সেইজন্য ১৯৫১ সালে আমরা একটি আইন আনি। তার প্রধান উদ্দেশ্য ছিল, তখন মালিকদের কি করে এই সব জায়গা জমি ঘর ইত্যাদি ফিরিয়ে দেওয়া যায়। সেই সময় মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নিশ্চয়ই স্মরণ আছে—আমাদের বিভিন্ন দলের সদস্যদের নিয়ে একটি সম্মেলন হয় এবং আমরা আপোষ আলোচনা করে ঠিক করি শুধু মালিককে কি করে তাদের জমি বাড়ী প্রত্যর্পন করা হবে, ফিরিয়ে দেওয়া যাবে। আর যে সমস্ত আশ্রয়প্রার্থীরা সে সব জবর দখল করেছে, তাদের কি করে Protection দিতে পারি, রক্ষা করতে পারি। তখন এই বিলের নামকরণ বদলে গেল, তাদের eviction এর সঙ্গে এসে যুক্ত হল আশ্রয়প্রার্থীদের rehabilitation কি করে দেওয়া যেতে পারে।

যখন মোটামুটি metamorphosis হয়ে গেল, তখন আমরা ঠিক করলাম কিছু দিনের মধ্যে এমন ব্যবস্থা অবলম্বন করতে পারবো যাতে আমরা জবর দখলকারীদের alternative accommiodation করে দেবো এবং বাড়ীর মালিকদের গৃহ ও জমি প্রত্যর্পন করতে পারবো। কিন্তু সেটা সম্ভব হয়নি। এবং এরজন্য প্রত্যেক জেলাতে ডিষ্ট্রিক্ট জজ্‌কে competent authority করা হয় এবং কলকাতা ও ২৪পরগণার জন্য একজন বিশেষ কম্‌পিটেন্ট অথারিটি নিয়োগ করা হয়। কারণ, কলিকাতা ও ২৪ পরগণা থেকে ৪৪৬১টি আবেদন পেয়েছি। হাওড়াতে ৭৬৭ টি, এবং অন্যান্য জেলায় হুগলী, নদীয়া, বর্দ্ধমান, বাঁকুড়া, এই সব জায়গায় সামান্য কয়েকটা ছিল। এই সমস্ত জেলায় কাজ শেষ হয়ে গিয়েছে। বাঁকুড়া, বর্দ্ধমান, হুগলী, নদীয়া জেলার কাজ কম্‌পিটেন্ট অথারিটি শেষ করেছেন। কিন্তু কলকাতায় এবং হাওড়ায় কাজ শেষ করা সম্ভব হয়নি। এই জন্যই আমরা সর্বক্ষেত্রে alternative accommodation দিতে

পারিনি। তার মানে হচ্ছে, আমরা যে জমি তাদের offer করিনি, তা নয়। আমরা বলেছিলাম তোমরা জমি পাবে, কিন্তু কলকাতা থেকে একটু দূরে পাবে। তাঁরা বললেন আমরা কলকাতায় থেকে কোন রকমে রোজগার করে খাচ্ছি, আমাদের যদি দূরে জমি দেন তাহলে আমাদের পুনর্বাসন হবে না। আমাদের জমি নেই বাড়ী নেই, কিন্তু আমরা এখানে থেকে কোনরকম ভাবে উপার্জন করে জীবনধারণ করছি। সেই জন্য বহু চেষ্টা করেও আমরা এই কাজটা সম্পূর্ণ করতে পারিনি, তা অসম্পূর্ণ আছে। এখন সম্প্রতি যিনি পুনর্বাসনমন্ত্রী কেন্দ্রের খান্না সাহেব এবং আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় ও আমি, সকলে মিলে এসম্বন্ধে একটা আলোচনা করি এবং সেই আলোচনায় এটা ঠিক হয় যে সমস্ত জবরদখল বাড়ী ও জমি আমরা ভাল করে survey করবো। মালিকের সেখানে জমির দাম কত হতে পারে, বাড়ীর দাম কত হতে পারে এবং যে সকল পরিবার যেখানে squat করে, জবর দখল করে বসে আছে, সেখানে তাদের বসবাস করিয়ে রাখতে পারি কিনা, এই সমস্তগুলি ভাল করে বিবেচনা করে দেখবো। অবশ্য এখানে প্রশ্ন হতে পারে কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রনালয়, তাঁরা সমস্ত মূল্য দিতে রাজী হবেন না। কারণ তাঁদের একটা ceiling আছে ধার্য্য করা. তার চেয়ে বেশী মূল্য দিতে তাঁরা রাজী হবেন না। তাই আমরা বলেছি, তাঁরা যতটা দেবেন দিন। বাকীটা আমরা যে slum clearance scheme এর টাকা আছে, তা থেকে নিয়ে ম্যানেজ করবো কাজে কাজেই নূতন একটা জিনিষ উদ্ভব হয়েছে, এবং তারজন্য নূতন একটা সিদ্ধান্ত গ্রহণ করেছি। এবং সেই সিদ্ধান্ত কার্য্যকরী করতে পারবো কখন ! যখন আমরা আরও একটু সময় পাবো।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি হাউসের কাছে এই জন্য এসেছি যে, আমাদের আরও কিছুদিন সময় দেওয়া হোক। এই সময়টা বাড়িয়ে দেওয়া হলে পর আমরা এই সমস্ত কাজগুলি সুসম্পন্ন করতে পারবো। যেখানে ওঁরা আছেন, তাঁদের অধিকাংশকেই সেখানে রেখে দিতে পারবো; এবং আমি ও বাড়ীগুলি কিনে নিতে পারবো; এবং যারা মালিক, তাদেরও কোন অসুবিধা হবে না। ৯।১০।১১।১২ বছর ধরে এই সমস্ত মালিকরা বঞ্চিত হয়ে রয়েছেন, অনেকে নিজেদের—ঘর, বাড়ী ছেড়ে চলে গিয়েছেন, তাঁরা ফিরে আসতে পারছেন না। অনেকের মূল্যবান জমি দখল করে রাখায় তাদের খুব কষ্ট হচ্ছে। আমরা সেইজন্য সময়ের মেয়াদ বাড়িয়ে দিতে চাই। এতে যাঁরা আশ্রয় প্রার্থী আছেন তাঁরা protection পাবেন আরও কয়েক বছরের জন্য, যতদিন পর্য্যন্ত তাঁদের সুব্যবস্থা না হয়, এবং যারা মালিক আছেন, তাঁদের জমিগুলিও তাঁবাদি হয়ে যাবে না।

[2-40—2-50 p. m.]

এদের ১০।১১ বছর হয়ে গেল—১২।১৩। ১৪ বছর যদি মালিকের জমি দখল করে থাকে তো মালিকের বিপদ। উভয় দলকে রক্ষা করবার জন্য protection দেবার জন্য এ বিলের মিয়াদ বাড়িয়ে দেওয়া উচিত। এটা খুব সামান্য জিনিষ যদিও বিরোধী দলের বন্ধুরা সংশোধনী প্রস্তাব দিয়েছেন। এই সংশোধনীর অধিকাংশই circulationএর জন্য বাড়ীটা—সামান্য একটা জিনিষ। এটা পাশ করতে বেশী সময় লাগা উচিত নয়, ঘণ্টাখানেকের মধ্যেই হতে পারে, এর জন্য ৩ ঘণ্টা ৩৷৷০ ঘণ্টা লাগা উচিত নয়। বোধ হয় শ্রীগনেশ ঘোষেরও এই মত।

Shri Jyoti Basu: এই যে মামলাগুলি হয়ে আছে, এই Decreeগুলির কি হবে।

The Hon'ble Prafulla Chandra Sen: এই decree গুলি তো compensation এর টাকার জন্য। এখন তো এটা হচ্ছে protection এর জন্য, eviction করতে

পারবে না। Competent Authority একটা rent ধার্য্য করেছে তাদের তো সেই Compensation দিতেই হবে। আমাদের এই যে আইন এর সঙ্গে তার কোন সম্পর্ক নাই। মাননীয় সদস্যরা দেখবে। জ্যোতিবাবুও নিশ্চয়ই দেখেছেন এই যে Compensation এটা তো দিতেই হবে, কেন না—মালিকের বাড়ী কিংবা জমি দখল করে থাকলাম আর তার Compensation দেব না এটা হতে পারে না, এ জিনিষ এর মধ্যে আসে না।

. **Mr. Speaker:** Amendments to the motions Nos. 1, 2 and 3 are out of order. Amendments Nos. 4-6, 7, 8 and 9 are technically correct I accept these amendments and they are taken as moved.

Shri Niranjan Sengupta: Sir, I beg to move that the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendments) Bill, 1961, be circulated for the purpose of eliciting opinion thereon by the 29th March, 1961.

Shri Suhrid Mallick Chowdhury: Sir, I beg to move that the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1961, be circulated for tbe purpose of ef eliciting opinion thereon by the 28th of March, 1961

Shri Samir Mukhopadhyay: Sir. I beg to move that the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill. 1961, be circulated for the purpose of eliciting opinion thereon by the 27th of March, 1961.

মাননীয় স্পীকার স্যার, আমি মূল কথাগুলিই বলবো। এই যে Act এটা পাশ করা হয়েছিল ১৯৫১ সালে। এই Act এর উদ্দেশ্য ছিল যে ৩ বছরের মধ্যে এই সমস্ত জবর দখল করে যারা কোন বাড়ীতে বা জমিতে আছে তাদের alternative Rehabilitation এর ব্যবস্থা করা, কিন্তু এই Act ১৯৫৪ সালে ১ বছরের জন্য extend করা হল, ১৯৫৫ সালে দুবছর extend করা হল এবং ১৯৫৮ সালে ৩ বছর করা হল। ১৯৬১ সালে আবার ৩ বছর করতে হচ্ছে। এ সমস্ত থেকে অন্ততঃ বুঝা উচিত যে উদ্দেশ্য আইনটা করা হয়েছিল সে উদ্দেশ্য পূর্ণ হয় নি। সুতরাং একটা thorough renew করা উচিত ছিল। তা না করে দেখছি বছর বছর Act টাকে বাড়িয়ে চলেছেন এতে আইনের যে অন্যতম উদ্দেশ্য alternative rehabilitation এতে সেটা নাকচ—হয়ে যাচ্ছে। এই Act এর Provision অনুযায়ী সেটা জ্যোতিবাবুও জিজ্ঞাস করলেন compensation এবং Eviction এর ব্যাপারে ঘটে থাকে। আজকে ১৯৫১ সালের Act টাকে ১৯৬১ সালে দাঁড়িয়ে বলতে হচ্ছে আরও ৩ বছর extend করতে হবে। Act এ প্রথমে যে উদ্দেশ্য ছিল ৩ বছরের মধ্যে কাজটা complete করা সেটা হয়নি তাই ১৯৬১ সালেও Squatters familyর উপর certificate করতে হচ্ছে এবং তারা eject হয়ে যাচ্ছে। প্রফুল্লবাবু জানেন বরানগরে কয়েকটি family কে এরূপ eject করা হয়েছে এবং পাইকপাড়ার অসংখ্য লোকের উপর notice দেওয় হয়েছে eject করার জন্য।

এখন এটা ভেবে দেখুন—তারা কি করে rehabililation পাচ্ছে, কারণ তাদের compensation দেবার ক্ষমতা নেই। এই compensation তাদের ঘাড়ে পড়ছে যেহেতু Government র এই Act fail করেছে। কারণ যদি ৩ বৎসরের মধ্যে এই কাজটা করে দিতেন তাহলে এই compensation র বোঝা তাদের ঘাড়ে পড়তো না। Government র এই বোঝা তাদের প্রতিটি family র উপর এসে পড়ছে এই

compensationর জন্য। আজকে এই refugeeদের provision হতে পারতো কিন্তু Government সে ব্যাপারটা চেপে যাচ্ছেন। এখন এখানে Government ৫৩ সালে নিজেই স্বীকার করেছিলেন যে এই Squatters Colonyগুলিকে আমরা regularise করবো। ১৯৫৩ সালে সেই স্বীকৃতি দিয়েছিলেন কিন্তু আজ এই ১৯৬১ সাল, এখন পর্য্যন্ত এই regulariseর কাজ শেষ হয়নি। এটা আশ্চর্য্য ব্যাপার, এই regularisation র কাজ এত delay হচ্ছে কেন তার কোন explanation এখানে দেননি ১৯৫৭ সালে যখন এর amendment হল এখন ১৯৫৭ সালে একটা figure দিয়েছিলেন তাতে দেখছি—Government র হিসাবে বলেছেন, 89 Squatters colony regularise হয়েছে; 50 under operation, 8 not to be regularised. এই ছিল 1957 এর position। আর 1960 তে Government যে হিসাব দিয়েছেন তাতে দেখছি লেখা আছে,—Central Governmentর হিসাব - 90 Squatters colony regularised. অর্থাৎ 1957 এ হল 89 আর 1960 তে হল 90 এবং এই বৎসর খান্না সাহেবের দপ্তর আমাদের কাছে যে তথ্য দিয়েছে তাতে upto March 1961 95 regularised হবে। এই যদি rate of progress হয় তাহলে আমার বিশ্বাস আজীবন এই Act extend করে চললেও এই জিনিষের Solution হবে না। on the other hand এই compensation এর জন্য যেভাবে certificate জারী করা হচ্ছে সেটা ভীষণ ব্যাপার যারা যে শুধু political purpose এ compensation দেয় না তা নয়, তাড়া দেবে কি করে। Government এই family গুলিকে কোন Camp এ রাখেনি, তাদের dole দেয়নি, এই colony Government র কাছে কোন benefit নেয়নি, আপনারা তাদের কোন house building loan দেয় নি, আপনারা শুধু বলেছেন alternative accomodation র ব্যবস্থা করবো। কিন্তু তারা Government র উপর burden হয় নি। তারা নিজেরা আজকে জলাজমি যা পড়েছিল। সেই সমস্ত জমি জবরদখল করে, উন্নত করে বসতি স্থাপন করেছে, তারপর Government র ব্যর্থতার জন্য আজকে তাদের উপর certificate compensationর rate যা ধরা হচ্ছে তা developed land র দাম অনুসারে। যারা জমি জবর দখল করে, পতিত, জলা, জমি develop করলো, তাদের উপর আজকে developed land র দাম ধরা হচ্ছে। Government তাদের Act অনুযায়ী জমির মালিককে তোষণ করার ব্যবস্থা করছেন। Government এই Act এ করছেন 1946 এর acquisition price এর অনেক বেশী দাম তাঁরা নিচ্ছেন। এখানে কতকগুলি plot র কথা বলছি যে সেখানে কিভাবে দাম পড়েছে। আমার কাছে একটা chart আছে। টালিগঞ্জে বৈষ্ণব ঘাটি-তে plot No. ১৬৪, transaction হয়েছে ১২ কাঠা জমি ৩৯১০ টাকা total price, rate of cotta ৩২৫ টাকা plot No. ৩৭৯ এ ৫৫ কাঠা জমি transaction হয়েছে ২৬৮ টাকা কাঠা এইভাবে ৬০নং, ৭৪ নং ৪৫নং plot বিক্রি হয়েছে। ৬০ নং plot এ ১৬০, টাকা বিক্রি হয়েছে। সব চেয়ে highest price দেখছি ৭৪ নং plot এ ৩৪৩ টাকা কাঠা। এখানে তাহলে যে সব paddy field আছে তার গড়ে দাম পড়লো কাঠা ১৫৭ টাকা।

[2-50—3 p. m]

অথচ Government land acquire করলেন প্রতি ৪৭০ টাকা করে এবং এটা squatters colony গুলির উপর loan হিসাবে charged হল। সুতরাং ১৯৫৭ সালের জায়গায় তারা price দিলেন ৩ গুণ, দাম বাড়িয়ে দিলেন, অর্থাৎ মালিকদের সুবেভাতে তোষণ করার বন্দোবস্ত করছেন। এই সমস্ত squatters colony কিভাবে গড়ে উঠেছিল? বাস্তুহারাকে এজন্য জীবন দিতে হয়েছে এবং শেষপর্য্যন্ত আন্দোলনের চাপে Government স্বীকার করেছিলেন তারা

squatters colony গুলি তারা regularise করবেন। The whole purpose of the Act হচ্ছে এই সমস্ত বাস্তহারাদের rehabilitation এর সুযোগ না দিয়ে কি করে জমির মালিকদের টাকা পাইয়ে দেওয়া যায়। যারা এই জমিগুলি develop করেছে টাকা পয়সা খরচ করে পরিশ্রম দিয়ে তাদের তৈরী করা এই সব জমির জন্য আজকে মালিকেরা competent authorityর মাধ্যমে একটা high rate এ compensation দাবী করছে। এই নিয়ে Assembly তে কয়েকবার প্রশ্ন তোলা হয়েছে এবং ডাঃ রায় বলেছিলেন এই ব্যাপারটা বিবেচনা করবেন এবং এজন্যে ডাঃ রায়ের ঘরে একটা conferenceও ডাকা হয়েছিল—সেই conference এ জ্যোতিবাবু, হেমন্ত বাবু ডাঃ ব্যানার্জি উপস্থিত ছিলেন আমিও উপস্থিত ছিলাম তখন ডাঃ রায় এই assurance দিয়েছিলেন compensation এর ব্যাপারটা বিবেচনা করে দেখবেন। কিন্তু কিছুই করা হল না। এখন large number plot holders দের উপর certificate আসতে আরম্ভ করেছে, এবং কি করে জমির মালিকদের compensation এর টাকা পাইয়ে দেওয়া যায় তার চেষ্টা চলছে এবং compensation এর offensive large scale এ এই সমস্ত মানুষের উপর শুরু হবে। আজকে rehabilitation এর basic problem হচ্ছে কি করে squatters colonyর squatter house এর বাসিন্দাদের কি করে life এ rehabilitate করে দেওয়া যায়। কিন্তু আজকে আইন দেখিয়ে প্রফুল্লবাবু বলছেন compensation দিতে হবে, সুতরাং তার জন্য যদি আবার এইসব মানুষ বাস্তুচ্যুত হয় তাহলে তার দায়িত্ব তাদের থাকবে না। এই যদি হয় তাহলে সমাধান কিছুই হল না। Police এর সঙ্গে clash হবে, আন্দোলন হবে, নতুন করে resistance সৃষ্টি হবে এবং আপনারা তাদের ডাণ্ডা পিটিয়ে খুন করবেন। এই Act এর ভিতর জমির মালিকদের guarantee দিচ্ছেন এবং squatter colony র বাস্তহারাদের ডাণ্ডা দিয়ে পিটিয়ে তাড়িয়ে দেবার ব্যবস্থা করছেন। তাহলে পর আবার Government এর বিরুদ্ধে মিলিতভাবে প্রতিরোধের জন্য প্রস্তুত হতে হবে। বরাবর আমরা বলেছিলাম আমাদের বক্তব্যগুলি একটু বিবেচনা করে দেখবেন এবং compensation ব্যাপারটার একটা ফয়সালা করে ফেলুন এবং যত তাড়াতাড়ি পারেন squatters colony গুলি regularise করার ব্যবস্থা করুন। কিন্তু আজকে বাস্তহারাদের definition restrict করে দিয়ে rehabilitation এর কাজটা খুব difficult করে দেওয়া হয়েছে। এবং আর একটা কথা, যারা ১৯৫০ সনের পরে এসেছে তাদের দেওয়া হবেনা। এবং আপনারা যেসব দলিলপত্র চাচ্ছেন সে সব দলিলপত্র দেওয়া সম্ভব নয়। compensation এর ব্যাপারে Government এরই জিম্মা নেওয়া উচিৎ এবং এই আইনটা আরো liberalise করা দরকার। এগুলি যদি আপনারা করতেন তাহলে আমরা বলতে পারতাম আপনারা এই problem solution এর জন্য চেষ্টা করছেন। কিন্তু বার বৎসর পরেও এখন আপনারা বলছেন এই বাড়ী ও জমিগুলির উপর certificate করবেন। সুতরাং আজকে এমন একটা অবস্থায় এনে তাদের হাজির করেছেন যাতে আমরা এই intension এ কিছুতেই সম্মতি দিতে পারিব না। তা সত্ত্বেও আমি আমার amendment এ ১০ বৎসর time দিতে চেয়েছি যেহেতু আজকে যদি এই আইনটা lapse করে করে যায় তাহলে যাদের protection পাওয়া দরকার আছে যেসমস্ত জমির regularisation এখনো হয়নি, তাদের উপর double compensation এবং ejection এর order আসবে। সেজন্য আমি এক বৎসর দিতে রাজী আছি। এই একবৎসরের ভিতর সমস্ত জিনিষ complete করতে হবে। তা না হলে জেনে রাখুন আবার একটা প্রচণ্ড বিরোধ সৃষ্ট হবে। আপনারা যদি সত্যই এর solution চান তাহলে এই Act এভাবে বজায় না রেখে এর মধ্যে compensation এর provision রয়েছে তার একটা ফয়সালার ব্যবস্থা করতে

হবে—এবং সমস্ত restriction তুলে দিয়ে Squatters collonyর Squatters house ও জমি regularise করে তাঁদের স্বত্ব দেবার ব্যবস্থা করুন, এটা যদি না করেন তাহলে যে প্রচণ্ড সংগ্রাম হবে কেউ তা ঠেকাতে পারবে না।

Shri Haridas Mitra : মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে Act এসেছে তা আলোচনা করতে গিয়ে এর পটভূমিকার কথা আমার মনে পড়েছে। প্রফুল্লবাবু তার বক্তৃতায় বললেন যে ১৯৬০ সালে দাঙ্গার সময় লক্ষ লক্ষ ছিন্নমূল বাংলাদেশে এসেছিল পাকিস্থান থেকে। তখন সরকারের কোন plan ছিল না, কোন pragramme ছিল না। আমরা জানি সরকার সে সময় নিস্ক্রিয়। এবং এই নিস্ক্রিয় থাকার ফলে বাস্তুহারারা শিয়ালদহ ষ্টেসনে এবং বিভিন্ন জায়গায় তারা বসেছিল এবং তারা নিজেদের চেষ্টায় নিজেদের পরিশ্রমে তারা অনেকগুলি উপনিবেশ গড়ে তুলেছিল কোন রকম সরকারের সাহায্য না নিয়ে। কিন্তু বড় বড় জমিদাররা তারা এই সমস্ত বাস্তুহারাদের উপরে জুলুম অত্যাচার চালিয়েছিল এবং সরকার এই সমস্ত জমিদার লালালকা, আর ডাওয়ালকাদের agent হিসাবেই কাজ করেছিল। কিন্তু এই সমস্ত বাস্তুহারাদের সাব ৪জ ছিল অটুট তারা এই সমস্ত বাধা বিপত্তি অগ্রাহ্য করে উপনিবেশগুলি গড়ে তুলেছিল এবং আমরা দেখেছি এই উপনিবেশগুলি আজ কৃষ্টি ও সাংস্কৃতিক লীলভূমিতে পরিণত হয়েছে।

[3—3-10 p. m.]

নূতন পরিবেশের মধ্যে নূতন ভাবে বাঁচবার তারা চেষ্টা করছে। আমার মনে আছে সেই সময়—অর্থাৎ ১৯৫০-৫১ সালে যে বিরাট গণ আন্দোলন গড়ে উঠেছিল সেই আন্দোলনে ডাঃ সুরেশ ব্যানার্জি নেতৃত্ব গ্রহণ করেছিলেন। সেই দুর্বার অবরোধ আন্দোলন দেখে বর্ত্তমান কংগ্রেস সরকার সেদিন মাথা নীচু করেছিলেন। এই গণআন্দোলনের চাপে সেদিন তাদের ভাবতে হয়েছিল এই রিফ্যুজিদের কিছু কিছু প্রোটেকশন দেওয়া দরকার। সেজন্য এদের জন্য প্রোটেকশানের কথা হল এবং এ বিষয় বহু প্রচার পত্র কংগ্রেসের তরফ থেকে করা হল। অর্পনপত্র সম্বন্ধে বহু কথা বলা হয়েছে। আমি এসেম্বলীতে বহুবার আলোচনা করে দেখিয়েছি যে প্রতিটা কলোনীতে কটা প্লট আছে এবং কটাকে অর্পনপত্র দেওয়া হয়েছে। আপনাদের আইনের প্ল্যান বহুদিন থেকে আসছে কিন্তু টালিগঞ্জ অঞ্চলে আজপর্য্যন্ত এ বিষয়ে আমরা কিছুই দেখছি না। অথচ দেশের লোকের সামনে বর্ত্তমান কংগ্রেস সরকার এমন একটা পোজ করছেন যে সমস্ত কলোনী রেগুলারাইজ হয়ে গেছে, স্কুল কলেজ তৈরী হয়েছে। অর্থাৎ সমস্ত জায়গায় নূতন সাংস্কৃতিক পেছনে তার যে কোন সরকার এসে দাঁড়িয়েছেন এবং এই পোজ দিয়ে তাঁরা দেশের মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। আমরা দেখলাম ১৯৫১ সালে যেটুকু সুযোগ সুবিধা এই আইনের মারফৎ উদ্বাস্তু আন্দোলনের ফলে সরকারকে দিতে হয়েছিল, ১৯৫৭ এই আইন যখন এমেণ্ড করা হয় তখন সেই সমস্ত সুযোগ সুবিধা তাদের বন্ধ করে দেওয়া হল। আমার আজও ১৯৫৭ সালের ১০ই জুলায়ের কথা মনে আছে। উদ্বাস্তুরা সেদিন বিধানসভার দিকে অভিযান চালিয়েছিল হাজার হাজার উদ্বাস্তু মানুষ সেদিন বিধানসভার বাহিরে দাঁড়িয়েছিল। তাদের ক্ষোভে ও গর্জনে সেদিন ২ বার করে বিধানসভার অধিবেশন বন্ধ রাখতে হয়েছিল। বিধানসভা বন্ধ রেখে সন্ত্রস্ত ও ভীত ডাঃ রায় সেদিন আমরা যখন উদ্বাস্তুদের সঙ্গে থাকি তাঁদের ডেকে পাঠিয়েছিলেন তাঁর ঘরে এবং আমাদের সঙ্গে হাউস য়্যাডজোর্ণ করে আলোচনা করেছিল এবং তখন ডাঃ রায় আমাদের বলেছিলেন প্রফুল্লবাবু ও বিমলবাবু সেই সময় উপস্থিত ছিলেন যে য়্যামেণ্ডমেণ্ট করেছি সেটার ইম্‌প্লিমেণ্টেশনের বেলায় আমরা কড়াকড়ি করবনা ও এই রকম করে আমরা উদ্বাস্তুদের ক্ষতি করবনা। কিন্তু বিগত দিনের সমস্ত প্রতিশ্রুতিকে মুছে ফেলে

দিয়ে তাঁরা আজকে নিষ্ঠুরতা চালাচ্ছেন। কম্পেনসেসানের কথা বলেছিলেন যে নমিন্যাল একটা করা হবে। আমি ২১১টা কম্পেনসেশানের কেস নং এর টাকার এমাউন্ট আপনাদের সামনে হাজির করছি। টালিগঞ্জের সূর্যনগর কলোনীর শ্রীছায়া সেনগুপ্তের উপর, কেস নং ৩৪১১।৫১, অর্ডার নং ২০৩, হুকুম হল ১-১-৫০ সালে। ৮-১-৫৫ সাল পর্যন্ত ১৩১৮ ৩৪ নঃ পঃ তাঁকে কম্পেনসেসান দিতে হবে চম্পকলাল মোহনলালকে—তাঁর জমি হচ্ছে পৌনে ৩ কাঠা। ৮-১-৬১ সাল পর্যন্ত সেই টাকা করেছিলেন ১৩৮ টাকা ৫ বৎসরের জন্য এবং আরও ৬ বছরের জন্য কনসিডারেসান হল এখানে কম্পেনসেসান আর কনসিডারেশান মিলিয়ে ২১৫০ টাকা দিতে হচ্ছে। কিন্তু আসলে সেই জমির দাম সরকার ঠিক করেছেন highest ceiling price—১৮৭৩ এর কম্পেনসেসান নিয়ে তাঁর দাঁড়াচ্ছে ২৯০০ টাকার উপর। তারপর আর একটি কেস শ্রীঅমর রায় ঐ কলোনীতে থাকেন কেস নং ৩৪১১।৫১ তাঁকে ঐ চম্পকলাল মোহনলালকে টাকা দিতে হবে ২০০২ টাকা up to Feb. 1961 ঐ কম্পেনসেসান ও কনসিডারেসান মিলিয়ে। শ্রীকুঞ্জবিহারী রায়কে ঐ কেসে ২০০২ টাকা দিতে হবে। অবনী সরকার, ঐ কলোনীর কেস নং ৩৪১১।৫১, ঐ চম্পকলাল মোহনলালকে ২০০২ টাকা দিতে হবে। খুদীগোপাল পানকেও ঐ একই কম্পেনসেসান দিতে হবে। অথচ এদের প্রত্যেকের জমির highest ceiling হচ্ছে ১৮৭১ টাকা।

২০০০ টাকার উপরে কম্পেনসেসন দেওয়া মানে ঢাকের দায়ে মনসা বিক্রি হওয়া। স্যার, গত নভেম্বর মাসে নেতাজী নগরে প্রায় ১০০০টি কম্পেনসেসনের কাজ হয়েছে এবং সেই মামলায় উদ্বাস্তুদের তরফ থেকে অ্যাপিলিয়েট কোর্টে হাজির হয়ে আমি যে আর্গুমেন্ট করেছিলাম তাতে দেখেছি যতগুলো কম্পেনসেসনের কেস হচ্ছে তাতে একমাত্র টালিগঞ্জের নেতাজী নগরেই কম্পেনসেসন্ বাবদ ১ লক্ষ ১১ হাজার টাকা পাওনা হয়েছে এবং এই টাকার জন্য এখন পুলিশী হামলা চলছে। যদিও আমাদের এ্যাসিউরেন্স দেওয়া হয়েছিল যে এখন আর পুলিশ দিয়ে হামলা করা হবেনা। কিন্তু ডিসেম্বর মাসে দেখেছি যে জমিদার এবং পুলিশ একসঙ্গে মিলে আজাদ গড় কলোনীতে কম্পেসেসনের টাকা আদায় করতে গেছে। তবে আমি সেখানে হাজির হয়ে দেখেছি যে উদ্বাস্তুদের এমনই অবস্থা যে ঘটি বাটি, কাথা কম্বল প্রভৃতি বিক্রি করলেও তাদের এক একজনের কাছ থেকে ১০ টাকাও আদায় করা যাবে না এবং যার জন্যই পুলিশ বলেছিল যে এঁদের কাছ থেকে কি আর নেব—এযে দেখছি কিছুই নেই। অথচ এঁদের এক একজনের উপরেই ৪৫০।৫০০।৭০০।৮০০ টাকা পর্যন্ত কম্পেনসেসন দাবী করা হয়েছে। স্যার, এবারে আমি ১৯৫৭ সালে যখন এই বিলের অ্যামেণ্ডমেন্ট পাশ হয় তখন বিমলবাবু এই কম্পেনসেসন সম্বন্ধে যে বক্তৃতা দিয়েছিলেন তার কিছুটা অংশ ১২.৭.৫৭ তারিখের ষ্টেটস্‌ম্যান কাগজ থেকে আপনার সামনে পড়ে শোনাচ্ছি। অর্থাৎ সেখানে বলা হয়েছে Shri Bimal Chandra Sinha announced that the Chief Minister was consulting the centre on the question of giving financial assistance to those refugee squatters who were unable to pay compensatton. কাজেই কম্পেনসেসন সম্বন্ধে যখন বিমলবাবু ৪ বছর আগে একথা বলে গেছেন তখন এই ৪ বছর পর সরকার এই কম্পেনসেসন সম্বন্ধে কি বলতে চান সেটা আমাদের শোনা দরকার। তবে ওটা যদি আপনাদের মনের কথা হয়ে থাকে তাহলে এখন পুলিশ নিয়ে গিয়ে সেখানে হামলা করছেন কেন! কাজেই আমার মনে হয় সেদিন যখন উদ্বাস্তুরা বিধান সভা আক্রমণ করেছিল তখন তাদের প্রচণ্ড বিক্ষোভ এবং হামলা দেখে ভয় পেয়ে আপনারা এই অসত্য উক্তি করেছিলেন এবং তাই আজ তাদের জন্য অন্যরকম ব্যবস্থা করছেন। তবে এখানে একটা কথা বলতে চাই যে, আজ যদি কম্পেনসেসনের দায়ে উদ্বাস্তুদের উচ্ছেদ হতে হয় তাহলে তারা যখন পতিত জমি উদ্ধার করে পয়সা খরচ করে রাস্তাঘাট এবং নগর গড়ে তুলেছে তখন সরকার তাদের কি কম্পেনসেসন দেবেন? সেটা বলুন। স্যার, এঁরা আজ জমিদারদের কম্পেনসেসন দেবার জন্য ব্যস্ত হয়ে পড়েছেন, কিন্তু আমার প্রশ্ন হচ্ছে উদ্বাস্তুরা এইসব জমির জন্য এবং অন্যান্য

কাজের জন্য যে টাকা খরচ করেছে তারজন্য তাদের কম্পেনসেসন দেবেন কিনা সেটা বলুন। বিমলবাবু বলেছেন যে কম্পেনসেসনের ব্যাপারে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করছেন, কিন্তু আমার কথা হচ্ছে কম্পেনসেসনের সমস্ত দায়িত্ব হচ্ছে কেন্দ্রীয় সরকারের। যাহোক, এখন কথা হোল টালিগঞ্জ মিউনিসিপ্যালিটিকে যদি এষ্টেট অ্যাকুইজিসন এর মধ্যে রাখতেন তাহলে আজকের দিনে এই লায়লকা, ভাঙ্গর এবং পোদ্দার প্রভৃতিরা কম্পেনসেসন নেবার সুবিধা পেতনা, অথবা কলোনী হবার সঙ্গে সঙ্গে যদি অর্ডিন্যান্স জারী করে সেগুলো এ্যাকোয়ার করবার ব্যবস্থা করতেন তাহলে এই বিপুল পরিমাণ কম্পেনসেসনের ভার তাদের ঘাড়ে আসত না। স্যার, আমি আজাদগড় কলোনীতে দেখেছি যে তাদের ঘটি বাটি, ঘরের টিন, জানালা কপাট প্রভৃতি বিক্রি হচ্ছে এবং তারপর তাদের ধরে নিয়ে সিভিল জেলে জেল খাটান হচ্ছে। এই হচ্ছে উদ্বাস্তুদের অবস্থা, অথচ গতবারে ১৯৫৭ সালের আমেণ্ডমেণ্ট অনুসারে বলেছিলেন যে পাবলিক ডিমাণ্ড রিকভারি এ্যাক্ট অনুসারে এঁদের কাছ থেকে টাকা আদায় করা হবে।

[3-10—3-20]

সরকারের টাকা লায়লকা, ভাওয়ালকা, পোদ্দার Public Demands Recovery Act অনুযায়ী আদায় করবে কোন অধিকারে? আপনারা ল্যাণ্ড স্পেকুলেটর দালালি যদি করেন—তাহলে আপনারা একমাত্র এই কাজ করতে পারেন, তাহলে আপনারা সর্বহারা মানুষদের কথা বলতেন না। একথা বলা আপনাদের সাজে না। স্যার, কম্পেনসেসান সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করছি আগে যিনি কম্পিটেণ্ট অথরিটি ছিলেন শৈলেন সেনগুপ্ত মহাশয় তিনি বিমলবাবুর প্রফুল্লবাবুর ডজন সেক্রেটারিকে তা নিয়ে চিঠি লিখেছিলেন। সেই চিঠিতে তিনি পরিষ্কার একথা লিখেছিলেন যে এইভাবে কম্পেনসেসান চালু করলে উদ্বাস্তুরা সম্পূর্ণরূপে আবার গৃহহীন হয়ে যাবে। সেই চিঠি আপনারা এখানে হাজির করুন। কমপিটেণ্ট অথরিটির চিঠি আমরা শুনতে চাই। স্যার, আর একটা কথা অত্যন্ত জরুরী বলে মনে করি। কম্পেনসেসন ছাড়া এই বিলে আর একটা ধারা আছে যে ধারা হচ্ছে কনসিডারেসান। আমি প্রফুল্লবাবুর দৃষ্টি এই বিষয়ে আকর্ষণ করি। আমি কোন সেকসান সম্বন্ধে আলোচনা করছিনা কেবল কনসিডারেসানের সেকসান ৪ সম্বন্ধে কিছু বলতে চাই। কম্পেনসেসান হচ্ছে যেদিন থেকে এরা জমি দখল করবে, মনে করুন ১৯৫০ সালে ১লা জানুয়ারী যদি কেউ জমি দখল করে আর ১৯৫৫ সালে কম্পিটেণ্ট অথরিটি যদি রায় দেন তাহলে ১৯৫০ সালের জানুয়ারী থেকে ১৯৫৫ সালের জানুয়ারী পর্য্যন্ত যে টাকাটা ধার্য্য হবে সেই টাকার নাম হল কম্পেনসেসান। ১৯৫৫ সালে যত রায় দিয়ে দেওয়া হচ্ছে—তারপর হতে আজ পর্য্যন্ত যে টাকা ধার্য হচ্ছে তার নাম কনসিডারেসান। এই বিলেতে মন্ত্রী মহাশয় যেটা বলেছেন রিফিউজিদের প্রোটেকসান দেওয়া যদি তার উদ্দেশ্য হয় তাহলে কনসিডারেসানের টাকা না দেওয়ার ফলে এক একজনের কনসিডারেসানের হাজার হাজার টাকা জমেছে এবং সেই কনসিডারেসানের টাকা না দেওয়ার ফলে আজকে বহু পরিবার উচ্ছেদ হয়ে যাচ্ছে। গত বিলেতে যেটা ছিল, কমপিটেণ্ট অথরিটির হাতে সেটা স্টেট গভর্ণমেণ্ট থেকে নিয়ে নিয়েছেন। আমি মাননীয় স্পীকার মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে কলকাতা এবং ২৪ পরগণায় ৪ হাজার ৪শো ৬১ টাকা কেস জমা হয়ে আছে এবং কেসগুলিতে লক্ষ লক্ষ ফ্যামিলি ইনভেন্ডর হচ্ছে এবং লক্ষ লক্ষ টাকা তাদের দেয় বলে সরকার দাবি করছেন। ১৯৫৭ সালে যখন এ্যামেণ্ডমেণ্ট হয়েছিল মন্ত্রী মহাশয়ের নিশ্চয়ই মনে আছে, তিনি তখন এখানে দাঁড়িয়ে বলেছিলেন আমি Statesman থেকে বলছি Mr P. C. Sen the Rehabilitatiou Minist r said there was no cause for apprebension that the squatter, would be evicted. এবং আজকে আমরা দেখতে পাচ্ছি কারা কারা এভিকটেড হয়েছে এবং কি জন্য এভিকটেড হয়েছে এবং এখানে বলা সত্ত্বেও এই এভিকসনগুলি বন্ধ হয়নি।

The Hon'ble Prafulla Chandra Sen : There has been no eviction for unauthorised occupation.

Shri Haridas Mitra : *But for nonpayment of consideration money* that is also within the Bill.

The Hon'ble Prafulla Chandra Sen : I am not aware of any such eviction.

Shri Haridas Mitra : আমি বলছি যে কনসিডারেসানের টাকা না দেওয়ার ফলে কমপিটেন্ট অথরিটি যে ইণ্টারপ্রিটেসান করছেন তার ফলে যে পরিবার আজকে উচ্ছেদ হয়ে গেছে তাদের নাম Subal Chandra Saha and others, Calcutta five families case no 1831/51 তারপর Manindra Mitra and other 9 families Nahati, case No 1831/51। এই দুটোতে অন্ততঃ ১৪টা কনসিডারেশনের টাকা না দিতে পারার জন্য আজকে উচ্ছেদ হয়ে গেছে।

এ্যাকুজিকিউটিভ ডিক্রী, এভিকসনের ডিগ্রী যাদের বিরুদ্ধে রয়েছে পুলিশ দুদিন সেখানে যাওয়া আসা করছে এবং আমি তাদের কেস নম্বর এবং ঠিকানাও বলে দিতে পারি। হেরম্ব সেন, ১৯টা ফেমেলী এক জায়গায় আছে, কেস নং ১৪৪।৫১ এখানে হয়ে গেছে এভিকসন। রাখাল সাহা এণ্ড ব্রাদার্স কেস নং ৫৭।৫৩ ১৬ টা ফেমেলী রয়েছে। মহেন্দ্র ভৌমিক, ২৫টা ফেমেলী আছে। কেস নং ১৩০।৬০ সমস্ত টু বি এভিকটেড। এদের কাছে পুলিশ হামলা করছে। বিজয় ভূষণ দাসগুপ্ত ৯ ফেমেলীজ এভিকসন কেস নং ৮৬।৬০ আপনি প্রত্যেকটা খোঁজ নিয়ে দেখবেন। এখানে আপনি বলেছেন এভিকসনের মামলায়। আমি যে ১৪টা ফেমৌ বল্লাম তারা এভিকটেড বা এভিকটেড ঘুরে বেড়াচ্ছে এবং এত ফ্যামিলী এভিকসনের সামনে এসে তিনি বলেছেন স্যার, আমি আগে একবার বলেছিলাম, আবার বলছি যে ১৯৫৬ সালে শংকর মিত্র মহাশয় যখন মন্ত্রী ছিলেন তখন তার ১৪২৯৮ রেফারেন্স১৬-৮-৫৬ সালে একটা সার্কুলার দিয়াছিলেন সেই সার্কুলারে তিনি বলেছেন যে সমস্ত কলোনী ইত্যাদি প্রোসেস অব রেগুলারাইজেশন।

[At this stage the red light. was lit.]

স্যার, আমাকে একটু সময় দিতে হবে।

Mr. Speaker : আপনার টাইম হয়ে গেছে আপনি বসুন।

Shri Haridas Mittra : স্যার আমি এমন যায়গা থেকে এসেছি যেখানে ১৪৭টা কলোনীর মধ্যে ৮০টা কলোনী আছে। যাহোক এতে আমরা দেখতে পাচ্ছি টালিগঞ্জে শান্তিনগর কলোনিতে সেখানে ডেপুটী মিনিষ্টার কাজেম আলী মির্জা সাহেবের জমি থেকে উচ্ছেদের ব্যবস্থা হল—অনেকদিন আগে ফেব্রুয়ারী মাসের ২১শে তারিখে সেখানে কোর্টের পিয়াদা গিয়া সেই ব্যবস্থা করেছেন। যদিও গভর্ণমেণ্টর ১৯৫৬ সালের সার্কুলার রয়েছে ইনদি প্রোশেসন অব রেগুলারাইজেসন কলোনি ২টি উচ্ছেদ করা যায় না কিন্তু সেখানে দেড় ঘণ্টার মধ্যে কনষ্ট্যাণ্ট অথোরিটি উচ্ছেদের নোটিশ সহি করেছিলেন। ১২টায় নোটিশ দিলেন, ১॥০ টার মধ্যে চলে গেল।

[At this stage the Speaker having reached time limit resumed his seat.]।

Shri Apurba Lal Majumdar মাননীয় স্পীকার মহাশয়, যে সংশোধনী বিল আমাদের কাছে এসেছে সেই বিল সম্পর্কে প্রথমে আমাকে মন্তব্য করতে হয় যে ১৯৪৮ সালে, যখন মন্ত্রী বিমল সিংহ মহাশয় এই বিল উত্থাপন করেছিলেন তখন তিনি এই হাউসে আশ্বাস দিয়েছিলেন যে তাদের মধ্যে কম্পিটেন্ট কোর্টের বা এই আইনের

আর প্রয়োজন হবে না। এর মধ্যে এই সমস্যার সমাধান করে দেবেন। ৩ বছর পরে প্রফুল্ল সেন মহাশয় আবার আবার নূতন করে যে সংশোধনী বিল আনলেন তাতে তিনি বলছেন যে আমাকে আরো তিন বছর সময় দেওয়া হোক্। এর মধ্যে আমরা এই সমস্যার সমাধান করে দেব। যাহোক আমি আপনার মাধ্যমে মাননীয় প্রফুল্ল সেন মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে কয়েকটা কথা বলতে চাই যে, এই আইনের বাংলাদেশের উদ্বাস্তু সমস্যার অতি নগণ্য একটা অংশের উপর তার হাত প্রসারিত হতে পারে। যেমন ধরুন পশ্চিমবাংলায় এই আইনের আওতায় আসে বড় জোর ৪০০০ মামলা,—এর বেশী নয়।

[3-20—3-30 p. m.]

হাওড়া জেলার কথা আমি বলছি, গভর্ণমেণ্টের তরফ থেকে যে কেসগুলি করা হয়েছিল—, হাওড়ার রেষ্ট ক্যাম্প সম্পর্কিতগুলো বাদ দিয়ে, হিসেব করে দেখেছি ১৮৫টা মামলা competent কোর্টে খালি করা হয়েছে। তার মানে আটশো ফ্যামিলী তার মধ্যে involved. আমি সরাসরি মিষ্টার সেনকে প্রশ্ন করতে চাই—কারণ তিনি উদ্বাস্তু দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী—এই যে আট শো পরিবার in all maximum, ১৯৫১ সালে যখন এই আইন পাস হলো, আর আজ ১৯৬১ সালে এই দশ বছরের মধ্যে আট শো পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা তিনি করতে পারলেন না কেন? কোথায় তার বাধা সৃষ্টি হলো? তিনি তাঁর প্রারম্ভিক বক্তৃতায় বললেন এই আইন এই জন্য তৈরী হয়েছে যে এতে বাড়ীওয়ালাদেরও উদ্বাস্তুদের সুবিধা হবে। আমি তাঁকে জিজ্ঞাসা করি—মুসলমান বাড়ীওয়ালা ও উদ্বাস্তুরা মিলিত ভাবে যে প্রস্তাব দিয়েছে, তৎসত্ত্বেও এই আট শো ফ্যামিলীকে হাওড়া জেলায় পুনর্বাসনের ব্যবস্থা করতে পারেননি কেন? তার কারণ কি? আমি মিঃ সেনের দৃষ্টি আকর্ষণ করে আর একটি কথা বলবো। গত দশ বছরের মধ্যে মধ্যে কত লোককে তিন কাঠা করে জমি দিয়েছেন? হাওড়ার আশেপাশে সহরতলি এলাকায়? ১৯৬০ সাল পর্যন্ত হিসেবে দেখা যায়—২২০০ লোককে হাওড়ার আশেপাশের কলোনীতে তিন কাঠা করে Land ও House Building Loan দিয়েছিলেন। এই ২২০০ লোককে হাওড়ার আশেপাশে দিতে পারলেন, আর ৮০০ লোকের পুনর্বাসন হ'ল না। যারা মুসলমানদের বাড়ীতে আছে উদ্বাস্তু, যারা কাজ করবার করে খাচ্ছে, সহরাঞ্চলে ও শিল্পাঞ্চলে তাদের একটা ব্যবস্থা হতো, কিন্তু তিনি তা না করে কেন এই সমস্যাকে জিইয়ে রাখছেন? একদিকে মুসলমান বাড়ীওয়ালা, আর একদিকে উদ্বাস্তু এদের নিয়ে খেলছেন কেন? এর পরিষ্কার জবাব আমি দাবী করছি। যেহেতু তিনি উদ্বাস্তু দপ্তরের মন্ত্রী, সেদিক থেকে ও সরাসরি তাঁর কাছ থেকে এর উত্তর আশা করছি।

যখন ১৯৫০ সালে আইন করেছিলেন, তখন তিনি এই সহজ পদ্ধতি নিয়েছিলেন—যাতে উদ্বাস্তুরা সেই জমি থেকে উচ্ছেদ হয়, তার জন্য Section ৩তে মামলা দায়ের করা হয়। আর Section 4 তারা protection পাবে। বুঝলাম। এখন কি section-3 চালু আছে—যা কোর্টে enforce করা যায়! সকলে নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন—এই section ও এখন enforce করা চলে না। অর্থাৎ নূতন করে আর এই আইন উদ্বাস্তুকে protection দিতে পারে না। এই উদ্বাস্তুদের এখন টাইটেল স্যুট করে উচ্ছেদ করা হচ্ছে। আর এঁরা এই আইন বাঁচিয়ে রাখছেন! কাদের স্বার্থে? নিশ্চয়ই মালিকদের স্বার্থে—। যাতে compensation এর টাকা আদায় করা যায়, তারজন্য ঐ Section 4 বাঁচিয়ে রাখছেন, Section-3'র অপমৃত্যু ঘটিয়ে দিয়ে। আর আগে ছিল—এ Section-3 তে, চার পাঁচ বছর হলো এই ব্যবস্থা হয়েছে

Competent Court এ কোন নুতন মামলা দায়ের করা চলে না, কোন উদ্বাস্তু তার দ্বারা আর protection পেতে পারেনা। এই আইন উত্থাপন করেও এরা বিচারকের কাছে কোন protection পায় না। কারণ তিনি স্পষ্ট বলে দেন Section-3 র legal force গভর্ণমেণ্ট থেকে বন্ধ করে দিয়েছে। এই আইনটা চালু আছে—যে কয়টি কেস পাঁচ বছর আগে—হয়ে গেছে—, এদের রায় চালু হয়ে গেছে—, শুধু সেই মামলার রায়কে কার্য্যকরী করবার জন্য এই আইন বাঁচিয়ে রাখছেন। তার মানে বাংলাদেশের কয়েক হাজার মাত্র পরিবার—চার হাজার সাড়ে চার হাজার বা এমনি সংখ্যক পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা আপনি গত দশ বছরের মধ্যে করতে পারেন নি। তারজন্য আবার আপনি মেয়াদ বৃদ্ধির সময় চাচ্ছেন তিন বছর। এখন প্রশ্ন হচ্ছে এই Rehabilitation Deptt. কেন্দ্রীয় সরকার তুলে দিচ্ছেন, তাতে আপনারাও একমত যে এই Rehabilitation Deptt. বাঁচিয়ে রাখবেন না। যদি তাই হয়, তবে এই আইনের জীবনীশক্তিকে আরো তিন বছর টেনে দিয়ে—উদ্বাস্তু সমস্যাকে আরো তিন বছরের জন্য বাঁচিয়ে বা জিইয়ে রাখছেন। গত দশ বছরে যদি তাদের পুনর্বাসনের ব্যবস্থা না করতে পেরে থাকেন, তবে তিন বছর ঐ আইনকে বাঁচিয়ে রেখে কি করবেন? এর একমাত্র পথ খুলে দিচ্ছেন যে পথ দিয়ে উদ্বাস্তুদের সর্বনাশের চেষ্টা করবেন।

একমাত্র পথ খোলা আছে, যে পথ দিয়ে উদ্বাস্তুর সর্বাঙ্গীন চেষ্টা করবেন সেটা হল consideration, Section 4 এ কি বলে! তারা থাকতে পারে on condition. আপনারা protection যা দিচ্ছেন সেটা on condition of payment of consideration.

আজকে on payment of consideration এ যারা consideration দিতে পারছেন না—এত বছরের পুরাণ মামলা, তার তিন বছরের consideration পাওনা হয়ে গিয়েছে, compensation পাওনা হয়ে গিয়েছে, তারপর এই তিন বছরের টাকা যদি এক সঙ্গে execution করলে আরও দু-বছর চলে যায়; তাহলে এই পাঁচ বছরের compensation এক সঙ্গে পাওনা হয়। তখন সে Competent Court এ গিয়ে যদি আবেদন জানায় যে আমি উদ্বাস্তু—, এক সঙ্গে পাঁচ বছরের consideration ও compensation এর টাকা দিতে পারছি না, আমি যাতে এই টাকা instalment এ দিতে পারি তার ব্যবস্থা করা হোক। কিন্তু কোর্ট যদি সেই instalment এর ব্যবস্থা না করে, বলেন সমস্ত compensation এর টাকা তাকে ২৪ ঘণ্টার মধ্যে কোর্টে জমা দিতে হবে, তা না হলে সে উচ্ছেদ হয়ে যাবে। যারা consideration এ মালিক হয়েছেন, তাঁরা যখন সামান্য এক মাসের টাকা নিয়ে যায়, তা নিতে জমিদার, মালিকরা অস্বীকার করেন; এবং যখন তিন চার বছরের পাওনা হয়, তখন তাঁরা সেই সমস্ত টাকা একসঙ্গে পাবার জন্য কোর্টে মামলা দায়ের করেন; এবং সেই টাকা তারা না দিতে পারলে, Competent কোর্ট তাদের জমি থেকে উচ্ছেদের ব্যবস্থা করেন।

১৯৫১ সালের আইন সংশোধন করেছিলেন, তানাহলে জমিদারদের অসুবিধা হবে, যারা ল্যাণ্ডলর্ড তাদের অসুবিধা হবে। এবং টাকা আদায় করতে অসুবিধা হবে উচ্ছেদ কারীদের কাছ থেকে, তার জন্য—সরাসরি টাকা আদায়ের দায়িত্ব সরকার গ্রহণ করেছেন। কিন্তু গত দশ বছরের মধ্যে পশ্চিম বাংলার উদ্বাস্তুদের পুনর্বাসন দিতে পারলেন না। ১৯৫১ সালের আইনের পর অনেক বছর কেটে গেল, তার মধ্যে তাঁদের পুনর্বাসনের ব্যবস্থা করতে পারলেন না।

অথচ ঐ আইন সংশোধন করে উদ্বাস্তুদের কাছ থেকে যাতে সমস্ত টাকা আদায়

করে নেওয়া যায় তার ব্যবস্থা করলেন। গরীব উদ্বাস্তু—তাদের কাছ থেকে জোর করে ছিনিয়ে টাকা যাতে আদায় করা যায় তার সম্পূর্ণ দায়িত্ব আপনারা গ্রহণ করলেন। কাজেই. এই যে আইনকে আবার সংশোধিত করতে যাচ্ছেন, সেই সংশোধিত আইনের দ্বারা উদ্বাস্তুদের কোন protection দিতে পারবেন না। তারা এই যে নূতন ভাবে উচ্ছেদ হতে চলেছে, তার সামনে দাঁড়িয়ে আপনি বলতে পারেন যে তারা protection পেতে পারে এই আইনে? উপরন্তু দেখা যাচ্ছে—এই আইনের দ্বারা বর্তমানে কিছু সময় কাটাবার ব্যবস্থা হচ্ছে, এবং জমিদারকে টাকা আদায় করবার সুযোগ দিয়ে উদ্বাস্তুদের সেখান থেকে উচ্ছেদ করবার চেষ্টা করছেন। তাই উদ্বাস্তুদের স্বার্থরক্ষাকল্পে গভর্ণমেণ্টের যে মুখস, তাদের সর্বনাশ করবার যে প্রচেষ্টা তার বিরুদ্ধে আমার বক্তব্য রাখছি। আমি পুনরায় হাউসের সামনে এই কথা বলবো—যে এটা তাঁদের একটা মুখস, hypocrisy ছাড়া আর কিছু বলা চলে না।

Shri Ananga Mohan Das: মাননীয় অধ্যক্ষ মহাশয়, উদ্বাস্তুদের সম্পর্কে যে বিল হয়েছে, এটা একটা বিশেষ আইন; এবং এই আইনের দ্বারা সমস্ত লোকের স্বার্থ জড়িত, তা নয়, উদ্বাস্তুদের ও একটা ক্ষুদ্র অংশ এর সাথে জড়িত রয়েছে। যে সমস্ত লোকের পতিত জমি পড়ে রয়েছে, বা জঙ্গল হয়ে রয়েছে, বা এমনি আলগা হয়ে পড়ে রয়েছে, সেখানে উদ্বাস্তুরা ঘর তৈরী করে কলোনী তৈরী করে বসবাস করছেন। এই সমস্ত কলোনীগুলিকে regularise করবার জন্য উদ্বাস্তুদের তরফ থেকে যেরকম চেষ্টা হচ্ছে, সরকারের তরফ থেকেও সেইরূপ চেষ্টা করা হচ্ছে। অবশ্য আমি একথা তুলছি না যে পরের জায়গা জোর করে দখল করে নেওয়া ন্যায়সঙ্গত কি অসংগত। এ প্রশ্ন আমি তুলতে চাই না, কারণ যখন এই সম্পর্কে কোর্টে যাবেন, যখন এই ব্যাপার আদালতের সামনে পৌছবে, তখন আদালত নিষ্পত্তি করে দেবে কোনটা ঠিক হয়েছে আর কোনটা ঠিক হয়নি। এই সমস্ত গোলমেলে ব্যাপারের জন্য কিছু সময় আবশ্যক। যে সমস্ত জায়গায় কলোনী তৈরী হয়েছে, তা regularise করবার জন্য সরকারের তরফ থেকে যে দশ বছর সময় নেওয়া হয়েছিল তা যথেষ্ট বলে আমি মনে করি। কিন্তু একটা আইনের ব্যাপারে, মীমাংসার জন্য ঐ সময়ের মধ্যে কার্য্য সম্পন্ন করতে দেরী হয়। কিন্তু দেরী হলেও আজকে আবার এই আইনের তিন বছর মেয়াদ বাড়াবার জন্য যে সময় চাওয়া হয়েছে তা অত্যন্ত বেশী বলে আমি মনে করি। কারণ, যখন অন্য জায়গায় এই আইন প্রয়োগ হবে, তখন সেখানকার কর্মচারীরা এই আইনকে তাড়াতাড়ি implement করবার চেষ্টা করবেন। কাজেই অল্পে অল্পে পর্য্যালোচনা করলেই চলবে। আমি সরকারকে অনুরোধ করবো আর তিন বছর সময় নেবেন না। এই যে দশ বছর সময় নিয়েছেন, তার মধ্যে বিভিন্ন কলোনীর ব্যবস্থা পর্য্যালোচনা করে ফেলেছেন। যে সমস্ত কর্মচারীরা এই সমস্ত কলোনীর কাজ ঠিকভাবে করেন না তাদের সরিয়ে, যারা ভাল করে কাজ করবেন, তাদের হাতে এই কাজের ভার দেওয়া উচিত। দশ বছরেই বুঝতে পারা গিয়েছে যে কোন কলোনী regularise করা যাবে, আর কোন কলোনী regularise করা যাবে না, এবং এর নিশ্চয় একটা ছবি আঁকা হয়ে গিয়েছে। এই অবস্থায় আমার মনে হয়, আর দু-বৎসরের মধ্যেই, এ সম্পর্কে যা করণীয় তা করতে পারবেন। এইটা আমার ধারণা। কাজেই ১৯৬৩ সাল পর্য্যন্ত সময় নিন। এইটাই আমার বক্তব্য।

[3-30—3-40 p. m.]

Shri Subodh Banerjee: মি: স্পীকার স্যার, বিলের wordingটা দেখার দরকার আছে। Provision করা হয়েছে কারা displaced persons আর কারা displaced persons নয়। আইন অনুসারে তাদের দুজনকেই conpensation দিতে হবে। Displaced person যারা বা section 4 of the act protected. আর যারা displaced

person নয় তারা কিন্তু protected নয় তাদের সরাসরি প্রশ্ন উঠে যাবার প্রশ্ন আসবে এখন দাঁড়াল কি? Displaced personsকে যখন থেকে squatters, competent authority রায় দেওয়া পর্যন্ত certain amount of consideration money দিতে হবে আর সেই consideration competent authorityই ঠিক করবে। এরপর competent authority রায় দিলে পর তাদের উচ্ছেদ করতে পারেন না; alternate accommodation দেওয়া পর্যন্ত। এই রায়ের পর থেকে একটা compensation money displaced persons কে দিতে হয়। এই money না দিলে পর উচ্ছেদ করে দিতে পারেন। মাননীয় মন্ত্রী মহাশয় প্রারম্ভিক ভাষণে বলেছেন। প্রায় ৮ হাজারের মত case আছে। মোটামুটি হাওড়া জেলার অধীনে, আমাদের যে হিসাব, ৯২১ কি ৯২৩ এরকম case, এরকম familyর প্রশ্ন আছে। কারণ এই ব্যাপার নিয়ে আমাদের আলোচনা হয়েছিল, West Bengal Govt এর অধীনে Acquisition, derequisition Board যেটা আছে সেই বোর্ডের আমি সদস্য। আমাদের সমস্যাটা কি দেখছি? হাওড়ার বড় বড় লোকের বাড়ী যেমন দখল করেছে তেমনি গরীব লোকের বাড়ীও দখল করেছে—যার মালিক হচ্ছে গরীব মুসলমান। এখানে এদের protection দেওয়া দরকার আছে। গরীব refugeeদের protection দেওয়া হয়, দরকারও, কিন্তু গরীব মুসলমানদের কিন্তু protection দেওয়া হয়না। যেখানে বড় লোকের বাড়ী নিয়েছে I am for acquisition অনেকদিনই নিয়ে নেওয়া দরকার আমি বলবো।

Mr Speaker : How can you discriminate in law.

Shri Subodh Banerjee : আমি discrimination এর কথা বলছি না, অন্য কথা বলছি না আমি জানি ইশাক সাহেব বোধহয় জানেন ২৪ পরগণার গরীব মোক্তার টালিগঞ্জে plot নিয়েছিল সেখানে refugee বসে গিয়েছে, বাড়ী কোথাও নাই ফলে ঘুরে ঘুরে বেড়াচ্ছে। আপনাদের যদি refugeeদের জায়গা দিতে হয়, alternative accommodation দিতে হয় তাহলে তাড়াতাড়ি করে দিন আর তা যদি না দিতে পারেন, গরীব লোকগুলির যাদের বাড়ী দখল করে আছে ব্যবস্থা করে দিন। তাদের তো alternative accomodation দেননি, compensation দেননি বাড়ী করার ব্যবস্থা করে দেননি, তারা ঘুরে ঘুরে বেড়াচ্ছে দেখছেন না? এটা দেখা দরকার। আমি তো discrimination এর কথা বলছি না, বলছি proper implementation এর কথা। ১০ বছর সময় নিলেন ৯২৩টি পরিবারের কি position তা নিলেন না। আমি বোর্ডে resolution move করি। হাওড়ার মুস্লিম পরিত্যক্ত বাড়ীগুলিতে যে refugee রয়েছে তাদের ভাড়া দেওয়ার ক্ষমতা আছে কিনা অন্য জায়গায় সরে যেতে পারে কিনা, যাদের ঐ বাড়ী তাদের আর্থিক সঙ্গতি কেমন, কতজন এখানে আছে, কতজন পাকিস্তানে গিয়েছে, ফিরে আসেনি—এসব হিসাব নেওয়া দরকার।

স্পীকার মহোদয়, আশ্চর্যের কথা যে suggestion দিয়েছিলাম, আজ তিন বৎসরের বেশী হয়ে গেল, আজও তা হয়নি। সম্প্রতি শুনেছিলাম, প্রফুল্লসেন মহাশয় এখানে rehabilitation directorate এ order দিয়েছিলেন, এটা করার জন্য একজন বিশেষ officer নিযুক্ত করেছিলেন, কিন্তু এখন শুনছি এই officer transfer হয়ে ২৪ পরগণার zonal office এ চলে যাচ্ছে। তিন বৎসরের মধ্যে আমি যে suggestion দিয়েছিলাম তার কিছুই করতে পারেন নি। অবস্থাটা কি দাঁড়াচ্ছে। তাহলে কি বুঝবো আপনার Rehabilitation দপ্তর যেসব মুসলমান, যারা বাড়ী পরিত্যাগ করে গিয়েছে। আর যেসব refugee সেখানে গিয়ে বসেছে তাদের মধ্যে ঝগড়া বাধিয়ে দিতে চায়। তা যদি হয় তাহলে সেকথা খোলাখুলি বলুন। আর না হলে আমি যে suggestion করেছিলাম, আমি যা move করেছিলাম, আজকে সেই কাজ করতে নিশ্চয়ই এগিয়ে যাওয়া উচিত ছিল এবং সে কাজ হওয়া দরকার ছিল। হওয়া দরকার ছিল Act অনুসারে তাদের alternative accommodation দিন এবং বাড়ী গুলি যাদের তাদের দিয়ে দিন, না হয় তারা যেসব গরীব মুসলমানদের বাড়ী নিয়েছে তাদের alternate ব্যবস্থা করে দিন। এছাড়া অন্য কোন পথ নেই। এই রকমভাবে ঝুলিয়ে

রাখা অন্যায়, এই হল একদিকের সমস্যা। অন্যদিকের সমস্যা কি? অন্যদিকের সমস্যা হল টালিগঞ্জে, সেখানে আনন্দিলাল পোদ্দারের জমি আছে, তা আপনারা দখল করবেন না। কেন করবেন না? পোদ্দার নগর বলে নূতন refugee colony হয়েছে, সেই আনন্দিলাল পোদ্দারের হাজার হাজার বিঘা জমিতে হাত দেবেন না। আইন কিসের জন্য। এই জায়গা গুলিতে আগে শেয়াল ডাকতো, এক কোমর জল ছিল, উদ্বাস্তুরা তা develop করেছে, সেখানে সুন্দর কলকাতা সহর গড়ে তুলেছে। এখন এই উন্নত জমিগুলি তাঁরা ফেরত চা ছেন। আনন্দিলাল পোদ্দারের মত বড় বড় লোকের যে সমস্ত জমিতে colony হয়েছে সেই জায়গাগুলি regu'arise করে নিন। এই দুইটি সমস্যাকে আপনারা এক করে দেখাতে চাচ্ছেন কিন্তু এই দুইটি সমস্যা আলাদা। এক দিকে ধনী লোকদের হাজার হাজার বিঘা জমি এবং বড় বড় বাগানবাড়ী, আর একদিকে গরীব মুসলমানদের বাড়ী, এই দুইটিকে মিলিয়ে দিলে বুঝতে হবে আপনাদের উদ্দেশ্য সৎ নয়—অসৎ উদ্দেশ্য জুড়ে দেওয়া হচ্ছে। হাওড়ার সমস্যা এক, মুসলমান পরিত্যক্ত বাড়ীর সমস্যা এক, আর এই পোদ্দারদের জমি এবং বড় বড় লোকের বাগানবাড়ীর সমস্যা আর এক। তারপর তাদের যদি compensation money দেন, তারপর যদি alternative accommodation দেন তাহলে যেরকম দাম মনে করবেন সেইরকম জমির দাম নেবেন, সে জমি refugeeরা select করবে। এবং তারপর তারা সরকারের কাছ থেকে house building loan নিয়ে বাড়ী করবে তারপর তারা সে টাকা শোধ দেবে। তাহলে ত এটা ২০ পা জলের তলে। একি হবে? এখানে সরকারকে নিজে এগিয়ে আসা দরকার। তাছাড়া alternative accommodation যদি তাদের অন্য জায়গায় দেওয়া হয়, তাদের যেখানে রুজী রোজগার সেই জায়গা থেকে যদি তাদের সরিয়ে দেওয়া হয় তাহলে ত তারা বেকার হয়ে যাবে এবং এতে ত আরো বেকার সমস্যা বেড়ে যাবে। এটা বিবেচনা করা দরকার। টালিগঞ্জে যেসব refugee বাস করে সেই সমস্ত জমি acquire করে নিন এবং যাদের জমি তাদের সে দাম দিয়ে দিন। যদি মনে করেন ১৯৪৬ সালের দাম দিলে বেশী হবে, তাহলে আইন সংশোধন করুন এবং acutal যে দাম হবে তা দিন, এতে আমি একমত। আগে ত এখানে হোগলা বন ছিল। এই হোগলা বন পরিষ্কার করে refugeeরা সুন্দর জায়গা করেছে। সেই জমির দাম ধার্য্য করা হচ্ছে, আজকের এই সুন্দর অবস্থা দেখে। এ হতে পারে না। যে দাম সেখানে ছিল তাই থাকা উচিত। নাগতলায় যেখানে ২ শত টাকা বিঘা ছিল আজকে সেখানে কাঠা ৮ শত টাকা ছাড়িয়ে যাচ্ছে। সেখানে সরকার চুপ করে বসে আছেন। এখানে এরজন্য যদি আইন সংশোধন করার দরকার হয় তাহলে তা করুন। এই দুইটি সমস্যাকে আলাদা করে দেখা দরকার। ২৪ পরগণায় যে সমস্ত বাগানবাড়ী আছে ও ধনী লোকদের জমি আছে তা acquire করুন এবং তারজন্য প্রয়োজনীয় আইন সংশোধন করুন। আর হাওড়ায় যে সমস্ত মুসলিম পরিত্যক্ত বাড়ী আছে সেই গরীব মুসলমানদের সমস্যা আলাদাভাবে দেখা দরকার।

কিন্তু কোন servey হল না, একটা complete survey হওয়া দরকার। এটাকে ঝুলিয়ে রাখা উচিত নয়। যাতে দুই মাসের মধ্যে একটা ফয়সালা হয় তার ব্যবস্থা করুন। তারজন্য administration কে clear up করতে হবে। আমি বলি আপনাদের যদি সদিচ্ছা থাকে তাহলে এই সামান্য সমস্যাটাকে আপনারা বহু পূর্ব্বেই সমাধান করতে পারতেন। কিন্তু তা আপনাদের উদ্দেশ্য নয় এটাই আমি দেখতে পাচ্ছি।

[3-40—3-50 p. m.]

Shri Khagendra Nath Naskar: মাননীয় স্পীকার মহাশয়, ১৯৫১ সালে এই আইন করা হয়েছিল যারা প্রকৃত refugee তাদের উপকারের জন্য। কিন্তু এই আইনের সুযোগ নিয়ে এমন অনেক refugee আছে যারা সত্যিকারের সাহায্য পেতে পারেনা, তারা কলকাতায় চাকরী বাকরী করে এবং আত্মীয় স্বজনের নামে জমি নিয়ে speculation

করে। এমন ঘটনাও আছে যেক্ষেত্রে Squatters colony তে ঘর তৈরী করে দিয়ে তা থেকে ভাড়া নিচ্ছে। আমি মনে করি যারা এভাবে পরের জমি দখল করে আছে তাদের উপর যদি সরকার levy করেন তাহলে সেটা অন্যায় হবে না। হাসনাবাদ ইউনিয়নে এমন অনেক মুসলমান পরিবার আছে যারা সম্পূর্ণ ভিখারী হয়ে গিয়েছে কিন্তু নানারকম অসুবিধার জন্য সরকার তাদের এই আইনকে কোন রকম compensation দিতে পারেন নি। অবশ্য এটা কোন কৃতিত্বের কথা নয়। এমন অনেক refugee আছে যারা ১০।১২ টি plot নিয়ে রেখেছে এবং survey বা মধ্যে ত্রুটি ও দুর্বলতা থাকার দরুণ তারা Squatter's colony তে একাধিক প্লট নিয়ে বেনামে ব্যবসা করছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাব এটা ভাল করে দেখা দরকার, এবং যারা evicted হয়ে গিয়েছে তাদের যত তাড়াতাড়ি সম্ভব compensation দেওয়া দরকার। আমি আরেকটা কথা বলব—সরকারের শুধু এক তরফা দেখলেই হবে না, উভয় পক্ষই সরকারের দেখতে হবে। আমি একটা ঘটনা জানি যে ক্ষেত্রে আত্মীয়ের নামে, স্ত্রীর নামে জমি দখল করে তার উপর পাকা বাড়ী তৈরী করে ভাড়া দেওয়া হয়েছে। একটা ঘটনার কথা এখানে আমি বলব, এক ভদ্রলোক, তার ঢাকার বাড়ী, তিনি একজন retired magistate, তিনি তার বাড়ী পেলেন না। সেজন্য আমি মন্ত্রীমহাশয়ের কাছে বলব, তিনি যেন cheap popularity র জন্য এই সমস্ত ঘটনা বিস্মৃত নহেন, এবং তাদের প্রতি যেন অবিচার না হয়। শুধু refugeeদের সুযোগ সুবিধা দিলেই চলবে না। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Niranjan Sen Gupta : মাননীয় স্পীকার মহাশয়, উদ্বাস্তু কলোনী এবং Squatters colonyর অবস্থা সম্পর্কে এই বিধান সভায় বহুবার বহু আলোচনা হয়েছে। আমার মনে হয় তিন বছর আগে এই আইনের মেয়াদ প্রফুল্লবাবুর তরফ থেকে বাড়ান হয়েছে এবং এবার আরও তিন বছরের জন্য বাড়ান হচ্ছে। আমার কথা হচ্ছে এর আগেও আমি বহুবার বলেছি যে এই Act 16 এর সুবিধাটা কার? পর্যালোচনা করলে দেখা যাবে যে সুবিধা হবার কথা বাস্তুহারাদের। কিন্তু আজকে দেখা যাচ্ছে সেই জায়গায় বড় বড় land ownerদেরই সুবিধা করে দেওয়া হচ্ছে। এটাই পরিষ্কার করে এখানে আলোচনা হওয়া দরকার। Act 16 আরও তিন বছরের মেয়াদ বৃদ্ধির জন্য বলছেন এবং তার কারণ হচ্ছে land owner এর land-grablersদের আরও টাকা compesition দেবার জন্যই এই আইনের মেয়াদ বৃদ্ধি চাচ্ছেন। সেই জন্যই আমি প্রশ্ন করছি এতদিন কেন squatteri colonyগুলি regularise হল না—সরকারের হাতে যখন আইন ছিল। যে সব জমি বাস্তুহারারা নিজেদের চেষ্টায় নিজেদের পরিশ্রমে নিজেদের পয়সা খরচ করে, উন্নত করল, সেগুলি কেন এতদিন সময় পেয়ে regularise করলেন না! কারণ হিসেবে প্রফুল্লবাবু বললেন যে তারা সময় পান নি। আমি বলি ১০ বছরের মধ্যে যখন এই সমস্যার সমাধান করতে পারলেন তখন আসলে আপনাদের যে উদ্দেশ্য—বড় বড় land ownerদের land grabbersদের সুবিধা করে দেওয়া সেটাই স্পষ্ট করে ঘোষণা করুন।

[3-50—4 p. m.]

স্কোয়াটার্স কলোনীর সংখ্যা সরকারী তথ্য অনুযায়ী কোলকাতায় ৫৬টি আছে এবং তাদের পরিবারের সংখ্যা ১১ হাজার ৯৬০। তারপর সরকারী গণনার বাহিরে approximately আরও ৬০টি স্কোয়াটার্স কলোনী আছে, আর তার পরিবারের সংখ্যা ৫৫৯০। এ ছাড়া বিভিন্ন কলোনী যে সবকে স্কোয়াটার্স কলোনী হিসাবে গণনা করা হয়নি তার পরিবারের সংখ্যা ৫৮০ কোলকাতার বাহিরে বাংলা দেশে ১০০টি স্কোয়াটার্স কলোনী আছে, তার পরিবারের সংখ্যা ১৮ হাজার—২৭২ সরকারী গণনার বহিরে আরও ১৭টি আছে, তার পরিবারের সংখ্যা ১ হাজার ৯৫০ এবং বিভিন্ন কলোনীর যে সব পরিবারের সংখ্যা গণনা করা হয় নি তার সংখ্যা ২ হাজার ৫৮০। এই টোটাল সংখ্যার ভিতরে ২৪শে জানুয়ারী মেহেরচাঁদ খান্না যে হিসাব দিয়েছেন তাতে বলা হয়েছে ৯০টা স্কোয়াটার্স কলোনীকে তারা রেগুলারাইজ করেছেন এবং তিনি একটা কথা বললেন—সেটা খুব লক্ষ্য করার বিষয়—এই সব আমি করছি ব্যক্তিগত সম্পত্তি

উদ্ধার করার জন্য। অর্থাৎ পোদ্দার বাবুর ইত্যাদি সব বড় বড় জমির মালিক যারা ল্যাণ্ড স্পেকুলেশান করে লক্ষ লক্ষ টাকা কামাই করছেন তাদের সম্পত্তির পবিত্রতা রক্ষা করার জন্য এটা তিনি করছেন। আমাদের চক্ষে সেখানে সরকার আইন কাদের স্বার্থে প্রয়োগ করছেন সেটা বোঝা দরকার। এই আইন প্রয়োগ করছেন তাদের স্বার্থে যারা জমির একচেটিয়া মালিক, যারা জমির স্পেকুলেশান করে গরীবের ঘাড় ভেঙ্গে লক্ষ লক্ষ টাকা মুনাফা করে। তাঁরা ব্যক্তিগত সম্পত্তি রক্ষা করার জন্য আইন করছেন, অথচ গরীবদের পবিত্রতা রক্ষা করার দরকার নেই। তারপর আমার দ্বিতীয় কথা হচ্ছে কম্পিটেণ্ট অথরিটি কোর্ট সম্বন্ধে। এই মেয়াদ বৃদ্ধির পরিকল্পনা কাদের স্বার্থে হচ্ছে তা আমরা জানি। তারা বাস্তুহারাদের কিরকম হায়রানি করে, তারা এক একটা বৎসরের পর বৎসর ঝুলিয়ে রেখে কিরকম করে তাদের সর্বনাশ করে, তাদের বিরুদ্ধে ডিক্রি দেয় সেসব আমরা জানি। কম্পেনসেসান এওয়ার্ড'এর কথা যখন বলি কম্পিটেণ্ট অথরিটি কোর্টের কথা যখন বলিবার তার উত্তর চাই তখন প্রফুল্ল বাবু কোন কথা বলেননি। সুতরাং আমার বক্তব্য হচ্ছে এই যে ৩ বছরের সময় চাচ্ছেন এটা কেন চাচ্ছেন? . তাঁদের হাতে ক্ষমতা আছে আইন আছে—সেই আইনের বলে তাঁরা এই জমি গুলো দখল করে রিফিউজিদের ভেতরে বণ্টন করতে পারেন। সুতরাং সময় মুখার্জি মহাশয় ৩ বৎসরের জায়গায় ১ বৎসরের যে প্রস্তাব এনেছেন, সেটা গ্রহণ করে এই সময়ের মধ্যে এই কেস গুলোকে মিটিয়ে ফেলুন। আপনারা জানেন বাস্তুহারা কত আছে, স্কোয়াটার কলোনী কত আছে, আপনাদের হাতে কত সময় আছে সেইসব দেখে এই জিনিষ গুলো আপনারা করুন। আর একটা কথা আমি রেগুলারাইজেশন সম্বন্ধে বলব। আমার বক্তব্য হচ্ছে আজ পর্যন্ত বাংলাদেশে একটাও উদ্বাস্তু পরিবার জমির সত্ব পায়নি। অর্থাৎ কেউ title right of the land আজ পর্যন্ত কেউ পায়নি কেননা তাদের প্রত্যেকের পেছনে কম্পিটেণ্ট অথরিটি কম্পেনসেসান ধার্য্য এমন করে রেখেছেন যে প্রফুল্লবাবু হয়ত বলবেন—ঐ টাকা না দিলে জমি সত্ব দেওয়া হবে না। কিন্তু টাকা কেন তারা দিচ্ছে না সেটা কি খোঁজ নিয়েছেন। আপনি এই কয় বৎসরে কেন কলোনী গুলোকে টাইটেল রাইট দিয়ে দায় মুক্ত করেন নি? আপনি যদি বলেন যে কম্পেনসেসান না দিলে তাহলে title right দেওয়া হবে না তাহলে সেটা কি অন্যায় নয়? আমি এ কথা জিজ্ঞাসা করছি এই যে হাজার হাজার টাকা কম্পেনসেসান ধার্য্য হয়েছে এই ধার্য্য হবার পেছনে কার গাফিলতি রয়েছে—সরকারের, না বাস্তুহারাদের? সরকারের যদি গাফিলতি হয় তাহলে কেন তাঁরা এই টাকা দিয়ে বাস্তুহারাদের টাইটেল রাইট দিচ্ছেন না এর জবাব আমরা চাই।

তারপর কম্পেন্‌সেসন্‌ কি ভাবে ধার্য্য করা হচ্ছে সে সম্বন্ধে আমাদের মাননীয় বন্ধুরা অনেকে অনেক কথা বলেছেন এবং আমিও তার দু-একটা দৃষ্টান্ত দিয়ে আপনার কাছে কিছু বলছি। যেমন ধরুন, টালিগঞ্জের নেতাজী নগরের প্রহ্লাদ চন্দ্র ঘোষ স্যাল্‌পে কম্‌পেনসেশন ১৫·৬২ নয়া পয়সা পার মান্‌থ ফ্রম ১. ৫. ৫০। তারপর হরকুমারী মজুমদার স্যাল পে কম্‌পেনসেসান ৯·৩১ নয়াপয়সা পার মান্‌থ ফ্রম ৩০, ৫·৫০। তারপর নিলকান্ত গুপ্ত স্যাল্‌পে কম্পেনসেসন অব্‌ রুপিস্‌ ৮·৭৫ নয়া পয়সা পার মান্‌থ ফ্রম ১. ৪, ৫০. স্যার, এই রকম ধরণের প্রায় ২০০ কেস্‌ আমার কাছে রয়েছে যেগুলোর কথা সময় অভাবের জন্য বলতে পারছি না। তবে এই ভাবে এক একটি রিফিউজী পরিবারের পেছনে ১ হাজার, ২ হাজার টাকা করে কম্পেন্‌সেসন ধার্য করা হয়েছে এবং সেই কম্পেন্‌সেসনের টাকা দিতে না পারলে তাদের সার্টিফিকেট দিয়ে এভিক্‌সন্‌ করে পুলিশ লেলিয়ে দিচ্ছে। তারপর ১৬-র আসল উদ্দেশ্য ছিল অল্‌টারনেটিভ

এ্যাকোমোডেসন্ না দিয়ে কোন রিফিউজীকে উৎখাৎ করা হবে না—অথচ এখন তাই করা হচ্ছে। তবে একটা জিনিস দেখে খুবই আশ্চর্য হচ্ছি যে, যেখানে কম্‌পেনসেসনের দায়ে রিফিউজীদের তুলে দিচ্ছেন, পুলিশ দিয়ে অত্যাচার করছেন এবং টাকা না দিলে জমি থেকে উচ্ছেদ করছেন সেখানেই আবার আইনে বলছেন যে তাদের রক্ষা করছি এবং অল্‌টারনেটিভ এ্যাকোমোডেসনের ব্যবস্থা করছি। কাজেই এসব বিষয় এই সভায় আলোচনা হয়ে তার বিধান হওয়া দরকার এবং প্রফুল্লবাবু যে কথা বললেন যে সময় বাড়িয়ে দিয়ে তাদের সাহায্য করছি সেখানে আমরা দেখছি সময় বাড়িয়ে দিয়ে কম্পিটেণ্ট অথরিটির মারফৎ রিফিউজীদের হয়রান করবেন, তাদের ঘড়বাড়ী তুলে দেবেন এবং তারফলে তারা রাস্তায় রাস্তায় হাহাকার করবে। সুতরাং এমতাবস্থায় এই কম্‌পেনসেসন এবং এভিক্‌সন-এর ব্যাপারে মন্ত্রীমণ্ডলীর নীতি পরিবর্ত্তিত হওয়া দরকার বলে মনে করি।

Shri Chitto Basu : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য খগেনবাবু আপনার মাধ্যমে যে প্রশ্ন এখানে উত্থাপন করেছেন তাতে তার কাছে আমি একটা প্রশ্ন করতে চাই। তিনি বলেছেন যে সমস্ত দরিদ্র মুসলমানের বাড়ী দখল করা হয়েছে সেই দখলীকৃত বাড়ীর মালিকদের প্রটেক্‌সন দেবার ব্যবস্থা করা উচিত এবং সেই প্রটেক্‌সন দিতে হলে এই আইনের মেয়াদ আরও ৩ বছর বাড়িয়ে দিলেই তা সম্ভব হবে। তবে আমরা জানি মাননীয় মন্ত্রীমহাশয় তাঁর প্রারম্ভিক বক্তৃতায় বলেছেন যে তাঁদের ক্ষতিপূরণ দিতে পারব কিনা জানি না, তবে যাতে তামাদি না হয় তার ব্যবস্থা করছি অর্থাৎ আরও ৩ বছর যাতে তাদের মামলার জীবন থাকে তার জন্য একটা আশ্বাস তিনি দিলেন। তারপর তিনি বলেছেন যে এমন অনেক নন্ রিফিউজী আছে যারা এই আইনের সুযোগ নিয়ে জমির ফাটকাবাজী করছে এবং নানাভাবে অন্যায় সুযোগ নিচ্ছে। কিন্তু আমি বুঝতে পারছিনা যে তিনি আইন পড়েছেন কিনা, তবে যদি পড়ে থাকেন তাহলে দেখবেন যে কম্পিটেণ্ট অথরিটি বলে যে জুডিসিয়াল অথরিটি আছে তাঁরাই ঠিক করে দেবে যে কে উদ্বাস্তু এবং কে উদ্বাস্তু নয় এবং যদি তাঁরা উদ্বাস্তু হয় তাহলে তাঁদের থাকবার অধিকার দেওয়া হচ্ছে আর যদি তা না হয় তাহলে তাঁদের উচ্ছেদের অর্ডার দেওয়া হচ্ছে। তবে তিনি কি একথা মনে করেন যে, যে সমস্ত নন্ রিফিউজী জমি দখল করে আছে তাতে এই আইনের মেয়াদ আরও ৩ বছর বাড়িয়ে দিলেই তাঁদের ওখান থেকে উচ্ছেদ করে দেওয়া যাবে?

[4-4—10 p. m.]

সেইজন্য আমি বলছি যে এই আইনের মেয়াদ আরও ৩ বছর বৃদ্ধি করার মধ্য দিয়ে আমাদের সমস্যার সমাধান হবে না। যারা দরিদ্র মুসলমান যাদের বাড়ী দখল করা হয়েছে তাদের ক্ষতিপূরণ দেওয়া হোক এবং যারা সেখানে বসবাস করছে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হোক। এই দাবি নিশ্চয়ই আমরা সমর্থন করি। বিগত ১০ বছর ধরে উদ্বাস্তু পুনর্বাসন ক্ষেত্রে এই আইনের প্রয়োগের দ্বারা আমরা যে অভিজ্ঞতা পেয়েছি তাতে মাননীয় মন্ত্রীমহাশয় যদি চাইতেন যে দরিদ্র মুসলমানরা ক্ষতিপূরণ পাক এবং প্রকৃত উদ্বাস্তুদের উচ্ছেদ না করে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হোক যেটা নাকি এই আইনের মূল উদ্দেশ্য তাহলে তিনি এই সামান্য সংশোধন না এনে নতুন সংশোধন আইন আনতেন। শুধুমাত্র এই আইনটাকে এই অবস্থায় জিয়িয়ে রাখবার চেষ্টা তিনি করতেন না। এই উদ্বাস্তুদের যদি কিঞ্চিৎ পরিমাণ জমি, কম্‌পেনসেসান মানি এবং তদুপরি কন্‌সিডারেসান মানি দিতে না পারি তাহলে তাদের উচ্ছেদ হয়ে যেতে হবে। আইনের মূল উদ্দেশ্য হল rehabilitation of displaced persons—যারা আইনে displaced persons বলে স্বীকৃত হল যারা displaced persons বলে

কম্পিটেন্ট অথরিটির কাছে যার পেল তাদের কি ভিত্তিতে কম্পেনসেসনের টাকা কম্পিটেন্ট অথরিটি নির্ধারিত করে দিলেন তা আমরা জানিনা। আমি জানি অনেক জায়গায় কম্পেনসেসনের টাকা অস্বাভাবিকভাবে বেশী নির্ধারিত করা হয়েছে। তারা যতদিন পর্যন্ত অপর জায়গায় উঠে যাচ্ছে না ততদিন পর্যন্ত এই অস্বাভাবিক কম্পেনসেসান এবং বিরাট পরিমাণ কনসিডারেসান মানি দিয়ে সেখানে থাকতে পারে না এবং প্রকৃত প্রস্তাবে এই আইনের মধ্য দিয়ে তাদের উচ্ছেদ করবার একটা পথ সুগম করা হচ্ছে। কাজেই স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি বলতে চাই যে যদি এই আইনের উদ্দেশ্য এটাই হয়ে থাকে যে দরিদ্র মুসলমানদের পরিত্যক্ত বাড়ী যারা নাকি দখল করে আছে, তাদের ক্ষতিপূরণ দেওয়া হবে তাহলে তাদের ক্ষতিপূরণ দেবার জন্য শুধু সেখানে মিয়াদ বৃদ্ধি করলে হবে না, সেই সঙ্গে সরকারকে আরও কতকগুলি ব্যবস্থা গ্রহণ করতে হবে যে ব্যবস্থার কথা সুবোধবাবু বলে গেছেন। বিগত ১০ বছর কাজ করার মাধ্যমে দেখেছি যে আইনের মূল ত্রুটির আঘাতে পড়ে উদ্বাস্তু আবার উদ্বাস্তু হতে চলেছে—বর্তমান আইনে তার প্রতিকারের কোন ব্যবস্থা নেই। সেই প্রতিকারের ব্যবস্থা করার জন্য দাবি জানাচ্ছি এবং বর্তমান আইনের তীব্র প্রতিবাদ করছি।

Shri Jyoti Basu: স্পীকার মহাশয়, শ্রীপ্রফুল্ল সেন এই আইনটার জন্য আরও সময় চেয়ে যে বক্তৃতা দিলেন আমি সেই বক্তৃতা বুঝতে পারলাম না। সেইজন্য আমার একটু বলতে হচ্ছে; আশা করি উনি পরে জবাবটা দেবেন কারণ, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এটা বোধ হয় শ্রীপ্রফুল্ল সেনের মনে আছে যে ১৯৫১ সালে যখন এই আইনটা হয় তখন আমরা এর ঘোরতর প্রতিবাদ করেছিলাম এবং এ্যাসেম্বলির বাইরে এ নিয়ে বহু আন্দোলনও হয়েছিল। পরে অবশ্য সরকার এই আইনের নাম পরিবর্তন করেন এবং এর ৪ নম্বর ক্লজটা পরিবর্তন করেন। ফলে একটা দিক হয়। এই আইনটা আগে এভিক্ট করবার জন্য ছিল, সমস্ত রিফিউজীরা যেখানে দখল করে আছে সেই জায়গা থেকে তাদের তাড়িয়ে দেবার জন্য এই আইনটা ছিল। পরে আন্দোলনের ফলে এই আইনের সঙ্গে rehabilitation of displaced persons এটা যোগ দেওয়া হয় এবং যে পরিবর্তন আনা হয় তার মধ্যে আমি অপোজ করেছিলাম। কারণ, আমি বলেছিলাম যে এতে অসুবিধা আছে বাস্তুহারারা থেকে গেল। যা হোক, তারপর আইন পাশ হয়ে গেল এবং এটা পাশ করবার সময় রায় হরেন্দ্রনাথ চৌধুরী আইনটা এনেছিলেন। আমি দেখছি তিনি বক্তৃতায় বলেছিলেন আমাদের মনে আছে, যে The other object of the Bill is to provide alternative land to the refugees who are in unauthorised occupation of other people's land, so that they may be rescued from their present precarious position and may be rehabilitated on a stable basis ওদের পুনর্বাসন দেবার জন্য এটা হচ্ছে আইনের উদ্দেশ্য। দ্বিতীয় কথা উনি বললেন I would call this Bill charter for rehabilitation of the refugee. এবং তিনি বোধ হয় আমাদের দিকে লক্ষ্য করে বললেন আজকে দু'একজন যেমন কংগ্রেস দিক থেকে বললেন যে Only those persons who are pseudo refugees, who are not real refugees, who are in unauthorised occupation on other's land, who have committed criminal trespass and described themselves as refugees. আমি অবশ্য আমার বক্তব্যে বলেছিলাম যে এই যে charter for rehabilitation of refugees এটা আমি মানতে পারছিনা। আমি এখন শ্রীপ্রফুল্ল সেনের বক্তৃতা বুঝতে পারছি না। ১০ বছর আগে এই সব কথা হয়ে গেল—এই ১০ বছরের যে উদ্দেশ্য ছিল সেটা কোন কিছু করতে পারলেন না তাঁরা। এই উদ্দেশ্য সফল হবে কি হবে না এটা বাস্তুহারাদের উপর নির্ভর করে না।

এটা নির্ভর করছে সরকার থেকে বিকল্প কোন ব্যবস্থা কোন জমি, লোন ইত্যাদি এদের দেয়া যায় কিনা। মুখ্যমন্ত্রী কতকগুলি চিঠি পড়েছিলেন। এই বিল আনার সময় কোন একজন বিধবার চিঠি পড়েছিলেন, একজন রিটায়ার্ড ডেপুটী ম্যাজিস্ট্রেটের চিঠি পড়েছিলেন— এই রকম কয়েকজনের চিঠি উনি পড়েছিলেন, আমার যতদূর মনে আছে। উনি অবশ্য যাঁরা বড় বড় লোক, বড় বড় জমিদার তাঁরা যে চিঠি লিখেছিলেন সরকারের কাছে জমি ছেড়ে দেবার জন্য তাঁদের একটা চিঠিও পড়েন নি। যাহোক আমি জানি এই রকম যাঁরা গরীব মানুষ তাঁদের জমি ফিরিয়ে দিতে হবে, সেখানে মুসলমানদের জমি বা ঘর ফিরিয়ে দিতে হবে, তাল প্রত্যেকে নিশ্চয়ই জানবেন, বা তাদের একটা অন্য ব্যবস্থা করতে হবে কিন্তু আমি বলছি এটা নির্ভর করে সরকার বাস্তুহারাদের জায়গা দেবেন কিনা এটার উপর। আমি আশ্চর্য্য হয়ে গেলাম শ্রীসেন যখন এই বিলটা টাইম চেয়ে আনলেন তখন তিনি কেন আমাদের কোন লিষ্ট দিলেন না? এই যে ৪ হাজার কেস কোলকাতায় আছে, হাওড়ায় ৭ শো কেস আছে, ২৪ পরগণায় আছে, এভাবে একটা লিষ্ট দিতে পারলে, সার্কুলেট করতে পারতেন একটা বই যে এই লোকের জমি এই লোক কম্পিটেণ্ট অথোরিটির কাছে গেছে। তার যদি একটা ডেসক্রিপসন দিতে পারতেন তাহলে আমরা বুঝতে পারতাম তাঁরা কি ধরণের লোক, তাঁদের কি সত্যিই জমি কিছু নাই। তাঁরা কি ল্যাণ্ডস্পেকুলেশন করার জন্য জমি চাচ্ছেন, না কি ব্যাপার? একজন মুসলমানের জমি তারা জবর দখল করে আছে বাস্তুহারারা। সেই মুসলমানরা বেশীর ভাগ শতকরা ৯ ভাগের উপর তো গরীব যারা হয়ত অন্য ব্যবস্থা না করলে মারা পড়ে যাবে। এমন কোন তালিকা কেন আমাদের দিলেন না। কোন একটা নূতন আশার কথা বল্লেন অথচ আমাদের কাছে সেটা পরিষ্কার হল না। আগে মুখ্যমন্ত্রী আমাদের বলেছিলেন তাঁর ঘরে যে এখন ওঁরা আছেন কেন্দ্রের সংগে আলোচনা করে সে কি ভাবে এই সব জমিদার অনেকের বাড়ী ভাল ওঁরা কিনে নিতে পারেন যাতে রেফিউজীরা যেখানে আছেন সেখানে বাস থাকতে পারেন। ৫ জন রেফিউজী যদি এক জায়গায় থাকেন সেই যে মুসলমান বা হিন্দু যাঁর জায়গায় বসেছেন তাঁদের একটা অল্টারনেটিভ ব্যবস্থার সুযোগ করে দিয়ে কিনে নিয়ে সেই রকমভাবে টাকা দিয়া ব্যবস্থা করা যায় কি না—এটা মুখ্যমন্ত্রী আমাদের বলেছিলেন। আজকেও উনি বল্লেন যে নূতন স্কীমের কথা ভাবছেন, অমুক জায়গা কিনে নেবেন এই সব কথা বল্লেন। এবং বল্লেন যে একটা বিল করা দরকার। কি রকম অবস্থা আছে দশ বছর পর একথা বলছেন। বেশ তাও মেনে নিলাম সরকারের হাতে যখন সব। আমি প্রফুল্লবাবুকে প্রশ্ন করেছিলাম আপনি বলুন তো, আপনি তো একথা বল্লেন এই যে মামলা হয়েছে; ডিক্রী হয়েছে—আমার কাছে ২৫ টা কেস এসেছিল বরানগর অঞ্চলে যেটা, তাঁরা মুসলমানদের বাড়ী, অমুক বাড়ী, তমুক বাড়ীতে আছেন, বাস্তুহারাদের উচ্ছেদ করা হয়েছে, মানে তাদের কাছে নোটিশ গেছে; ঐ হিসাবে তারা কম্পেনসেশনের টাকা দিতে পারছেন না। আমি ব্যক্তিগতভাবে দেখেছি যে তাঁরা দিতে পারেন না, দেয়া সম্ভব নয়। এত যে টাকা জমেছে এটা সরকারের গাফিলতীর জন্য হয়েছে। এদের ব্যাপার যদি এক মাস, দুমাস, এক বছর, দুবছরে শেষ করতেন অলটারনেটিভ অ্যাকমডেসন দিয়ে তাহলে এত গুলা টাকা তাঁদের দিতে হত না। এখন কোথা থেকে দেবেন।

[4-10—4-20 p. m.]

তাহলে সরকারের এটাও দোষ, তাঁরা alternative accommodation দিতে পারলেন না। আবার টাকার অঙ্ক যেটা বেড়ে গেল, তার জন্য সরকারই দায়ী, আগে যদি এটা দিয়ে দিতেন, তাহলে এই অবস্থা হত না। এই যে ২৫ জনের উপর নোটিশ গিয়েছে সেটা আমি সরকারী দপ্তরে পাঠিয়ে দিয়েছি। প্রফুল্ল সেন মহাশয় বললেন এ আর আমি কি করবো? আইনে রুল আছে compensation না দিতে পারলে ডিক্রী করে তাড়িয়ে দেবে পুলিস দিয়ে। পুলিস ওদের সাহায্য করতে পারবে না। তাহলে তো অসুবিধা হলো।

আপনার কর্তব্য হচ্ছে—bonafide উদ্বাস্তু যারা তাদের rehabilitation করা। আপনি তা দিতে পারলেন না। আর একটি স্কুল যারা ও তা দিতে পারছেন না। আপনি তাকে alternative accommodation দিতে পারলেন না। অথচ আপনি আবার অন্য একটি স্কুলে তাদের তাড়িয়ে দেবার ব্যবস্থা করেছেন। এটা অন্যায়। এ সম্বন্ধে একটু ভেবে দেখা উচিত। আপনি বলেছেন না এ সব review করবো, তিন বছরের জন্য সময় চাচ্ছেন। এই সময়ে এমন একটা পরিবর্তন করবো আইনের মধ্যে compensation clause, status quo maintain করবো—তাদের তাড়াতে না পারে—, সেটা বলছেন না। কয়েক দিন আগে আমাদের গণেশ ঘোষ মহাশয়, তাঁর এলাকার কয়েকটি কেস নিয়ে গিয়েছিলেন মুখ্যমন্ত্রীর কাছে—যে পুলিস গিয়ে তাদের বাড়ী থেকে তাড়িয়ে দিচ্ছে। তিনি বললেন কেন? আমরা তো আলোচনা করছি—এই বাড়ীগুলি মালিকদের থেকে কিনে নিতে পারি কিনা, তাহলে সেখানেই তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে পারবো।

আর এমন এলাকা ও আছে—যেখানে এখন হিন্দুর সংখ্যা বেশী হয়ে গেছে, মুসলমান সম্প্রদায় যারা আছে, তারা সেখানে comfort feel করছে না—, তারা সেখান থেকে চলে যেতে চায় টাকা দিয়ে দিলে অন্যত্র alternative accommodation এর ব্যবস্থা করতে পারে। সে রকম কোন sentiment মন্ত্রী মহাশয়ের বক্তৃতায় দেখলাম না। এ দিয়ে তো বাস্তুহারার স্বার্থ রক্ষা হবে না। তাহলে এখন কি করা যায়? প্রফুল্ল সেন মহাশয়কে একটা legal কথা বলি। আপনি তো review করছেন, এক বছর সময় লাগবে। তার বেশী সময় লাগা উচিত নয়। তার মধ্যে decree case যেগুলো হয়ে গেছে, সেগুলি যাতে স্থগিত থাকে—, তার ব্যবস্থা করা দরকার। তা নাহলে তো সর্বনাশ হয়ে যাবে, তাদের ওরা তাড়িয়ে দেবে। এরজন্য দোষ আপনাদের। আপনারা alternative accommodation দিতে পারলেন না। তাদের throw করিয়ে দিতে পারেন না। আপনারা বলেছেন অসুবিধা আছে। আপনারা টাকা দিন। রিফিউজিরা কোথা থেকে টাকা দেবে? কেন্দ্রকে বলুন—, কেন্দ্রীয় দপ্তর থেকে এজন্য ৫০।৬০ কোটি টাকা বলে। যদি তাদের alternative accommodation না দিতে পারেন তাহলে বলে দিন। কেন ওদের দোষী করছেন? ওরা ঐ Compensation দিতে পারে না, সে ব্যবস্থা তাদের নাই। এটা তর্কের কোন ব্যাপার নয়। আপনি খালি বলে দিন protection কি ভাবে হবে! এ সম্বন্ধে নতুন কি চিন্তা করছেন? দশ বছরে কিছু করতে পারলেন না। তাদের protection কি ভাবে হবে—একটুকুর উত্তর যদি দিতে পারেন, তাহলে সন্তুষ্ট হব। আগে আপনার কথা শুনে নিই—তারপরে না হয় আমার বক্তব্য বলবো। এত দিনেও এই হাজার হাজার লোকের জন্য আপনারা কিছু করতে পারেন নি। আপনার দপ্তর ও নজর দেন নি এ ব্যাপারে। যে মুসলমানের বাড়ী নিয়ে নিচ্ছেন, সেই মুসলমানকে এক মাইলের মধ্যে বাড়ী তৈরী করে দেন। তা ও দিচ্ছেন না—আমরা জায়গা দেখিয়েছি, আপনারা করেন নি। আমি বলি ইচ্ছা করলে ছয় মাসের মধ্যে করা যায়। আপনারা বলুন আমাদের সঙ্গে আপনাদের অফিসিয়ালদের নিয়ে জায়গা দেখতে পারি কিনা। আমরা জায়গা দেখিয়ে দেব। আপনাদের বড় বড় স্কীম আছে, বড় বড় বস্তি তৈরী কি করে করেন। এদের আপনারা বাড়ী ফেরৎ দিতে পারেন। যে কয়টি বাস্তুহারা তাদের বাড়ী ফেরৎ দিতে পারবেন—যারা ঐ জবর দখল বাড়ীতে থেকে কলকাতায় ছোট ছোট ব্যবসা-বাণিজ্য কারবার করে যাচ্ছে—, তাদের এই কলকাতারই আশে পাশে কোথাও থাকবার ব্যবস্থা করে দিতে হবে।

Shri Suhrid Mullick Chowdhury: মাননীয় স্পীকার মহাশয়, এই বিল সম্পর্কে আলোচনা করতে গিয়ে দেখতে পাওয়া যাচ্ছে যে মন্ত্রী মহাশয়েরা প্রতি বছর নূতন নূতন কথা আমাদের কাছে শোনাচ্ছেন। আমার কাছে এ্যাসেম্বলী প্রসিডিং রয়েছে, ১৯৬১ সালের আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় এবং শ্রীহরেন্দ্র নাথ রায় চৌধুরী মহাশয়দের বক্তৃতা পড়ছিলাম এবং

তা পড়তে পড়তে ভাবছিলাম এই রকম উদ্বাস্তুদের প্রতি দরদি মন্ত্রীসভা, সত্যিই যেন দেখা যায় না। তার পরের বছর যে সমস্ত এমেণ্ডমেণ্ট হল এই এক্টের উপর, তার মধ্যে দিয়ে ক্রমশঃ ক্রমশঃ তাঁদের স্বরূপটা দেখতে পেলাম। এঁরা প্রথমে যেমন বলেছিলেন উদ্বাস্তুদের কল্যাণের কথা, এবং শেষকালে আমাদের মন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলেছিলেন ১৯৫৭ সালে যে রিফিউজী রিহ্যাবিলিটেশন এর মন্ত্রী হিসাবে আমি এইটুকু বলতে পারি এই আইনের প্রয়োগ করবো যারা দুস্থ, গরীব রেফিউজী, তারা পশ্চিম বঙ্গের মুসলমান হোক, আর যেই হোক, তাদের মঙ্গলের জন্য, তাদের কল্যাণ সাধনের জন্য। পড়তে পড়তে ভাবছিলাম সত্যই তাঁর উক্তিগুলি বড় সুন্দর, আমাদের মন্ত্রী সভা কত সুন্দর। কিন্তু কার্য্য ক্ষেত্রে গিয়ে দেখি এঁদের বক্তব্যের সঙ্গে এঁদের কাজের অনেক তফাৎ। যেমন ধরুন আমাদের পক্ষ থেকে শ্রীসমর মুখার্জি, তাঁর বক্তৃতার মধ্যে বলেছেন—১৯৫১ সালে এই এ্যাক্ট তৈরী হবার পর ১৯৫৪,-৫৫,-৫৭,-৫৮,-৬১ সালে, প্রতি বছর বছর এক একটি করে নূতন নূতন অস্ত্র বাড়াচ্ছেন। এত কাল গেল, তার মধ্যে রেফিউজী রিহ্যাবিলিটেশন্ এর কাজ তাঁরা শেষ করতে পারলেন না। এখানে প্রতিটি বক্তা বলেছেন যে জিনিষটা তারা আদায় করছেন,—সেই কমপেনসেশান এর এমনই ব্যবস্থা করেছেন, যা অত্যন্ত আপত্তিকর। আমি ত সারা পশ্চিম বাংলায় যে সমস্ত কলোনী আছে, সেই সমস্ত জায়গায় ঘুরে বেড়াই। অবশ্য মন্ত্রী মহাশয়ের মত নয়, আমি ই, সি, আর, সির পক্ষ থেকে ঘুরি। সেখানে দেখেছি প্রতিটি জায়গায় কম্পিটেণ্ট অথারিটির গুঁতায় সেখানকার সমস্ত মানুষ ত্রাহি, ত্রাহি ডাক ছাড়ছে। একটু আগে এখানে মাননীয় সদস্য শ্রীজ্যোতি বোস মহাশয় এ সম্পর্কে নিদর্শন স্বরূপ বলেছেন, আমি ও বলেছিলাম গভর্ণরের স্পীচের উপর আলোচনা কালে এই রকম বহু ঘটনার কথা। এখানে যে আইন করে রেখেছেন, তাতে বিরাট, বিরাট ফাঁক রয়েছে, যার ফলে রেফিউজিদের কোন কল্যাণকর কার্য্য করা সম্ভবপর হচ্ছে না। যদি সত্যই এই মন্ত্রীসভা রেফিউজিদের কল্যাণ সাধন করতে চাইতেন, তাহলে এই রকম ভাবে দু-বছর, তিন বছর অন্তর কেবল সময় নেওয়ার প্রয়োজনীয়তা থাকত না। Regularised হয়েছে, তাঁরা প্রত্যেক বারই বলছেন। এ বছরও এই regularised সম্পর্কে তাঁরা বলেছেন যে ১৩৭টি কলোনীর মধ্যে ৭০টি regularised হয়েছে। বাকীগুলি এখনও regularised হয় নি, সেগুলি যাতে হয়, তার জন্য চেষ্টা চলেছে। কিন্তু এগুলি ছাড়াও, বর্ত্তমানে বহু জায়গা রয়েছে, সে দিকে কেউ দৃষ্টি দেননি। আজকে যেন মন্ত্রী সভা ভাবছেন তাঁদের দিন ফুরিয়ে এসেছে, এবং বোধ হয় উদ্বাস্তু সমস্যা আর এক বৎসর দেখতে হবে; সুতরাং তাঁদের যে ডিপার্টমেণ্ট, তাঁদের যে দপ্তর আছে, তাই নিয়ে কাজ করছেন, যাতে করে এর সুরাহা হচ্ছে না, কোথাও কিছু হচ্ছে না। শ্রীরামপুরে বাঙ্গুর কলোনী বলে একটা জায়গা আছে, সেখানে জবর দখল কলোনীগুলি এখনও regularised বা বৈধ বা acquisition করা হয়নি। কারণ বাঙ্গুর সাহেবের সঙ্গে বোধ হয় এঁদের গাঁটছড়া বাঁধা আছে, তাই কিছু সেখানে করা সম্ভবপর হবে না। অর্থাৎ তাঁরা কাকে খুসী করবেন। বাঙ্গুর সাহেবকে, না সেখানকার রেফিউজিদের। এই অবস্থা সেখানে দাঁড়িয়েছে।

তারপর চন্দননগরে পিলখানা বলে একটা জবর দখল জায়গা আছে, সেখানে ৩৮টি মুসলমান পরিবার পুনর্বাসন প্রত্যাখ্যান করেছিল, তাদের খাস মহলের জমি আড়াই কাঠা করে দেওয়া হয়েছে। সেই আড়াই কাঠা জমি দিয়ে তাদের কাছ থেকে সেলামী চাওয়া হচ্ছে ১৩০ টাকা এবং কাঠা প্রতি বাৎসরিক ৫ টাকা করে খাজনা সরকার চাচ্ছেন। এই যদি ব্যবস্থা হয়, তাহলে এই সমস্ত উদ্বাস্তুরা কি করে এই মোটা হারে খাজনা দিতে পারবে, এগুলি চিন্তা করতে বলি।

এই সমস্ত মৎস্যজীবী কি করে এই মোটা হার দিতে পারে সেটা চিন্তা করতে বলি।

[4-20—4-30 p. m.]

তারপর এই উদ্বাস্তরা যারা জবর দখল জমির উপর আছে তাদের সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। এই জবর দখলে অনেক বাড়ী আছে মুসলমানের বাড়ী আছে—Property আছে। আমরা প্রত্যেকবারও শুনি যে এরা গরীব মুসলমানদের জন্য দুঃখিত এবং তার জন্য ব্যবস্থা করবেন। আমরা নিশ্চয়ই দেখবো যে এই উদ্বাস্তদের ব্যবস্থা করতে গিয়ে আরও বেআইনী ব্যবস্থা অবলম্বন করেছেন কেন না যে কথাটি তারা আগে বলেছিলেন যে উদ্বাস্তদের পুনর্বাসন করে দিয়ে তারা মুসলমান মালিকদের বাড়ী ফিরিয়ে দেবেন সেটা কোথাও দেখছিনা। আমি এ বিষয়ে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় একবার শুনিয়াছিলেন U.C.R.C.র বৈঠকের সভায় সমরবাবুকে বলেছিলেন যে Compensation উদ্বাস্তদের দিতে হচ্ছে এটা আমরা দিয়ে দিলেই তো হয়। এরকম উক্তি তিনি করেছিলেন। কিন্তু এঁরা কাজের লোক—যা বলেন ১ বছর বাদে আর এক রকম হয়। কিন্তু আপনি প্রফুল্লবাবু তো কাজের লোক, নিজেকে জানেন—এজন্য বলি—আপনাকেই বলি আপনাদের নীতিটা কি অন্ততঃ সেটা কাজের মধ্য দিয়ে দেখাবার চেষ্টা করুন। উদ্বাস্তদের জবর দখল ক্ষেত্রে এই যে বাড়ী এবং জমি নিয়ে ছিনিমিনি খেলা চলছে আর প্রতি বছর এক একটা কথা শোনান হচ্ছে এ বিষয়ে আমাদের স্পষ্ট করে বলুন নীতিটা কি, সেটা ভাল হোক খারাপ হোক বুঝতে পারবো। কিন্তু এই যে এক একবার এক একরকম কথা বলেন এতে মন্ত্রীসভা অত্যন্ত জঘন্য কাজ করছেন বলে মনে করি। সুতরাং আমার কথা হচ্ছে ঐ সম্পর্কে একটু দৃষ্টি দেওয়া হোক্। তাদের উক্তি তারা পালন করেননি। তার বক্তব্যের মধ্যে অনেক গলদ আছে। আজকে উদ্বাস্ত সমস্যাকে একটা ভয়াবহ সমস্যা হিসাবে রেখে দিয়েছেন এবং আমি মনে করি এই যে সংশোধনী বিলটা বড় লোকের স্বার্থে আনা হয়েছে উদ্বাস্তদের স্বার্থের দিকে তাকান হচ্ছে না। সে জন্য এই বিলটাকে ২৮শে মার্চ পর্যান্ত criculation এ দেওয়া হোক।

Shri Gopal Basu : মাননীয় স্পীকার মহাশয়, এ বিল যে আলোচনা হচ্ছে এ সম্পর্কে আমি একটা ঘটনার কথা বলবো। কিছু দিন আগে আমার বাড়ীর সামনে একটা মুসলমান পরিত্যক্ত বাড়ীতে যেখানে ৬টি উদ্বাস্ত পরিবার থাকত তাদের উচ্ছেদ করা হল কিন্তু compensation বাড়ী ভাড়া যা Compentent authority ঠিক করে দিয়েছিলেন তাও দেওয়া হল না।

এবং কয়েক বৎসর আগে থেকে যে compensation দিতে পারেনি বলে তাদের উচ্ছেদ করা হয়েছে। পুলিশ গিয়ে তাদের উচ্ছেদ করলো। আমি সেখানে গিয়ে দেখলাম এবং হিসাব করে দেখলাম যে এই ৬টি পরিবার যদি campএ থাকতো এবং তারা যদি ৫০ থেকে ৬০ টাকা করে মাসে পেতো তাহলে তারা Governmentর কাছ থেকে এই ১০ বৎসরে এক একটি পরিবার ৬ থেকে ৭॥০ হাজার টাকা পেতো। আর এই ৬টি পরিবারকে যদি এক সাথে জড় করা যায় তাহলে Governmentর এই ১০ বৎসরে বেঁচে গিয়েছে ৩৬ থেকে ৪২ হাজার টাকা। এই বাস্তহারারা Governmentর ঘাড়ে পড়ে না থেকে নিজেদের পায়ে দাঁড়িয়েছে। তারা নিজেদের জীবিকার ব্যবস্থা নিজেরাই করে নিয়েছে। এখানে যদি compensationর প্রশ্ন উঠে তাহলে সেই Compensation দেবে সরকার। এই Compensation যদি সরকার দেয় তাহলে বাস্তহারাদের পুনর্বাসন হতে পারতো এবং মুসলমানদের ও ব্যবস্থা হতে পারতো। মুসলমানরা, তারা হয়ত অন্য বাড়ী কিনে ফেলতে পারতো। আমি জানি আমাদের ওখানে একটা বাড়ীতে এরা আছে, ৪ কাঠার উপর সে বাড়ী। সেখানে কাঠা ২ হাজার টাকার বেশী নয়,। তাহলে ৪ কাঠার দাম ৮ হাজার টাকা হয় এবং সেটা একটা খোলার বাড়ী তার দাম দু'হাজার টাকার বেশী নয়। অথচ সেখানে সেই মুসলমানদের Compensation দেওয়া হচ্ছে না এবং এদের ও পুনর্বাসনের কোন ব্যবস্থা করা হচ্ছে না। অর্থাৎ উভয়কেই এঁরা নষ্ট করছেন। তারপর বিজয়নগর কলোনী regularise করা হয়নি। সেখানে বেশীর

ভাগ লোককেই আপনি পত্র দেননি। তার ফলে তার উপর notice দেওয়া হচ্ছে যে তোমরা বাড়ী ছেড়ে দাও। অথচ এদের কোন alternative ব্যবস্থা করলেন না বা মুসলমানদের কোন compensation দেবার ব্যবস্থা করলেন না। এইভাবে একটা বিশৃঙ্খল অবস্থার সৃষ্টি করে রেখেছেন। অন্য দিকে যারা বড় বড় জমির মালিক তাদের বেশী টাকা দেবার ব্যবস্থা করে তাদের পেট ভরাবার ব্যবস্থা করছেন। এই নীতির দ্বারা পুনর্বাসন করা যেতে পারে না, এই নীতির পরিবর্তন করা দরকার। আর একটা কথা নৈহাটি municipality রাস্তার দুই পাশে বাস্তুহারারা ব্যবস্থা করছে যার ফলে রাস্তার দুই দিকে উঁচু হয়ে গিয়েছে এবং বর্ষার সময় রাস্তায় জল জমে যায়। সরকার তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে পারেন। এখানে টাকা দেবার প্রশ্ন নেই। তাদের জন্য যদি একটা hawkers' corner করে দেওয়া হয় তাহলে তাদের পুনর্বাসন হতে পারে এবং জীবিকার ব্যবস্থা হতে পারে। এবং commercial ব্যবস্থা হিসাবে এইগুলি করতে পারেন। এখানে খালি সময় বাড়িয়ে দিলে হবে না, এখানে নীতির পরিবর্তন করতে হবে। আর তা যদি না করেন তাহলে আপনাদের সকল চেষ্টা ব্যর্থ হবে।

[4-30—4-40 p. m.]

The Hon'ble Prafulla Chandra Sen: স্পীকার মহোদয়, এই সংশোধনী বিলের আসল উদ্দেশ্য হচ্ছে আরো তিন বৎসর সময় বাড়ানো ১৯৬১ সাল থেকে। সময় একদম বাড়ান উচিত নয়। একথা কেউ বলেন নি। কেউ বলেছেন এক বৎসর বাড়ানো হোক্, কেউ বলেছেন দুই বৎসর বাড়ান হোক্, কেউ বলেছেন ৩০ দিন বাড়ান হোক্। সময় সকলেই বাড়াতে চাচ্ছেন। এবং যে উদ্দেশ্য বাড়ান হচ্ছে তাতে সকলেই একমত কমবেশী করে। আমাদের এই Act যখন পাশ হয়েছিল ১৯৫১ সালে, তখন কথা ছিল যে যারা ১৯৫০ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে এসে জবর দখল করেছে তাদের পক্ষে এই আইন প্রযোজ্য হবে। অর্থাৎ যারা ১৯৫২, ১৯৫৩ সালে এসে জবর দখল করেছে তারা এই আইনের দ্বারা protection পাবে না। অর্থাৎ ১৯৫০ সাল পর্যন্ত সেখানে খুব বেশী গোলমাল ছিল এবং তখন যারা এসে থাকবার জায়গা না পেয়ে জবর দখল করেছিল।

একজন মাননীয় সদস্য বলেছেন এত বড় লোকদের বেশী টাকা পাইয়ে দেবার জন্যই আমরা acquisition করছি না। আমরা প্রথম যখন এই বিল এনেছিলাম ১৯৫১ সালে এই L.D. Act এ acquisition হবে কিনা সেই কথা ছিল না, এমন কি ১৯৫৪ সালে ও যখন দ্বিতীয়বার এই amendment হয় তখনো এই কথা ছিল না এই Act অনুসারে acquisition হবে। ১৯৫৪ সাল পর্যন্ত normal land acquisition আইন অনুসারেই আমরা জমি নিতাম। কিন্তু ১৯৫৫ সালে একটা ছোট্ট amendment হয়, সেই সময়তে আমরা আর কিছু বলিনি, এই কথাই মাত্র বলেছিলাম এই Act এ আমরা জমি নেব, অর্থাৎ ১৯৪৬ সালের দামে, এবং এখনো আমরা সেই ভাবেই জমি নেব, জবর দখল কলোনীর মালিকদের ১৯৪৬ সালে যে দাম ছিল তাই আমরা দেব এতেও অবশ্যি অনেকের আপত্তি ছিল। চিরকালই কি আমরা ১৯৪৬ সালের দাম দেব। ইতিমধ্যে ৩।৪।৫ গুণ জমির দাম বেড়েছে—অবশ্যি এই জন্যই আমরা দিচ্ছি, বা কম দিচ্ছি, বেশী দিচ্ছি না। গত দশ বৎসরের ভিতরেও যে এই সমস্যা সমাধান হয়নি। তারজন্য আমরাও খুসি নই আমরা মনে মনে ঠিক করেছি যতশীঘ্র সম্ভব এই সমস্যার সমাধান করব। কিন্তু কথা হচ্ছে, আমি আমার প্রাথমিক ভাবনেই বলেছি যারা হাওড়া বা হাওড়ার আশেপাশে, ২৪ পরগণা এবং কলিকাতা সহরের উপর জবর দখল কলোনীতে আছে তারা বাইরে যেতে চায়না alternative accommodation দিলে ও যেতে চায় না। কাজে কাজেই বাইরে

পাঠিয়ে ও কোন লাভ হবে না। এখন এই সমস্ত বাড়ীর ছোট, মাঝারি, ও বড় --আমরা ভাবছি আমরা নিয়ে নেব, কেন্দ্রীয় সরকার তাদের ceiling অনুসারে যা দেবেন, তার চেয়ে বেশী খরচ করতে হবে এবং সেটা State Government এরই খরচ করতে হবে অন্য কোন খাত থেকে, slum clearance এর জন্য কেন্দ্রীয় সরকার থেকে যে ঋণ পাওয়া যাবে, তার থেকে খরচ করব আমরা। আমরা সেই কথাই ভাবছি সমস্ত জমি ও বাড়িগুলি আমরা নিয়ে নেব। অবশ্য এটা যত সোজা মনে হচ্ছে তত সোজা নয়। কারণ, এখন হয়তো একটা বাড়ীতে ৯জন বাস করে, তারা যখন একথা শুনবে আমরা পুনর্বাসন দেব, তখন তারা বলবে আমরা কোথায় থাকব। এখন তারা নিজেদের দায়িত্বে আছে, কিন্তু যখন আবার দায়িত্ব নেবে তখন সমস্যা অন্যরূপ ধারণ করবে। আমরা survey আরম্ভ করে দিয়েছি, বোধ হয় ১২।১৪ আনা কাজ সম্পন্ন হয়েছে। Survey মানে, কতটা বাড়ী, যে landowner, মুসলিম owner, এবং বাড়ী কেনা, কোথাও আবার পুকুর আছে, কতটা খালি জমি আছে ইত্যাদি ইত্যাদি। এই Surveyর পর আমরা কেন্দ্রীয় সরকারের প্রতিনিধির সঙ্গে বসে ঠিক করব তাদের ceiling অনুসারে তাঁরা কতটা দেবেন, আর আমরা কতটা দেবো। কাজে কাজেই এই সমস্যার সমাধান করব কিন্তু অনেক অসুবিধাও আছে। মাননীয় স্পীকার মহাশয় কলিকাতায় এমন জমি পাইলে আমরা নিতে পারি। বিরোধীপক্ষ থেকে একজন মাননীয় সদস্য বল্লেন কোথায় নাকি জমি আছে, আমি সেটা জানিনা, সেটা যদি কেন্দ্রীয় সরকারের ceiling এর মধ্যে হয় তাহলে সেই জমি আমরা নিশ্চয় নেবো। ১৪৭টি Squatters colony ছিল, ১০৩টি আমরা regularise করেছি, ৪৪টি ও নিশ্চয়ই করব- তিনটি আমরা পারব না। আমরা যে নতুন নীতি গ্রহণ করছি তাতে সেই তিনটি আমরা করতে পারব কিনা সঠিক বলতে পারছি না। যে সমস্ত Squatters' colonyর দরুণ আমরা Competent authorityর কাছে গিয়েছিলাম তার সংখ্যা হচ্ছে ১,৭৭৫, তাতে ১৯,৫৯২টি পরিবার আছে, alternative accommodation দেওয়া হয়েছে ১,৩৭৯টি পরিবারকে, ঋণ দেওয়া হয়েছে যারা site এ চলে গিয়েছে -৩৮১টি পরিবারকে ৬,৩১০টি পরিবারকে দেবার ব্যবস্থা করেছি। সুতরাং বাকী আমাদের সমস্যা থাকবে ১১ হাজার ৪৬২ টি পরিবারের। এই সমস্যা সমাধানের জন্য এই নতুন নীতি আমরা গ্রহণ করছি। একজন মাননীয় সদস্য বলেছেন আমাদের Dy. Minister শ্রীকাজেম আলী মির্জা নাকি অনেককে তাঁর জমি থেকে তাড়িয়ে দিয়েছেন। মোটেই তাড়াননি—তিনি ১৯৫৭ সালের পর Competent Authorityর কাছে গিয়েছিলেন, তাঁর মৌজা হচ্ছে শিবগঞ্জ, বোধ হয় ৩২ কাঠা জমি—তিনি সময়মত দরখাস্ত করেছিলেন, competent authorityর কাছে ডিক্রী ও পেয়েছিলেন, ডিক্রী জারী করার ব্যবস্থাও তিনি করতে পারতেন, কিন্তু তিনি তখন বলেছিলেন, আমি পুলিসের সাহায্য নিয়ে আশ্রয় প্রার্থীদের বিতাড়িত করতে পারব না। অতএব তিনি যথেষ্ট consideration দেখিয়েছেন, মহানুভবতা দেখিয়েছেন। যাইহোক, আমরা কারুর ক্ষতি করতে চাই না। আমরা উভয় পক্ষেরই উপকার করতে চাই। বিশেষ করে নতুন যে নীতি আমরা গ্রহণ করছি তাতে আমাদের লক্ষ্য হচ্ছে যতবেশী লোকের উপকার করতে পারা যায়। যদি কলকাতার বাইরে, ২৪ পরগণার শহরাঞ্চলের বাইরে, হাওড়া অঞ্চলের বাইরে যেতে তারা রাজী থাকেন তাহলে আমি বলতে পারি ৬ মাসের মধ্যে এই সমস্যা আমরা সমাধান করতে পারব। তারপর Compensation ব্যাপার নিয়ে আমি কোন তর্ক করতে চাই না। আমার যতদুর জানা আছে, প্রায় ৯০।৯৫ ভাগ লোকই রুজি রোজগার করেন, তাহলে এই দশবৎসর টিকলেন কি করে? তাঁদের অনেকেই ২০০।২৫০ টাকা মাইনে পান। যারা evicted হয়ে গিয়েছেন তাদের আমরা কি করব এই কথা উঠেছে, আমরা এখন যে নতুন নীতি গ্রহণ করছি তাতে আর যাতে eviction না হয় তার ব্যবস্থাই আমরা করব।

Shri Niranjan Sengupta: কেন এই তিনটি colony র regularisat হবে না?

The Hon'ble Prafulla Chandra Sen: আমি এই মাত্র জানলাম, এখন সিদ্ধ হয়েছে ঐ তিনটি ও regularised হবে, যতগুলি Colony আছে সবই regularis হবে। I oppose the motion for Circulation and I commend my moti to the acceptance of the House.

[4-40—4-50 p. m.]

The motion of Shri Niranjan Sen Gupta that the Rehabilitation Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupati of Land (Amendment) Bill, 1961, be circulated for the purpose eliciting opinion thereon by the 29th March, 1961, was then put and division taken with the following result :—

NOES—105

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Badiruddin Ahmed, Hazi
Banerji, Shri Sankardas
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Profulla Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Shri Satindra Nath
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Shyamapada
Bhattacharyya, The Hon'ble Syamadas
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Brahmamandal, Shri Debendra Nath
Chatterjee, Dr. Binoy Kumar
Chattopadhya, Dr. Satyendra Prasanna
Chaudhuri, Shri Tarapada
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Durgapada
Das, Dr Kanailal
Das, Shri Mahatab Chand
Das, Shri Sankar
Das Adhikary, Shri Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Haridas
Dhara, Shri Hansadhwaj
Digpati, Shri Panchanan
Dolui, Dr. Harendra Nath
Dutta, Shrimati Sudharani
Gayen, Shri Brindaban
Ghatak, Shri Shib Das
Ghosh, Shri Bejoy Kumar
Golam Soleman, Shri
Gupta, Shri Nikunja Behari
Gurung, Shri Narbahadur
Hafijur Rahaman, Kaoi
Haldar, Shri Kuber Chand
Hasda, Shri Jamadar
Hasda, Shri Lakshan Chandra
Hazra, Shri Parbati
Hoare, Shrimati Anima
Ishaque, Shri A. K. M.
Kazem Ali Meerza, Shri Syed
Khan, Shrimati Anjali
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Hoque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Bhim Chandra
Mahato, Shri Sagar Chandra
Mahato, Shri Satya Kinkar
Mahibur Rahaman Choudhuri, Sl
Maiti, Shri Subodh Chandra
Majhi, Shri Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Mandal, Shri Sudhir
Mardi, Shri Hakai
Maziruddin Ahmed, Shri
Misra, Shri Monoranjan
Misra, Shri Sowrindra Mohan
Modak, Shri Niranjan
Mohammad Giasuddin, Shri
Mohammed Israil, Shri
Mondal, Shri Baidyanath
Mondal, Shri Bhikari
Mondal, Shri Rajkrishna
Mondal, Shri Sishuram
Muhammad Ishaque, Shri
Mukherjee, Shri Ram Lochan
Mukharji, The Hon ble Ajoy Kum
Mukhopadhyay, Shri Ananda Goj

Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Shri Jadu Nath
Murmu, Shri Matla
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Pal, Dr. Radhakrishna
Panja, Shri Bhabaniranjan
Pati, Dr. Mohini Mohan
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Rajani Kanta
Prodhan, Shri Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Shri Sarojendra Deb
Ray, Shri Arabinda
Ray, Shri Jajneswar
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy Singha, Shri Satish Chandra
Saha, Shri Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Shri Nakul Chandra
Sarkar, Shri Amarendra Nath
Sarkar, Dr. Lakshman Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Shakila Khatun, Shrimati
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Durgapada
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, Shri Pramatha Ranjan
Trivedi, Shri Goalbadan
Yeakub Hossain, Shri Mohammad

AYES—46

Abdulla Farooquie, Shri Shaikh
Badrudduja, Shri Syed
Banerjee, Dr. Dhirendra Nath
Banerjee, Shri Subodh
Basu, Shri Chitto
Basu, Shri Gopal
Basu, Shri Jyoti
Bera, Shri Sasabindu
Bhagat, Shri Mangru
Bhattacharya, Dr. Kanailal
Chakravorty, Shri Jatindra Chandra
Chatterjee, Shri Basantalal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Shri Mihirlal
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Gobardhan
Das, Shri Natendra Nath
Dey, Shri Tarapada
Elias Razi, Shri
Ghosh, Dr. Prafulla Chandra
Ghosh, Shrimati Labanya Prova
Halder, Shri Renupada
Hamal, Shri Bhadra Bahadur
Hansda, Shri Turku
Jha, Shri Benarashi Prosad
Kar Mahapatra, Shri Bhuban Chandra
Lahiri, Shri Somnath
Majhi, Shri Jamadar
Majhi, Shri Ledu
Maji, Shri Gobinda Charan
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Bijoy Bhusan
Majumder, Shri Satyendra Narayan
Mitra, Shri Haridas
Mondal Shri Haranchandra
Mukhopadhyay, Shri Samar
Mullick Chowdhury, Shri Suhrid
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Panda, Shri Basanta Kumar
Pandey, Shri Sudhir Kumar
Prasad, Shri Rama Shankar
Ray, Dr. Narayan Chandra
Ray, Shri Phakir Chandra
Roy, Shri Jagadananda
Sen, Shrimati Manikuntala
Sen Gupta, Shri Niranjan

The Ayes being 46 and the Noes 105 the motion was lost.

Mr. Speaker: Other motions fall through.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of land (Amendment) Bill, 1961, be taken into consideration was then put and agreed to

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, I beg to move that the Rehabilitation of Displaced persons and Eviction of Persons in Unauthorised Occupation of land (Amendment) Bill, 1961, as settled in the Assembly be passed.

Shri Jyoti Basu: মাননীয় স্পীকার মহাশয়, প্রফুল্লবাবু আমার প্রশ্নের জবাব দেননি বলে আমাকে কিছু বলতে হচ্ছে। আমি তাঁকে পরিষ্কারভাবে বলেছিলাম যে আপনি যখন ১০ বছর পরে একটা নূতন নীতি গ্রহণ করতে যাচ্ছেন তখন কতগুলো কেস্ বাকী আছে, কোন জমিতে আছে, কার জমিতে আছে, তাদের অল্টারনেটিভ এ্যাকোমোডেসন দেওয়া যাবে কিনা, তাদের রোজগার কত, তারা কম্‌পেন্‌সেসন দিতে পারবে কিনা ইত্যাদি বিষয়গুলো আপনাকে রিভিউ করে তদন্ত করে দেখতে হবে। শুধু তাই নয়, এও বলেছিলাম যে যখন এগুলো নূতন করে করছেন তখন সে সমস্ত কম্‌পেন্‌সেসনের মামলাগুলো রয়েছে এবং যার জন্য তাদের তাড়িয়ে দেওয়া হচ্ছে সেগুলোও আপনাকে দেখতে হবে। কিন্তু আপনি তদন্ত না করেই বলে দিলেন যে, আমি জানি তাদের মধ্যে ৯০ ভাগ কম্‌পেনসেসন দিতে পারবে কেননা তা নাহলে তারা বেঁচে আছে কি করে? তবে আপনার কথা অনুসারে তারা যদি এতই টাকাওয়ালা লোক হয়ে থাকে যে এই কম্‌পেনসেসন যা জমেছে তা তারা দিতে পারবে তাহলে ঐ বাড়ী কিনে তাদের বসাবার বা তদন্ত করবার কি প্রয়োজন আছে? কাজেই আমি বলছি যখন আপনি নূতন করে করছেন তখন যাদের উপর অর্ডার হয়ে গেছে সেখানে আইনের পরিবর্ত্তন করে তাদের টেম্পোরারী প্রটেক্‌সন দেবার ব্যবস্থা হতে পারে কিনা দেখুন। আপনি বলেছেন যে ঐ বাড়ী কিনে নিয়ে তাদের বসাবার ব্যবস্থা করছি--তবে একটু সময় লাগবে। কিন্তু আমার কথা হোল তাহলে ইন্ দি মিন্ টাইম এই সমস্ত কেস যেমন আমার কাছে ২৫টি এবং অন্যান্যদের কাছে ৮।১০টি কেস এসেছে যে পুলিশ গিয়ে তাদের কাঁথা কম্বল নিয়ে টানাটানি করছে এবং নানাভাবে হয়রান করছে? তারপর আপনি তো না জেনেই বলে দিলেন যে তারা টাকা দিতে পারবে, কিন্তু আপনি বলতে পারেন কি যে, বরাহনগরে যারা আছে তাদের প্রত্যেকে কম্‌পেন্‌সেসন হিসেবে ১২০০, ১৫০০ বা ২০০০ টাকা দিতে পারবে বা মাসে মাসে ২০ টাকা করে দিতে পারবে? তবে যদি বলেন হাঁ, তাহলে আমি বলব কি করে আপনি তা জানলেন? আপনি তো কোন তদন্ত করেন নি। কাজেই আমি বলছি যে আপনি তদন্ত করুন এবং তারপর যদি দেখা যায় যে তারা দিতে পারে তাহলে তাদের কাছ থেকে আদায় করুন তাতে আমরা একটা কথাও বলব না বা তাদের পাশে গিয়েও কেউ দাঁড়াবে না। তারপর আপনি বলেছেন যে একটু সময় চাই কেননা একটা নূতন পলিসি নিয়েছি। কিন্তু আমার কথা হচ্ছে যে তাদের কি লিগ্যাল প্রটেক্‌সন আপনি দিচ্ছেন? তারপর উনি বলেছেন উপমন্ত্রী কাজেম আলি মীর্জা বলেছেন যে আমি পুলিশের সাহায্য চাইনা, কিন্তু আমরা দেখছি তিনি মামলায় জিতে বসে আছেন। কাজেই ও রকম তো সকলেই বলতে পারে যে, "আমি পুলিশের সাহায্য চাইনা।" কিন্তু কেউ যদি মামলায় জিতবার পর পুলিশ প্রটেকসন চায় তাহলে আপনাকে সেই সাহায্য দিতে হবে এবং তিনি গিয়ে উচ্ছেদ করবেন। যেমন, ঐ নর্থক্যালকাটায় পুলিশ গিয়ে তাদের ঘরবাড়ী ভেঙ্গে দিয়েছে এবং তারপর কোর্টে decree হয়েছে। তারপর আমি যখন আপনাকে বললাম যে কি লিগ্যাল প্রটেক্‌সন দিতে পারেন বলুন, তখন আপনি বললেন "না"। কিন্তু এটা তো আপনি

করতে পারেন যে, এই যে আপনি ৩ বছর সময় নিচ্ছেন এই ৩ বছরে আপনি কাউকে অল্টারনেটিভ এ্যাকোমোডেসন্ দিলেন না—অর্থাৎ not a single refugee family has been given alternative accommodation. এটা আপনি অনায়াসে করতে পারেন এবং তাই করুন, কেন না তা না হলে ঐ যে কম্পিটেণ্ট অথরিটি-রা কেস করে বসে আছে তাতে তাঁরা হাওড়া, হুগলী, ২৪ পরগণা হোক বা যেখানেই হোক তাদের প্রত্যেককে তাড়াবেন। তাহলে এসব কথা বলার কি মানে হয় বা এসব পাওয়ার আপনাদের দেবার কি মানে হয় যে আরও ১২।১৩ বছর আপনারা এক্সটেণ্ড করুন? অবশ্য যদি অন্য কিছু আপনাদের মনে থাকে তাহলে তা বলুন, কিন্তু যেটা মুখে বলছেন সেটাই যদি আপনাদের মনের কথা হয় তাহলে সেটা পরিষ্কার করে যেন আমাদের বলছেন না বা কেন একটা লিগ্যাল ওপিনিয়ন নিচ্ছেন না যে কি করে তাদের প্রটেক্‌সন দেওয়া যায় যাতে তারা সেই বাড়ীতে থাকতে পারে বা অল্টারনেটিভ সেণ্টারে যেতে পারে?

[4-50—5 p. m.]

আমরা যখন চিঠি পাঠাচ্ছি কমিশনারের কাছে তখন এদের এভিক্ট করছে। তিনি এদের অল্টারনেট এ্যাকোমোডেশান দিতে পারছেন না। তিনি বলছেন কোথা থেকে দেব, আচ্ছা খোঁজ করি। খোঁজ করতে ভদ্রলোকের ২।৩ মাস সময় লাগবে, এই ২। মাসের ভেতর তাদের ঘর থেকে বের করে দিচ্ছে। পুলিশকে কি করে দোষ দেব যদি এ জিনিষ হয়? আমি দোষ দেব রিহ্যাবিলিটেশান কমিশনারের, আমি দোষ দেব প্রফুল্ল সেন মহাশয়ের, কেন তাঁরা অল্টারনেট এ্যাকোমোডেশান দিতে পারছেন না যেটা দেবার কথা ছিল। আপনি যদি প্রপারলি তাদের অল্টারনেট এ্যাকোমোডেশান দিতেন তাহলে তারা সেখান থেকে ব্যবসা বাণিজ্য চাকরি করতে পারত। তারপর যদি তারা না যায় তাহলে আপনার কি রেসপনসিবিলিটি আছে, কোন রেসপনসিবিলিটি নেই। আমি বলব কেন তাদের দিতে পারছেন না? দিতে না পারলে তারা যাবে কোথায়? সেজন্য বারবার একটা কথা বলছি যে এর একটা সুস্পষ্ট জবাব আপনার কাছ থেকে চাই। এটা সিরিয়াস ব্যাপার সেজন্য আর একবার বলতে হচ্ছে। আশা করি আপনি জবাব দেবেন।

Shri Apurba Lal Majumder: মাননীয় স্পীকার মহাশয়, একটু আগে মাননীয় সদস্য জ্যোতিবাবু স্কোয়াটার্স সম্বন্ধে যে বক্তব্যগুলি রেখেছেন আমিও এই রকম কতকগুলি সরাসরি প্রশ্ন মন্ত্রীমহাশয়ের কাছে করেছিলাম বিশেষ করে হাওড়া সম্পর্কে সেই প্রশ্ন করেছিলাম যে, যে ৮।৯ শো ফ্যামিলির বিরুদ্ধে কম্পিটেণ্ট কোর্টে মামলা চলেছে সেই ৮।৯ শো ফ্যামিলির জন্য গত ১০ বছরের মধ্যে তিনি অল্টারনেট এ্যাকোমোডেশান দিতে পারলেন না। এই যে আমাদের কাছে বলেন হাওড়া শহরের আশে পাশে ২ হাজার লোককে আপনারা জায়গা দিয়েছেন এবং যখন ২ হাজার বিভিন্ন ক্যাম্প রিফিউজীদের জায়গা দিয়েছেন তখন হাওড়ার মুসলমান যারা যাদের বাড়ী জবর দখল করে আছে তাদের এবং যারা উদ্বাস্তু তাদের তরফ থেকে জয়েণ্টলি রিপ্রেজেণ্টেসান আপনাদের কাছে দেওয়া হয়েছিল। কিন্তু সেই ৮ শো পরিবারের আজ পর্যন্ত কোন ব্যবস্থা করলেন না। আমি আশা করেছিলাম যে এদের সম্পর্কে তিনি নিশ্চয়ই কিছু এই হাউসের কাছে বলবেন যে কবে তিনি এদের পুনর্বাসনের ব্যবস্থা করবেন। কিন্তু আমি দেখলাম তিনি বিলের জন্য আরও ৩ বছরের সময় চেয়েছেন। ৩ বছর সময় ৮ শো পরিবারের জন্য কি জন্য লাগবে? আমি এখানে বলতে পারি কোথায় কোথায় প্লট খালি আছে। চকপাড়া, রামরাজাতলা, জগাছা থানায় বহু এক্যোয়ার্ড জমি আছে। হাওড়ার মুসলমান বাড়ীতে যেসব উদ্বাস্তু আছে তাদের বিরুদ্ধে কমপিটেণ্ট কোর্টের রায় হয়ে আছে এবং ল্যাণ্ডলর্ডরা এসে এগজিকিউসান করে তাদের কাছ থেকে জোর করে টাকা আদায় করে নিচ্ছে। তারা কম্পেনসেশান, কনসিডারেশানের টাকা দিতে পারছে না

বলে উচ্ছেদ হয়ে যাচ্ছে। এদের কেসগুলি আপনারা আগে দেখুন। ল্যাণ্ডলর্ডরা জোর করে পুলিশ লেলিয়ে এদের কাছ থেকে টাকা আদায় করার চেষ্টা করছে। তাদের ক্ষেত্রে জমিগুলি দিন। কিন্তু তা না করে কেন বাইরে অন্য জায়গা থেকে রিফিউজী এনে বসাচ্ছেন। অথচ বলছেন হাওড়ায় জায়গা নেই হাওড়ার আশপাশে জায়গা নেই সেজন্য দিতে পারছি না। আমরা দেখেছি ১৯৬ সালের মধ্যে ২ হাজার ২ শো পরিবারের আপনারা বন্দোবস্ত করেছেন কিন্তু এই ৮ শো পরিবার এবং ল্যাণ্ডলর্ডদের তরফ থেকে জয়েন্টলি যখনই যাই তখনই একটা কথা বলেন আমরা কিছু করতে পারি না। আপনাদের নীতি কি সে সম্পর্কে কোন কথা বলেন নি। আপনি হাউসের সামনে পরিষ্কার করে বলুন যে গরীব ল্যাণ্ডলর্ড যারা আছে তাদের জায়গা থেকে তুলে দেব এবং উদ্বাস্তদের ৬ মাসের মধ্যে একটা ব্যবস্থা করে দেব যাতে কমপিটেন্ট কোর্টের রায় থেকে উচ্ছেদ তারা না হয়।

Shri Haridas Mitra: স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের সুবিধার জন্য আমি একটা বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যে কম্পিটেন্ট অথোরিটি কোর্ট এবং ট্রাইবুনালের একটা কেস সম্বন্ধে তাদের রায় চ্যালেঞ্জ করে হাইকোর্টে মুভ করা আছে, কেস নং ২৪।৫৯ এবং হাইকোর্ট থেকে রুল ইস্যু করা হয়েছে। ওঁর কাছে একটা অনুরোধ যতক্ষণ পর্যান্ত না হাইকোর্টে এই কেসের ডিসিসন হবে, ট্রাইবুনালের এগেনস্টে হাইকোর্টে যে কেস করা হয়েছে ততক্ষণ পর্যান্ত সমস্ত এভিকসন অর্ডার যাতে এক্জিকিউটেড না হয়। এটা এখনি বন্ধ রাখতে পারেন। তার পরে যে কথা জ্যোতিবাবু বলেছেন, উনিও সেটা বার বার বলেছেন যে সমস্ত গুলিকে রিভিউ করা হবে। হাইকোর্টে কেস রেফার করা হয়েছে, কেস নং ২৪।৫৯, রুল ইস্যু হয়েছে কমপিটেন্ট অথোরিটি এবং ট্রাইবুনালের অর্ডার চ্যালেঞ্জ করে হাইকোর্টে মুভ করা হয়েছে।

Shri Sankardas Bandyopadhyay: রুল হয়েছে — রুল হবে, ডিসিসন যখন হবে, তার থেকে প্যানেল হবে, প্রয়োজন হলে সুপ্রীম কোর্ট হবে। কত কাল বসে থাকা যায়।

The Hon'ble Prafulla Chandra Sen: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে সমস্ত প্রশ্ন উঠেছিল আজকের বিবেচ্য বিষয়ের সংগে তার কোন যোগ নেই আমি একই কথা শুনলাম মশাই, ৮০০ লোককে কেন দিতে পারেন না? আপনাকে ফাঁসি দেয়া হবে। আমরা দিতে পারব না বলেই তো তিনবছর সময় চাচ্ছি। ২০০০ লোককে দেয়া হচ্ছে, ৮শো লোককে দিতে পারলেন না। আমাদের যে বিলটা হয়েছে সেটা ডিসপ্লেসড পারসনস্ প্রোটেকসান দেওয়ার জন্য হয়েছে। এখানে পরিষ্কার লেখা আছে যে তাদের অল্টারনেটিভ অ্যাকমডেসন দিতে হবে ধ্যার ধারে গোবিন্দপুরে নয়, আমাদের দিতে হবে until the State Government provided for him in the prescribed manner other land which, in the opinion of the Competent Authority, is situated in an area from where the displaced person will be able to carry on conveniently such occupation as he may have been engaged in for earning his livelihood.

এখানে in the opinion of the Competent Authority র বদলে হয়েছে in the opinion of the State Government. ষ্টেট গভর্ণমেন্ট এত নির্বোধ নয় যে যেখানে সেখানে পাঠিয়ে দেবেন। অপূর্ববাবু বা চিত্তবাবু যদি জমি দেখিয়ে দিতে পারেন তাহলে আমরা সেই জমিতে তাদের সরিয়ে দেব। হাওড়া জেলায় যে একটিও হয়নি এটা ভুল কথা। ১৭০টা পরিবারকে অল্টারনেটিভ অ্যাকমডেসন দেয়া হয়েছে হাওড়া জেলায় এবং কোলকাতা ও ২৪ পরগণায় ১২০৯ এবং ১৩৩৯ টি পরিবারকে দেয়া হয়েছে। এবাদে ৬৩১০টা পরিবারের জন্য ব্যাবস্থা করা হচ্ছে, অর্থাৎ ১৯

৫১৩টি পরিবারের মধ্যে ১১৪৬২টি পরিবার আছে। কমপেনসেসন সম্বন্ধে যা কথা উঠেছে সেটা এখানে বিবেচনার বিষয় নয়। এর জন্য আজকে আপনাদের কাছে আসিনি। অতএব এর উত্তর দেওয়া উচিৎ বলে আমি মনে করি না। কাজেই আমি অনুরোধ করব এই অ্যামেণ্ডমেণ্ট বিল যেটা আমি উপস্থিত করেছি সেটা অনুগ্রহ করে আপনারা পাশ করে দিন।

Shri Jyoti Basu : তারা তো এভিকটেড হয়ে যাচ্ছে।

The Hon'ble Prafulla Chandra Sen : এভিক্ট হলে কি করবো।

Shri Jyoti Basu : কিছু প্রোটেকসন দিতে পারেন না? মুখ্যমন্ত্রী একরকম বলেন, আপনি এক রকম বলেন। স্পষ্ট করে বলুন না, বাজে কথা বলেন কেন?

The Hon'ble Prafulla Chandra Sen : কোর্টের আদেশে যদি এভিকটেড হয় তাহলে আমি বাচার আমি কিছু করতে পারবোনা।

[5—5-25 p. m.]

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1961, as settled in the Assembly, be passed, was then put and a division taken with the following result:—

AYES—105

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Badiruddin Ahmed, Hazi
Banerji, Shri Sankardas
Bandyopadhyay, Shri Smarajit
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Shri Satindra Nath
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Shyamapada
Bhattacharya, The Hon'ble Syamdas
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Brahmamandal, Shri Debendra Nath
Chatterjee, Dr. Binoy Kumar
Chattopadhya, Dr. Satyendra Prasanna
Chaudhuri, Shri Tarapada
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Durgapada
Das, Dr. Kanailal
Das, Shri Sankar
Das Adhikary, Shri Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Haridas
Dhara, Shri Hansadhwaj
Digpati, Shri Panchanan
Dolui, Dr. Harendra Nath
Dutta, Shrimati Sudharani
Gayen, Shri Brindaban
Ghatak, Shri Shib Das
Ghosh, Shri Bejoy kumar
Golam Soleman, Shri
Gupta, Shri Nikunja Behari
Gurung, Shri Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Shri Kuber Chand
Hasda, Shri Jamadar
Hasda, Shri Lakshan Chandra
Hazra, Shri Parbati
Hoare, Shrimati Anima
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Kazem Ali Meerza, Shri Syed
Khan, Shrimati Anjali
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Hoque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Bhim Chandra
Mahato, Shri Sagar Chandra
Mahato, Shri Satya Kinkar
Mahibur Rahaman Choudhury, Shri
Maiti, Shri Subodh Chandra
Majhi, Shri Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Mandal, Shri Sudhir

Mardi, Shri Hakai
Maziruddin Ahmed, Shri
Misra, Shri Monoranjan
Misra, Shri Sowrindra Mohan
Modak, Shri Niranjan
Mohammad Giasuddin, Shri
Mohammed Israil, Shri
Mondal, Shri Baidyanath
Mondal, Shri Sishuram
Muhammad Ishaque, Shri
Mukherjee, Shri Ram Lochan
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Shri Jadu Nath
Murmu, Shri Matla
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Pal, Shri Provakar
Pal, Dr. Radhakrishna
Panja, Shri Bhabaniranjan
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Rajani Kanta
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Shri Sarojendra Deb
Ray, Shri Arabinda
Ray, Shri Jajneswar
Ray, Shri Nepal
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy Singha, Shri Satish Chandra
Saha, Shri Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Shri Nakul Chandra
Sarkar, Shri Amarendra Nath
Sarkar, Dr. Lakshman Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Shakila Khatun, Shrimati
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Durgapada
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, Shri Pramatha Ranjan
Trivedi, Shri Goalbadan
Wangdi, Shri Tenzing
Yeakub Hossain, Shri Mohammad

NOES—46

Abdulla Farooquie, Shri Shaikh
Badrudduja, Shri Syed
Banerjee, Dr. Dhirendra Nath
Banerjee, Shri Subodh
Basu, Shri Chitto
Basu, Shri Gopal
Basu, Shri Jyoti
Bera, Shri Sasabindu
Bhagat, Shri Mangru
Bhattacharya, Dr. Kanailal
Chakravorty, Shri Jatindra Chandra
Chatterjee, Shri Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Shri Mihirlal
Chattoraj, Dr Radhanath
Das, Shri Gobardhan
Das, Shri Sisir Kumar
Dey, Shri Tarapada
Elias Razi, Shri
Ghosh, Dr. Prafulla Chandra
Ghosh, Shrimati Labanya Prova
Halder, Shri Renupada
Hamal, Shri Bhadra Bahadur
Hansda, Shri Turku
Jha, Shri Benarashi Prosad
Kar Mahapatra, Shri Bhuban Chandra
Lahiri, Shri Somnath
Majhi, Shri Jamadar
Majhi, Shri Ledu
Maji, Shri Gobinda Charan
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mandal, Shri Bijoy Bhusan
Mazumdar, Shri Satyendra Narayan
Mitra, Shri Haridas
Mukhopadhyay, Shri Samar
Mullick Chowdhury, Shri Suhrid
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Panda, Shri Basanta Kumar
Pandey, Shri Sudhir Kumar
Prasad, Shri Rama Shankar
Ray, Dr. Narayan Chandra
Ray, Shri Phakir Chandra
Roy, Shri Jagadananda
Sen, Shrimati Manikuntala
Sengupta, Shri Niranjan

The Ayes being 105 and the Noes 46, the motion was carried.

[At this stage the House was adjourned for 15 minutes]

[After adjournment]

[5-25—5-35 p. m.]

The West Bengal Molasses Control (Amendment) Bill, 1961.

The Hon'ble Syama Prasad Barman: Sir, I beg to introduce the West Bengal Molasses Control (Amendment) Bill, 1961.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Syama Prasad Barman: Sir, I beg to move that the West Bengal Molasses Control (Amendment) Bill, 1961, be taken into consideration.

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই কনেকসনে কয়েকটি কথা বলতে চাই—এর ব্যাক্‌গ্রাউণ্ড থেকে।

মোলাসেস্‌ কণ্ট্রোল এ্যাক্ট ১৯৪৮ সালে পাশ হয়, এবং তারপর দু-তিন বার এর যখন মেয়াদ ফুরিয়ে যায়, আমরা এ্যামেণ্ডমেণ্ট করি। ১৯৬১ সালের মার্চ মাস পর্য্যন্ত এটা বলবৎ আছে। এখন আমাদের এই মোলাসেস্‌ কণ্টোল এ্যাক্টের যে কার্য্যকারিতা রয়েছে, এর পটভূমিকায় আমি কয়েকটি কথা বলতে চাই। আমাদের স্পিরিটের খুবই দরকার। এ্যালকহল প্রডাকসন ইন্‌ডাষ্ট্রি বা ডিষ্টিলারী এখানে তার চারটা আছে। এটা একটা মস্তবড় ইন্‌ডাষ্ট্রীতে দাঁড়িয়েছে। তার কারণ আমাদের গরীব, বড়লোক নির্বিশেষে সকলেরই স্পিরিট্‌ দরকার হয়। যেমন বড় লোকদের স্পিরিট দরকার হয়, তেমনি গরীব লোকদেরও স্পিরিট দরকার হয়। শুধু স্পিরিট লোকে পান করে না, শিল্পের জন্য ও দরকার হয়। আমাদের এখানে হীরেনবাবু উপস্থিত আছেন, তিনি জানেন। গরীব লোকদের অসুখ করলে, তারা সাধারণত এক ডোজ্‌ হোমিওপ্যাথিক ঔষধ খায়। এই হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তত করার জন্য স্পিরিটের প্রয়োজন হয়। শুধু হোমিওপ্যাথিক ঔষধ নয়, এ্যালোপ্যাথিক ঔষধ তৈরী করবার জন্য এবং ফার্ণিচার এর বার্ণিশ ইত্যাদির জন্য ও স্পিরিটের দরকার হয়। আমাদের পানীয় স্পিরিট, অর্থাৎ যেটা মদ্য হিসাবে লোকে ব্যবহার করেন, সেই জাতীয় কাণ্ট্রী স্পিরিট এর প্রয়োজন হল ৭ লক্ষ ১৪ হাজার গ্যালন। আর ইন্‌ডাষ্ট্রিয়াল স্পিরিট, অর্থাৎ শিল্পের জন্য যেটা দরকার হয়—তার পরিমাণ হল ১২ লক্ষ ৫৭ হাজার গ্যালন। এবং তার জন্যই বিশেষ করে মোলাসেস্‌ এর দরকার হয়। এবং কান্ট্রী স্পিরিটের জন্য ২ লক্ষ ৭০।৮০ হাজার গেলন আমাদের মোলাসেস দরকার হয়।

আর Industrial spirit তৈরী করার জন্য ৭ লক্ষ ৪১ হাজার মণ molasses দরকার হয় কিন্তু দুর্ভাগ্য বশতঃ আমাদের পশ্চিমবাংলায় এত দিনে ২টি মাত্র sugar mill হয়েছে। একটি আছে পলাশীর কাছে রামনগরে আর একটা আছে বীরভূমে আমেদপুরে—এ ২টি থেকে আমরা আশা করছি ২ লক্ষ মণ molasses আমরা পাব। কিন্তু আমাদের ২ লক্ষ মণে পোষাবে না। আমাদের অন্য state থেকে আমদানী করতে হয়। আর ব্যাপার হচ্ছে এই যে molasses এর আমাদের এত shortage যে sugar mill এ যে molasses তৈরী হয় তা নির্দিষ্ট মূল্যে দেওয়ার জন্য Molasses Control Act পাশ করা হয়। কিন্তু আমরা আশা করেছিলাম যে ভবিষ্যতে ২।৪ বছরের মধ্যে আর এটার দরকার হবে না—কিন্তু এখনও আমরা molassesএ স্বয়ং সম্পূর্ণ হতে পারিনি। আমাদের অন্য state থেকে আনতে হচ্ছে। এখন আমাদের দেশের যে molasses পাই তাতে যদি control না থাকে তাহলে হয়ত sugar Millগুলি খুব বেশী দাম আদায় করবে যার ফলে conntry spirit এর দাম খুব বেশী বেড়ে যাবে। সেজন্য Molasses Control Act এর মেয়াদ ১৯৬১ সালের মার্চ মাসে শেষ হয়ে যাচ্ছে। সেটাকে আরও পাঁচ বছর বাড়াবার জন্য এই amendment নিয়ে এসেছি। আর এই বিলটা খুব ছোট্ট বিল এতে কোন তর্ক বিতর্কের অবকাশ নাই কাজেই আমি আশা

করছি আপনারা circulation এর জন্য যে motion দিয়েছেন তা আপনারা প্রত্যাহার করবেন এই বলে আমি এ বিল হাউসের কাছে উপস্থিত করছি।

Mr Speaker : All the amendments for circulation are out of order. Mr Mihirlal Chatterjee may please speak now.

Shri Mihirlal Chatterjee : স্পীকার মহাশয়, মাননীয় আবগারী মন্ত্রী তাঁর ভাষণের শেষ দিকে বললেন যে molasses control order আরও কিছু দিন যদি বলবৎ না রাখা হয় তাহলে country spiritএর দাম বেড়ে যাবে, উৎপাদন খরচ বেড়ে যাবে। ভাষণের প্রথম দিকে তিনি বললেন যে molasses control Act আরও দীর্ঘস্থায়ী করা হচ্ছে Industrial spiritএর জন্য আর স্পিরিটজাতীয় ঔষধপত্রের সুবিধার জন্য ; কিন্তু শেষ দিকে তিনি আসল কথাটা বলে ফেলেছেন—The cat is out of the bag. এটা আমি বুঝি না বাংলাদেশে এমন কি অবস্থা হয়েছে যার জন্য molasses যাকে বাংলায় বলে চিটেগুড় বা ঝোলাগুড় যার তার উপর control রাখা দরকার ? আমি নিজে জানি এবং বাজারে তথ্য সংগ্রহ করে দেখেছি—বাজারে কণ্ট্রোল দরের চেয়ে কম দামে molasses বিক্রী হয়। মন্ত্রী-মহাশয় বললেন না—কি দামে molasses control করতে চান। মন্ত্রীমহাশয়কে আমি জানাতে পারি যে ৩।৷৹ টাকা মণ দরে বিক্রী হয় এই molasses। এই জিনিষের কোন অভাব আমাদের বাংলাদেশে নাই। এই জিনিষ প্রচুর পরিমাণে বাংলাদেশের বাজারে বিক্রী হচ্ছে এবং দীর্ঘদিন থেকেই বিক্রী হচ্ছে। এই জিনিষের উপর Molasses Control Act দীর্ঘ দিন বলবৎ রাখবেন কেন ? যদি জিনিষের অভাব থাকে, যদি জিনিষ অত্যন্ত বেশী দামে বিক্রী হয়, যদি, জিনিষ দুষ্প্রাপ্য হয় যদি জিনিষের বণ্টন ব্যাপারে কোন অসুবিধা থাকে, যদি জিনিষের সরবরাহ না থাকে, তাহলে Molasses Control Act চালু থাকা প্রয়োজন। সেই প্রয়োজনে Production regulate করতে হবে, তখন distribution regulate করতে হবে, তার Price পর্যন্ত regulate করতে হবে।

এই আইনটির প্রয়োজন এখন আর নেই, বিন্দুমাত্র প্রয়োজন নেই। কারণ বাজারে প্রচুর পরিমাণে molasses পাওয়া যায়, যত ইচ্ছা কেনা যায়। এই Houseএ কোন দিন, কোন লোকের কাছে কি আপনি, Sir, শুনেছেন যে, molassesর অভাব হয়েছে, molasses control করা দরকার, molasses পাওয়া যায় না, molassesর দাম বেশী। এই আইনের আসল মতলব হচ্ছে, মদের জন্য molasses দরকার, industrial spiritর জন্য নয়। দেশী মদের জন্য এই molasses control করা দরকার। Sir, আর একটা কথা বলি, এটা অত্যন্ত দুঃখের কথা, বাংলাদেশে দুইটি sugar mill আছে। Open pan processএ যদি ঝোলা গুড় তৈরী হয় তাহলে তার উপর control নেই। কিন্তু factoryতে যে molasses তৈরী হয় ; সেই molasses production, control, distribution regulate করবার জন্য এই আইন। বাংলার চিনির কলের চিনির উপর দামের control হোক, সারা বাংলাদেশ এটা চেয়েছিল। আমাদের বিধান সভায় Anti-Profiteering Act পাশ হল ১৯৫৮ সালে, কিন্তু এই Anti-Profiteering Act বাংলার মিলের চিনির দামের ব্যাপারে প্রয়োগ করা হল না। ফলে, বিহার ও U. P.র চিনি ৩৮ টাকায় বিক্রয় হয় ; আর আমাদের বাংলাদেশের চিনি ৫২ টাকায় বিক্রয় হয়।

(Dr. Hirendra Kumar Chattopadhyay : Progressing)

আমি আগেই এই সম্বন্ধে বলেছি যে আমাদের চিনির কলের উপর control নেই কিন্তু আমরা চিনির কলের molassesর উপর control করতে যাচ্ছি। এই নীতির ফলে চিনির কল আর molasses করবে না। বাজারে molasses বিক্রয় করে আর লাভ হয় না। আমি জানি বাংলাদেশের দুইটি মিলের মধ্যে একটা মিল বলেছে যে তারা আর molasses করবে না। তারা

বলেছে যে molassesর পরিবর্ত্তে ঐ জিনিষ দিয়ে এক রকম সার তৈরী করবে। আমি দেখে এসেছি আমোদপুরে শংকর বাবুদের যে মিল আছে, তারা better utilisation of molasses করবেন বলে ঠিক করেছেন কারণ একটা factoryতে molasses তৈরী করে চার আনা মণ দরে সরকারকে বিক্রী করা লোকসানজনক। Molasses দ্বারা সার তৈরী করে দেশের জমিতে প্রয়োগ করা যায় কিনা, সে কথা বাংলার মিলটি চিন্তা করছে। I congratulate them for the purpose। এই আইনের আর কোন প্রয়োজন নাই। এ জিনিষ প্রচুর পরিমাণে বাজারে পাওয়া যাচ্ছে; আর control করার প্রয়োজন নেই। এই control ১২ বৎসর ধরে ছিল আবার আজকে ৫ বৎসর বাড়াতে চাচ্ছেন কেন? তাছাড়া চিনির এখন ভারতবর্ষে যে রকম অবস্থা তাতে ১০ লক্ষ টন চিনি surplus হয়ে গিয়েছে। এই বৎসর চিনি উৎপাদন হবার আগেই ১০ লক্ষ টন চিনি surplus হয়ে গিয়েছে। সেই চিনি বিক্রয়ের জন্য সারা ভারতবর্ষের বড় বড় কিকপানিরা দেশ বিদেশে ঘুরে বেড়াচ্ছেন। এমন কি তারা আমেরিকায় বিক্রি করতে গিয়েছিলেন ৭ শত টাকা টন দরে। কিন্তু তারা ৪ শত টাকা টন দরে অন্য দেশের কাছ থেকে চিনি পাচ্ছে। কিউবার চিনি, বার্ম্মার বাজারে বিক্রি হচ্ছে। আমাদের বাংলা দেশের মিলের চিনির উপর control দাম নেই, প্রচুর পরিমাণে চিনি ও molasses দেশে পাওয়া যাচ্ছে। গেল বৎসর এমন একটা সময় ছিল যখন বাজারে ৫২ টাকায় চিনি বিক্রয় হয়েছে আর এখন ৪০ টাকায় বিক্রি হচ্ছে, any quantity you can purchase। কাজেই যেখানে চিনির এই অবস্থা, সেখানে molassesর ও কোন অভাব নেই। বাংলাদেশে বিহার U. P. থেকে প্রচুর পরিমাণে molasses আসছে। সেগুলি কম দামেই এই বাংলা দেশে বিক্রি হচ্ছে। এই আইনের পরমায়ু আর বাড়িয়ে দেবার কোন প্রয়োজন নেই। আবগারী বিভাগের মন্ত্রী হয়ে কেবল মাত্র মদ যাতে সস্তায় দিতে পারেন তার চিন্তা মন্ত্রীমহাশয় করছেন। আমি আবার বলছি যে এই আইনের দায় থেকে মানুষকে অব্যাহতি দেবার ব্যবস্থা করুণ। এই আইনের কোন প্রয়োজন নেই।

(5-35—5-45 p. m.)

Dr. Hirendra Kumar Chattopadhyay: মিঃ স্পীকার, স্যার, আমার পূর্ব্বে এখনি মিহির বাবু বলে গেলেন এই আইনের কোন প্রয়োজনীয়তা নাই। আমার মনে হয় এর একটা প্রয়োজনীয়তা আছে—একটা গোটা সেসন চলে গেল, অথচ একটা গোটা মিনিষ্টার একটা বিল ও move করার chance পেলেন না। তাই শেষ পর্য্যন্ত এই molasses control বিলটা তিনি নিয়ে এলেন। শংকরদাস বাবু বল্লেন এর উপর আবার কি বলার আছে, আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই, ভুলে যাবেন না আমি চন্দননগর থেকে এসেছি, তখন তিনি বলেছিলেন, হাঁা, আপনার একটা right আছে বলবেন। তিনি একটা authority, সুতরাং তিনি বলতে পারবেন এই বিলের প্রয়োজনীয়তা আছে কিনা। বাংলাদেশের আনাচে কানাচে কতভাবে মদচোলাই এর কারবার চলে তা বলতে গেলে অনেক সময় লাগবে। Illicit distillation of liquor বন্ধ করার ব্যাপারে আমাদের State এর করনীয় সম্পর্কে একদিন একজন মিনিষ্টারের সংগে আমার কথা হয়েছিল, এবং এই Assembly floor এও আমি তাঁকে নিমন্ত্রণ করেছিলাম, একবার চন্দননগর ঘুরে দেখে আসবার জন্য। চন্দননগরে গোলকুঠি ব'লে একটা বাড়ী আছে, এই বাড়ীতে যদুগোপাল মুখোপাধ্যায় যতীন চক্রবর্ত্তী abound করেছিলেন। সেই বাড়ীতে সন্ধ্যাবেলা বসে দেখতে পাবেন রিকসা করে বর্ম্মণ সাহেবের manufactured, অবশ্য non-officially manufactured মদ সেখানে দিয়ে যায়। তিনি তখন আমাকে বলেছিলেন, দেখুন, হীরেন বাবু, এটা কি করে বন্ধ করব, District Highest Police Officer থেকে থেকে আরম্ভ করে constable

পর্যন্ত প্রত্যেকে মাসিক একটা কিছু পায়। এই যদি হয় তাহলে আর এই control bill করে কি হবে। আজকে যদি molasses control বিল করা প্রয়োজন হয়ে থাকে, তাহলে মদ্যপান control করার জন্যও football bladder control, carbide control, অন্যান্য মালমশলা control করার জন্য ও এগিয়ে যেতে হবে। এর মধ্যে Mondal Congress Committeeর ও একটা হাত আছে, তারা নিজেদের খুশীমত এই ব্যাপারে চলেন। সুতরাং যাদের উপর আপনি নির্ভর করেন তারা যদি নিজেদের কর্তব্য পালন না করেন তাহলে এই Control bill করেও কিছুই করতে পারবেন না। তাই এর কোন practical value আছে বলে মনে হয় না। সত্যই যদি আপনাদের সেই উদ্দেশ্য থেকে থাকে, যদি বাস্তবিক illicit distillation, এবং spirit production control করতে হয় তাহলে পর অন্যদিকে হাত দিন, একা বর্মন সাহেবের দ্বারা হবে না, কালিপদবাবুকে ডাকুন। যেসব police officer কর্তব্যপালনে অবহেলা দেখান তাদের সম্বন্ধে enquiry করুন। এভাবে শুধু শুধু Legislative Assemblyর টাকা ও সময় নষ্ট করা নিরর্থক। আমি আগেই বলেছি molasses control করার যদি প্রয়োজন বোধ করে থাকেন তাহলে football bladder, carbide ইত্যাদি আগে হাত দিতে হবে।

Shri Fakir Chandra Roy: মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে ভাবে আমাদের দেশে মদ চোলাই হচ্ছে তা যদি বন্ধ না করা যায় তাহলে এই বারে কোন লাভই হবে না। আমাদের এখানে আখ মাড়াই হয় এবং প্রত্যেক জায়গাতে Molasses তৈরী হচ্ছে। কিন্তু এই Molasses থেকে মদ চোলাই হচ্ছে। Molasses control করে শুধু Industrial Purpose এ Molasses যদি ব্যবহৃত হয় তাহলে কিছু উপকার সত্যিই হবে। কিন্তু তা কি হচ্ছে? সর্বত্র চোলাই মদের জন্য Molasses ব্যবহৃত হচ্ছে। কংগ্রেস সরকারের ঘোষিত নীতি Prohibition করা। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার কি সেই পথে চলেছেন। তাই দেখছি সেই নীতি উপেক্ষা করে এই Molasses control বিল এখানে আনা হচ্ছে। আজকে যে ঘরে ঘরে মদ চোলাই হচ্ছে তা যদি বন্ধ না করেন তাহলে শুধু শুধু এই control করার কোন মানে হয় না। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Basanta Kumar Panda: Mr. Speaker, Sir, all the important points have been already covered by the honourable members who have spoken before me. Originally the Bill was meant for a short life. It was introduced in 1949. Then after 5 or 6 amendments it has been brought up to 1961 and now an attempt has been made to extend it up to 1966. We are committed to introduction of prohibition though it is not obligatory still it is within the four chapters of the Constitution it is the directive principle of the State. Some other States have made some attempts to honour it but in our State perhaps for the fear of losing revenue which is perhaps the second largest of the State, i. e., about Rs. 6 crores, we are not introducing this prohibition. We may not be able to, introducing this prohibition. We may not be able to, introduce this prohibition throughout the State at a time but a beginning shall be made somewhere or at some stage. Anybody who is aware of the condition of the mofussil at the present time knows that molasses has been a cheap and easy source of production of country liquor. These things are available in abundant quantity in the market and this is the cheapest ingredient for manufacturing of the country liquor. There is no police or anybody to control when the molasses

is converted into country liquor. By this Bill it has been sought to control the production, distribution and sale of molasses. But when it is converted into country liquor there is no one to look after it. The result of this control over the molasses has been a source of easy production of liquor. Wherever there is control—total or partial—there is chance of misuse of it of this molasses for the production of country liquor. It has given incentive to the production of molasses to the owners of mills specially sugar mills who manufacture molasses for a particular purpose. Ordinarily this commodity has got a very low value in the market but when it is channelised for the preparation of the country liquor by known, unknown or spurious distilleries, these things are apt to bring sufficient quantity of profit—illicit profit to the hands of the owners of the sugar mills.

5-45—5-55 p. m.]

The position, therefore, is that retention of this Act is an incentive to illegal production and illegal distribution of a commodity which we are constitutionally bound to abolish within a certain time. The Constitution gave us the time-limit of ten years for this purpose. The Constitution was introduced on the 26th January, 1950. So, ten years have elapsed, but no attempt has been made in any sub-division or in any thana in this State for its prohibition. Of course, I can quite understand that in this deficit State of ours, we cannot easily disturb our second source of revenue. But we cannot possibly disobey the directives of the Constitution. Therefore, we have to find out some compromise somewhere for the purpose of putting into effect the directive of prohibition by prohibiting the manufacture and sale or easy availability of this commodity by the spurious manufacturers of drugs.

The Hon'ble Syama Prasad Barman: মাননীয় সভাপতি মহাশয়, অপোজিশানের সভ্যগণ আমাদের মি'হিরবাবু হীরেন বাবু যে আর্গুমেণ্ট দিলেন তাতে আমার কেস আরও বেশী করে সমর্থিত হয়, কারণ তাঁরা বলেছেন বাজারে এত বেশী চোলাই হয় যে তাতে কণ্টোল থাকা দরকার। ডেফিনিসান অফ মোলাসেস আমি বলেছি। হীরেনবাবু ও মিহিরবাবু বোধ হয় জানেন না যে মোলাসেস আর গুড় দুটোতে তফাৎ আছে। হীরেন বাবুর কনষ্টিটুয়েন্সিতে যে ইললিসিট ডিষ্টিলিশনে তৈরী সেটা গুড় থেকে তৈরী হয়। গুড় এবং মোলাসেসে তফাৎ আছে। মোলাসেসের ডেফিনিসান হচ্ছে Molasses' means the final residual by-product of factories manufacturing sugar from cane, or by refining **gur**, by means of vacuum pans, but does not include convertible molasses which are the final residual by-product of factories operating on the open pan system."

আমাদের ফকির বাবু যে কথা বলেছেন সেটা ঠিক কথাই বলেছেন যে চয়ত যেখানে মাড়াই হচ্ছে আখ থেকে সেখানে স্পিরিট তৈরী হতে পারে। কিন্তু বাজারে সেটা ইললিসিট ডিষ্টিলিশান হচ্ছে সেটাকে আমরা অনেক কণ্টোল করার চেষ্টা করেছি। এই কণ্টোল যদি না থাকতো তাহলে এখন গুড় থেকে করছে সেই গুড়ের দাম ১০ টাকা করে মণ হোত। কিন্তু মোলাসেসের দাম Re-1 per maund ex-mill, including cost of loading into tank wagons. তারপর সেটা আহামেদপুরের

সেটা ৪ আনা মণ, আর বিহার থেকে যেটা নিয়ে আসে তার দাম ১'৯ নঃ পঃ। আমরা যদি মোলাসেস কণ্টোল তুলে দিই তাহলে সস্তাদরে তারা নিয়ে আসবে। অন্য জায়গা থেকে যদি মোলাসেস আনতে হয় তাহলে without permit কোন ষ্টেট থেকে মোলাসেস আনতে পারবে না।

আমাদের যে দুইটি সুগার ফ্যাক্টরী আছে তাঁদের আমরা নোটিশ দিয়ে বলে দিয়েছি যে, তোমাদের যা মোলাসেস্ প্রোডাকসন হবে তা উইদাউট দি পার্মিট অব দি Government অন্যকে বিক্রী করবে না—আমরা যাকে বলব তাঁদের কাছে বিক্রি করবে। তারপর গ্রামে গ্রামে আখ থেকে যে গুড় তৈরী হয় সেগুলো কণ্টোল করা সম্ভব নয় এবং তা আমাদের ডেফিনেসনের মধ্যে পড়েও না। তবে মিঃ চাটার্জ্জীর জেলায় হয়ত গুড় থেকে করছে, কিন্তু সেটা আমার জানা নেই।

Shri Mihir Lal Chatterjee : সুগার মিল থেকে ৪ আনা দরে যা নিচ্ছে সেটা মদ তৈরী করবার জন্য নেওয়া হচ্ছে এবং এক্সাইস কমিশনার যেখানে যেখানে দেবার জন্য হুকুম দিচ্ছেন সেখানে সেখানে দেওয়া হচ্ছে—বাজারে নয়।

The Hon'ble Syama Prasad Barman : আমিও সে কথা বলেছি যে বাজারে নয়। যা হোক্, আমাদের এখানে যে ৩টি ডিষ্টিলারি রয়েছে তাদের মোলাসেস্ সাপ্লাই করবার জন্যই এটা কণ্টোল করেছি এবং যদিও তাদের ১০ লক্ষ মণ দরকার কিন্তু আমরা তা দিতে পারছি না কেননা আমাদের মাত্র ২ লক্ষ মণ তৈরী হয় কাজেই তাঁদের একটা fixed রেটে সাপ্লাই করতে হয় কেননা তা না হলে যেমন হীরেনবাবুর ঔষধ তৈরী হবে না ঠিক তেমনি মিহির বাবুর বাড়ীরও ফার্ণিচার তৈরী হবে না এবং তার কারণ হোল কণ্টোল রেটে না দিলে অনেক দাম পড়ে যাবে।

তারপর ফকিরবাবু এবং পাণ্ডাবাবু বলেছেন যে প্রহিবিসন্ কেন করা হচ্ছে না? তার উত্তরে বলতে চাই যে, এটা অত্যন্ত প্রয়োজনীয় জিনিস এবং আমাদের আল্টিমেট গোলও হচ্ছে ঐ প্রহিবিসন্, তবে এই প্রহিবিসন যে করতে পারছি না তার কারণ হোল আমাদের first and 2nd পরিকল্পনায় প্রচুর টাকার দরকার হয়েছে এবং 3rd পঞ্চবার্ষিকী পরিকল্পনায়ও প্রচুর টাকার দরকার হবে। তবে এই প্রহিবিসন যদি করি তাহলেও আমাদের ডিষ্টিলারি রাখতে হবে এবং মোলাসেস্ কণ্টোল করতে হবে, কারণ আমাদের ইণ্ডাষ্ট্রি খুব ডেভলপ্ করেছে এবং এ সম্পর্কে আমি একটা ফিগার দিয়ে দেখাচ্ছি যে "রিসরাতে" যে পালিথিন্ ফ্যাক্টরী হয়েছে তাদের বছরে ৫৬ লক্ষ এল. পি. গ্যালন ইণ্ডাষ্ট্রিয়াল স্পিরিট লাগে তবে আমরা তাদের সেই পরিমাণ দিতে পারছি না কারণ আমাদের সেই রকম মোলাসেস্ নেই এবং আমাদের যে ডিষ্টিলারি আছে তার অতটা ক্যাপাসিটি ও নেই এবং সেই কারণে তারা অন্য জায়গা থেকে নিয়ে আসছে। তারপর আমাদের যেখানে ১৮ লক্ষ ৫৩ হাজার এল্. পি. গ্যালন ইণ্ডাষ্ট্রিয়াল স্পিরিট দরকার সেখানে আমরা মাত্র ১ লক্ষ ৫৬ হাজার এল. পি. গ্যালন করছি, কাজেই বাকীটা হয় বিহার উত্তর প্রদেশ অথবা অন্যান্য ষ্টেট থেকে ইম্‌পোর্ট করতে হয়। সুতরাং এটা কান্‌ট্রি স্পিরিটের জন্য নয়—এটা ইণ্ডাষ্ট্রীয়াল স্পিরিটের জন্য দরকার এবং দমদমে যে আর একটা ফ্যাক্টরী হয়েছে তার জন্য দরকার। তাই আজ যদি আমরা হিসেব করে দেখি তাহলে দেখব যে আমাদের ৫৬ লক্ষ এবং ১৮ লক্ষ অর্থাৎ এই মোট ৭৪ লক্ষগ্যালন ইণ্ডাষ্ট্রিয়াল স্পিরিট লাগছে এবং সেইজন্যই এটা আমাদের কণ্টোল করা দরকার এবং আরও একটা কারণ আছে যেটা হোল আমাদের এমন কোন চিনির কল নেই যেখান থেকে এটা আমরা পেতে পারি। যা হোক্, আমি সমস্ত কাট্‌মোসন অপোজ করে আমার মোসন্ গ্রহণ করবার জন্য অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করছি।

The motion of the Hon'ble Syama Prasad Barman that the West Bengal Molasses Control (Amendment) Bill, 1961, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Basanta Kumar Panda : I move that in clause 2, line 3, for the figure "1966" the figure "1963" be substituted. I want that the life of the Bill be restricted to two years. I think two years is sufficient time.

[5-55—6-7 p. m.]

Shri Mihirlal Chatterjee : I will not move. I will speak in the third reading.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 2, line 3, for the figure "1966" the figure "1963" be substituted, was then put and lost.

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Shri Basanta Kumar Panda : Sir, I beg to move that for clause 3, the following be substituted, namely :—

"3. In sub-section (1) of section 3 of the said Act, for the words 'or prohibiting' the words 'or stopping' shall be substituted."

Sir if you look at sub-section (1) of section 3 you will find it seeks to omit the words "or prohibiting'. It that is done what will be the result ? The result will be that the State Government, so far as it appears to it to be necessary or expedient for maintaining or increasing the supply of molasses or for securing the equitable distribution or availability of molasses at fair prices, may, by notified order, provide for regulating the production, supply and distribution thereof and the trade therein within West Bengal. The front portion of this clause and the latter portion are inconsistent. In the front portion what is provided is that it is necessary or expedient for maintaining or increasing the supply of the the molasses and in the latter portion it is found—by notified order provided for regulating or prohibiting the production and supply. So in the same clause in the first portion there is an incentive to production and increasing the molasses, and in the latter portion it will be found prohibition and regulation of molasses. Now by the amendment if the word 'prohibiting' is taken away, then what remains is—providing for regulating the production and supply. It is not a question of either increase or decrease. It is for channelising the production and channelising the supply. It may be for more production, it may be for loss production.

Therefore, Sir, in order to maintain the continuity of the idea of lesser production of the commodity, I have stated or stopping the production of supply or distribution.

Mr Speaker : The amendment of Mr. Sunil Das is out of order.

The Hon'ble Syama Prased Barman : স্পীকার মহাশয়,এখন মাননীয় সদস্য শ্রীপাণ্ডা যে কথা বললেন সে সম্বন্ধে বলতে চাই যে আগে যেটা রয়েছে সেটার সাথে একটা আয়গায় গরমিল আছে। সেজন্য প্রহিবিটিং কথটা তুলে দিয়েছি এবং তুলে দিয়ে আমরা বলেছি provided for regulating the supply and distribution thereof and trade therein within West Bengal। আমাদের দরকার হচ্ছে রেগুলেট করা। কার কাছে বিক্রি করবে, কত রেটে বিক্রি করবে সেটা আমরা রেগুলেট করব। আমরা চাই যাতে মোলাসেস এর প্রোডাকসান ইনক্রিজ করে, আমরা এটা প্রহিবিট করতে চাই না। সে জন্য প্রহিবিটিং দি প্রোডাকসান এর প্রোডাকসান থাকবে, প্রহিবিটিং কথাটা তুলে দিচ্ছি।

The motion of Shri Basanta Kumar Panda that for clause 3, the following be substituted, namely :—

"3. In sub-section (1) of section 3 of the said Act, for the words 'or prohibiting' the words 'or stopping' shall be substituted."

was then put and lost.

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Syama Prasad Barman : Sir, I beg to move that the West Bengal Molasses Control (Amendment) Bill, 1961, as settled in the Assembly, be passed.

Shri Mihirlal Chatterjee : মাননীয় স্পীকার মহাশয়, আমি সংক্ষেপে দু'একটা কথা বলতে চাই। মাননীয় মন্ত্রীমহাশয় আমাদের সমালোচনার উত্তরে বলেছেন যে মোলাসেস কন্ট্রোল আরও কিছু দিন চালান উচিৎ। তার কারণ ইণ্ডাষ্ট্রীয়াল পারপাসে এই জিনিসের প্রয়োজন আছে। স্পিরিট তৈরী করার প্রয়োজন আমরা কেউ অস্বীকার করি না। ভারত বর্ষের বর্তমানে যা অবস্থা তাতে ইণ্ডাষ্ট্রীয়াল উদ্দেশ্যে বেশী পরিমাণে স্পিরিট তৈরী করা উচিৎ। কিন্তু আমরা এ কথা মোটেই মানতে রাজী নই যে, এই মোলাসেস কন্ট্রোল এ্যাক্টের সুবিধা নিয়ে মাননীয় মন্ত্রীমহাশয় সস্তায় মদের ডিসটিলেসান করবেন এবং মদ বিক্রী করে দেশের লোককে মদ খাইয়ে খাইয়ে সর্বনাশ করবেন। এই অনুমতি দিতে আমরা মোটেই প্রস্তুত নই। তবে, ইণ্ডাষ্ট্রিয়াল পারপাসে চিটেগুড়ের যদি প্রাইস কন্ট্রোল হয়, তার মার্কেট রেগুলেটেড হয়, ট্রেড রেগুলেট করা হয় তাহলে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু আমরা মন্ত্রী মহাশয়ের কাছ থেকে একটা এ্যাসিওরেন্স চাই যে, তিনি মোলাসেস কন্ট্রোল এ্যাক্ট অনুযায়ী যে মোলাসেস গ্রহণ করবেন কিংবা সরকারী ডিষ্টিলারিতে ব্যবহার করবেন সেই মোলাসেস থেকে প্রস্তুত যে স্পিরিট সেই স্পিরিট বাজারে মদের জন্য চালু করা হবে না, সেই স্পিরিট মাত্র ইণ্ডাষ্ট্রীয়াল পারপাসে ব্যবহার করা হবে।

স্যার, আমি আবগারী সংক্রান্ত বাজেটে একটা য্যামেণ্ডমেন্ট রেখেছিলাম কয়েক বছর যাবৎ আমি য্যামেণ্ডমেন্ট দিই। আমাদের দেশে দেখি চালের অত্যন্ত অভাবটা ২৪।২৫ টাকা চালের মণ। মানুষ চাল খেতে পায় না, ডাষ্টবিন থেকে কুড়িয়ে কুড়িয়ে খায়। মানুষ তার ছেলেপিলেদের চাল খেতে দিতে পারছে না, রুটি খাওয়াচ্ছে—সেখানে আমাদের দেশে চাল কেন মদের জন্য ব্যবহার হবে? আমরা দেখছি মন্ত্রীমহাশয় এই জিনিষে কর্ণপাত করলেন না, ফুড মিনিষ্টার কর্ণপাত করলেন না। মদ তৈরী করার হাউসের য্যাণ্ডআয়াস ইনগ্রিডিয়েন্ট যখন আছে; আরো বহু জিনিষ থেকে যখন মদ তৈরী করতে পারা যায় তখন চাল থেকে

মদ তৈরী করতে দেখা যায় কেন? যে জিনিষ না হলে মানুষের চলে না সেই চাল দিয়ে মদ তৈরী হয়, আর চালের জন্য কোথায় রাশিয়া, আমেরিকা, বার্মা, ইন্দোচীন, মালয়ে আমাদের মন্ত্রীরা ঘুরে বেড়াবেন, পাতীল সাহেবের মুখ দিয়ে রক্ত উঠবে—এটাতো আমরা কল্পনা করতে পারি না। এটা বাংলাদেশের পক্ষে চরম কলংকের কথা কেন্দ্রের উপর সম্পূর্ণ মুখাপেক্ষী হয়ে থাকা। তজ্জন্য আমি বলি বাংলাদেশের মানুষ চাল খেতে পায় না, চাল বিক্রী হবে মদের জন্য, আর ঐ আবগারী কি তাদের মন্ত্রী এবং তার বিভাগ সেই মদ বাজারে বিক্রী করে বাংলা দেশে একটা পিকিউলিয়ার অবস্থা সৃষ্টি করবেন। বাংলাদেশে স্পিরিটের প্রয়োজন আছে—সুগার মিল গুলিতে মোলাসেস তৈরী হচ্ছে এই সুগারমিলে মোলাসেস দিয়া কোথায় ইনডাষ্ট্রীয়াল স্পিরিট তৈরী করা হবে তা নয়, তা নিয়ে কান্ট্রী স্পিরিট করে মানুষকে মদ খাইয়ে জাহান্নমে দেয়া হবে। আমি স্যার, অত্যন্ত খুসী হব মন্ত্রীমহাশয়ের যদি বুকের পাটা থাকে, যদি তিনি একথা বলতে পারেন ইণ্ডাস্ট্রীয়াল স্পিরিট ছাড়া কান্ট্রী লিকার বাজারে যেন মদ বিক্রী করার জন্য মোলাসেস থেকে যে মদ তৈরী হবে সেই বাজারের জন্য আমরা কোন মোলাসেস দেব না এবং আমাদের ডিষ্টিলারীতে তা ব্যবহার করবো না।

The Hon'ble Syama Prasad Barman : মাননীয় স্পীকার মহাশয়, মিহিরলালবাবু যে কথা বললেন যে এই Excise Budget থেকে এটা তুলে দিলে ভালো হতো। মদের সঙ্গে চালের কি সম্বন্ধ আছে—আমি জানি না। Molasses control দরকার। আপনার সবাই মদ চোলাই হচ্ছে বলেছেন। আমরা যদি এটা তুলে দেই তাহলে আরো বেশী করে চোলাই হবে। সস্তা দরে পাবে বলে আমরা Prohibition করছি, কবে করবো জানি না। যত দিন তা না করছি, ততদিন এই country spirit এর supply দিতে হবে। তা যদি হয়, তাহলে distilleryকে একটি fixed rate এ এই molasses দিতে হবে। তা যদি না দেওয়া যায়, তাহলে illicit distillation এর রেট বাড়িয়ে দেওয়া হবে। অবশ্য চন্দন নগরের লোকের খুব সুবিধা হবে। সেই জন্য Controlled rateএ molasses দেওয়া প্রয়োজন; তাতে cost of production কমবে। লোককে আমরা কিছু রিলিফ দিতে পারবো। আমি যদি বলি distilleyকে—তোমরা অন্য জায়গা থেকে নিয়ে এসো at any price, তাহলে সেই price তাদের দিতে হবে। সে জন্য দাম বেড়ে যাবে, cost বেশী পড়বে। আপনাদের সুবিধা হবে না। সেই জন্য আমি এর প্রতিবাদ করছি।

The motion of the Hon'ble Syama Prasad Barman that the West Bengal Molasses Control (Amendment) Bill, 1961, as settled in the Assembly be passed, was then put and agreed to.

Mr Speaker : The House stands adjourned till 9 a. m. tomorrow.

Adjournment.

The House was accordingly adjourned at 6—7 p. m. till 9 a. m. on Saturday, the 25th March, 1961, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the 25th March, 1961, at 9 a.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 14 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 158 Members.

Non-official Resolutions

[9—9-10 a. m.]

Mr. Speaker : Shri Rabindra Nath Mukhopadhyay.

Shri Rabindra Nath Mukhopadhyay : Sir, I beg to move that in view of the fact that the maintenance of industrial peace and the speedy settlement of industrial disputes required the encouragement of collective bargaining between the Workers, Trade Union Organisations and the Employers ;

And also in view of the fact that in this State there is as yet no provision for enforcing the recognition of Workers' Trade Unions by the employers concerned ;

This Assembly is of opinion that steps should be immediately taken by the Government for the compulsory recognition by the employers of the most representative Registered Trade Unions of the workmen and employees in their employment, the representative character of the Union being determined as provided in the Code of Discipline ratified in the Tripartite Labour Conference held in 1958.

মাননীয় স্পীকার মহাশয়, এই প্রস্তাব অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রস্তাব এবং দীর্ঘকাল যাবৎ এই এসেম্বলীতে বারবার এটা আনয়ন করবার চেষ্টা হয়েছে। এই প্রস্তাবের মধ্যে আমার দুটি মূল বক্তব্য আছে একটি হল Trade Union-গুলিকে স্বীকৃতি দানের প্রয়োজন আছে। সেটা resolution-এর মধ্যে ব্যাখ্যা করে বলা হয়েছে। প্রথম কারণ হচ্ছে for maintenance of industrial peace. শিল্পে শান্তি সংরক্ষণের জন্য Trade Union-গুলিকে স্বীকার করা আজকের দিনে একান্ত জরুরী।

দ্বিতীয় নম্বর হচ্ছে শিল্পের মধ্যে দৈনন্দিন কাজের মধ্যদিয়ে যে সমস্ত বিরোধ শ্রম সম্পর্কে দেখা দেয় সেই বিরোধের দ্রুত মীমাংসার জন্য এই Union-গুলিকে স্বীকৃতিদানের একান্ত প্রয়োজন। এই হল প্রস্তাবের মূল অভিব্যক্তি। Union গুলিকে স্বীকৃতিদানের জন্য আমি যে বক্তব্য রাখলাম আমি মনে করি যারাই Trade Union movement-এর মধ্যে আছেন তারাই স্বীকার করবেন এটা শুধু শ্রমিকদলের স্বার্থেই নয় দেশ এবং জাতির স্বার্থে শিল্পে শান্তি সংরক্ষণ একান্ত প্রয়োজন, দেশের স্বার্থে, জাতীয় স্বার্থে শিল্পে শান্তি অব্যাহত রাখা প্রয়োজন, দৈনন্দিন কাজের মধ্যদিয়ে যাতে শ্রমিকদের সম্পর্কে কোন বিরোধ উপস্থিত না হয়। এটা একান্ত জরুরী সেজন্য শিল্প যথোপযুক্তভাবে যাতে শান্তি রক্ষা হয় এ প্রশ্ন বারবার আলোচিত হয়েছে। দুর্ভাগ্যক্রমে আমাদের দেশে ধনপতি এবং পুঁজিপতিশ্রেণী মধ্যযুগীয় মনোভাব নিয়ে চলেছে তারা শ্রমিকদলকে শোষণযন্ত্র হিসাবে ব্যবহার করে থাকে। আজকে এই যে Union-কে স্বীকৃতি দেওয়া এটা পুরানো দিনের বক্তব্য, এটা সবক্ষেত্রে স্বীকার করে নেওয়া হয়েছে। দেশে

আজকে নব নব পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। সেখানে শ্রমিকদলের ভূমিকা শোষণযন্ত্র হিসাবে নয় দেশের অধিবাসী হিসাবে জাতির একটা বিশিষ্ট অংশ হিসাবে তাদের ব্যবহার করা দরকার সেজন্য উচিত হল Union-গুলিকে স্বীকৃতিদান করা।

অথচ দুর্ভাগ্যক্রমে আজকে সেটা দিনের পর দিন ব্যাহত হচ্ছে। Sir, বাস্তবক্ষেত্রে আমরা কি দেখছি; বাস্তব ক্ষেত্রে আমরা দেখছি যে, পশ্চিমবঙ্গের কথায় দেখা যাচ্ছে, জুটে হোক, cotton textil -এ হোক, engineering-এ হোক, অথবা অন্য শিল্পের ক্ষেত্রে হোক, কোন ক্ষেত্রেই মালিকরা আগে থেকে এসে তাদের দেশের এই শ্রম শ্রেণীর যে ভূমিকা রয়েছে সেটা স্বীকার করতে কুণ্ঠিত হয়েছে। বস্তুতঃ তাদের এই মনোভাবের জন্য বহুলাংশে শ্রমদপ্তর দায়ী। সুতরাং সেই দিক দিয়ে এই দাবী করি, occasion demands-র ক্ষেত্রে শ্রমিক শ্রেণীর হিসাবেই নয়, দেশের ও জাতির দাবী হিসাবে এটা অবিলম্বে গ্রহণ করা হোক। Sir, সরকার বিভিন্ন ক্ষেত্রে Trade Union সংস্থাগুলির সঙ্গে পরামর্শ করে থাকে। কিন্তু যতক্ষণ পর্য্যন্ত মালিকরা forced না হয় ততক্ষণ পর্য্যন্ত তারা Union-গুলির মর্য্যাদা দিতে চায় না। ফলে বহু বিরোধিতার যে কারণ সেই কারণগুলি অনায়াসে দূরীভূত করা সম্ভব হোত সেইগুলি আজকে বহুলাংশে শ্রমবিরোধের মূল কারণ হয়ে দাঁড়িয়েছে। আজকে যখন এই মধ্যযুগীয় মনোভাব মালিকের মধ্যে রয়েছে, দুর্ভাগ্যক্রমে সেখানে আমরা দেখতে পাচ্ছি সরকারের যে ভূমিকা গ্রহণ করা উচিত ছিল তা পালন করতে তারা ব্যর্থ হয়েছে। Sir, আপনি জানেন, নৈনিতালে গত ১৯শে মে তারিখে যে সিদ্ধান্তগুলি গ্রহণ করা হয়েছিল, সেই সিদ্ধান্তগুলির মূল কথা যেগুলি ছিল তা শুধু শ্রমিকশ্রেণীর স্বার্থে নয়, দেশের মেহনতি মানুষ যারা আছে তাদের পক্ষে এই সিদ্ধান্ত একটা landmark বিশেষ। সেইজন্য সারা দেশ এটাকে অভিনন্দন জানিয়েছে। কিন্তু আমরা দেখলাম আজ পর্য্যন্ত এই সিদ্ধান্তগুলি নিয়ে বিন্দুমাত্র এগুতে পারেন নি। তারপর Sir, এর মধ্যে কতকগুলি জিনিষ ছিল যা obligatory, মালিকদেরও সেটা মানতে হবে এবং যে সমস্ত Code of discipline ছিল সেইগুলি যদি কার্যকরী করতে হয় তাহলে তার কিছুটা অংশ মালিকদের পক্ষে obligatory, কিন্তু সরকার শ্রমিকশ্রেণীর স্বার্থে সেগুলি মালিকদের মানতে বাধ্য করাতে পারেন নি। সারা ভারতবর্ষে Trade Union সংস্থার যে ত্রি-দলীয় সম্মেলন হয়েছিল তাকে honoured করা বা মর্য্যাদা দেওয়ার দায়িত্ব ছিল সরকারের। কিন্তু আজ পর্য্যন্ত আমরা এখানে যতবার আলোচনা করেছি কিন্তু বার বার সাত্তার সাহেব আমাদের বলছেন যে এ জিনিষ Industrial dispute-র মাধ্যমে হবে না, মালিকদের হৃদয়ের পরিবর্তন হলে তারপর নাকি এটা আস্তে আস্তে ঠিক হয়ে যাবে। আমি তাঁকে জিজ্ঞাসা করি এই পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রী হিসাবে তিনি মনে করেন কিনা সে চুক্তিতে তারা স্বাক্ষর দান করেছেন, সেই চুক্তির অংশ হিসাবে তারাও একটা Party এবং ১লা জুন থেকে সেটা চালু করা হয়েছে বলে মনে করা হয়েছিল, সেই চুক্তি কার্যকরী করার পথে তিনি কোন কোন পথ অবলম্বন করেছেন। যদি দেখতাম তিনি মালিক এবং শ্রমিক প্রতিনিধি যারা এখানে রয়েছে তাদের নিয়ে দেখে পথ অবলম্বন করা দরকার তার যদি ব্যবস্থা করতেন তাহলে বুঝতাম যে সেদিক দিয়ে তাঁর একটা চেষ্টা ছিল।

[9-10—9-20 a. m.]

Conference থেকে ফিরে আসবার পর যখন বিভিন্ন শ্রমিক Union-এর তরফ থেকে দাবী উঠতে আরম্ভ হল ঠিক সেই সময় সরকারের তরফ থেকে আর কোন সারা শব্দ পাওয়া গেল না। মালিক পক্ষ এবং শ্রমিক প্রতিনিধিরা যে চুক্তি স্বাক্ষর করেছিলেন তাকে honour বা মর্য্যাদা দিতে বাধ্য—কিন্তু আশ্চর্য্যের বিষয় মালিকশ্রেণী পুঁজিপতিরা সেখান থেকে ফিরে আসার পর সেই চুক্তি ছেঁড়া কাগজের টুকরার মত ফেলে দিলেন। সেই চুক্তি বিন্দুমাত্র কার্য্যকরী করতে

রাজী হলেন না। এবং সঙ্গে সঙ্গে দেখলাম আমাদের সরকারের তরফ থেকে কিছু করা হল না। মালিকরা মনে করেন শ্রমিকরা মেসিন এবং Tool ছাড়া আর কিছুই নয়, শোষণের যন্ত্র ছাড়া আর কিছুই নয় এবং সেইভাবে তাদের treat করে এসেছেন এবং এখনও তার বেশী তারা কিছু মনে করতে পারেন না। Production-এ এবার শিল্পে শান্তি রক্ষার জন্য শ্রমিকদের যে ভূমিকা সেটা মালিক পক্ষ বুঝতে পারে না, তাদের money bag ছাড়া আর কিছু ভাবতে পারে না। এই জন্যই তারা সেই চুক্তি মানলেন না। আমি শ্রমমন্ত্রীকে জিজ্ঞাসা করি তিনি কি তাদের মানানোর জন্য কোন চেষ্টা করেছিলেন। বাংলাদেশে Trade Union-এর ক্ষেত্রে তাঁর যে ভূমিকা তিনি কি তা পালন করেছেন? সেইজন্য আমার resolution-এর মূল কথা হচ্ছে কলকারখানার মালিক ও শ্রমিক যে সমস্ত বিরোধ উপস্থিত হয়—শিল্পে শান্তির জন্য Union-এর দ্বারা যাতে দ্রুতগতিতে ঐ বিরোধগুলি মীমাংসা করা যায় তার জন্য কলকারখানার Union-গুলিকে স্বীকৃত দেওয়া। এটা দয়ার দান হিসাবে নয়। আজকে শ্রমিকরা আন্দোলন করে মালিকদের বাধ্য করেছে তাদের যথাযথ মর্য্যাদা দিতে। শুধু যন্ত্র হিসেবে শ্রমিকদের দিয়ে Production poket করা আজ আর সম্ভব নয়। আজকের দিনে অনেক উঠতি পুঁজিপতিরা একথা ভাবতে শিখেছে, তাদের কিছু কিছু দৃষ্টিভঙ্গী ও পরিবর্তন হয়েছে। আমরা দেখছি সেই সমস্ত ক্ষেত্রে দৈনন্দিন বিরোধ প্রায় শেষ হয়ে গিয়েছে। এখানে আমি Jay Engineering-র কথা উল্লেখ করতে পারি। আমরা জানি সেখানে দৈনন্দিন বিরোধ নেই বললেই চলে। এবং সেই ৪।৫ বছরের মধ্যে একবারও labour commissioner অফিসে যাওয়া প্রয়োজন হয় নি। সেই রকম India Fan তারাও তাদের যোগ্য ভূমিকা পালন করেছিল Union-কে স্বীকার করে নিয়ে। কিন্তু তারপরে সেখানে বিরোধ দেখা গেল মালিকদের নিজেদের মধ্যে। এবং সেখানে ৫৪ দিন অবস্থান ধর্মঘট করতে হয়েছিল এবং শ্রমিকরা বলেছিল যে কারখানা তারা ধ্বংস হতে দেবেন না। সেই সময় কেন্দ্রীয় সরকার ও পশ্চিমবঙ্গ সরকারের হস্তক্ষেপ এবং সাহায্য করার ফলে শুধু Production নয় self imposed discipline পর্য্যন্ত enforce করেছিল। আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি বিড়লার কোন Factory-তে কি এই রকম হওয়া সম্ভব? সেখানে মূল বিরোধ তো দূরের কথা দৈনন্দিন বিরোধেরই কোন মীমাংসা হতে পারছে না। সেইজন্য দৈনন্দিন Production পর্য্যন্ত সেখানে hamper হচ্ছে এবং রাষ্ট্রযন্ত্র ব্যবহার করা হচ্ছে শ্রমিকদের বিরুদ্ধে। Code of discipline শুধু শ্রমিকদের বেলায় প্রযুক্ত হতে পারে না। Code of discipline-এ মালিকদের যে অংশ তারা যদি তা না মানেন তাহলে সরকার কি তাদের ভূমিকা পালন করবেন না? আমি বলছি Code of discipline কখনও one way traffic হতে পারে না। সেইজন্য আমি অনুরোধ করব যে, আমি যে প্রস্তাব এখানে রেখেছি আশা করি মাননীয় সদস্যগণ যেন বিবেচনা করে দেখবেন এবার যাতে এই প্রস্তাব গৃহীত হয় তার জন্য দাবী উপস্থিত করবেন।

Dr. Maitreyee Bose:

Sir, I beg to move that for the words beginning with "the speedy settlement" in line 2, and ending with the words 'held in 1958" at the end, the following be substituted, namely :—

"Speedy settlement of industrial disputes require encouragement of collective bargaining between Trade Unions and Employers;

And in view of the fact that in this State it is necessary to recognise registered Trade Unions by the employers;

This Assembly is of opinion that the agreement arrived at 16th Tripartite

Labour Conference at Nainital in 1958 and ratified at 17th Tripartite Labour Conference in Madras be given effect to by the Government."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে resolution এখানে move করা হয়েছে union recognition সম্বন্ধে—যাঁরা trade union-এ কাজ করেন এবং যারা trade union-কে কিছুটা মহত্ব দেন তারা এর সম্বন্ধে একমত। তবে আমার সবচেয়ে আশ্চর্য লাগে যারা নিজেদের সম্বন্ধে জনসাধারণকে কিছু দেখাতে চান অর্থাৎ ইংরাজীতে যাকে বলে keeper of the soul—এই ভূমিকা নিতে চান। তারা মনে করেন শ্রমিকদের জন্য তারাই সবকিছু করে থাকেন আর কারো কিছু করবার নাই বা করতেও পারবেন না। তারা বলছেন যে একটা legislation-এর মধ্যে দিয়ে বাধ্য করা recognition-এর জন্য। আমার মনে হয় এটা হচ্ছে ঘোড়াকে জল খাওয়ানর জন্য বাধ্য করার মত ব্যাপার। এই যে resolution এটার element আমি বুঝতে পারছিনা। Agreement যেটা হয়েছিল নৈনিতাল Conference এবং এবার Madras-এ যেটা ratify করা হয়েছিল সেটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। আজকে যে প্রস্তাব এখানে রাখা হয়েছে সেটা আমি সমর্থন করতে পারি না। সেই জন্যই আমি একটা amendment দিয়েছি। তারপর রবীনবাবু যে দুটো কারখানার কথা উল্লেখ করেছেন Jay Engineering আর India Fan সে সম্বন্ধে আমি দুই একটি কথা বলতে চাই। তিনি বলেছেন Jay Engineering-এ union-এ খুব ভাল কাজ হয় কিন্তু সেখানে আমি বলতে চাই সেই Company-র সঙ্গে কমিউনিষ্ট পার্টীর কি সম্বন্ধ তা আমি জানিনা। তবে এটা সকলেই জানে যে সেখানে কি ভাবে ruthlessly rationalise করে শ্রমিকদের আয় বাড়ান হয়েছে। এতে employment potential কতটা থাকবে সেটাই বিবেচনা করা দরকার। rationalise ভাল, production বেশী করা ভাল এবং শ্রমিকদের আয় বাড়ানও ভাল কিন্তু employment potential যদি কমিয়ে করা হয় সেটা আমাদের দেশের পক্ষে ভাল কী না সেটাই আমাদের বিবেচনা করা দরকার।

[9-20—9-30 a. m.]

আমি সে দিন যখন ডাঃ রায়ের ঘরে গিয়ে দেখলাম যে জয় ইঞ্জিনিয়ারিং এর মালিকরা বসে আছেন। তখন আমি ওঁকে বললাম যে এঁরা হচ্ছেন স্ট্যাণ্ডারওয়াইট মুভমেণ্টের পক্ষপাতী। এই স্ট্যাণ্ডারওয়াইট মুভমেণ্ট সম্বন্ধে এই হলের মধ্যে অনেক আলোচনা হয়েছে, প্রশ্নোত্তর হয়েছে। এখানে এসম্বন্ধে কথা বলতে গেলে—অন্য কথা বলা চলেনা—বলতে হয় যে এ জিনিস আমাদের দেশে আজকে প্রয়োজন আছে কিনা সেটা বিশেষ করে বিবেচনা করতে হবে। ইণ্ডিয়া ফ্যান সম্বন্ধে আমি আপনার সামনে সেই কথাই বলতে চাই যে ইণ্ডিয়া ফ্যান গভর্ণমেণ্ট আজ নিয়েছেন তাতে রবীনবাবুর কতটা কৃতিত্ব আছে এবং আই. এন. টি. ইউ. সি-র লোকেদের কতটা কৃতিত্ব আছে সেটা চিঠিপত্র দেখলেই বোঝা যাবে। ইণ্ডিয়া ফ্যানের মত দুর্বোধ্য ইউনিয়ান সেখানে একটা লোককে যেন কৌশলে পুড়িয়ে ফেলে। তারপর আবার এই ঘটনা যখন হল তখন আস্তে আস্তে সেটাকে আমরা গভর্ণমেণ্টের হাতে আনতে পেরেছি। এইসব আমরা প্রমাণ করতে পারি এবং রবীনবাবু যদি আজকে আমাদের সঙ্গে বসেন তাহলে তাঁকে দেখাব যে সেখানে তাঁর ইউনিয়ানের কৃতিত্ব খুব বেশী নেই। তারপর আমি আপনার সামনে বলতে চাই যে এই এগ্রিমেণ্ট কাজে না লাগানোর জন্য বাংলা সরকারকে দোষ দেওয়া হয়েছে। তাঁদের দোষ কিছুটা আছে, কিন্তু তাঁরা মোটেই চেষ্টা করেননি scrap of paper বলে ফেলে দিয়েছেন এ কথাটা যে সত্য নয় সেটা আমি আপনার কাছে প্রমাণ করব। একটা চিঠি আমার কাছে রয়েছে সেটার নম্বর এত বড় যে পড়লে অনেক সময় লাগবে। ১৭ই নভেম্বর ১৯৬০ সালে লেবার ডাইরেক্টোরেট থেকে প্রত্যেক সেণ্ট্রাল অরগ্যানিজেশন কি এই চিঠি দিয়েছেন—এর Subject-হচ্ছে verification of strength of membership of trade union for purposes of recognition। এই চিঠির মধ্যে তাঁরা

বলেছেন যে প্রত্যেক সেন্ট্রাল অরগ্যানিজেশন থেকে একজনকে সদস্য নিয়ে একটা কমিটি তৈরী হল—নাম ভেরিফিকেশান কমিটি ও তার চেয়ারম্যান হলেন লেবার কমিশনার। বাংলাদেশে যে সমস্ত ইউনিয়ান রেকগ্‌নাইজ দাবী করবেন, তাদের যদি কোন ডিসপিউট হয় নিজেদের ভেতরে—ইন্টার ইউনিয়ান ডিসপিউট হয়—তা হলে সেগুলো ঠিক করবে এই কমিটি। কাজেই যদি আমরা আজকে দাবী করি আমাদের এই ইউনিয়ান রেকগ্‌নাইজ করা হোক তাহলে সেটা ঠিক করেন লেবার কমিশনার, কিন্তু তাতে যদি আমরা সন্তুষ্ট না হতে পারি তাহলে সেখানে এই কমিটি থাকলে সে সব বিচার করবে। সুতরাং আমরা মোটেই বলতে পারিনা যে ষ্টেট গভর্ণমেণ্ট কোন কিছুই করেননি—নৈনিতাল এগ্রিমেণ্টকে তাঁরা কাগজের টুকরো হিসাবে ফেলে দিয়েছেন। আমাদের রেকগ্‌নিশান না থাকার দরুণ যে সমস্ত অসুবিধা হয় সে সব আমরা জানি। জুট ইউনিয়ান, ন্যাশন্যাল ইউনিয়ন অব জুট ওয়ার্কাস—যেটা আই এন. টি ইউ সি-র য়্যাফিলিয়েটেড ত তাদের মেম্বারশিপ হচ্ছে ৫৪ হাজার। এই ৫৪ হাজার মেম্বারশিপ থাকা সত্বেও শিল্পপতিরা এটাকে রেকগ্‌নাইজ করতে রাজী নন। সেখানে মালিকদের এই অনমনীয় মনোভাবের বিরুদ্ধে আমরা যতটা লড়াই করেছি আমার মনে হয় আমাদের সামনে যাঁরা বসে আছেন তাঁরা ততটা লড়াই কোন দিন করেননি। একবার বোনাস আন্দোলন হলে সারা ডালহৌসী স্কোয়ার তারা ঘিরে ফেললেন, কিন্তু তাঁরা তারপর কোথায় গেলেন জানি না। কিন্তু আমাদের দিক থেকে আমরা প্রতিটা দিন ধাপে ধাপে আন্দোলনের পথে নিয়ে গেছি এবং মালিকদের সঙ্গে যুদ্ধ করার পথে আমরা যে আসল লোক সে কথা আমাদের সামনে যারা বসে আছে—trade unionist তাঁরা সে সব ভাল করে জানেন।

সেই সমস্ত প্রমাণ বাইরে দেখা যাবে এবং যদি কেউ জানতে চায় এবং মাননীয় স্পীকার মহাশয় সময় দেন তাহলে নিশ্চয়ই জানাব। এখন কথা হচ্ছে রিকগ্‌নিশান করবার যে সমস্ত বিল আমাদের ষ্টেট গভর্ণমেণ্ট নিয়েছেন সেগুলো আরও তাড়াতাড়ি কার্যকরী করা দরকার এবং সেই জন্যই শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই যে কমিটি বসেছে এবং তাঁরা যে পথ খুলে দিয়েছে সেটা তাড়াতাড়ি কার্যে পরিণত করে যাতে শুধু জুট নয়, চা বাগান এবং অন্যান্য যে সমস্ত বড় বড় ইউনিয়ন এবং বিশেষকরে ইণ্ডাষ্ট্রি ওয়াইস্ ইউনিয়ন আছে তাঁরা তাঁদের রিপ্রেজেন্‌টেটিভ পায় তার ব্যবস্থা করুন এবং তা করলে এটাই প্রমাণিত হবে যে তাঁদের চিন্তাধারা যথাসম্ভব শীঘ্র রিকগ্‌নাইজ করবার দিকেই যাচ্ছে। রিকগ্‌নিশান যে ভাল জিনিস এটা সকলেই স্বীকার করবেন এবং সেইজন্যই আমরা এটা নানারকমভাবে চেয়েছি। তবে পাবলিক সেক্টরে আমাদের যে অভিজ্ঞতা আছে তাতে আমরা দেখেছি যে রিকগ্‌নাইজ করান এক হিসেবে সোজা বটে কিন্তু সেখানে আর একটা জিনিস করা হয় এবং সেটা হচ্ছে ২।৩ টি ইউনিয়নকে একসঙ্গে রিকগ্‌নাইজ করে রাখা হয় এবং তারপর যেটা রিপ্রেজেন্‌টেটিভ ইউনিয়ন তাকে রিকগ্‌নিশান দেওয়া হয় এবং অন্যদের দেওয়া হয়না। এ সম্বন্ধে লবিতে এবং অন্যান্য জায়গায় এরকম মন্তব্য শুনেছি যে ভেরিফিকেশান যদি হয় এবং সেই হিসেবে রিপ্রেজেন্‌টেটিভ ক্যারেকটার ঠিক করে যদি রিকগ্‌নিশান হয় তাহলে আমরা নাকি আই. এন টি. উ সি-রা হেরে যাব। কিন্তু আমি বলি হারবনা, কারণ ভারতসরকার যে ভেরিফিকেশান প্রথা চালু করেছে এবং যেটা প্রতি বছর হচ্ছে সেই ভেরিফিকেশান অনুযায়ী আজ কারা সব চেয়ে বড় সেটা প্রমাণিত হয়েছে। অর্থাৎ এ বছর ভেরিফিকেশান এর পরে দেখা গেছে যে, বাংলাদেশে যেখানে আই. এন্ টি. উ. সি. ১ লক্ষ ৯০ হাজার ভেরিফাইড মেম্বার পেয়েছে সেখানে এ আই. টি. উ. সি. পেয়েছে ১ লক্ষ ৫৫ হাজার। কাজেই কারা বেশী সেটা দেখুন, স্যার আমি সেদিন কয়েকজন বিদেশীর সঙ্গে কথা বলছিলাম যে ভেরিফাইড লিষ্ট এত বেশী কেন? অবশ্য রাস্তায় দেখলে মনে হবে যে ওঁরা সংখ্যায় অনেক বেশী কারণ ওঁরা নানা রকম গোলমাল করে। তবে সেটা আমরা করিনা এবং সেইজন্যই আমরা যখন

নিয়মতান্ত্রিকতা এবং শান্তির মধ্য দিয়ে চলি তখন যদিও সেটাকে অনেকে আমাদের দুর্বলতা বলে মনে করেন কিন্তু দেখা যাবে তা নয় এবং ইন্ দি লং রান ভারতবর্ষের মানুষ দেখবে যে এই পন্থাই ঠিক এবং এর সাহায্যেই এগিয়ে যাওয়া যায়। তবে আমেদাবাদ, বোম্বে এবং ইন্দোর প্রভৃতি জায়গায় কোথায় কারো বেশী এবং কাদের ইউনিয়ন চলেছে সেটা সকলেই জানেন এবং এও জানেন যে, বোম্বেতে কটন টেক্সটাইল মিলে যখন ৩ মাস ধরে স্ট্রাইক চলেছিল তখন ঢিল মেরে আই এন. টি ইউ. সি-র অফিস ভেঙ্গে দেয়া হয়েছিল, তবে এসব করা সত্ত্বেও তাঁদের তেমন কোন সুবিধা হয়নি। তবে বাংলাদেশে আমাদের দুর্ভাগ্য যে, পশ্চিম ভারতে ওঁরা যে ভাবে প্রতিষ্ঠা পেয়েছে আমরা এখানে তা পাইনি। তার কারণ হোল যেখানে ইণ্ডিজেনাস্ ক্যাপিটাল আছে সেখানে যারা ট্রেড ইউনিয়ন করে তাঁদের সম্মান আছে, কিন্তু যেখানে ইণ্ডিজেনাস্ ক্যাপিটাল নেই বা ইণ্ডিজেনাস্ ক্যাপিটাল হলেও তা বাংলাদেশের বাইরের ক্যাপিটাল সেখানে তাঁরা ট্রেড ইউনিয়নকে মূল্য দিতে রাজী নয় এবং সেটাই বাংলাদেশে আমাদের ভাগ্যে হয়েছে। যেমন অনেক কারখানা এবং চা বাগান ভারতীয়দের হাতে এসেছে, কিন্তু তাঁরাও ট্রেড ইউনিয়নের সঙ্গে খারাপ ব্যবহার করছে। আমি অবশ্য এসব তুলে ধরে বা কারুর নাম করে সাম্প্রদায়িকতার সৃষ্টি করতে চাই না তবে এই কারণেই বলছি যে এরকম একটা অবস্থার মধ্যে এত কাল ধরে কাজ করতে হয়েছে বলেই আমাদের পক্ষে এগুনো সম্ভব হয়নি, যেমন ধরুন, শ্রদ্ধেয় ডাঃ সুরেশ ব্যানার্জীর মত লোককে ট্রেড ইউনিয়ন করবার জন্য হাতে হাত কড়া দিয়ে, কোমরে দড়ি বেঁধে ধরে নিয়ে গেছে। তবে এ জিনিস কিন্তু পশ্চিম ভারতে কখনও হয়নি। যা হোক্, এবারে আমি বাংলাদেশের একটি বিশেষ সমস্যা—অর্থাৎ শিল্পপতি, ক্যাপিটালিষ্ট এবং বিশেষ করে ভারতীয়দের হাতে ব্যবসা-বাণিজ্য আসার পর তাঁরা ট্রেড ইউনিয়নের সঙ্গে কি রকম খারাপ ব্যবহার করছে সেটা আপনাদের সামনে তুলে ধরতে চাই এবং সঙ্গে সঙ্গে জানাতে চাই যে পশ্চিম ভারতে এই জিনিস নেই, কারণ তাঁদের লজ্জা সরম আছে।

[9-30—9-40 a. m.]

কিন্তু এখানকার মালিকদের বিশেষ করে জুট মালিকদের গায়ের চামড়া সাদা হোক আর কালোই হোক কোন লজ্জা-সরম নেই। চা বাগানের শিল্পপতিরা পিছনে ছুরি মারেন বটে কিন্তু সামনে ঠিক এই রকমভাবে খারাপ ব্যবহার করেন না। তাঁরা সামনে খানিকটা ভদ্রতার সঙ্গে ব্যবহার করেন কিন্তু পিছনে ছুরি মারাটা তাঁদের কার্যকলাপের মধ্যে খুব বড় একটা অংশ। সেখানে artificial crisis create করা হয় যেমন আজকে জুটের মধ্যে করা হয়েছে। ১৯৭০ সালের প্রথম দিকে চা-বাগানে artificial crisis create করা হয়েছিল। এই artificial crisis create করার জন্য আমাদের যে অবস্থা হয় সেটা আমি সবার সামনে তুলে ধরছি। এই artificial crisis-এর বিরুদ্ধে আমি বলেছি যে buffer stock create করা হোক এবং 'র'জুট কিনে রাখার জন্য মালিককে গভর্ণমেন্ট ধার দিন। কিন্তু শিল্পপতিরা কিছুতেই তা শুনেননি। আজকে তাঁরা বলছেন কাঁচা মাল পাওয়া যাচ্ছে না। কেন তাঁরা buffer stock create করেননি, কেন তাঁরা গভর্ণমেণ্টের কাছ থেকে ধার নেননি এই সমস্ত কথা জানতে চাই? সেজন্য বলছি buffer stock create করার জন্য ধার দেওয়া হোক এবং শিল্পপতিদের সেটা নিতে বাধ্য করা হোক। শ্রমিকরা যাতে deprived, retrenched, laid-off না হয় তার জন্য সেখানে total wage bill-এর উপর levy করে shock absorbing fund করুন এবং shock absorbing fund করে তাদের যেন protection দেওয়া হয়। যদি ভারতবর্ষের শ্রমিককে বাঁচাতে হয়, যদি বাংলার শ্রমিককে বিশেষ করে বাঁচাতে হয় তাহলে তাদের জন্য shock absorbing fund তৈরি করতে হবে। Dock Industry-তে যদি সেই levy system

সম্ভব হয় তাহলে অন্যান্য ইণ্ডাষ্ট্রিতে কেন সম্ভব হবেনা ? Dock and Port-এ যেমন total wage bill-এর উপর levy করে dock labour scheme চালু করা হয়েছে সেইরকমভাবে অন্যান্য শিল্পে সেটা কেন হবেনা ? আমি plantation চালকদের সামনে বলেছি যে আপনারা যে বোনাস দেন সেই বোনাস শুধু যারা নাকি প্রফিট করেছে সেই শ্রমিকদের দেওয়া হবে, অন্যান্য শ্রমিক যারা নাকি প্রফিট করেনি তারা বোনাস পাবে না এমন কেন হবে ? আমি যত ভাল করে আর্গুমেন্ট করতে পারতাম তার চেয়ে ভাল করে প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু আর্গুমেন্ট করে বলেছেন যে এ সম্বন্ধে একটা ব্যবস্থা করা উচিত। যে গার্ডেনের শ্রমিকরা প্রফিট করেনা সেই গার্ডেনের শ্রমিকরা তো কম কাজ করেনা ! বোনাস কি ? বোনাস তো শুধু প্রফিটের উপর দেওয়া হয়ে থাকে। তারপর delayed payment to people who are not getting subsistence allowance। কাজেই সেখানে যারা কাজ করছে তারা বোনাস পাবে ; যে attendance-এ আছে সে বোনাস পাবে ; প্রফিট হয়েছে বলে বোনাস পাবে এমন কথা হতে পারেনা। তাহলে কোন দেশের ইকনমি চলতে পারেনা, এই সমস্ত জিনিস সফল হবেনা যদি ট্রেড ইউনিয়ন রেকগ্‌নাইজড্‌ হয়। সাত্তার সাহেব যে কমিটি তৈরি করেছেন সেই কমিটির কাজ যদি expedited হয়, ভাল করে করা হয়, সত্তার সঙ্গে করা হয় তাহলে লেজিসলেশানের কোন প্রয়োজন হবেনা, কম্‌পালসানের কোন প্রয়োজন হবেনা, একনায়কত্ব যেটা ওরা চাইছেন সেটারও প্রয়োজন হবে না। স্পীকার মহাশয়, আপনি লাল বাতি জ্বালাননি, সেজন্য আপনাকে ধন্যবাদ—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Hemanta Kumar Basu :

স্যার, শ্রমিক এবং মালিকের যে প্রশ্ন এবং শ্রমিকদের ইউনিয়ন রেকগ্‌নেশানের যে প্রশ্ন এটা একটা গুরুতর প্রশ্ন। বহুদিন ধরে এই প্রশ্ন আমাদের সামনে রয়েছে। ডাঃ মৈত্রেয়ী বোস মহাশয়া মালিকদের চরিত্র সম্বন্ধে যে কথা বল্লেন যে তাঁরা কোন কিছুই মানতে চাননা, তাঁরা শ্রমিকদের দাবী মানতে চান না, শ্রমিকদের সঙ্গে সমঅংশীদারভাবে কথা বলতে চান না। কাজেই তাঁদের এই চরিত্র থেকে বেশ পরিষ্কার বুঝা যায় যে তাঁদের সঙ্গে কথাবার্তা বলে যে এগ্রিমেন্ট হয় সেই এগ্রিমেন্ট তাঁরা ভঙ্গ করেন। কাজেই এমন কি উপায় আছে যার দ্বারা সে এগ্রিমেন্টকে ঠিক কার্যকরী করা যায়। সুতরাং সেটাকে বাধ্যতামূলক করার জন্য আইন দরকার। এ পর্যন্ত যেসমস্ত লেবার ল' করছে, আইন করছে সেই আইনের বলে শ্রমিকরা তাদের কিছু কিছু দাবী পেতে পারে—মালিকরা শ্রমিকদের কোন দাবী এ পর্যন্ত স্বীকার করতে চাননি। যেটুকুন আইন হয়েছে সেটার ডিসপিউট অ্যাক্ট বা লেবার কোড্‌ সেটা শ্রমিকদের ষ্ট্রাগ্‌লের ফলে হয়েছে এবং মালিকরা যেটুকুন আজকে মানতে বাধ্য হন সেটুকু শ্রমিকদের সংগ্রামের ফলে হয়েছে। মালিক যদিও অনেক সময় বাধ্য হয়ে এগ্রিমেন্ট করেন কিন্তু সেই এগ্রিমেন্ট তাঁরা রাখেন না। যদি সেই এগ্রিমেন্ট না রাখেন তাহলে সেই এগ্রিমেন্টকে কার্যকরী করার কি উপায় আছে ? সেদিক থেকে আইন ছাড়া এর কোন পথ নেই। এটা ঠিক যে গভর্ণমেন্ট মালিক এবং শ্রমিকদের প্রতিনিধি নিয়ে এবিষয়ে আলোচনা করেছেন। সিক্সটিনথ্‌ লেবার কনফারেন্স, সেভেনটিনথ্‌ লেবার কনফারেন্স রেকগ্‌নিশান নিয়ে তাঁরা কথাবার্তা বলেছেন। মালিকরা কথা দেন কিন্তু সেই কথা তাঁরা রাখেননা। তাহলে কি উপায় আছে যাতে করে সর্ববাদীসম্মতভাবে যে সিদ্ধান্ত করা হয় সেটাকে কার্যকরী করবার ? কাজেই সেদিক থেকে নিশ্চয়ই একটা লেবার লেজিসলেশন আসা উচিত এটা আমি মনে করি। যদিও গভর্ণমেন্ট সার্কুলার দিয়েছেন যে সমস্ত সেন্ট্রাল ট্রেড ইউনিয়ন থেকে এক এক জনকে নিয়ে কমিটি করার যাতে করে এই রেকগ্‌নিশান ব্যাপারটার সমাধান করা যায় কিন্তু মালিকদের যে চরিত্রের কথা ডাঃ বোস বলেছেন তাতে ভলাণ্টারী রেকগ্‌নিশান বা এগ্রিমেন্টকে কার্যকরী করা কতখানি

সম্ভব হবে সে বিষয়ে আমাদের সন্দেহ আছে। তার কোন সম্ভাবনা আছে বলে আমি মনে করি না। সেজন্য আমি মনে করি এবিষয়ে ভেবেচিন্তে একটা আইন আনা উচিত। আমি স্যার, জানি এখানে যে সমস্ত ট্রেড ইউনিয়ন আছে যার সঙ্গে আমি যুক্ত আছি সেই সমস্ত ট্রেড ইউনিয়নকে মালিক মানতে চান না। বি. এল. এলিয়াস. ওয়ার্কস ইউনিয়ন. আমি তার সভাপতি। সেখানে শ্রমিকদের ন্যায্য দাবী মালিকরা অস্বীকার করেন। সেই ইউনিয়নে এমন অবস্থা ঘটেছে যে সেই ইউনিয়নের সঙ্গতভাবে কাজ করার পক্ষে খুব বাধা সৃষ্টি হচ্ছে। সরকারী প্রতিষ্ঠানে যে সমস্ত ইউনিয়ন আছে সেই ইউনিয়নগুলিকেও সরকার স্বীকার করেন না, মানেননা। যেমন ষ্টেট ট্রান্সপোর্ট এংপ্রয়ীজ ইউনিয়ন যেটা ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেসন হয়ে গেছে—সেই ইউনিয়নকেও বর্তমান মালিক সেভাবে স্বীকার করেন না। আমরা যেহেতু প্রেসিডেণ্ট আছি, এম. এল. এ, আছি -সেহেতু আমাদের সঙ্গে তারা কথাবার্তা বলেন কিন্তু ঠিক ইউনিয়ন রেকগনাইজ করতে বা শ্রমিকদের দাবীদাওয়া নিয়ে কথা বলতে তাঁরা রাজী হন না। হসপিটাল কর্মচারীদের ইউনিয়ন আছে কিন্তু তাঁদের কথা শোনা হয় না কাজেই সরকারের অনেক গলতি এবং ত্রুটী আছে। সেদিক থেকে আমি মনে করি রবীনবাবুর যে প্রস্তাব তা খুব সঙ্গত এবং খুব প্রাকৃটিকাল কারণ এটা ঠিকই যে কম্পালসারী রেকগ্‌নিশান ছাড়া কোন উপায় নেই। গভর্ণমেন্টের যে সমস্ত আইন আছে সেই আইনানুসারে রেপ্রেজেনটেটিভ এংপ্রয়ীজ ইউনিয়ন হওয়া সত্বেও যখন তাঁরা কোন কিছু মানেন না তখন এটা করা দরকার, কারণ এটা শ্রম অন্দোলনের পক্ষে, দেশের সাধারণ শান্তির পক্ষে, দেশের সাধারণ লোকের পক্ষে এবং উৎপাদনের পক্ষে খুবই ক্ষতিকর। শ্রমিকরা যে আমাদের দেশের সম্পদ এবং শ্রমিকের সাহায্য ও শক্তি ছাড়া যে আমাদের বাংলাদেশের শিল্প বাড়তে পারে না, উৎপাদন বাড়তে পারে না এবং দেশের সর্বাঙ্গীন কল্যাণ হতে পারে না এটা তো সকলেই জানেন। কাজেই সেই শ্রমিকদের যদি আমরা উপেক্ষা করি, তাদের দাবীদাওয়া যদি উপেক্ষা করি এবং তাদের ইউনিয়নকে যদি মালিকদের দ্বারা স্বীকার না করাতে পারি তাহলে আমরা এবং গভর্ণমেণ্ট যেকথা সবসময় বলেন যে ট্রেড ইউনিয়নে একটা পিস্ থাকা দরকার সেই পিস আর থাকবে না। আমরা সকলেই পিস্ চাই কিন্তু এরকম পিস্ চাই না যে পিসের মধ্যে শ্রমিকদের দাবী উপেক্ষিত হবে, শ্রমিকদের স্বার্থের ক্ষতি হবে—অপর পক্ষে মালিকদের সুবিধা হবে, তাঁদের উপকার হবে এবং তাঁদের স্বার্থ রক্ষা হবে। কাজেই এই পিসের কোন মূল্য নেই। সেদিক থেকে আমি মনে করি রবীনবাবুর প্রস্তাব অত্যন্ত সঙ্গত প্রস্তাব—ডাঃ মৈত্রেয়ী বোস যে প্রস্তাব এনেছেন তার সঙ্গে এর পার্থক্য কমই, তিনি বলছেন ভলাণ্টারী বেসিসে, এটা হচ্ছে কম্পালসারী বেসিসে।

[9-40—9-50 p. m.]

ইউরোপীয়ান কান্ট্রীতে যে সমস্ত ট্রেড্ ইউনিয়ন গড়ে উঠেছে—সহজে সেখানকার মালিকরা তাদের মেনে নিল। কিন্তু আমাদের এখানে এ সম্পর্কে একটি আইন না করলে কিছুতেই আর মালিকরা এদের মেনে নেবেন না। এখানে অনবরত কোন না কোন দাবীদাওয়া নিয়ে গোলমাল হচ্ছে—সে সব দাবী মালিক কিছুতে স্বীকার করেন না—মিটমাটের পক্ষে। তখন শ্রমিকরা বাধ্য হয়ে ধর্মঘটের রাস্তা নিতে বাধ্য হয়। ইউরোপীয়ান কান্ট্রীতে শ্রমিকদের ন্যায়-সঙ্গত দাবী মালিকরা মেনে নেন, সরকারও তা মেনে নেন। হয়ত কখনো কখনো বড় বড় ষ্ট্রাইক সেখানে হয়। বিলাতেও বাস ষ্ট্রাইক হয়েছিল, পোর্ট ষ্ট্রাইক হয়েছিল। ষ্ট্রাইক যে একদম সেখানে হয় না, তা নয়। কাজেই যে কোন সঙ্গত দাবী মালিক অস্বীকার করেন না। তারজন্য শ্রমিকদেরও ষ্ট্রাইকের পথে যেতে হয় না। আর এ বিষয়ে আমি দীর্ঘ বক্তৃতা করতে চাই না।

তারপর বর্তমানে যে আইন আছে—ট্রাইবুনালে দেওয়ার ব্যবস্থা হয়েছে—শ্রমিক মালিক বিরোধকে। সেই ট্রাইবুনালের ডিসিসানও মালিক মানে না। ঐ আইনে এমন কোন প্রভিশান নাই—যার দ্বারা গভর্ণমেন্ট মালিককে বাধ্য করতে পারেন ট্রাইবুনালের ডিসিশান মেনে নিতে। গভর্ণমেন্টকেও মালিকরা অগ্রাহ্য করে। সেদিক থেকে যদি একটা Comprehensive আইন এ সম্বন্ধে না করা হয়, তাহলে শ্রমিক ও মালিকের মধ্যে একটা শান্তি বা পীস রক্ষা করা সম্ভবপর নয়। শ্রমিকদের অসন্তুষ্ট রেখে কোন কাজই হতে পারে না। সেইজন্য আমি, যে প্রস্তাব রবিবাবু করেছেন তা সর্বান্তঃকরণে সমর্থন করছি।

Shri Jatindra Chandra Chakravarti: মাননীয় স্পীকার মহাশয়, শ্রীরবীন্দ্র মুখার্জী যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাব আমি সমর্থন করতে দাঁড়িয়েছি। স্যার, কিছুদিন আগে যখন লেবার গ্রান্ট নিয়ে এখানে আলোচনা হয়, সেই সময় শ্রমমন্ত্রীমহাশয় আমাদের সামনে একটি পুস্তিকা বিতরণ করেছিলেন। তারমধ্যে একটি তথ্য তিনি দিয়েছিলেন। গতবছর যে disput ছিল, সেই dispute-এর 84 percent শ্রম দপ্তরের কাছে গিয়েছে এবং সেখানে গিয়ে সেই বিরোধের কিছুটা নিষ্পত্তি হয়েছে বা তার ব্যবস্থা তাঁরা করেছেন। বাকী রইল ১৬ পার্সেন্ট। এই ১৬ পার্সেন্টের মধ্যে কেবলমাত্র ২ পার্সেন্ট, তারা একটি collective bargaining-এর মাধ্যমে Bipartite Negotiation-এর মাধ্যমে সেই বিরোধ নিষ্পত্তি হয়েছে আর বাকী ১৪ পার্সেন্ট কালীবাবুর হাতে ছেড়ে দিয়ে পিটিয়ে পিটিয়ে যেভাবে হোক তারা নিষ্পত্তি করেছেন, এদিকে সরকার চান যে এই শ্রমিক-মালিক বিরোধ তারা দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে বা collective bargaining-এর মধ্য দিয়ে মিটিয়ে নেবেন। এই হলো সরকারের ঘোষিত নীতি। সেই নীতি তারা কতটুকু কার্যতঃ সফল করেছেন? আমরা দেখতে পাচ্ছি,—তার শোচনীয় ছবি। পশ্চিমবাংলায় 2 percent বিরোধ collective bargaining-এর মধ্য দিয়ে নিষ্পত্তি হয়েছে।

কেন এটা হচ্ছে? তার প্রধান বাধা হল মালিকরা এই ইউনিয়নগুলি স্বীকার করেন না, recognise করেন না। অথচ এই recognition সম্পর্কিত ব্যাপারে ১৯৫৮ সালে যখন নৈনিতালে লেবার কনফারেন্স হয়, সেখানে মালিকের প্রতিনিধিরা ছিলেন এবং ইউনিয়নের তরফ থেকে আমরাও সেখানে উপস্থিত ছিলাম। আমাদের মধ্যে দুইজনেই আমি ও শ্রদ্ধেয় মৈত্রী বোস তাঁর প্রতিষ্ঠানের তরফ থেকে সেখানে যে চুক্তি হয়, তাতে সই করেছিলাম। স্যার, আমরা আশা করেছিলাম সেই চুক্তি সম্পন্ন হবার পর মালিক পক্ষ সেটা মেনে নেবেন। কিন্তু আজকে আমরা কি দেখছি? বাংলাদেশে আজকে আমরা দেখছি industrywise মালিকরা কোন ইউনিয়ন মানেন না। চারটা কেন্দ্রীয় সংগঠন আছে? শ্রমমন্ত্রীমহাশয় হয়ত জবাব দেবেন আপনাদের মধ্যে দলাদলি আছে, চারটা কেন্দ্রীয় সংগঠন ও তিন, চারটা করে ইউনিয়ন, কাকে মানা হবে? কিন্তু আমি তাঁকে জিজ্ঞাসা করি industrywise দুটি একটা ইউনিয়নকেও কি তাঁরা মেনেছেন? Plantationএর কোন ইউনিয়নকে কি তাঁরা মেনেছেন? কোন ইউনিয়নকে তাঁরা মানতে চান না। Cotton textile, Engineering প্রভৃতি ইউনিয়ন,—কাকে তাঁরা মেনে থাকেন? তাঁরা ত মানেন না। Coal mines এর industrywise representative unionকে তাঁরা মানেন না। অথচ representative ইউনিয়নের যে সংজ্ঞা, সেটা ঠিক হয়েছিল, সেটা ছিল "a union may claim to be recognised as a representative union for an industrial local area, if there is a membership of at least 25 percent of the workers of that industry in that area". বহু জায়গায় শতকরা ২৫ ভাগ শ্রমিকদের প্রতিনিধিত্ব করবার ইউনিয়ন আছে, তা সত্ত্বেও তা মানা হয় না।

স্যার, বাংলা দেশে একটা peculiar 'situation' উদ্ভব হয়েছে। যতই কেন্দ্রীয় সংগঠনের মধ্যে দলাদলি থাক, কিন্তু major problem শ্রমিকদের যেখানে, সেখানে আমরা দেখেছি সমস্ত দলাদলি ভুলে গিয়ে, একত্রিত হয়ে, in one voice মালিকদের কাছে ত্রিদলীয় সম্মিলনে তারা সকলে এক সাথে আওয়াজ তুলেছে। যখন জুটমিলের মালিকদের কথা মৈত্রি বোস বলেছিলেন, তখন জুট মিলের মালিকরা শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে ছুটে গিয়ে বলেছিলেন—আমরা কি করবো, কার সাথে চুক্তি করবো? এমন কেউ ত লোক নেই। সেই সময় বিরোধী শ্রমিক ইউনিয়ন B.P.N T U C-র সাধারণ সম্পাদক শ্রীকালী মুখার্জী উপস্থিত ছিলেন, তিনি মালিককে জবাব দেন সত্তার সাহেবের সামনে এই বলে যে আগে আপনি স্বীকার করুন আপনার সাথে আমরা যে চুক্তি করবো, তা আপনি মেনে নেবেন। আমরা চারজন প্রতিনিধিকে এখানে উপস্থিত করবো, তাদের সাথে চুক্তি করুন। আমি বলছি যে শ্রমিকদের পক্ষ থেকে, কোন সংগঠনের পক্ষ থেকে তাতে কোন প্রতিবাদ হবে না। কিন্তু আপনার তাতে রাজী আছে কি? তখন আই, জে, এম,-এর প্রতিনিধিরা পিছিয়ে গেলেন, সেই কথা হল যখন, আজকে আমাদের এখানকার মালিকদের যে psychology, mental attitude, সেটা বদলাতে হবে। আজকে সমস্ত পৃথিবীর মধ্যে যে সকল প্রগতিশীল দেশ আছে, সেখানে ট্রেড ইউনিয়ন আন্দোলন সব থেকে উঁচু ধাপে উঠেছে। সেই সব দেশের মালিকদের psychology, approach আমাদের এখানকার মালিকদের থেকে অন্য রকম। তাঁরা সেখানকার ইউনিয়ন গুলি মেনে নিয়েছেন। সুতরাং সেখানে প্রগতিশীল ধারার সঙ্গে ভারতবর্ষের মিল মালিক, পুঁজিপতি দেশে যেটুকু ইউনিয়নকে মেনে নেন, আমাদের দেশে বিশেষ করে বাংলাদেশে মালিকরা প্রগতিশীল ধারার সঙ্গে নিজেদের adjust করে খাপ খাওয়াচ্ছেন না। সেখানেই হ'ল আসল কথা।

শুধু তাই নয়, সরকারের তরফ থেকে যে কথা ঘোষণা করা হয় যে, আমাদের এখানে গণতন্ত্র আছে। সেই গণতান্ত্রিক অধিকার সম্পর্কে, democracy-র সঙ্গে তাঁদের খাপ খাওয়ানর যদি মনোভাব থাকত তাহলে নিশ্চয়ই তারা ইউনিয়নকে recognise করতেন।

স্যার, সত্তার সাহেব এ সম্পর্কে জবাব দেবেন, যেটা মৈত্রী বোস বলেছেন, verification করে কমিটি recognitionএর জন্য; সে কথা তিনি বললেন। কিন্তু এই কমিটি দিয়ে সেই recognition হবে না। তার terms of reference কি?

[9-50—10 a.m.]

Terms of reference হচ্ছে that it was agreed that in case of dispute concerning the strength of membership for the purpose of recognition. সেই সময় কমিটি বুঝবে কিন্তু তার আগে মালিককে রাজী হতে হবে, union-কে মানতে হবে। মালিক union-কে মানবে এই মনোবৃত্তি যতদিন এক না হয় ততদিন বিরোধ থাকবেই, কেননা union কে মানা আপনারা বাধ্যতামূলক করতে পারছেন না। সেজন্য মৈত্রেয়ী দেবী ভুল করেছেন, এই কমিটির মাধ্যমে মালিককে union মানান যাবে না। সরকার অবশ্য আজকে চেষ্টা করছেন বিরোধ যাতে না হয়, আমরাও সহযোগিতা করছি কিন্তু যে প্রস্তাব এনেছেন তার মাধ্যমে হচ্ছে না। তারপরের কথা হচ্ছে মৈত্রেয়ী দেবী যে প্রস্তাব এনেছেন সেটা আমার পক্ষে মানা একটু মুস্কিল হয়ে যাচ্ছে, কেননা প্রথমে আমি ভেবেছিলাম প্রস্তাবটা ভাল, আমি দেখছি এখন compulsory step যদি না নেন তাহলে বাধ্যতামূলক agreement হবে না। তিনি Jay Engineering-এর কথা বলেছেন কিন্তু সেখানে by collective bargaining, by agreement, union-কে মেনে নিয়েছে। তা সত্ত্বেও তো সেখানে প্রবল আপত্তি আছে। তিনি তথ্য উপস্থিত করেছেন Rationalisation, আমি সে union এর সঙ্গে জড়িত নই, মাঝে মাঝে আমাদের তাকে বিশেষ কিছু খবর রাখি না। সেখানে মালিকদের যে National

Productivity Council করেছেন তাতে Rationalisation-এর ব্যবস্থা এমনভাবে করেছেন উৎপাদন বাড়াতে গেলে Retrench করতে হয়। সেই union যেখানে আগে ২১ হাজার লোক ছিল তার সংখ্যা কমে গেছে। By agreement মানা হয়েছে তা সত্ত্বেও আপত্তি উঠেছে। তাছাড়া আরও কয়েকটি জায়গা দেখুন Calcutta Tram Co-র কি অবস্থা দেখুন। তার সঙ্গে আমাদের যোগাযোগ নাই, আজও সেটা মানা হয়নি. Phillips Union-এ আমি আছি সেখানে আজও মানা হয়নি, State Transport-এ মানা হয়নি আরও দেখা সরকার—স্বয় মহাশয় যে দলের সদস্য, তিনি যে দলের প্রতিনিধি সেই দলের union I. N. T. U. C.-কে মানেননি। যদি সেখানেও মানতেন তাহলেও বুঝতে পারতাম। কাজেই আজ বাধ্যতামূলক আইন যদি তৈরী না হয় তাহলে recognition হবে না, recognition মানবে না সেজন্য friction হবে, waste of time and energy হবে, উৎপাদন ব্যাহত হবে, অশান্তি বাড়বে সেজন্য আজকে এরকম আইন করা দরকার যাতে মালিক পক্ষ Provident fund-এর প্রশ্ন ইত্যাদি মেনে নেয় কিন্তু আইনে যতদিন পর্যন্ত না বাধ্যতামূলক recognition না করতে পারেন ততদিন তা হবে না। সেজন্য আমি এই প্রস্তাব সমর্থন করছি। মৈত্রেয়ী দেবীর যে প্রস্তাব তাতে আমার আশঙ্কা হয় by agreement হলেও সকল মালিক সকল union-কে unitwise মানেনা। সেজন্য union-এর স্বীকৃতি বাধ্যতামূলক হওয়া চাই এবং সদস্য সংখ্যা নিয়ন্ত্রণ না করে representative union হওয়া চাই।

Shri Ananda Gopal Mukhopadhyay: মাননীয় স্পীকার মহোদয়, ডাঃ মিসেস্ মৈত্রেয়ী বোস এখানে যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের আমি সমর্থন জানাচ্ছি। এবং এই প্রস্তাবকে সমর্থন জানাতে গিয়ে আমি আপনার সামনে আমার বক্তব্য রাখতে চাই। আপনি জানেন, এই Trade Union-র বর্তমানে একটা গুরু দায়িত্ব আছে এই শিল্পে শান্তিরক্ষার জন্য এবং শিল্পের অগ্রগতি অব্যাহত রাখবার জন্য এবং একথা সর্বজনস্বীকৃত। Trade Union-র এই যে ভূমিকা এটা যদি ভারতবর্ষ স্বাধীন হবার আগে এবং আজকের অবস্থা পর্যালোচনা করে দেখি তাহলে দেখবো তার মধ্যে যুগান্তকারী পরিবর্তন হয়েছে। স্বাধীনতার আগে আমরা দেখেছি, বা ইতিহাস পড়লে দেখা যাবে যে এখানে Trade union গড়ে উঠে ছল কয়েকজন কংগ্রেস কর্মীর নেতৃত্বে, আর কয়েকজন সমাজসেবীর নেতৃত্বে ছাড়াছাড়িভাবে, বম্বেতে, কলকাতায়, জামসেদপুরে. এর পিছনে যে আদর্শ ও ঐতিহ্য আছে। তারা ব্যক্তিগতভাবে মালিকের সঙ্গে বোঝাপড়া করতো এবং শ্রমিকদেরও যে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা থাকতে পারে, দেশের অগ্রগতির জন্য যে শ্রমিকশ্রেণীর একটা ভূমিকা থাকতে পারে সেটা সেদিন তারা জীবন দিয়ে প্রমাণ করে দিয়েছিল। এই প্রসঙ্গে আমি প্রফেসার আবদুল বারির নাম করছি। তাঁর চেষ্টায় coal industry, iron industry-তে ভারতবর্ষে শ্রমিকদের ভাতা ও মজুরীর এবং তাদের কাজের সুবিধা হয়েছে, একটা মূল্যমান নির্ধারিত হয়েছে। কিন্তু আজ শ্রম আন্দোলন সারা ভারতবর্ষে স্বাধীনতার পর যেভাবে গড়ে উঠেছে এবং সরকার স্বাধীনতার পর যে সমস্ত labour lagislation করেছেন, তার থেকে আমরা এটা দেখতে পাচ্ছি যে trade union-র গুরুত্বপূর্ণ ভূমিকা কোন জায়গায় অস্বীকার করা হয়নি, এবং অস্বীকার না করার দরুণ আজকে সুষ্ঠুভাবে, সঙ্ঘবদ্ধভাবে trade union প্রতিষ্ঠান গড়ে উঠেছে। আজকে মালিকদের যেরকম দায়িত্ব আছে maximum production দিক দিয়ে তেমনি শ্রম আন্দোলনের ভূমিকারও এই দায়িত্ব গ্রহণ করেছে শ্রমিক ও দেশের স্বার্থে কিন্তু দুই এর মাঝে সঙ্গতি রাখবার জন্য আজকে trade union-কে যেভাবে স্বীকৃতি দেওয়া উচিত সেইভাবে দেওয়া হয়নি বলে মনে করি। এটা যদি পর্যালোচনা করা যায় তাহলে দেখবো ভারতবর্ষের যেটা বৃহৎ industry, coal, সেই coal industry-তে, কি স্বাধীনতার আগে, কি স্বাধীনতার পরে যেসব progressive labour

legislation হয়েছে তাতে আজকে শ্রমিকদের মজুরী এবং অন্যান্য সুবিধা প্রচুর পরিমাণে হয়েছে কিন্তু এতে বাংলাদেশের খুব গুরুত্বপূর্ণ পরিবর্তন হয়নি। স্পীকার মহাশয়, আপনি জানেন ১৯৪৮ সাল থেকে আরম্ভ করে ১৯৫৫ সাল পর্যন্ত যখন Conciliation Bo rd হয়নি তখন পর্যন্ত trade union যে ভূমিকা গ্রহণ করেছিল সেই ভূমিকা শ্রমিক স্বার্থের ক্ষতি করেছে। আমরা দেখেছি Conciliation Board-র award হবার আগে এই trade union-এ বিশেষ করে আমাদের সর্বজননেতা দেবেনবাবু, Mining Federation, Mining Association-র সঙ্গে rate নিয়ে যে রফা করেন তাতে প্রতিদিন প্রতি মজুর চার আনা কম পাচ্ছে। এর ফলে তারা প্রায় ৫০-৬০ হাজার টাকা লাভ করেছে। ১৯৫০ সাল থেকে এই agreement implemented থাকবে যতদিন পর্যন্ত না নূতন award হয়।

[10—10-10 a. m.]

সেখানেও trade union-এর ভূমিকা ছিল, আমরা মনে করি সেটা শ্রমিক স্বার্থে হয়নি, মালিকের স্বার্থেই গিয়েছে। এই trade union-এর আরেকটা দিক দেখা যায় সেটা হচ্ছে যারা trade union আন্দোলন করবেন তারা যেমন শ্রমিক স্বার্থ বজায় রাখবার জন্য চেষ্টা করবেন তেমনি সেটা মালিক স্বার্থের সঙ্গে এক করে দেখলে কখনোই মালিকদের স্বার্থ বজায় রাখতে পারবেন বলে মনে করিনা। আসানসোলে ২০০টি কোলিয়ারী আছে। সেখানে যে মজদুর কংগ্রেস আছে সমস্ত মালিকই তা recognise করেছেন, সুতরাং অন্য যে কোন প্রতিষ্ঠানই সেখানে যাবে মালিকপক্ষ তাদের জবাব দেবেন, আপনারা recognise হলেও আমরা আপনাদের সঙ্গে কোন আলোচনা করতে চাই না। ১৯৪৬ সাল থেকে নতুন award পর্যন্ত এই অবস্থা চলছে মালিকদের তারা কত বড় দরদী আরেকটা ছোট উদাহরণ দিলেই দেখতে পাবেন Associated for supply, Shibpur, এই একটা প্রতিষ্ঠান, দেবেনবাবু এর president ছিলেন—সেই প্রতিষ্ঠান দেবেনবাবুর য়ুনিয়নকে recognise করেছিল, সেই recognition এখনো continue করছে। সেখানে যে শ্রমিকসংখ্যা তাদের ৫জন বাদ দিয়ে বাকী সকলে joint meeting ডেকে president পদ থেকে সরিয়ে দিয়েছে। Registered trade union verification-এর সময় এটা স্থির হয়ে গিয়েছে। অথচ মালিকপক্ষ ধরে বসে আছেন দেবেনবাবুকে, তাঁর য়ুনিয়নকে, তাঁকেই আমরা recognise করি। লজ্জার কথা, অত্যন্ত ঘৃণার কথা, তাঁর একটা standing order করেছেন এবং বলেছেন registered trade union হলেও যারা এই standing না মানবে তাদের তারা recognise করবেন না। এই standing order-এর দ্বারা তাঁরা য়ুনিয়নের সঙ্গে agreement করে রেখেছেন, সেই য়ুনিয়নের সঙ্গে settlement-এ এসেছে সুতরাং তাঁরা কিছুতেই rate of wage পরিবর্তন করবেন না, কারণ দেবেনবাবু তাদের blank cheque দিয়ে বসে আছেন, a blank cheque in a bank in which he has n account। যদি শ্রমিকেরা মালিককে চাপ দেয় তাহলে মালিকপক্ষ ছোটেন দেবেনবাবুর কাছে। 10th August এবং 20th January তারিখে যে য়ুনিয়নের প্রেসিডেন্ট দেবেনবাবু সেই য়ুনিয়নের লোকেরা গত দশবৎসর ধরে কোন পয়সা পায়নি। তাঁরা মনে করেন এখনো বাংলাদেশে ব্রিটিশ রাজত্ব বজায় আছে—এভাবে দেবেনবাবু তাঁদের স্বার্থ রক্ষা করে চলেছেন। আমি কম্যুনিষ্ট পার্টির বন্ধুদের বলতে চাই, তারা recognition-এর আরেকটা নতুন দৃষ্টান্ত দিয়েছেন—যদি তোমরা আমাদের recognise কর তাহলে ৫ বৎসরের গ্যারান্টি দেবো, আন্দোলন হবে না, বেতনবৃদ্ধির দাবী হবে না, কোন অশান্তির সৃষ্টি হবে না। এভাবে এক চুক্তি করে তাঁরা সব থেকে বেশী বিশ্বাসঘাতকতা করেছে শ্রমিকদের প্রতি। সুতরাং তারা এর থেকে সাবধান না হয় তাহলে তাদের সমূহ সর্বনাশ হবে, এবং শিল্পক্ষেত্রে trade union-এর ভূমিকা ও অবদান নষ্ট

হবে। Trade union আন্দোলনে আজকে যে নতুন চিন্তাধারা এসেছে এবং শিল্পক্ষেত্রে যে অগ্রগতি আমরা অব্যাহত রাখতে চাই, মানুষের প্রকৃত মূল্যমান করতে চাই, আমি জানি বাংলাদেশের শ্রমমন্ত্রী expert committee বসিয়ে সেই চেষ্টাই করছেন। বিভিন্ন শিল্পকারখানায় যে শ্রমিক একই কাজে নিযুক্ত আছে তাদের যদি uniform wage ও grade না হয় তাহলে শিল্পে কখনো শান্তি রক্ষিত হতে পারেনা। বাংলাদেশের Labour Minister এ সম্পর্কে বিশেষভাবে অবহিত আছেন। নৈনিতাল conference-এ যে tripartite agreement হয় Madras conference-এ সেই সব aspects ractified হয়। বাংলাদেশের Labour Directorate তাঁদের সুচিন্তিত অভিমত দেবার জন্য একটা কমিটি গঠন করেছেন সেই কমিটি শীঘ্রই সিদ্ধান্তে আসবেন। এসম্পর্কে আমি দেখছিলাম, যে circular দেওয়া হয়েছে, circular-এর মধ্যে ৮টা general party আছে recognition-এর যা পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করা হবে। আমি শ্রমমন্ত্রীর কাছে আবেদন জানাব যেন তাড়াতাড়ি একটা সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এই সিদ্ধান্তের দ্বারা trade union-এর ক্ষেত্রে একটা নতুন দিক সূচিত হবে। আজ progressive labour legislation করে শ্রমিককে সমাজে স্থান দেওয়া হচ্ছে। এবং এভাবে মালিকপক্ষ এবং শ্রমিকদের মধ্যে একটা সুন্দর সম্বন্ধ গড়ে উঠে দেশ অগ্রগতির পথে এগিয়ে যাবে বলে আশা করি।

Dr. Ranendra Nath Sen শ্রী: স্পীকার স্যার, আমি ডা: মৈত্রেয়ী বসু মহাশয়ার বক্তৃতায় আশ্চর্য হয়ে গেলাম—এবং দু:খিতও হয়েছি কারণ রবীনবাবুর প্রস্তাবের মধ্যে এমন কিছু নাই যাতে কোন একটা বিশেষ trade union সংগঠন সম্পর্কে কোন রকম ইঙ্গিত করা হয়েছে বলা যেতে পারে। আমরাও চাই—এবং এই প্রস্তাবটাও সেই উদ্দেশ্যেই রচিত হয়েছে যাতে করে সামগ্রিক ভাবে trade union-এর স্বার্থ রক্ষিত হতে পারে—কার কত শক্তি আছে, কোন প্রতিষ্ঠানে কত সভ্য আছে এসব প্রশ্নের মধ্যে আমরা যেতে চাই না। যেসব স্বীকৃতির মধ্যে পশ্চিমবঙ্গ সরকার যুক্ত আছেন সেই স্বীকৃতিগুলি কেন অবহেলিত হচ্ছে এই হচ্ছে একটা প্রশ্ন—নিশ্চয়ই Govt. এর নীতির মধ্যে কোন দুর্বলতা আছে। নৈনিতাল conference-এর 24 বৎসর কেটে গেল, কেন সেগুলি কেন এখনো কার্যকরী হলো না? নিশ্চয়ই কোন দুর্বলতা আছে সরকারী নীতির মধ্যে। মালিকপক্ষের প্রভাব, তাঁদের চাপ তার মধ্যে অনুভূত হয়। ডা: বসু, আনন্দবাবু নিশ্চয়ই জানেন কি কারণে মালিকপক্ষ সেগুলি মানতে চান না। ব্যোমকেশবাবু হিন্দুস্থান মোটরস্ ইউনিয়নের কথা বলেছেন।

[10-10—10-20 a. m.]

আমি বলেছিলাম মানব না। সুতরাং এটা ট্রেড ইউনিয়নের স্বার্থ না কি আই, এন, টি, ইউ, সি, কি হিন্দ মজদুর সভা কারুর স্বার্থ নয়। এটা প্রত্যেকের স্বার্থে আনা হচ্ছে—ট্রেড ইউনিয়নে যাঁরা আছেন তাঁদের সকলের স্বার্থে। রবীনবাবু সব ট্রেড ইউনিয়নের স্বার্থে এই প্রস্তাব উত্থাপন করেছেন। সুতরাং এখানে অন্য যুক্তি তুলে লাভ নেই, কারণ তাতে গভর্ণমেন্টের দুর্বলতাকে প্রশ্রয় দেওয়া হয়। এবং মালিকপক্ষ আজকে অত্যন্ত সুপরিকল্পিত ভাবে ট্রেড ইউনিয়নকে স্বীকার না করার সব রকম যে ষড়যন্ত্র করছে সেটাকে আরও শক্তিশালী করা হবে। সেজন্য আমি বলছিলাম যে ডা: মৈত্রেয়ী বোসের বক্তৃতায় আশ্চর্য হলাম ও দু:খিত হলাম। এখানে প্রশ্ন উঠেছে জবরদস্তি করে আইনের দ্বারা কেন ব্যবস্থা করা হবে? এখানে এ ব্যবস্থা ছাড়া অন্য কি পথ আছে তা কি কেউ বলবেন? কেউ কেউ হয়ত বলবেন যে সাত্তার সাহেব

যে কমিটি করেছেন সেই কমিটির মারফত হবে। এ বিষয়ে আমি একটা উদাহরণ দেব এবং ডাঃ বোসও নিশ্চয় স্বীকার করবেন। ধরুন নৈনিতাল কনফারেন্সের পরে আমাদের বাংলাদেশে একটা Evaluation and Implementation Division এর অন্তর্গত একটা সেল হল। ওদের কাজ হল যে মালিক কিংবা ট্রেড ইউনিয়ন যে সমস্ত ইণ্ডাষ্ট্রিয়াল ডিষ্ট্রীবিউট এওয়ার্ড বা এগ্রিমেণ্ট যাতে মানেন সেগুলি দেখ এবং হাইকোর্ট বা সুপ্রিমকোর্টে না যান সেটা দেখা। ডাঃ বোস তার প্রতিনিধি, সেখানে তিনি হাল ছেড়ে দিয়ে বলেছেন মালিক কিছুই মানবে না। সুতরাং ভালমন্দ কি একটা কমিটি করলেন তার প্রশ্ন নয়। আজকে এটা বুঝতে যাব না মালিকরা সুনির্দিষ্ট যে একটা নীতি ধরে তারা চলেছেন সে নীতিতে তারা ছাড়া আর কেউ ট্রেড ইউনিয়ানকে স্বীকৃতি দেবে না এবং গভর্ণমেণ্টের এখানে প্রচণ্ড দুর্বলতা আছে এবং তাঁরাও ভয়ে কথা বলেন না। গভর্ণমেণ্ট গণতন্ত্রের কথা বলেন, কিন্তু আমরা যখন শান্তিপূর্ণ পথে চলি তখনই দেখি প্রিভেণ্টিভ ডিটেনসান য়্যাক্ট, কিন্তু মালিককে বলা যেতে পারে যে representative union হলেই তাকে মানতে হবে। Industrial Disputes Act-এ শ্রমিক ষ্ট্রাইক করলে তাকে বেআইনী ঘোষণা করা যেতে পারে, তাকে জেলে পাঠানো যেতে পারে এবং তাতে গণতন্ত্র ক্ষুণ্ণ হয় না। কিন্তু ক্ষুণ্ণ হয় মালিককে যদি বলেন যে তোমার কারখানায় যে ইউনিয়ান সর্বাধিক শ্রমিকভুক্ত তাকে স্বীকৃতি দাও। আবার কোন আইনসভার সদস্যকে বিনা বিচারে গ্রেপ্তার করলে গণতন্ত্র ক্ষুণ্ণ হয় না, ক্ষুণ্ণ হয় মালিককে গ্রেপ্তার করলে। ট্রেড ইউনিয়ন আন্দোলন যাঁরা করেন তাঁরা এসব জানেন। নৈনিতালে যে কনফারেন্সে যে কমিটি মিটিং হয়—ডাঃ বোস, আমি এবং যতীনবাবু তাতে ছিলাম তাতে মালিকদের বলা হয় যে শ্রমিককে বাসস্থান দিতে হবে, কিন্তু দেশী বিদেশী মালিক তাঁরা সবাই সেই কমিটিকে বললেন যে তাঁরা করবেন না। সেই সময় একজন সেক্রেটারী সুব্রমানিয়াম একট রেজোলিউশান ড্রাফট করে বললেন যে এ না করলে মালিকদের সাজা দেওয়া হবে এবং এটাই গভর্ণমেণ্টের stand। এতে আমরা এবং I. N. T. U. C. রাজী হলাম। তারপর মালিকরা মাদ্রাজে কনফারেন্সে গিয়ে বললেন যে আমরা শ্রমিকদের বাসস্থান দেবনা এবং তারা সুপ্রীমকোর্টে গেল। ওই ব্যাপারে সুপ্রীমকোর্টের রুলিং হল যে মালিকদের কিছু করতে হবে না।

সুতরাং এটা বুঝে মালিকদের সম্পর্কে আই. এন. টি. ইউ. সি. বন্ধুদের বলব যে তাঁদেরও যখন অভিজ্ঞতা আছে এবং আমাদেরও অভিজ্ঞতা আছে তখন সেই সমস্ত অভিজ্ঞতা থেকে বলছি যে এই সমস্ত ব্যাপারগুলো সম্বন্ধে সমস্ত ট্রেড ইউনিয়ন যদি দাঁড়িয়ে করতে পারে তাহলে হবে। আজ কলেকটিভ বার্গেনিং প্রশ্ন উঠেছে, কিন্তু জুট মালিক, কটন টেক্সটাইল মালিকরা কি কখনও কলেকটিভ বার্গেনিং-এর মধ্যে আজ পর্যন্ত এসেছে? অবশ্য কয়েকটা জুট মিলে হয়েছে, কিন্তু তাতে গভর্ণমেণ্ট প্রতিনিধিরা বলেছেন যে আমাদের কোন কথা শুনতে চায় না। কাজেই আজ জিজ্ঞেস করতে চাই যে, আইন করলে বা জনসাধারণের স্বার্থে কাজ করলে গণতন্ত্র ক্ষুণ্ণ হয় না মালিকদের কথামত চললে গণতন্ত্র ক্ষুণ্ণ হয়?

তারপর ডাঃ বোস যে সব কথা বলেছেন সেগুলো তাঁর কাছ থেকে আশা করিনি—অর্থাৎ তিনি জয় ইঞ্জিনিয়ারিং কারখানা সম্বন্ধে বলেছেন যে সেখানে ইউনিয়নের সঙ্গে এগ্রিমেণ্ট হওয়ার ফলে র‍্যাসনালাইজেসন এ্যাণ্ড এমপ্লয়মেণ্ট পোটেনসিয়ালিটি কমিয়ে দেওয়া হয়েছে। কিন্তু আমার কথা হোল অপরকে যখন আক্রমণ করা হয় তখন একবার নিজের ঘরের দিকে তাকিয়ে দেখতে হয় যে তাঁদের আই. এন. টি. ইউ. সি-র প্রেসিডেণ্ট মাইকেল জন জামসেদপুরে কি করছেন? স্যার, আমরা কাউকে আক্রমণ করিনা এবং রবি গুহবাবুও তাঁর বক্তৃতার মধ্যে কারুর নাম করে কিছু বলেন নি—তবে আনন্দবাবু কথাগুলো তুললেন বলে বললাম। যা হোক, এটা অনেক সময় দেখেছি যে যখন কোন এগ্রিমেণ্ট হয় তখন শ্রমিকরা সে ব্যাপারে কিছুই জানতে

পারে না, পরে যখন খবরের কাগজে বেরোয় তখন তারা জানল যে এই রকম একটা এগ্রিমেন্ট হয়েছে। তারপর র‍্যাসনালাইজেশন স্কীম সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে যে, সমস্ত ট্রেড ইউনিয়ন থেকে এই স্কীমের বিরোধিতা করা সত্ত্বেও আই. এন টি. ইউ সি-র কোন কোন সেক্সসন নেতা বহু জায়গায় এই স্কীম চালু করেছে। অবশ্য বোম্বে এবং আমেদাবাদের কথা আমি বলছি না এবং বলা উচিতও নয় যে সেখানে ডাঃ বোসের মত লোক চালু করেছে, তবে কথাগুলি স্মরণ করিয়ে দিচ্ছি, তারপর ভেরিফিকেসন-এর খুব মহিমা করা হচ্ছে দেখছি, কিন্তু এই ভেরিফিকেসন সম্বন্ধে একটু জানিয়ে রাখা দরকার যে গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার লেবার ইন্সপেক্টর ফ্যাক্টরীতে গিয়ে শ্রমিককে বলেন যে, "তুম্ কোন্ ঝাণ্ডা কা মেম্বার হায়?" কিন্তু স্যার, এটা আপনি নিশ্চয়ই স্বীকার করবেন যে যেখানে চাকুরীর বিন্দুমাত্র স্থিরতা নেই সেখানে শ্রমিক যে ইউনিয়নের মেম্বার সেই ইউনিয়ন যদি মালিকের সুনজরে না থাকে তাহলে সে ভীত হতে বাধ্য। আনন্দবাবু আজ ভেরিফিকেসনের প্রশ্ন তুলেছেন, কিন্তু আমি একটা কেন্দ্রীয় সংগঠনের মধ্যে দায়িত্বশীল পদে অধিষ্ঠিত থাকার ফলে দেখেছি যে ডেপুটি মিনিষ্টার আবিদ আলী জাফরভাই একবার ঘুরে যাওয়ার পরে দেখা গেল যেখানে তাঁরা ৪ হাজার চেয়েছিলেন সেখানে সেটা ৮ হাজার হোল। স্যার, এরপরেও কি বলব যে এই ধরণের ভেরিফিকেসনের প্রয়োজন আছে? কাজেই আসল কথা হোল ঠিক মত ভেরিফিকেসন করার পর যে ইউনিয়ন রিপ্রেজেনটেটিভ ক্যারেক্টারের হবে তাকে রিকগ্‌নাইজ করা হোক এবং মালিকরা যদি তা না করে তা হলে গভর্ণমেণ্ট তাদের আইনতঃ এটা করাতে বাধ্য করুন এবং আমার মনে এটা করলে পর প্রত্যেকটি গণতান্ত্রিক মানুষ এবং ট্রেড ইউনিয়ন তা মেনে নেবে। এই কথা বলে আমি রবীন্দ্রবাবুর প্রস্তাব সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[10-20—10-30 a. m.]

Sri Deben Sen : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য রবীন্দ্রবাবু যে প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি, ডাঃ বোস তাঁর এ্যামেণ্ডমেণ্টের পক্ষে কি বলেছেন যদিও তা শুনিনি তবে দেখছি যে মূল প্রস্তাব এবং এমেণ্ডমেণ্ট উভয়েই ট্রেড ইউনিয়ন রিকগনাইজড্ হোক এটা চাইলেও উভয়ের মধ্যে একটু তফাৎ আছে এবং সেটা হোল মূল প্রস্তাব বলছে যে, যেখানে ভেরিফিকেসনের পর মালিকরা রিকগ্‌নাইজ করবেনা সেখানে তা আইন করে করা হোক।

গভর্ণমেণ্ট বলছে ভেরিফিকেসান হয়ে গেল তারপর মালিক রেকগ্‌নাইজ করল না, সুতরাং তখন একটা এগ্রিমেণ্ট করবার চেষ্টা কর। আমি এটার যুক্তি বুঝতে পারি না। ভেরিফিকেসান হবে according to the 17th Labour Conference's proviso. Mrs Bose সেটা মেনেছেন। সুতরাং ভেরিফিকেসান হয়ে যাবার পর মালিক যদি না মানে তখন যদি আইন না করা হয় তাহলে ভেরিফিকেসান করার দরকার কি? ভেরিফিকেসান কেন—প্রুফ যে কোন্ ইউনিয়ন এখানে majority, representative character. তারপর যদি মালিকরা না মানে তাহলে আইন করতে বাধা কি আমি বুঝতে পারি না। দুর্ভাগ্যবশতঃ কোলিয়ারীতে ১৯৪৬ সালে আমার একটা ইউনিয়ন হয়। তারপর সেখানে যে কত ইউনিয়ন হয়েছে তার ইয়ত্তা নেই। সেখানে কংগ্রেসের ৩।৪টা ইউনিয়ন আছে—জগদীশ পাণ্ডে কংগ্রেসীর নামে, ডাঃ বোস কংগ্রেসীর নামে, ইন্দ্র দেব সিং কংগ্রেসীর নামে এবং একটা supported by INTUC, আর গুলি supported by Atulya Ghosh. বেনামে যেমন দোকান খোলা হয়, ম্যানেজিং এজেন্সি খোলা হয়, INTUC তেমনি বেনামে সমস্ত ইউনিয়ন, এজেন্সি খুলে রেখেছেন। আমি কোন জায়গায় বাধা দিইনি, কোন জায়গায় আমি মালিককে বলিনি যে কারোর সঙ্গে আলাপ

কোরোনা, আমি বলি সকলের সঙ্গে আলাপ কর. by competition তোমরা সকলের সঙ্গে আলাপ কর। সেখানকার India Government-এর ভেরিফাইড ফিগার হচ্ছে আমার ইউনিয়ন পেয়েছে ১৮ হাজার মেম্বারসিপ, INUC পেয়েছে ১০ হাজার। ১০ হাজার যা পেয়েছে সেটা মেনে নিচ্ছি। কিন্তু শ্রীপুর কোলিয়ারীর লিকার সাহেব সেটা খাতা দেখে ৮ হাজার মেম্বার লিখে দিয়েছেন। সুতরাং ১০ হাজার আর ১৮ হাজারের ভেতর নিশ্চয়ই ১৮ হাজার ম্যাজরিটি। সেটাকে আইন করে রেকগ্‌নাইজ করা কেন হবে না আমি বুঝতে পারি না। আনন্দবাবু অনেক কথা বলেছেন, আমি জানি না, এই প্রস্তাবের ভেতর তা আসে কিনা। দুর্গাপুরে আমি গিয়েছিলাম সেখানে আনন্দবাবুর একটা ইউনিয়ন আছে। যদি এ্যাপয়েন্টমেন্ট লেটার বাই পোষ্ট আসে তাহলে পিয়ন সেগুলি আনন্দবাবু এবং তাঁর লোকের কাছে পৌঁছে দেয়, সেই সমস্ত লোকের কাছে যায় না। আমি এখানে ঘোষণা করছি আনন্দবাবুর লোক লাবণ্য ঘটকের বাড়ীতে তা পৌঁছে দেয়। কারণ লোককে সেখানে গিয়ে ৩ টাকা চাঁদা দিয়ে আনন্দবাবুর ইউনিয়নে এ্যাপয়েন্টমেন্ট লেটার নিতে হয়। তিনি আপোস করুন, তিনি বলুন যে এটা সত্য নয় তাহলে এই হাউস থেকে এনকোয়ারী পাঠাবার জন্য বলব। আমার কোলিয়ারী মজদুর কংগ্রেস বলে একটা ইউনিয়ন আছে। সেই নামে আর একটা মজদুর কংগ্রেস ইউনিয়ন জগদীশ পাণ্ডের ওখানে ১০ বছর ধরে আছে। তারা এ্যানুয়াল রিটার্ণ দেয় না, হিসাব দেয় না কিছু দেয় না, কিন্তু তাকে ব্যাক করছে।

Dr Maitreyee Bose : সে আপনার লোক।

Shri Deben Sen : আমি বহুদিন আগে তাকে বিতাড়িত করে দিয়েছি, তার মেম্বারসিপ নেই, ভেরিফিকেশানে এবার সে আসেনি, তাকে লেবার ডিপার্টমেণ্ট রেকগ্‌নাইজ করে। পুলিশ মন্ত্রী আসানসোলে গেলেই প্রথমে পাণ্ডেকে ডাকেন। সেই পাণ্ডে একজন ব্ল্যাকমার্কেটিয়ার, ওয়াগন ব্রেকার।

[Loud noise and interruption]

আমাকে যদি কেবল ফিল্ডের মালিকরা ইচ্ছা করে না মেনে নেয় তাহলে আমি ইচ্ছা করে কারোর রেকগনিশান চাই না, চ্যালেঞ্জ করে রেকগ্‌নিসান নিই—তোমরা না মানলে স্ট্রাইক হবে এবং সেই স্ট্রাইকের ভয়ে দেবেন সেনকে মানে। এবারে দুটো কোলিয়ারীতে ৪।৫ দিন আগে ৪ হাজার লোকের স্ট্রাইক করে এসেছি। এই ইস্যুতে ১০।১২ জন পাণ্ডার লোক backed by INTUC আমার একজন লোককে ½ মাইল টেনে নিয়ে যায় মারতে মারতে, তারপর ফেলে দিয়ে তার মাথা এবং বুকের উপর ৪ জন লোক লাথি মারে, তার chest, abdomen সমস্ত ইন্‌জিওর্ড, তাকে হাসপাতালে রেখে এসেছি। তার প্রতিবাদে আমি মালিককে গিয়ে বলি যে তুমি তাদের সাসপেণ্ড কর। মালিক বলে তোমাকে রেকগ্‌নাইজ করিনা। আমি বললাম কাকে তুমি রেকগ্‌নাইজ কর? মালিক বললে আমি জগদীশ পাণ্ডেকে রেকগ্‌নাইজ করি। আমি তখন বলি তাকে রেকগ্‌নাইজ কর আমাকে করনা তোমার ওখানে স্ট্রাইক হবে। সেই কোলিয়ারীতে কমপ্লিট স্ট্রাইক হয়েছে।

নূতন বিপদের সৃষ্টি হয়েছে—এই সব নূতন যে মারোয়ারী কোং আসানসোল যাচ্ছে তারা যেয়ে গুণ্ডাদের আরো বেশী উস্কানী দিচ্ছে এবং আই. এন টি ইউনিয়ন সেখানে খাড়া করবার চেষ্টা করছে। ফলে সেখানে তারা স্ট্রাইক করতে বাধ্য হয়েছে। স্ট্রাইকের আর একটা কারণ আছে যে ওখানে শ্রমিকদের পেনসন রাইট ছিল। জগদীশ পাণ্ডের ইউনিয়নের সভ্য মিলে ৪০ জন লোককে ডিসমিস করা হয়েছে এবং তাদের প্রত্যেকেই পেনসনের অধিকারী কিন্তু তাদের কাউকে পেনসন দেওয়া হয়নি এবং গুণ্ডা লোকদের এনে এক এক জনকে ২।৩ শো টাকা দিয়ে বিদায় করে দেওয়া হয়েছে। মিসেস বোস বা আনন্দবাবু বা লেবার মিনিষ্টার জিনাই করুন। আজকে এই কোম্পানী পার্টিকুলার নিজ ইণ্ডিয়ান ওনার্স তারা আমাদের সমস্ত রাইট ক্ষুন্ন করবার জন্য চেষ্টা

করেছেন। তারা নূতন নূতন ইউনিয়ন সৃষ্টি করে, আনন্দবাবু নূতন ইউনিয়ন সৃষ্টি করে পোস্টঅফিসের কাগজ গায়েব করে লোকের কাছ থেকে টাকা নিয়ে আই. এন. টি. ইউ.-সির মেম্বারসিপ করান। কোলকাতায় সি মেনদের ইউনিয়ন আছে, আই. এন. টি. ইউ. সির ইউনিয়ন। সেখানে গুণ্ডামি করে ১লক্ষ টাকা জমিয়েছে কিন্তু এ পর্যন্ত তারা কোন হিসাব দেয়নি। মিসেস বোস তার সঙ্গে যুক্ত, তিনি জানেন যে একটা টাকারও হিসাব দেয়নি এবং তার জন্য আবার পরে আমাদের বাধ্য হয়ে কোর্টে যেতে হয়েছে সেই হিসাবের জন্য এবং তাদের উপর ইনজাংসন আনবার জন্য। কোন মেজোরেটি তাদের নেই, কোন ভোট তারা করেনা। বাংলাদেশের কোন জায়গায় কোন বিগ সেক্টরের মালিক কোন ইউনিয়ন রেককনাইজ করেনি—জুটে রেককনাইজড্ ইউনিয়ন নেই, ইঞ্জিনিয়ারিং-এ রেককনাইজড্ ইউনিয়ন নেই, টি গার্ডেনে রেককনাইজড্ ইউনিয়ন নেই, কোলিয়ারিতে রেককনাইজড ছিল বলে এতদিন জানতাম কিন্তু আজকে তাঁরা বলছেন, তোমাকে আমরা রেককনাইজ করিনা, অবশ্য না করলেও আমরা তা ভ্রূক্ষেপ করি না। আনন্দবাবু জীবনে কোন দিন স্ট্রাইক করেছেন, না দালালী করে এসেছেন বলবেন। উনি শিবপুর পাওয়ার হাউসের কথা বলেছেন। কোলফিল্ডে আমাদের সঙ্গে একটা এগ্রিমেণ্ট হয়েছিল ১৯৪৬ সালে। আমার দোষ ছিল, তখন আমি কংগ্রেসে ছিলাম এবং আনন্দবাবুও মিসেস বোস আমার সঙ্গে ছিলেন। এইটুকুই ত্রুটী, তাছাড়া কোন ত্রুটী নেই। কোলফিল্ডে সব মিলিয়ে ৪৫ টাকা ছিল এখন সেটা ১০২ টাকা হয়েছে। কোলকাতার উপর চটকলে তাঁরা আদায় করবেন না, ইঞ্জিনিয়ারিং-এ আদায় করবেন না—আমরা কোলফিল্ডে জেনারেল স্ট্রাইক করে ৪৫ টাকা যেখানে ছিল সেটাকে ১০২ টাকায় এনেছি এবং সেজন্য আনন্দবাবুর গাত্রদাহ। তাঁর বন্ধু মালিকরা সকলেই আজ বিরক্ত, ও এক কাণ্ড দেবেনবাবু করলেন, ১০২ টাকা আমাদের কাছ থেকে নিয়ে গেলেন। সেই মালিকদের আমি নাম করে বলতে পারি তাঁরা কংগ্রেসের সাপোর্টার ও আনন্দবাবুর সাপোর্টার। তারপর আনন্দবাবু কি রকম ভাই জানিনা কালী ব্যানার্জী তাঁর একটা রিফ্রাক্টরী ফ্যাক্টরী আছে। সেই রিফ্রাক্টরী ফ্যাক্টরীতে আনন্দবাবুর ইউনিয়ন ছিল—ইয়ার মহম্মদ, জানিনা তাঁর কি রকম ইয়ার।

[10-30—10-40 a. m.]

তিনি সেখান থেকে টাকা পয়সা খাওয়ার পরে পালিয়েছেন। আমাদের ইউনিয়ন হয়েছে, ট্রাইবুনাল হয়েছে; ট্রাইবুনাল মালিকরা মানেন না। তারপর এগ্রিমেণ্ট হয়েছে, সে এগ্রিমেণ্টও মালিকরা মানেন না। ১৪ জন লোককে ছাঁটাই করেছে, পরে আরো লোককে ছাঁটাই করেছে, মালিক কিছুই রেকগনাইজ করেন না। সাত্তার সাহেব জানেন, তাঁর লেবার ডাইরেক্টরেটও তা জানেন, কোন প্রতিকার হবুও নাই। তাই আমি আবারও বলি এই লেবার ডাইরেক্টরেট তুলে দেওয়া উচিত। সেদিনও একথা বলেছি। লেবার ডাইরেক্টরেটের কাছে গেলে তাঁরা বলেন—কন্‌সিলিয়াশন্; এই কন্‌সিলিয়াশনের কোন মানে হয় না। তারপরে ট্রাইবুনালে দেয় তো দু-বছর ধরে সেই ট্রাইবুনাল চলে। শেষপর্যন্ত তার রায় মালিকরা মানবেন না। আবার লেবার ডাইরেক্টরেটে যাবে। যদি এটা compulsory recognition হয়, তাহলে বাংলাদেশে কোন রকম ভাবে ট্রেড্ইউনিয়ন মুভ্মেণ্ট হতে পারে। I. N. T. U C-র যে ডিউটি, যে মিশান, সব জায়গায় তাঁরা ইউনিয়ন করেন। এইসব বড় বড় কথা মিসেস বোস বলেছেন, আমি তাঁকে শ্রদ্ধা করি, তাঁকে জিজ্ঞাসা করতে চাই—এমন একটি জায়গা কি তিনি দেখাতে পারেন, যেখানে I. N. T. U. C. কোন rival union করেনি। আমি তাঁকে চ্যালেঞ্জ করছি—তিনি বলুন যে গত বছরের মধ্যে H. M. S. ও A. U. T. U. C. কোথাও rival union করেছে! তারা একটা কোড মানে, ভদ্রতা মানে, তারা শ্রমিক স্বার্থকে দেখতে চায়। আমি চ্যালেঞ্জ করি কি

ভাবে rival union-এর কথা বলি, যখন একটা settlement বা negotiation হয়, সেখানে rival union-এর বলি, সেখান তিনি। Calcutta Electric Supply-এর কথা বলছি, একটা বড় কোম্পানীর সঙ্গে তিন চার বছর negotiation আমাদের চলে। সেখানে highest paid এই Electric Supply-এর শ্রমিকরা। আগে ৫০ টাকা ছিল minimum dearness allowance, এখন সেখানে every worker get cent percent dearness allowance অর্থাৎ একশো টাকায় একশো টাকা। Middle-class একশো টাকা pay যেখানে ১১০ টাকা পায় dearness allowance তারা highest paid। তারপর revision of scales আরম্ভ করলে—চক্রীরাম পুরী দিয়ে তাঁরা rival union করলেন। Revision of pay scales সেখানে করছে শুনে তাঁরা গিয়ে আর একটা rival union করছেন। সুতরাং এটা কার স্বার্থ যে rival union করতে হয়? আপনারা ঠিক negotiation-এর মুখে এটা করেন কেন? যাতে মালিক আমাদের না দেয়—সেই জন্য আপনারা এই rival union করেন। তারপর শিবপুর Electrical Power House-এর কথা বলেছেন আনন্দবাবু। সেখানে আড়াইশো লোকের ভেতর ২০ জনকে অতুল্য ঘোষ হাত করেছেন টাকা দিয়ে।

Shri Ananda Gopal Mukherjee : একথা এখানে না বলে শিবপুরে গিয়ে বলে আসুন না।

Shri Deven Sen : সেদিন আপনার বাড়ীতে গিয়ে বলে এসেছি। আবারও আপনার বাড়ীতে যাচ্ছি—এ কথা বলতে যে আপনার আসানসোলে ঢোকার রাস্তা বন্ধ করে দিতে পারি। আপনি আসবেন কোথা থেকে? প্রত্যেকটা রাস্তা আপনার বন্ধ করে দিতে পারি। কিন্তু আমরা মারপিটে যাব না।

[A voice : আপনি কি ভয় দেখাচ্ছেন ?]

[Noise and interruptions]

Shri Jatindra Chandra Chakravorty : আপনি ও রকম করে হাসছেন কেন?

Mr. Speaker : I warn you Mr. Chakravorty.

Dr. Jnanendra Nath Majumdar : Sir, while Shri Deven Sen was speaking Shri Ananda Gopal Mukherjee addressed him direct and began to speak.

Mr. Speaker : No member should address the other member. He should address me and through me any other member.

Dr. Jnanendra Nath Majumdar : I would request you to ask everybody on the other side to do that.

Shri Deven Sen : আমি challenge করছি—মিসেস্ বোস এবং আনন্দবাবুকে—গত Central Government employees-দের strike-এর সময় মিসেস বোসের I. N T. U. C.-র লোকেরা পুলিসের ক্লিপে করে, chase করে গিয়ে আমাকে arrest করিয়ে ছিলেন কি না! I was arrested at Ishapore Gun and Shell Factory। কারা আমাকে arrest করেছিল? পুলিশ আমাকে arrest করতে চায়নি। পুলিশ বলেছে দেবেনবাবু চুপচাপ দাঁড়িয়ে আছেন, আমরা তাঁকে arrest করতে পারি না। তখন ওঁরা গিয়ে পুলিশকে খুব ধমকে দেন। তারপর পুলিশ আমাকে গ্রেপ্তার করেছে। কারণ, আমি সেখানকার ইউনিয়নের প্রেসিডেন্ট।

গবর্ণমেণ্ট নয়, পুলিশ নয়, I. N. T. U C. তিন জন মেম্বার, কাগজ চালাত দিতে পারি। সেই তিনজন লোকের complaint-এ সেখানকার একজন ওয়ার্কারের চাকরী চলে গিয়েছে। তাঁরা এই সমস্ত role করে থাকেন। They are gangrene, cancer in the trade union

movement. They must be wiped out. তাদের আমরা বরদাস্ত করবো না। আজকে বাঁকনাড়ায় ৯ জন Central Government employees-কে dismiss করা হয়েছে। যাঁরা dismiss হয়েছেন, তাঁদের সেই dismissal-কে support করে I. N. T. U. C. pressure দিচ্ছেন কিনা? কোন জায়গায় I. N. T. U. C. declare করেছেন যে Central Government employees-দের শাস্তি দিও না? আনন্দবাবু নগণ্য লোক, তাঁকে বলার কোন মূল্য নেই। আমি মিসেস বোসকে জিজ্ঞাসা করছি এই যে বাংলাদেশের উপর দিয়ে এই রকম ঝঞ্ঝা চলে গেল স্ট্রাইকের, on principle বলতে পারেন কোন স্ট্রাইকে অংশ গ্রহণ করার জন্য যাঁরা শাস্তি পেয়েছে, তাদের রক্ষার জন্য কখনও কোন কথা বলেছেন? তবে আপনার labour union করেছেন কেন? I. N. T. U. C. কি জন্য labour movement করেছে? আনন্দবাবু কি handbill দেননি colliery-তে general strike-এর বিরুদ্ধে? মিসেস বোস তাঁর ইউনিয়নের তরফ থেকে কি strikers-দের one day's general strike-এর বিরুদ্ধে দাঁড়াননি? তিনি সেখানে বাজারে গিয়ে বলেছেন যে striker-দের কেউ একটি পয়সাও দেবে না, চাল দেবে না, ডাল দেবে না। যদি কেউ কিছু দেয়, তাকে ধরিয়ে দেওয়া হবে। এই সমস্ত কথা কি তিনি সেখানে বলেননি? দুঃখের বিষয় তাঁরা স্ট্রাইক করেননি। তাঁরা স্ট্রাইক যখন করেন ভাঁওতার স্ট্রাইক করেন। কালীবাবুর একটা নূতন ফন্দি দেখলাম। পেট্রোল কোম্পানীর বোনাস্ মেরে, চটকলের কাছ থেকে তিনটাকা চার আনা নেন্। তারপর সেখানে পদযাত্রা করেন মিসেস বোস। স্ট্রাইকের বিরুদ্ধে স্লোগান নিয়ে। আমরা অত্যন্ত লজ্জিত হই এই সামান্য তিন টাকা, চার আনা নেওয়াতে। এবং তার ফলেতে সমস্ত negotiations বন্ধ হয়ে যায়। আজ বাংলাদেশের all collective bargaining stopped হয়ে গিয়েছে; এর জন্য affected হচ্ছে। তারা বলছেন তিন টাকা, চার আনা নাও, এর বেশী আমরা দেবো না।

কংগ্রেসের আই. এন. টি. ইউ. সি আর কংগ্রেস সরকার একই জিনিস। এই একটা জিনিসের তিনটা face থাকবে কেন? আই এন. টি. ইউ. সি. যদি মনে করেন শ্রমিকদের স্বার্থ ক্ষুণ্ণ হয়ে যাচ্ছে, তাহলে তাঁরা কি সেটা সরকারী লেভেল্ এ করতে পারেন না? তাঁরা যদি মনে করেন তাদের wages কম আছে, তাহলে তাঁরা সেটাকে কি governmental level-এ করতে পারেন না! তাঁরা এই যে একটা নূতন managing Agency খুলেছেন, তার দ্বারা যদি শ্রমিকদের স্বার্থ দেখবার চেষ্টা না করেন, তাহলে এটা করবার দরকার কি? সেই জন্য আমি এই এ্যামেণ্ডমেণ্টের গুরুতর বিরোধিতা করছি; এবং আমি বলছি I. N. T. U. C-র ভারতবর্ষে থাকবার কোন অধিকার নেই; কারণ, তারা আছে শুধু মালিকের স্বার্থে, মালিকের প্রয়োজন।

Dr. Maitreyee Bose : মাননীয় স্পীকার মহাশয়, দেবেনবাবু আমাকে অনেক কথা challenge করে জিজ্ঞাসা করেছেন। ·····

Shri Ganesh Ghosh : মিঃ স্পীকার স্যার, এটা কি ওঁর বক্তৃতা হচ্ছে?

Mr. Speaker : উনি personal explanation-এ বলছেন।

Shri Ganesh Ghosh : She cannot speak—she has already spoken.

Mr. Speeker : She can give personal explanation. What is your personal explanation?

Dr. Maitreyee Bose : আমি personal explanation করবো, বক্তৃতা দেবো না।

তিনি বলেছেন আমি ওখানকার ইউনিয়নের সঙ্গে জড়িত এবং সেখানে যে ১ লাখ টাকা তুলেছি তার হিসাব দিই নি। এটা সম্পূর্ণ অসত্য কথা। তারপর উনি একটা জাল মামলার কথা উল্লেখ করেছেন। সেখানে তারা একটা জাল মামলা রুজু করেছেন, এবং তার সঙ্গে আমাকে জড়াতে চেয়েছেন। ওটা তাঁর সম্পূর্ণ ভুল কথা। এ রকম কোন কথা সেখানে ওঠেনি। এক লাখ টাকা কেন, ঢের বেশী টাকা আছে তাদের।

তারপর তিনি বলেছেন আমরা rival ইউনিয়ন করে বেড়াই। দেবেনবাবু দশ বছর ধরে রাইভ্যাল ইউনিয়ন করেছেন, আমরা তা বন্ধ করছি।

[10-40—10-50 a. m.]

Shri Satyendra Narayan Mazumdar: স্যার, আমি রবীনবাবুর প্রস্তাবসমর্থন করছি। এর পক্ষে যে সমস্ত কথা বলা হয়েছে আমি তার পুনরাবৃত্তি করতে চাই না। আমি শুধু কয়েকটি তথ্য দেব। আনন্দবাবু আজকে TradeUnion-এর ব্যাপারে যে ভূমিকা গ্রহণ করেছেন তাতে দেখছি যে আলোচনা মালিক শ্রেণীর বিরুদ্ধে যাওয়া উচিত ছিল সেই আলোচনাকে সুকৌশলে তিনি শ্রমিক শ্রেণীর বিরুদ্ধে devert করেছেন, এ থেকেই প্রমাণ হয়ে গেল আনন্দবাবু কি চান, আলোচনাকে এভাবে ঘুরিয়ে দেবার দায়িত্ব আনন্দবাবুর। আমি এবার কিছু তথ্য দিচ্ছি। চা বাগানে আমরা দেখছি সেখানে সাহেব মালিক Union-কে Recognition তো দূরের কথা, কথা পর্যন্ত বলেন না। আমি একবার দেখা করতে গেছলাম M L. A. হিসাবে, সাহেব ম্যানেজারের সঙ্গে। M. L. A.-র সঙ্গে আলাপ না করে উপায় নাই তাই তিনি আলাপ করতে রাজী হন কিন্তু আমার সঙ্গে যারা ছিলেন তাদের উপস্থিতিতে কথা বলতে রাজী হন না। তারপর I. I. A.-এর Secretary-কে চিঠি লিখে জানলাম তাদের সামনে কথা বলা মানে প্রকারান্তরে তাদের স্বীকার করে নেওয়া। তিনি Assistant Labour Commissioner-এর কথা বলেন কিন্তু মালিক কোন concilliation-এর মধ্যেই আসেন না। শ্রমমন্ত্রীকে বারবার জানিয়েছি তিনি বলেছেন তিনি অসহায়। তারপর দেখছি কিছু লোক তারা চা বাগান কিনছে তারা কোন concilliation মানে না, চুক্তি মানেন না, আইন মানেন না। দুদিন পরে বিক্রী করে চলে যাবে তখন নূতন মালিক এসে বলবে আমরা কি করবো নূতন কিনেছি আগের দায়িত্ব নিতে পারি না। এ নিয়ে গণ্ডগোল হয়, case করতে হয়। এ সমস্ত শ্রমমন্ত্রীর নজরে এনেছি। তিনি বলেন কি করবো আমি অসহায়। যদি তাঁর শ্রমদপ্তর এত দুর্বল বলে ভাল করে জানেন তাহলে তাঁর এই অসহায় অবস্থার কথা জানিয়ে দেননা কেন? শ্রমমন্ত্রী ও তাঁর দপ্তরের এই অসহায় অবস্থা দেখে আবার সাহেব মালিকরা জঙ্গলের রাজত্ব চালাবার চেষ্টা করছে। ত্রিদলীয় সম্মেলনের সিদ্ধান্ত veolate করে যাচ্ছে। যখন আগে জঙ্গলের রাজত্ব ছিল ইউনিয়ন শ্রমিকদের ধৈর্যের যদি বাঁধ ভেঙ্গে যেত তখন Tribal Labour-রা মালিককে মেরে ঠিক করতো। শ্রমমন্ত্রী অনেক বড় বড় কথা বলেন যদি সৎ সাহস থাকে তো এ বিষয়ে ব্যবস্থা করুন। আর যদি মালিকদের কিছু করতে অসহায় হন তাহলে বলে দিন চা বাগানের শ্রমিকরা সংগ্রাম করে তারা তাদের অধিকার আদায় করে নেবে।

আমি আর একটা জিনিস বলতে চাই যে সরকার বলেছেন Joint Council of management শিল্পে করবেন তার মধ্যে চা বাগানকে include করে নেবেন। এই Joint Council of manag ment এটা মালিকদের স্বার্থ যদি দেখে এবং শ্রমিকদের স্বার্থ যদি না দেখে, Union-কে স্বীকার না করে—কেউ স্বীকার করে না—তাহলে Council-কে দেখিয়ে দিয়ে মালিক যদি যা খুশী করে যেতে পারে তাহলে এ জিনিস কি করে চলতে পারে?

কাজেই এখানে বাধ্যতামূলকভাবে Union-কে স্বীকৃতি দেবার যে প্রশ্ন এসেছে সেটাই মূল কথা হয়ে দাঁড়িয়েছে বর্তমানে। শ্রম আইনে যে নীতির কথা বলেছেন সরকার যে নীতি ঘোষণা করেছেন সেই অনুযায়ী যদি কাজ করতে হয় তাহলেও এই জিনিসটা আসছে যে, Union-কে বাধ্যতামূলকভাবে স্বীকার করে নিয়ে তবে তার ভিত্তিতে আলোচনা চলতে পারে। এখানে

সাত্তার সাহেব একথা স্বীকার করে নিন, আর তা না হলে এখানে অসহায়ের মত দাঁড়িয়ে না থেকে, আমাদের সামনে এবং শ্রমিকদের সামনে বলুন যে আমার কিছু করার নেই তোমরা যা ভাল বোঝ তাই কর।

The Hon'ble Abdus Sattar: অধ্যক্ষ মহোদয়, এই কক্ষ তাপনিয়ন্ত্রণ হওয়া সত্ত্বেও কিছু উত্তাপের সৃষ্টি হয়েছে, সেইজন্য আমি আর তাপ বৃদ্ধির দিকে মোটেই যাবো না। এখানে প্রশ্ন হচ্ছে বাধ্যতামূলক recognition-এ কথা কারা recognition চায় না? এমন কি সরকারও চান না যে recognition হবে না। Recognition আমরাও চাই। এখানে প্রশ্ন হচ্ছে সেই recognition কোন পন্থায় হবে। আমাদের Labour Budget আলোচনার সময় এই কথা স্পষ্ট করে বলা হয়েছে, আমরাও চাই collective bargaining হোক্। আমরা চাই দুইপক্ষ পাশাপাশি, মুখোমুখি বসে তাদের বিবাদের মীমাংসা করে নিক। এখানে যে শান্তির কথা বলি, সেই শান্তি সামনে রেখে এই recognition চাওয়া হচ্ছে। এখানে এই recognition-র ফলে শান্তি আসবে কি না আসবে এ কথা, অধ্যক্ষ মহোদয়, বিবেচনা করতে হবে। বিশেষ করে একটু পূর্বে এই কক্ষে বলা হয়েছে এই ব্যাপার নিয়ে নৈনিতালে কিছু কিছু formula গৃহীত হয়েছে এবং মাদ্রাজে তা স্বীকৃত হয়েছে। সরকার পক্ষ কিছু করেনি একথা ঠিক নয় Agreement-র সময় আমাদের মনে রাখতে হবে যে, যে শান্তি আমরা চাই, যে সম্প্রীতি আমরা চাই, এবং মালিক শ্রমিকের যে সম্পর্ক তার উন্নতি আমরা চাই, তার মধ্যে বাধ্যতামূলক কতটুকু আছে। এইজন্য ত্রি-দলীয় সম্মেলনে এই agreement করা হয়েছে, এর মধ্যে কতটুকু বাধ্যতামূলক এবং কতটুকু voluntary basis-এ হবে তা এই ত্রি-দলীয় labour conference-এ ঠিক হতে পারে। এই ত্রি-পক্ষীয় labour conference, সেটা highest policy making body, যার প্রত্যেক বৎসরে বৎসরে অধিবেশন হয়, এই বৎসরেও হবে, আমি মনে করি এটা একটা ক্ষেত্র। এই conference-এ এই সব কথা আলোচনা হতে পারে এবং সেখানে পূর্ব সিদ্ধান্ত যা গৃহীত হয়েছে তার পরিবর্তন হতে পারে। আইন কখনও করা হবে না, একথা আমি বলি না; laws are made to meet social demands। আমরা দেখেছি কিছুদিন আগেও যে আইনের কথা মানুষ চিন্তা করতে পারতো না, যে আইন করতে গেলে অনেক বিপদের কথা বলতেন, এমন কি আকাশ থেকে পড়বার মত কথা বলতেন, সেই সব আইনও পর পর হয়ে গিয়েছে। সুতরাং আইন কোন সময় হবেনা তা নয়। আজকে recognition-র কথায় বলতে চাই, Trade Union-গুলিকে তাদের অধিকার সম্পর্কে নূতন করে জানাতে চাই, যে নৈনিতালের পর মাদ্রাজের conference-এর পর, কোথায় কোথায় তারা এই recognition দাবী করেছিল এবং এই দাবী সেখানে করতে হলে কোথায় কোথায় সেই দাবী স্বীকৃত হবে সে কথা মাদ্রাজ conference-র গৃহীত সিদ্ধান্তের মধ্যে আছে। আমরা সেই সিদ্ধান্ত সমস্ত পক্ষের কাছে পাঠিয়ে দিয়েছি। এবং আমরা তাদের মতামত চেয়েছিলাম কিন্তু সেই তথ্য আমাদের কাছে এসে পৌঁছায় নি। যার থেকে বলা যেতে পারে যে এটা চলছে না, এর জন্য আজকে আইন করতে হবে। আমি আজকে এখানে বিনীতভাবে একটা suggestion করছি সমস্ত Trade Union প্রতিষ্ঠানের কাছে। এই suggestion সাহস করে করছি এইজন্য যে, আমরা দেখেছি যে তাদের মধ্যে হয়ত বিরোধ থাকতে পারে কিন্তু শ্রমিক স্বার্থে তাঁরা এক হয়ে কথা বলেন।

[10-50—11 a. m.]

আমি দেখেছি ওটা বড় প্রতীক ধর্মঘট হয়ে গিয়েছে, পাটকলে, কাপড়ের কলে, সেখানে সমস্ত দলমত নির্বিশেষে সকলে যোগদান করেছে—তারা নিজেদের মধ্যে একটা আচরণবিধি ঠিক

করুন। আমি বিতর্কের মধ্যে যেতে চাই না শুধু পুনরুক্তি করছি, যদি rival union হয় তাহলে আমি জিজ্ঞাসা করি—এই recognition একবার হয়ে গেলে চিরদিনের জন্য হয়ে যাবে না, ২ বৎসরের মধ্যে নড়চড় হবে না একথা সত্য, কিন্তু আমি জিজ্ঞাসা করি আজ যারা minority তারা কি majority হবার চেষ্টা করবে না? সেজন্য আমি বলছি পরস্পরের মধ্যে বসে আচরণ-বিধি ঠিক করুন, এইরকম করুন যে, একটা একটা registered recognised trade union থাকলে সেখানে অন্য কোন Union করা হবে না। আমি অনেকদিন আগেকার কথা বলছি, Burnpur Iron & Steel Factory-তে recognised union থাকা সত্ত্বেও শ্রমিকদের একটা পাল্টা য়ুনিয়ন করতে হয়েছে, এবং সেই union ধর্মঘট করেছে। কিন্তু আমি নির্ভয়ে একথা বলব যে, আমরা আমাদের কাজের দ্বারা প্রমাণ করে দিয়েছি যে আমরা কোনরূপ পার্থক্য করিনি—যে কোন দলই তাদের দাবী দাওয়াসম্বলিত প্রস্তাব আমাদের কাছে উত্থাপন করুক না কেন, তাদের অভাব অভিযোগ নিয়ে আসুক না কেন, তাই আমরা বিচার করে থাকি। আমি যে য়ুনিয়নের কথা বলছি সেই য়ুনিয়নের ব্যাপার আমরা tribunal-এ দিয়েছি। কেউ কেউ বলেছেন যে tribunal-এ দিয়ে কিছু হয় না। আমি একথা বলব, tribunal-এর দ্বারা শ্রমিকদের স্বার্থই রক্ষিত হয়—train ধর্মঘটের কথা, আশা করি এত শীঘ্র কেউ ভুলে যায়নি, tribunal দ্বারা কি শ্রমিকদের কোন বৃদ্ধি হয়নি, তাদের দাবীদাওয়া কি কিছু কিছু পূর্ণ হয়নি? সুতাকলে, কাপড়ের কলে, Omnibus tribunal, Engineering tribunal—এগুলিতে কি শ্রমিকদের বেতন বৃদ্ধি হয়নি? আমরা যদি পক্ষপাতিত্ব করতাম তাহলে পাল্টা Union-কে কখনোই স্বীকার করতাম না, tribunal-এ দিতাম না। আমি সেজন্য বলছি, যে ৪টা trade union সংস্থা আছে তারা একসঙ্গে বসে একটা আচরণবিধি ঠিক করুন, এবং একমত হোন recognition-এর criterion কি হবে। আমি স্বার্থহীনভাবে বলছি, আমি সর্বশক্তি দিয়ে বলছি, সর্ববাদীসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত আমরা কার্যকরী করব, প্রয়োজন হলে আইন করব। যেসব বন্ধু বলেন এবং মনে করেন labour দপ্তরের কোন প্রয়োজন নাই, তাঁরা যেন নিজেদের কার্যকলাপের দ্বারা প্রমাণ করে দেন যে শ্রমদপ্তরের প্রয়োজন নাই। স্যার অধ্যক্ষ মহোদয়, এই উপলক্ষে আমি আরেকটা কথা বলতে চাই, কারণ এখানে শুধু recognition নিয়েই আলোচনা হয়নি, বহু বিষয় নিয়েই আলোচনা হয়েছে। Tribunal-এ যেতে অনেক সময় আমরা we are coerced to—এখানে আমি উল্লেখ করতে চাই, W. M. S, তারা শুধু দাবিই করল না, tribunal দাবি করে অনশন ধর্মঘটও করছিল, এবং বিপন্ন স্ত্রী স্বামীর জীবন রক্ষা করতে Writers' Building-এ ছুটে এল মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে, আমার কাছে, যদিও এটা tribunal-এ দেবার ইচ্ছা আমাদের ছিলনা। সুতরাং যাঁরা বলেন tribunal শ্রমিকদের মামলাবাজ করে তোলে, যদি তারা tribunal না চান তাহলে আমি খুশীই হবো। Recognition দেওয়ার ব্যাপারে আমি collective bargaining-এর পক্ষপাতী—collective bargaining-এর দ্বারা কি কতগুলি বৃহৎশিল্পে কি মালিক-শ্রমিক বিরোধের মীমাংসা হয়নি?—Jay Engineering-এ যদি সম্ভবপর হয়ে থাকে, যদি India Fan-এ সম্ভবপর হয়ে থাকে, যদি Sen Ralley-তে সম্ভবপর হয়ে থাকে, তাহলে অন্যজায়গায় কেন সম্ভবপর হবে না? আমি বলতে চাচ্ছি মাদ্রাজে যে সিদ্ধান্ত হয়েছে তাকে fair deal দেওয়া হোক, এবং এই fair deal দিতে আমাদের শ্রমদপ্তর যথাসাধ্য সাহায্য করবে। ইউনিয়ন স্বীকৃতি সম্পর্কে যে সংখ্যার কথা বলা হয়েছে এই সংখ্যা ঠিক নয়—এই সংখ্যা নিরূপণের জন্য শ্রমদপ্তর সাহায্য করবে, Labour Commissioner নিজে দেখে একটা রায় দেবেন। যদি মনে হয় Labour Commissioner-এর রায় ঠিক নয় তাহলে একটা verification কমিটি হবে যার মধ্যে সমস্ত union-এর লোক থাকবে, এই verification committee যে রায় দেবে তা আমরা মানব। কিন্তু recognition বাধ্যতামূলক করলে কার্যকরী কেমন করে করবেন? আমি বলি recognition দিতে হবে এই নিয়ে কোন বিরোধ নাই। Code discipline মানবার জন্য

যদি আমরা বাধ্যতামূলক আইন করি, সেই আইন evade করারও বহু যন্ত্র আছে এবং সেই evasion-এর কথা শুধু মালিকপক্ষই ভাবেন না, শ্রমিকপক্ষও ভাবে। মালিকপক্ষ ও শ্রমিকপক্ষের মধ্যে সম্প্রীতিই হচ্ছে বড় কথা। স্যার অধ্যক্ষমহোদয়, যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তা আমি গ্রহণ করছি, যদিও এই প্রস্তাব পড়ে ধারণা হতে পারে যে সরকার ইতিপূর্বে এগুলি কার্যকরী করার কোন চেষ্টা করেনি। শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায় যে circular-এর কথা বল্লেন সেই circular মাদ্রাজের সিদ্ধান্তের বাইরে—১৯৫৮ সালের September মাসে সমস্ত মালিকের কাছে পাঠান হয়েছে। আমরা তাতে suggest করেছি কোথায় কোথায় recognition চাই সেই কথা মালিকপক্ষের কাছে উপস্থাপিত করুন—এবং তারা একটা আচরণবিধি নিজেদের মধ্যে ঠিক করুন, এবং এও ঠিক করুন যে, একটা recognised union থাকলে অন্ততঃ কয়েক বৎসরের মধ্যে অন্য Union করার চেষ্টা করবেন না। Recognition দিতে আমাদের আপত্তি নাই। যে ৫টা Union আছে তার সঙ্গে একটা independent জুড়ে দিলেই ৬টা Union হবে। আমাদের এখানকার Trade Union Act অনুসারে registration দিতে আমরা বাধ্য।

[11—11-15 a. m.]

ট্রেড ইউনিয়ন য়্যাক্ট অনুসারে আমরা রেজিষ্ট্রেশান দিতে বাধ্য। আমরা ট্রেড ইউনিয়ান করতে চাই, তাকে বাধা দিতে আমরা চাই না।—সেখানে আইনের কোন বাধা নেই। তবে ট্রেড ইউনিয়ন আইনকে সংশোধন করে একথা বলি যে রেজিষ্টার্ড ইউনিয়ন থাকলে সেখানে অন্য কাউকে রেজিষ্ট্রেশান দেওয়া হবে না এবং আমরাও সেটা মেনে নেবো ও তাকেই আমরা রেজিষ্ট্রেশান দিতে বাধ্য হব। কিন্তু এইরকম মাল্টিপুল ইউনিয়ন আজকে অনেক সময় শিল্পে বিঘ্ন ঘটাচ্ছে তা দেখতে পাওয়া যায়। আসানসোল কোলফিল্ডে যে অশান্তি দেখা যাচ্ছে এবং সংবাদপত্রে যে রিপোর্ট আমরা পড়েছি—তাতে rivalry among themselves. এই রাইভ্যালরি আজকে দূর করতে হবে। সেজন্য আজকে আমার ট্রেড ইউনিয়ন বন্ধুদের কাছে বিনীত সাজেশান হচ্ছে যে তাঁরা একত্রিত হয়ে তাঁদের আচরণবিধি ঠিক করে নিন এবং তারপর সরকার চিন্তা করবেন আইন করার সময় এসেছে কি আসেনি ; তার পূর্বে আইনের কথা উঠতে পারে না। ডাঃ বোস যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি।

[At this stage the House was adjourned for 10 minutes.]

[After adjournment]

[11-15—11-25 a. m.]

Shri Rabindra Nath Mukhopadhyay : স্পীকার মহাশয়, ইস্যুটা হচ্ছে recognition of the union কিন্তু দুর্ভাগ্যক্রমে এই ইস্যুকে কেন্দ্র করে বলা যায় এই ইস্যুটাকে পাশ কাটাতে গিয়ে যে অবান্তর কথাবার্তা ও নানারকম পরস্পর গালিগালাজ হল তাতে কিন্তু কিছুই হল না। প্রশ্নটা খুব আর্জেন্ট। প্রশ্ন হচ্ছে যে আজ সরকার একথা মনে করেন কিনা যে নৈনিতাল কনফারেন্সে যেটা সিদ্ধান্ত হিসাবে গৃহীত হয়েছিল সেই সিদ্ধান্ত গ্রহণের পর এটা অবলিগেটারী বলে স্বীকার করা হয়েছিল সেটাকে কার্যকরী করার জন্য কোন চেষ্টা করা হয়েছে ? ৩ বছর পার হয়ে গেল আজ পর্যন্ত সেদিকে সময় ক্ষেপ করা ছাড়া আর কিছুই করা হয়নি। দুর্ভাগ্যক্রমে মন্ত্রীমহাশয় আজ এখানে মালিকদের হয়ে ওকালতি করা ছাড়া আর কিছুই করলেন না। ইউনিয়নদের রেকগনাইজ করার কথায় তিনি

ইন্টার ইউনিয়ন রাইভ্যালরীর কথা বললেন। আমি তাঁকে একথা বলব যে যদি কোন establishment-এর মাধ্যমে, ভেরিফিকেশানের মাধ্যমে এটা ঠিক হয় যে I N T. U. C.—ডাঃ বোসের ইউনিয়ন সেখানকার representative character-এর স্টেটকেই মানা হবে তাহলে তাতে আমরা অন্যায় বলে মনে করি না। আবার ভেরিফিকেশানের মাধ্যমে এটা যদি ঠিক হয় যে I. N. T. U.-র ইউনিয়ন সেখানকার representative character তাহলে তাকে মানা হোক আপত্তি নেই।

২ বছর পর নিশ্চয়ই এই প্রসঙ্গ উঠবে যে সেই ইউনিয়ন এখনও রিপ্রেজেনটেটিভ ক্যারেকটার-এর ইউনিয়ন আছে কি না। তারপর যখন অনেক পদ্ধতি আছে এবং সরকারের বিভিন্ন এষ্টাবলিস্মেণ্টে আছে তখন সেটা এখানে কেন হবেনা বা ব্যালিট ইলেকসনের যে ব্যবস্থা আছে এ ক্ষেত্রে শিল্পের ভিত্তিতে কেন সেই ব্যালিটের মাধ্যমে এই সিদ্ধান্ত করা হবে না যে কোনটা রিপ্রেজেনটেটিভ ক্যারেক্টারের ইউনিয়ন আর কোনটা নয়? তবে কি এই জিনিসই বুঝব যে এখানেও ঐ মালিকরা বা আই. এন. টি. উ সি বাধা দিচ্ছে বলে এটা হচ্ছে না? স্যার, কোনটা রিপ্রেজেনটেটিভ ইউনিয়ন সেই সিদ্ধান্ত করা আদৌ কঠিন ব্যাপার নয়, কিন্তু শুধু পাশ কাটিয়ে যেতে হবে বলে আজকে ভলাণ্টারী এগ্রিমেণ্ট ইত্যাদি নানা কথা বলে পরস্পরকে আক্রমণ করা হচ্ছে। তবে আমরা মেনে নিতে রাজী এবং মনে হয় ব্যালিটের মাধ্যমে এলে রিপ্রেজেনটেটিভ ক্যারেকটারের ইউনিয়নকে মেনে নিতে আপনাদেরও কোন অসুবিধা হবে না, তা সে আই. এন. টি. উ. সি., এইচ. এম্. এস্. বা ইউ. টি. সি যেটাই হোক না কেন, তবে আমরা দেখতে পাচ্ছি মালিকরা যেটা চায় সেটাই সাত্তার সাহেবের মুখ দিয়ে এখানে উপস্থিত হয়েছে—অর্থাৎ তাঁরা চাননা যে ইউনিয়ন রিকগনাইস্ হোক এবং সেই জন্যই এই সমস্ত ইন্টার ইউনিয়ন এর কথা বলে আজ তাঁরা আসল পদ্ধতিতে এলেন না। তারপর আনন্দবাবু রিকগ্নিসনের বিপদের কথা বলেছেন এবং সেই বিপদ কি সেটাই ছিল তাঁর বক্তৃতার প্রধান কথা। তবে এই ধরনের বক্তৃতা তিনি যদি শ্রমিকদের মধ্যে গিয়ে করেন তাহলে তারা তাঁকে একটি উঠতি দালাল ছাড়া আর কিছু বলবে না। যা হোক্, এবারে আমার বক্তব্য হচ্ছে এবং যেটা পূর্বেও বলেছি যে, এটা যেমন শ্রমিক আন্দোলনের ক্ষেত্রে প্রয়োজন ঠিক তেমনি দেশের পক্ষেও একান্ত প্রয়োজন এবং শুধু যে শ্রমিকের দাবী পূরণের জন্য প্রয়োজন তা নয়, শিল্পে শান্তি সংরক্ষণের জন্য এবং ইজি সেটেলমেণ্ট অব ডিস্পুট-এর জন্যও এটা অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। কাজেই ঐ ধরনের গালাগালি করার কোন প্রয়োজন ছিল না। তারপর ডাঃ বোস বলেছেন বলে আমি উদাহরণস্বরূপ বলছি যে, যে কারণেই হোক বা তাঁর পছন্দে বা অপছন্দেই হোক জয় ইঞ্জিনিয়ারিং কারখানায় তাঁর যাওয়া বন্ধ হয়ে গেছে। অবশ্য পরে দু-একবার তাঁরা ঐ জয় ইঞ্জিনিয়ারিং কারখানায় আবার নাক গলাতে চেষ্টা করেছিলেন, কিন্তু সেখানকার শ্রমিকরা তাঁদের নাক ঘসে দিয়েছে। তারপর স্যার, এসব কথা বলার আমার মোটেই ইচ্ছা ছিল না কিন্তু দুঃর্ভাগ্যক্রমে আমি বলতে বাধ্য হচ্ছি কেননা তিনি ইণ্ডিয়া ফ্যানের কথায় বলেছেন যে সেখানকার ইউনিয়নের তিনি প্রেসিডেণ্ট ছিলেন এবং সেই কারখানাকে বাঁচাবার জন্য তিনি অনেক কিছু কাজ করেছেন, আমরা কিছুই করিনি। কিন্তু আমরা তো এটাই জানি যে, এইসব কাজ করার ফলে সেখানকার শ্রমিক এবং কর্মচারীরা তাঁকে সেখান থেকে বিতাড়িত করছে। (Dr. Maitreyee Bose: I am still the President of the Union) তবে তাঁর বিতাড়ণের ব্যাপারে যদিও আমরা দোষী নই, কিন্তু একথা বলতে পারি যে, ডাঃ বোস যদি কাশীবাবুর সমস্ত পুলিশ নিয়ে ইণ্ডিয়া ফ্যানে যান তাহ'লেও তিনি সেখান থেকে ৫% ভোট পাবেন না। যাহোক্, আমি কিছু বলতে চাচ্ছিলাম না কিন্তু ঐসব কথা তুলে আমাকে এ কথাই বলতে বাধ্য করা হচ্ছে যে, দালালী করারও একটা লিমিট আছে। তবে ইউনিয়ন সম্বন্ধে উনি যে সব কথা বলেছেন তাতে আমার বক্তব্য হচ্ছে যে, যেখানে যেখানে তাঁদের ইউনিয়ন আছে সেগুলো রিকগনাইজড্ হয়ে তার ভিতর

দিয়ে যদি তাঁরা অগ্রসর হন তাতে আমরা খুশীই হব। শুধু তাই নয়, আমরা জানি বাংলাদেশে ট্রেড ইউনিয়ন আন্দোলনের একটা জায়গা রয়েছে কাজেই সততার ভিত্তিতে রিপ্রেজেনটেটিভ ক্যারেকটারের ইউনিয়ন হয়ে যদি তার মধ্য দিয়ে তাঁর ইউনিয়ন বা আই. এন টি উ. সি.-র রিকগ্‌নাইজড হয় তাহলে আমি বলব ট্রেড ইউনিয়ন আন্দোলনের অগ্রগতি হবে।

তার মধ্য দিয়ে ট্রেড ইউনিয়নের অগ্রগতি হবে। আমি বলতে পারি যদিও আমাদের সঙ্গে তাদের বিরোধ আছে তবুও সেখানে ব্যালটের মধ্য দিয়ে যদি আই. এন. টি. ইউ. সি. রেকগ্‌নাইজড্ হয় তাহলে সেই ইউনিয়নের মধ্যে আমাদের লোকেরা কাজ করবে। গ্যারান্টি চান, আমি বলে দিয়ে যাচ্ছি। আজকে আসল ব্যাপারটাকে বাদ দিয়ে কেন সেটা অন্য পথে নিয়ে যাবার জন্য চেষ্টা করছেন। কার স্বার্থ আছে? সেই স্বার্থটা আজকে সরকারের স্বার্থ এবং মালিকের স্বার্থ এবং আই. এন. টি ইউ. সি. র স্বার্থ। এই কারণে এই কথা উঠেছে, না হলে এই কথার প্রয়োজন ছিল না। ভেরিফিকেসানের কথা বলেছেন ডাঃ রণেন সেন আমার থেকে তিনি কম জানেন না। মালিক তাদের খাতাপত্র তৈরী করে দেয়, রোল পাঠিয়ে দেয়। বহু ক্ষেত্রে আনঅর্গানাইজড্ জায়গা রয়েছে, আমরা সেখানে কাজ করব যদি তারা ব্যালটের ব্যবস্থা করতে রাজী হয়—প্রতিটি শিল্পে, প্রতিটি এস্টাবলিসমেন্টে আই. এন. টি. ইউ. সি. ব্যালটের মধ্য দিয়ে উপস্থিত হন, এ. আই. টি. ইউ. সি. রাজী আছে। যে ইউনিয়নকে স্বীকার করা হবে সেই ইউনিয়ন রিপ্রেজেন্‌টেটিভ বলে ঠিক হবে, এ. আই. টি. ইউ. সি. সেখানে কাজ করবে। ২ বছর পরে ব্যালট যখন হবে তারপর তারা ব্যালটের মধ্য দিয়ে এটা স্থির করতে পারবে। প্রতিটি কারখানায় ওয়ার্কস কমিটির ইলেকসান হচ্ছে—কোন্ ইউনিয়নকে শ্রমিকরা একান্তভাবে চায়, তার উপর আস্থা আছে এটা নির্ধারণ করা কঠিন ব্যাপার নয়। এই কয়েকটা কারণে আমি বাধ্য হয়ে একথা বলছি যে এ ক্ষেত্রে পরস্পরকে আক্রমণ করার দরকার ছিলনা, ট্রেড ইউনিয়ন আন্দোলনে যার যেরকম দৃষ্টিভঙ্গী থাকুক না কেন মালিক বিরোধিতা করতে চায়, তাঁরা চান সকলের মধ্যে শান্তি বজায় থাকুক, তাঁরা চান বিরোধের সেটেলমেন্ট হোক, তাঁরা এই বিরোধের মধ্য দিয়ে কিছু ব্যবস্থা করে নিতে চান না। তাঁরা নিশ্চয়ই রাজী হয়ে যাবেন যে একটা আচরণ বিধি এই রকম ব্যালটের মধ্য দিয়ে স্থির হয়ে যাক এবং তার মধ্য দিয়ে যেটা রিপ্রেজেনটেটিভ ক্যারেক্টার হবে তাকে মানা হোক। এই কারণে ভোলান্টারি এগ্রিমেন্টের মানে হচ্ছে পাশ কাটিয়ে যাওয়া এবং সেটা এ্যাবলি ক্ল্যারিফায়েড হয়ে গেছে ডাঃ ঘোষের মধ্য দিয়ে, আনন্দগোপাল মুখার্জীর মধ্য দিয়ে এবং শেষ পর্যন্ত সেটাকে খুব ভালভাবে মন্ত্রী মহাশয় বললেন যে মালিক অত্যন্ত ব্যস্ত হয়ে পড়েছে এই রকম ভঙ্গিতে কথাবার্তা বললেন। তাঁরা শুধু বিরোধের জন্য কিছু করে উঠতে পারেন না এত বড় মিথ্যা নির্লজ্জ ওকালতি বাংলাদেশের ট্রেড ইউনিয়ন আন্দোলনের কাছে উপস্থিত হয়নি। দুর্ভাগ্যক্রমে আজকে মন্ত্রী মহাশয় সেই ভূমিকা অবলম্বন করলেন এই হচ্ছে সব চেয়ে বড় কথা। এই বলে আমি এ্যামেণ্ডমেন্টের বিরোধিতা করছি।

Mr. Speaker: If the Hon'ble Minister likes, he can give a short reply.

Dr. Prafulla Chandra Ghose: On a point of order, Sir. It is a non-official resolution. So, I do not think the Minister can again claim a right of reply—he has already given a reply.

Mr. Speaker: The Minister can reply—he can say a few words again.

Dr. Prafulla Chandra Ghose: Excuse me, Sir. In a non-official resolution, it has never been the custom here for the Minister to reply a second time after he has given a reply. It is not the custom here. It is not an official resolution. It is a non-official resolution in which the Minister has got as much right as any

other member of the House. He replies in his capacity as a member of the House and not as Minister.

Mr. Speaker : Do you refer to the custom or do you refer to the rules ?

Dr. Prafulla Chandra Ghose : If you can point out to me any rules, I will bow down to your ruling.

Mr. Speaker : Yes, Mr. Sattar.

Dr. Prafulla Chandra Ghose : Sir, what is your ruling ?

Mr. Speaker : Yes, the Minister can reply. I will show you the rule afterwards.

Dr. Prafulla Chandra Ghose : It may or may not be right. So, what is the good of showing it afterwards. I do not think the Minister can speak again.

Dr. Jnanendra Nath Majumdar : So far as I remember, it is the mover who has the last say in the matter.

Shri Jyoti Basu : একটা কথা বলছি, উনি কেন বলছেন ? উনি তো মালিকের কথাই বলবেন, এতো আমাদের মার্কাস সাহেব, লেনিন সাহেব সব বলে গেছেন যে ওঁরা যাঁদের হয়ে রাজত্ব করছেন তাঁদের কথাই তো বলতে হবে। সাত্তার সাহেব বেচারী কি করবেন ?

[11-25—11-35 a. m.]

Mr. Speaker : Dr. Ghose is not right. I read rule 333(3) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, "A member who has moved a motion may speak again by way of reply, and if the motion is moved by a private member, the Minister concerned may, with the permission of the Speaker, speak (whether he has previously spoken in the debate or not) after the mover has replied."

Shri Ganesh Ghose : The Minister did not ask for the permission of the Speaker. It is you, Mr. Speaker, who asked him to speak.

Mr. Speaker : He was looking at me—obviously for my permission.

The Hon'ble Abdus Sattar : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বেশী সময় নষ্ট করতে চাই না। অতি সংক্ষেপে আমি বলতে চাচ্ছি এবং আমি দৃঢ়ভাবে বলছি যে আমি মালিকপক্ষের কোন কথা বলছি না। আমি বলেছি যে, যেমন জয় ইঞ্জিনিয়ারিং-এর মালিক তাদের সঙ্গে এগ্রিমেন্ট করে আমরা রেকগ্নাইজ করিয়েছি ইউনিয়নকে। এমন মালিক কিছু আছে, সে সব জায়গায় চেষ্টা করা হচ্ছে এবং তাঁদের মধ্যে কেউ কেউ বলেছেন আমরা করতে প্রস্তুত আছি। তাঁরা ভয় পাচ্ছেন এ নিয়ে নূতন বিরোধের সূচনা হবে। আমি আবার বিনীতভাবে বলছি তাঁরা একত্রিতভাবে কোড্ অব কনডাক্ট ঠিক করে দিন ফর মাই ওন গাইডেন্স।

The motion of Dr. Maitreyee Bose that for the words beginning with "the speedy settlement" in line 2, and ending with the words "held in 1958" at the end, the following be substituted, namely :—

"Speedy settlement of industrial disputes require encouragement of collective bargaining between Trade Unions and Employers ;

And in view of the fact that in this State it is necessary to recognise registered Trade Unions by the employers ;

This Assembly is of opinion that the agreement arrived at 16th Tripartite Labour Conference at Nainital in 1958 and ratified at 17th Tripartite Labour Conference in Madras be given effect to by the Government."
was then put and a division taken with the following result :—

AYES—85

Abdus Sattar, The Hon'ble
Abul Hashem, Shri
Badiruddin Ahmed, Hazi
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shrimati Maya
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Shri Abani Kumar
Basu, Shri Satindra Nath
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Shyamapada
Bhattacharyya, The Hon'ble Syamadas
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Chattopadhya, Dr. Satyendra Prasanna
Chaudhuri Shri Tarapada
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Durgapada
Das, Shri Mahatab Chand
Das, Shri Radha Nath
Das, Shri Sankar
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dolui, Dr. Harendra Nath
Dutta, Shimati Sudharani
Gayen, Shri Brindaban
Ghatak, Shri Shib Das
Ghosh, Shri Bejoy Kumar
Ghosh, Shri Parimal
Ghosh, The Hon'ble Tarun Kanti
Gupta, Shri Nikunja Behari
Gurung, Shri Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Shri Kuber Chand
Hasda, Shri Lakshan Chandra
Hoare, Shrimati Anima
Jehangir Kabir, Shri
Kazem Ali Meerza, Shri Syed
Khan, Shrimati Anjali
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Kundu, Shrimati Abhalata
Lutfal Hoque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahato, Shri Debendra Nath
Mahato, Shri Sagar Chandra
Mahato, Shri Satya Kinkar
Maiti, Shri Subodh Chandra
Majumdar, The Hon'ble Bhupati
Majumdar, Shri Jagannath
Mandal, Shri Sudhir
Mardi, Shri Hakai
Misra, Shri Monoranjan
Misra, Shri Sowrindra Mohan
Modak, Shri Niranjan
Mohammad Giasuddin, Shri
Mohammad Israil, Shri
Mondal, Shri Baidyanath
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Shri Jadu Nath
Murmu, Shri Matla
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Pal, Dr. Radhakrishna
Pal, Shri Ras Behari
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Rajani Kanta
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Shri Sarojendra Deb
Ray, Shri Jajneswar
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Saha, Shri Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Shri Nakul Chandra
Sarkar, Shri Amarendra Nath
Sarkar, Dr. Lakshman Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Shakila Khatun, Shrimati
Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Durgapada
Sinha, Shri Phani Chandra
Tudu, Shrimati Tusar
Wangdi, Shri Tenzing
Yeakub Hossain, Shri Mohammad

NOES—46

Abdulla Farooquie, Shri Shaikh
Banerjee, Dr. Dhirendra Nath
Banerjee, Shri Subodh
Basu, Shri Amarendra Nath

Basu, Shri Chitto
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Bhagat, Shri Mangru
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharjee, Shri Panchanan
Chakravorty, Shri Jatindra Chandra
Chatterjee, Shri Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Shri Mihirlal
Das, Shri Durgapada
Dey, Shri Tarapada
Ghosal, Shri Hemanta Kumar
Ghosh, Dr. Prafulla Chandra
Ghosh Shri Ganesh
Ghosh, Shrimati Labanya Prova
Hamal, Shri Bhadra Bahadur
Hansda, Shri Turku
Kar Mahapatra, Shri Bhuban Chandra
Konar, Shri Hare Krishna
Majhi, Shri Lodu
Maji, Shri Gobinda Charan
Majumdar, Dr. Jnanendra Nath
Mazumdar, Shri Satyendra Narayan
Modak, Shri Bijoy Krishna
Mondal, Shri Haran Chandra
Mukhopadhyay, Shri Rabindra Nath
Mukhopadhyay, Shri Samar
Mullick Chowdhury, Shri Suhrid
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Panda, Shri Basanta Kumar
Panda, Shri Bhupal Chandra
Prasad, Shri Rama Shankar
Rai, Shri Deo Praktsh
Ray, Dr. Narayan Chandra
Ray, Shri Jagadananda
Ray, Shri Rabindra Nath
Sen, Shri Deben
Sen, Shrimati Manikuntala
Sen, Dr. Ranendra Nath
Sengupta, Shri Niranjan
Tah, Shri Dasarathi

The Ayes being 85 and the Noes 46, the motion was carried.

The motion of Shri Rabindra Nath Mukhopadhyay, as amended, namely, that in view of the fact that the maintenance of industrial peace and speedy settlement of industrial disputes require encouragement of collective bargaining between Trade Unions and Employers ;

And in view of the fact that in this State it is necessary to recognise registered Trade Unions by the employers ;

This Assembly is of opinion that the agreement arrived at 16th Tripartite Labour Conference at Nainital in 1958 and ratified at 17th Tripartite Labour Conference in Madras be given effect to by the Government, was then put and agreed to.

PRIVATE MEMBERS' BILLS

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1961.

Shri Subodh Banerjee : Sir, I beg leave to introduce the West Bengal Land Reforms (Amendment) Bill, 1961.

The Hon'ble Syamadas Bhattacharyya : Sir, I oppose the motion for leave to introduce the West Bengal Land Reforms (Amendment) Bill, 1961.

Shri Subodh Banerjee : মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে ১৯৫৫ সালে পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের ৩ নম্বর পরিচ্ছেদে বর্গাদার সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়েছে। সেই তিন নম্বর পরিচ্ছেদের ১৬ নম্বর ধারায় লেখা আছে—

The Bargadar shall deliver to the person whose land he cultivates the share of produce due to him within the prescribed period.

১৬ নম্বর ধারায় বর্গাদারকে—তার দ্বারা কর্ষিত জমির ফসল মালিককে দেওয়ার দায়িত্ব দেওয়া হয়েছে—এটা mandatay. মাননীয় স্পীকার মহাশয়, আপনি এও জানেন, যে ক্ষেত্রে

বর্গাদার যদি এই ধান দিতে অক্ষম হয়, তাহলে ১৭ নম্বর ধারা অনুযায়ী তাকে জমি থেকে উচ্ছেদ করে দেওয়া হয়। অথচ গত কয়েক বছর ধরে সারা বাংলাদেশে—বিশেষ করে সুন্দরবন অঞ্চলে একটি সমস্যা দেখা দিয়েছে—সেই সমস্যা হচ্ছে মালিকপক্ষ জোরজবরদস্তি করে ফসল জোর করে কেটে নিয়ে চলে যাচ্ছে—যে বর্গাদার—তার অংশও তুলে নিয়ে যাচ্ছে। অবস্থাটা দাঁড়িয়েছে এই—সমস্ত ধানই মালিক তুলে নিয়ে যাচ্ছে। অথচ আইনে বলা হচ্ছে যে ধানের অংশ মালিককে বর্গাদার জমা দেবে! কিন্তু মালিক পক্ষ সব ধান জোর করে তুলে নিয়ে যাওয়ার বর্গাদার সে ধান মালিককে জমা দিতে না পারায়—আইনের ঐ ১৭ নম্বর ধারায় উচ্ছেদ হয়ে যাচ্ছে। এই অবস্থায় বর্তমান Land Reform Act বর্গাদারকে কোন Protection দিতে পারে না। যেখানে মালিক জোর করে বর্গাদারদের ধান তুলে নিয়ে যাচ্ছে, সে সম্পর্কে ভাগচাষ কোর্টে দরখাস্ত করেছি, application করেছি; কিন্তু সেখানে ভাগচাষ কোর্টের অফিসার আমাদের জানালেন বর্গাদার আইন বর্তমান ক্ষেত্রে যা আছে, সে ক্ষেত্রে তাদের পক্ষে কিছু করা সম্ভব নয়। এই আইনের সংশোধন করা দরকার। এ ব্যাপার সম্পর্কে আমি ভূমিরাজস্ব মন্ত্রী বিমল সিংহের সঙ্গেও আলোচনা করেছি। সেখানে ভূমিরাজস্ব বিভাগের অফিসারবৃন্দ ছিলেন, তাঁরাও স্বীকার করেছেন, নীতিগতভাবে—তাঁরাও সে জিনিস সমর্থন করেন। সেখানে বর্গাদারদের Protection দেওয়া দরকার, যেখানে মালিক জোর করে ধান নিয়ে যাচ্ছে—তারা সেটা মানেন। আইনের ১৮ নম্বর ধারায় যে Protection রয়েছে—, তা কার্যকরী হচ্ছে না। আমার বাস্তব অভিজ্ঞতা ভাগচাষ কোর্টের রায় থেকে দেখেছি—বর্গাদার Protection পাচ্ছে না। এই disputed point—আমি প্রতিশ্রুতি দিয়েছিলাম—Certified copy of the Judgement—আমি দাখিল করবো। সেই Certified Copyর জন্য দরখাস্ত করেছি। এই Certified Copy পেতে দেরী হয়। আমি তা এখনো হাতে পাই নি। আমি নিজে মামলা পরিচালনা করেছি—আমি জানি বর্তমান Land Reforms Act বর্গাদারদের Protection দিচ্ছে না। বাংলা দেশের সরকার যদি মনে করেন—এই রকম একটা জিনিস থাকা উচিত, তাহলে তাঁদের এটা মেনে নেওয়া উচিত। এটা কি ব্যাপার! সমস্ত ধান মালিক জোর করে নিয়ে যাবে—আর শেষে বর্গাদার মালিককে তাঁর অংশের প্রাপ্য ধান দিতে পারলো না বলে জমি থেকে উচ্ছেদ হয়ে যাবে। আমার এই সংশোধনী প্রস্তাব গ্রহণ করতে এখন যদি আপনার অসুবিধা হয়, যদি আমি Certified copy of the Judgement of the Bhagchas Court produce করতে পারি তাহলে নিকট ভবিষ্যতে এই আইনের পরিবর্তন করবেন। এই আশ্বাস চাই এই বলে এই বিল আমি introduce করতে চাই।

[11-35—11-45 a. m.]

The Hon'ble Syamadas Bhattacharyya : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য সুবোধ ব্যানার্জি মহাশয় যে বিল এনেছেন, তার অন্তর্নিহিত উদ্দেশ্য সম্পর্কে আমি সম্পূর্ণ একমত।

বর্গাদারদের অধিকার ক্রমশঃ নিরাপদ এবং সুরক্ষণ করবার উদ্দেশ্য নিয়ে আমরা বর্গাদার আইনগুলি রচনা করেছি। যদি দেখি বর্গাদারদের স্বার্থহানি হচ্ছে, বর্গাদারদের প্রাপ্য ফসল জোর করে কেড়ে নেওয়া হচ্ছে, তাহলে অবশ্য প্রয়োজন হলে এই আইন সংশোধন করবো। বর্গাদারদের সম্পর্কে বর্তমানে যে আইন রয়েছে, তাতে বর্গাদারদের স্বার্থ রক্ষা করবার জন্য সম্পূর্ণ বিধান রয়েছে। যদি ১৮ ধারা ১৯ ধারা এবং ১৯ (ক) ধারা সুবোধবাবু একটু ভাল করে পড়ে দেখেন তাহলে আমার মনে হয় তিনি নিশ্চয়ই বুঝতে পারবেন বিলের বর্তমান

ধারাগুলির মধ্যে দিয়ে বর্গাদারদের বঞ্চিত অভিযোগ থেকে রক্ষা করা যেতে পারবে। এবং যদি বর্গাদারদের যদি কারও প্রাপ্য ফসল জোর করে মালিকরা কেড়ে নেয় তাহলে ১৯ (ক) ধারায় আছে—মালিকের শুধু জরিমানা নয়, ছয় মাস পর্যন্ত কারাদণ্ডের ব্যবস্থা হতে পারে। সুবোধবাবু তাঁর অঞ্চলের বর্গাদারদের সম্পর্কে উল্লেখ করে বলেছেন যে সেখানে ভাগচাষ অফিসাররা এমন কতকগুলি রায় দিয়েছেন, যার ফলে সেখানকার বর্গাদারদের খুব অসুবিধায় পড়তে হয়েছে। তিনি যদি সেই রায়গুলি সম্পর্কে কিছু কিছু করে প্রমান দিতে পারেন, তাহলে আমি সেগুলি আইনের দিক দিয়ে বিচার করে দেখবো। ওতে দেখি যদি বর্গাদার আইনের সংশোধন করা প্রয়োজন, তাহলে আমি তাঁকে আশ্বাস দিতে পারি, তা আমি নিশ্চয় উপযুক্ত ভাবে সংশোধন করবো।

The motion of Shri Subodh Banerjee for leave to introduce the West Bengal Land Reforms (Amendment) Bill, 1961, was then put and lost.

Mr. Speaker : The time for non-official business is over.

GOVERNMENT BILL

The Paschim Banga Ayurvedic System of Medicine Bill, 1960.

Mr. Speaker : Now, we take up the Third Reading of the Paschim Banga Ayurvedic System of Medicine Bill, 1960. Dr. Narayan Chandra Ray will please speak.

Dr. Narayan Chandra Ray : শ্রদ্ধেয় সভাপতি মহাশয়, এ বিলের তৃতীয় দফার আলোচনার সময় এই বিলের সমর্থনে কয়েকটি কথা আমি আপনার মারফৎ স্বাস্থ্যমন্ত্রীর সামনে রাখছি। এ বিল অবশ্য অনেক আগেই আনা উচিত ছিল এবং যেভাবে এসেছে সেভাবে না এসে উন্নত ধরণে আসা উচিত ছিল কেননা এই যে সকল আয়ুর্বেদিক আছে তাদের মুখ থেকে শোনা কথা-যে ইংরেজ আমলে যতটা সুযোগ সুবিধা ছিল তাও অনেকখানি কমিয়ে দেওয়া হয়েছে এবং যে টাকাটা কমে গিয়েছে সেটা আমি আমার বক্তব্যে রাখছি। এর বিরোধিতা আমি করছিনা এজন্য যে এরকম বিল একটা আসুক সেটা চাইছিলাম কিন্তু স্বাস্থ্যমন্ত্রীর এটা স্মরণ রাখা প্রয়োজন যে অনেকগুলি খারাপ জিনিষ-এর মধ্যে আছে এবং সেগুলির দরকার আছে—এ বিল যখন চালু করবেন একথা স্মরণ রাখবেন। এ বিলের মধ্যে দুটি জিনিষ একসঙ্গে জড়িত। আয়ুর্বেদ চিকিৎসা শিক্ষা এবং আয়ুর্বেদ চিকিৎসক এবং ঔষধ তৈরী। এই বিলের মধ্যে আয়ুর্বেদ ঔষধ তৈরীর জন্য লাইসেন্সের কথা - বলেছেন, ফলে অনেক কবিরাজ আছে যারা ঔষধ বাজারে বিক্রী করে তাদের কতগুলি অসুবিধা হবে। কতকগুলি জায়গায় কবিরাজরা pasent তৈরী করে বাজারে বিক্রী করেন তাদের পক্ষে ঔষধ তৈরী করার, standardise করার অনেক অসুবিধা হবে। আয়ুর্বেদ চিকিৎসকদের কি কি দাবী হওয়া উচিত। সেটা হল medical Education, Pharmacy, medicine-Practitioner. এখানে একটা কথা বলি কোন কোন কবিরাজকে Registration, renewal-এর জন্য বার বার fee দিতে হবে। এটা ঠিক নয়। বাস্তবিক বার বার কোন আয়ুর্বেদিক চিকিৎসককে টাকা পাঠিয়ে নিজের চেষ্টায় Registration renewal করার চেষ্টা অন্যায়। এটা নাকি অন্যান্য প্রদেশে নাই। এ সম্বন্ধে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আরও কতকগুলি জিনিষ আছে। আয়ুর্বেদ শিক্ষা প্রতিষ্ঠান, আয়ুর্বেদ হাসপাতালের যা প্রয়োজন কাজের জন্য, প্রয়োজনের তুলনায় তা অনেক কম আছে। সরকার থেকে কৃপণহস্তে যা দেওয়া হয় তাতে অভাব ঘোচেনা—ফলে অপ্রাচুর্য, অসচ্ছলতার গ্লানি এসে পড়ে। এই গ্লানি এখানে আলোচনার মাধ্যমেও ফুটে উঠেছে।

[11-45—11-55 a. m.]

কিন্তু এখানে যদি এই বিলের মাধ্যমে শিক্ষা ও শিক্ষন প্রতিষ্ঠান করেন তাহলে আরো অর্থের দরকার হবে। আমাদের দেশের আয়ুর্বেদ, আমাদের দেশের চিকিৎসা ব্যবস্থা যাতে মর্যাদা লাভ করে তা যদি করতে চান তাহলে কার্পণ্য করলে চলবে না। তাদের সেইভাবে মর্যাদা দিতে হবে যাতে তারা মানুষের মাঝে থেকে জনসেবা করতে পারে। এই বিল সমর্থন করতে উঠে সে সব প্রশ্নগুলি রাখলাম আশা করি তা বিবেচনা করবেন এবং সেই মনোভাব নিয়ে এ জিনিস করবেন। এই বিল আগেই আসা উচিত ছিল, এটা already দেরী হয়ে গিয়েছে। এর মধ্যে অনেক জিনিষ নেই সেগুলি আলোচনার মাধ্যমে উপস্থিত করলাম সে দিকে দৃষ্টি দিলে এই বিল সর্বদাই সুন্দর হবে এবং এই বিলের যে উদ্দেশ্য তা সফল হবে। এই বলে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Panchanan Bhattacharjee: মাননীয়, স্পীকার মহাশয়, এই আইন পাশ হবার মধ্যে মকরধ্বজের কথা উঠেছে। স্বর্ণঘটিত মকরধ্বজের মধ্যে স্বর্ণ হচ্ছেন আমাদের Lt. General চক্রবর্ত্তী, তিনি থাকবেন। তাঁর নূতন extension হয়েছে। তাঁর আমলে এই Ayurvedic General Council-র যে অবস্থা ছিল সেই অবস্থাই বজায় থাকবে বলে মনে হয়। এর কোন দিনই বাৎসরিক সভা ডাকা হয় না। এবং আগামী দিনে নূতন যে পরিষদ হবে তারও কোন সভা সমিতি হবে না। কারণ Lt. General Chakrabarty সেখানে আগেই যে আদেশ দিয়ে পাঠাবেন সেটাই endorse করে দিয়ে Council পাঠাবে এবং Ad Hoc Committee-তে তা পড়ে থাকবে। এবং সেখানে Registrar যিনি আছেন তিনিই বোধ হয় বাহাল থাকবেন। আমি যতদূর জানি তিনি কংগ্রেসে চাকরী করেন, এবং এই Council-র যিনি Registrar তিনি Congress Parliamentary Party-র Secretary। আয়ুর্বেদ স্বাস্থ্যমন্ত্রী দেখবেন, যে লোক কংগ্রেসের একজন officer তাকে Ayurvedic Council-র Registrar করে রাখা যুক্তিযুক্ত হবে কিনা। এখানে Lt. General Chakrabarty এবং এই Registrar-র আমলে, ৪ বৎসর আগে যারা পাশ করেছে তারা এই ৪ বৎসর ধরে চিঠির পর চিঠি লিখেছেন—এই রকম বহু চিঠি আমার কাছে আছে—Council-এ registrar-কে দেওয়া হয়েছিল তাদের registration certificate-র জন্য কিন্তু সে চিঠির কোন জবাব দেওয়া হল না। এমন কি পরীক্ষার দিন সেটা ধার্য হয় সেটা তাদের পরীক্ষার এক দিন আগে time-table জানিয়ে দেওয়া হয়। তারপর এখানে হিসাব অবশ্য হয় কিন্তু auditor বলে কোন কিছু নেই। আজ অবধি কোন auditor-র কাছে কোন হিসাব পেশ করা হয় নি। এই গেল একদিক। দ্বিতীয় কথা হল, সব কিছু করা হবে, কিন্তু বাংলায় প্রচলিত এক প্রবাদ আছে যে ৭ মণ তেলও পুড়বেনা, রাধার নৃত্যও দেখা যাবে না, কারণ আয়ুর্বেদ পরিষদ যেটা হবে তার টাকা দেবে কে? আয়ুর্বেদ সম্পর্কে, কলকাতায় দেখেছি, শ্যামাদাস কলেজে, বিমলানন্দ তর্কতীর্থ সহ, সেখানে ধার করে এবং দল নিয়ে নানা ভাবে টাকা সংগ্রহ করে চালাতে চেষ্টা করেছেন। তাদের অধ্যাপকের জন্য ৩০।৪০ টাকা মাহা খরচ দিয়ে এবং কর্মচারীদের সর্ব নিম্ন বেতন ১৫ টাকা মাসিক, মাগ্গীভাতাসহ, দিয়ে চালাতে চেষ্টা করেছিলেন। তাদের একটা ভেষজ উদ্যানও আছে কিন্তু fund অভাবে তা চালান সম্ভব হচ্ছে না। অষ্টাঙ্গ আয়ুর্বেদ, যেটা যামিনীবাবুর হাসপাতালে T. B. রোগীদের জন্য ২০০টি seat আছে কিন্তু গত বৎসর সেখানে গিয়ে শুনলাম যে সে হাসপাতাল বন্ধ হয়ে যাবে কারণ অর্থ ভাণ্ডারে একটা টাকাও নেই। এই অবস্থার ভিতর দিয়ে আয়ুর্বেদীয় বিদ্যালয় ও কলেজগুলি চলিয়াছে। তাছাড়াও আরো কতগুলি কলেজ আছে যারা অনেক আগে থেকে চেষ্টা করছে কিন্তু তাদের নাম পর্যন্ত এই আইনের মধ্যে

নাই—এই কলেজগুলির অস্তিত্ব বিলুপ্ত হবে। হরিশমুখার্জী রোডে একটা প্রতিষ্ঠান আছে, সেখানকার ছাত্ররা নানাজায়গায় practise করেন। কাঁথিতে এক ভদ্রলোক স্বোপার্জিত অর্থে একটা বৈদ্যপাঠশালা চালাচ্ছেন, নবদ্বীপেও একটা এমনভাবে একটা আয়ুর্বেদীয় বিদ্যালয় চলছে। এগুলি উঠে যাবে। এগুলিকে বাঁচানোর জন্য কোন ব্যবস্থা নাই। এদিকে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর, আয়ুর্বেদীয় ঔষধের standardisation-এর জন্য একটা প্রস্তাব এসেছে। নরেন সেনমহাশয় জীবন মরণ ইত্যাদির কথা বলছিলেন—এই জীবন মরণ প্রক্রিয়া বুঝবার মত লোক আমাদের সরকারী দপ্তরে একজনও পাবেন না। তাই একটা অসম্ভব ব্যাপার হবে। কত রকম গাছগাছড়া দেওয়া হয় কাঁচা অবস্থায় তাদের একরকম গুণ, পক্ক অবস্থায় আরেক রকম গুণ—সেই গাছগাছড়া দিয়ে আয়ুর্বেদীয় বটী তৈরী হবে, তখন তার মধ্যে কি দেওয়া হয়েছে, না দেওয়া হয়েছে, কি মোটেই দেওয়া হয়নি ধরবার উপায় নাই, কারণ কোন মানযন্ত্র নাই যার দ্বারা সেগুলি খুঁজে বার করতে পারেন। আগেকার দিনে এগুলি সব কবিরাজ মহাশয়রা নিজেরাই করতেন, লৌহ ছিল তাঁদের trademark. আয়ুর্বেদ চিকিৎসা বিজ্ঞানের দুইটি system, একটা সুশ্রুত, আরেকটা চরক। চীনে এই দুই পদ্ধতির চিকিৎসকই আছেন, এবং সেখানে রোগীকে জিজ্ঞাসা করা হয় যে কোন পদ্ধতিতে চিকিৎসা চায়। আমি চীনের আয়ুর্বেদ বিজ্ঞানের সমর্থক নই, এসম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, আমাদের প্রাচীন ঐতিহ্য পুনরুদ্ধার করার চেষ্টা করতে হবে। তারপর, টাকার কথা আমি আগেই বলেছি, এখনও বলছি—অন্যান্য প্রদেশের দিকে তাকালে আমরা দেখি, ১৯৫৮।৫৯ সালে উত্তর প্রদেশে ৪৭ লক্ষ, রাজস্থানে ৩২ লক্ষ, উড়িষ্যায় ৪ লক্ষ, কেরালায় ১৮ লক্ষ, দিল্লীতে ৩৯ লক্ষ, বোম্বেতে ৪ লক্ষ, আসামে ১৯ লক্ষ বরাদ্দ ছিল। আর আমাদের পশ্চিমবাংলায় এই খাতে বরাদ্দ হল ৭২ হাজার টাকা। এমতাবস্থায় আমাদের পশ্চিমবংগের স্বাস্থ্যমন্ত্রী আয়ুর্বেদীয় উন্নতির জন্য কি করতে চান সেটা তিনি যদি আমাদের জানিয়ে দেন তাহলে আমরা খানিকটা আশ্বস্ত হতে পারি।

[11-55—12-5 p.m.]

Shri Chitta Basu : মাঃ অধ্যক্ষমহোদয়, এই বিলের প্রাথমিক পর্যায়ের আলোচনার সময় এবং দ্বিতীয় বার আলোচনার সময়ও আমি পশ্চিমবংগে আয়ুর্বেদীয় চিকিৎসা ব্যবস্থার উন্নতি করার জন্য তাকে আধুনিকীকরণ এবং বৈজ্ঞানিকীকরণ করার জন্য বক্তব্য রেখেছিলাম। এইজন্য যে Council গঠিত হবে সেই Council-কে আরো গণতান্ত্রিক উপায়ে প্রসারিত করার জন্যও আমি তখন বলেছিলাম। তখন আমি একথাও রেখেছিলাম যে, renewal fee দাবি না করে এই সব গরীব মধ্যবিত্ত চিকিৎসক সম্প্রদায়কে রক্ষা করা হোক। কিন্তু দুঃখের বিষয়, তারপরেও দেখছি এর মধ্যে বিশেষ কোন পরিবর্তন সূচিত হয় নি। এই বিলটা যে আকারে এসেছে তাতে কবিরাজী চিকিৎসার উন্নয়নের প্রচেষ্টা সার্থক হবে না এবং কবিরাজদের যে মর্যাদা দানের কথা বলেছিলাম তা দেওয়া হবে না। এই বিলের দ্বারা পশ্চিমবাংলা যে আয়ুর্বেদীয় কলেজ প্রতিষ্ঠা করতে চান আমার মনে হয় তারজন্য এই আইন তৈরীর কোন প্রয়োজনীয়তা ছিল না। এই হাউসের সময়ও অর্থ নষ্ট না করে সরকার নিজে থেকেই এই ধরণের প্রতিষ্ঠান করতে পারতেন। এরজন্য আইন করার প্রয়োজন ছিল না, executive order দিয়েই তা করতে পারতেন। তাই আমি মনে করি এই আইনের দ্বারা কবিরাজী চিকিৎসা পদ্ধতির আধুনিকীকরণ ও বৈজ্ঞানিকীকরণ সম্ভব হবে না। এজন্য আমাদের পশ্চিমবংগের জনসাধারণের তরফ থেকে বহুদিনের একটা দাবি ছিল, এবং সেদিক থেকে আপনাদের সামনে একটা বিরাট দায়িত্ব রয়েছে। এসম্পর্কে একটা কমিটির রিপোর্টের প্রতি

আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি এই report Government of India, Ministry of Health তৈরী করেছিলেন—তাঁরা পশ্চিমবংগ সম্পর্কে কতগুলি মন্তব্য করেছেন, The Committee was constrained to note that all was not well for Ayurveda in West Bengal in spite of the fact that it was the home of Ayurveda for a long time past. There was no Government Ayurvedic teaching institution or hospital in the State nor was there any Government research institute. Training in Ayurveda was confined to a few Government-aided or private institutions. তারপর আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, যেখানে আয়ুর্বেদের উন্নতির জন্য ভারতবর্ষের অপরাপর রাজ্যে technician আছেন, Directorate-এর একজন বিশিষ্ট অফিসার আছেন, যেমন, অন্ধ্র আসাম, বিহার, বোম্বে, জম্মু, কাশ্মীর, কেরল, মধ্যপ্রদেশ—এসব প্রদেশে একজন বিশিষ্ট অফিসার আছেন, কিন্তু পশ্চিমবংগে এসম্পর্কে কোন superior official রাখা হয়নি এর নিয়ন্ত্রণ ও উন্নতি বিধান করবার জন্য। আমি জানি এই বিভাগে ২৯ জন Deputy Director ও Assistant Director আছেন, if I am wrong, please correct me, অথচ আমরা দেখছি এই প্রাচীন চিকিৎসাবিজ্ঞানের উন্নতির জন্য কোনরকম সক্রিয় প্রচেষ্টা হয়নি।

এই প্রসঙ্গে আমি কমিটির রিপোর্টের মন্তব্যের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করি। ১৬৫ পাতায়, তাতে বলেছেন—There are separate Directors, Joint or Assistant Directors of Ayurveda in ten States. In some of them the Directors of Ayurveda deal directly with the subject without the intermediate stage of Director of Health Services. Take for example Kerala, Madhya Pradesh, Bombay, Rajasthan and Punjab. Maximum attention is being devoted to the schemes of Ayurvedic education and research in these States, while in West Bengal and Madras, the control mainly vests with Directors of modern medicine who are naturally inclined to look down upon Ayurveda. "Who are naturally inclined to look down upon Ayurveda" এটা আমার কথা নয়। স্যার, আমি দেখলাম পশ্চিমবাংলার অবস্থা কি? ইউ. পি.-তে যেখানে আয়ুর্বেদের সংখ্যা হচ্ছে ১ হাজার ১১২, বম্বেতে ৭২১, সেখানে বাংলায় মাত্র ৯। আয়ুর্বেদের ক্ষেত্রে মাথাপিছু ব্যয় হয় যেখানে সর্বভারতীয় গড় হচ্ছে ৭·৭৮ নঃ পঃ, বাংলার ক্ষেত্রে সেখানে ·০২। বাজেটের দিক থেকে যদি দেখি তাহলে দেখব যে সেখানে অপরাপর প্রদেশে ১০% পর্যন্ত খরচ করা হয়। আধুনিক উপায়ে মেডিসিন তৈরীর জন্য, কবিরাজদের সম্পর্কে, সেখানে বাংলাদেশে ·০৮৭% খরচ করা হয়। সময় শেষ হওয়াতে আমি বেশী বলতে পারলাম না। সর্বশেষে, এই অনুরোধ করব যে বাংলাদেশে যার জন্ম, বাংলাদেশে যার উল্লেখযোগ্য স্থান রয়েছে সেখানে কবিরাজী শাস্ত্রকে উন্নত করার জন্য বাংলাদেশের বর্তমান অবস্থাকে বিবেচনা করে সেইরকম কার্য্যকরী ব্যবস্থা অবলম্বন করবেন।

Dr. Hirendra Kumar Chattopadhyay:

মাননীয় স্পীকার মহাশয়, এই আয়ুর্বেদ বিলকে আমার পূর্ববর্তী বক্তা নারায়ণবাবু সমর্থন জানিয়েছেন, তার কারণ আয়ুর্বেদ বিল আমরা চাই। কিন্তু উনি সমর্থন জানিয়ে যেভাবে সমালোচনা করে গেছেন, ঠিক সেরকমভাবে সমালোচনা করতে অভ্যস্ত আমি নই। আমাদের দেশে একটা কথা আছে যে শিব গড়তে গিয়া বাঁদর গড়া হল। আমরা শিব চেয়েছিলাম, কিন্তু বিল যা এসেছে সেটাতে বাঁদর হয়েছে। সেজন্য এটাকে আয়ুর্বেদ বিল না বলে আয়ুর্বদ বিল বলাই ভাল। এর ব্যাক গ্রাউণ্ড কি আছে সেটা আমি জানি। কিছুদিন আগে আমার বন্ধু বিমলানন্দবাবু দুঃখ করেছিলেন যে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় আয়ুর্বেদ সম্বন্ধে কিছু করছেন না এবং এই

শাস্ত্রকে neglect করছেন। শেষ পর্যন্ত, অবশ্য মন্ত্রীমহাশয় একটা আয়ুর্বেদ বিল এখানে নিয়ে এসেছেন। আমার মনে হয় এটা বিমলানন্দবাবুর consolation prize হিসাবে এল। এই যে বিল এল এতে আয়ুর্বেদের সম্মান বাড়ল না কি সেটা অবোধ্য। আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় নিজে হয়ত বৈদ্য হয়ে এই বিল এনেছেন, কিন্তু তাঁর কাছ থেকে এইরকম বিল expect করিনি। চিত্তবাবু বলেছেন যে indirectly look down upon Ayurveda, এই জিনিষটা এখানেও দেখা যাচ্ছে, কারণ ডি. এইচ. এম হয়েই ডি. এইচ. এম. ইত্যাদি কারুর আবির্ভাব এখানে নেই West Bengal Medical Council-এর মেম্বার ছিলাম সেখানেও দেখেছি আয়ুর্বেদের কোন স্থান নেই। সেজন্যই বললাম consolation prize একটা কথা অনেকে জানেন না যে আয়ুর্বেদ প্রতিষ্ঠানে যদি কোন পাশ করা লোক ডাক্তারী পড়াতে যায় তাহলে তার বিরুদ্ধে disciplinary action নেওয়া হয়। West Bengal Medical Act যদি না পালটান, মেডিক্যাল ম্যাক্টের রুলস যদি না পালটান তাহলে আয়ুর্বেদকে বিজ্ঞান সম্মতভাবে পড়াতে গেলে—অ্যানাটমি, ফিজিওলজি পড়াতে গেলে—কোয়ালিফায়েড ডাক্তার ছাড়া পড়ান সম্ভব নয়।

[12-5—12-15 p. m.]

অথচ আমরা দেখছি এবং ওয়েষ্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিল যার চেয়ারম্যান হলেন ক্যাপ্টেন্ পি. বি. মুখার্জী, সেখানকার একজন সভ্য হিসেবে বলছি যে সেখান থেকে অনেক ডাক্তারের কাছে এই মর্মে চিঠি গিয়েছে যে কেন তাঁরা আয়ুর্বেদ কলেজে পড়াচ্ছেন এবং তাঁদের নাম কেন কাটা যাবে না? কিন্তু আমি এটা বুঝতে পারছি না যে, যেখানে আপনারা আয়ুর্বেদ বিল নিয়ে এলেন সেখানে ডাক্তাররা পড়াতে গেলে কেন তাঁদের নাম বা রেজিষ্ট্রেসন কাটা যাবে? তারপর যদিও আপনারা আয়ুর্বেদ বিল নিয়ে এলেন কিন্তু স্থানের দিক থেকে দেখছি এ্যালোপেথিক ডাক্তাররা যেস্থানে বসে আছে সেই সম্মান আপনারা আয়ুর্বেদকে এবং হোমিওপ্যাথকে না দিয়ে তাঁদের বলছেন ফোর্থ গ্রেড এমপ্লয়ী। এ প্রসঙ্গে আমি একটা নোটিশের কথা বলে জিনিসটা পরিষ্কার করে দিচ্ছি—অর্থাৎ পোর্ট কমিশনার অফিসে এই বলে একটি নোটিশ দেওয়া হয়েছে যে ফোর্থ গ্রেড এমপ্লয়ী হলে হোমিওপ্যাথিক ডাক্তারের সার্টিফিকেট স্বীকার করা হবে, তবে তাদের উপরে যাঁরা বসে রয়েছেন তাঁদের বেলায় কিন্তু কবিরাজ বা হোমিওপ্যাথিক ডাক্তার হলে চলবে না। অবশ্য এটা কোন ধরণের সাম্যনীতি তা যদিও বুঝতে পারছি না তবে এথেকে দেখছি যে কংগ্রেসের আবাদি টাইপের সমাজতান্ত্রিক ধাঁচে আজ আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথিক ডাক্তাররা হলেন ফোর্থ গ্রেডের লোক। তারপর এ্যালোপ্যাথিক সিস্টেম-এর জন্য দেখছি বেঙ্গল মেডিকেল এ্যাক্ট এবং ড্রাগ এ্যাক্ট আছে - অর্থাৎ ঔষধ এবং ডাক্তারদের জন্য ভিন্ন ভিন্ন বিল রয়েছে। কিন্তু এই বিলে দেখছি একটা খিচুড়া তৈরী হচ্ছে—অর্থাৎ এই বিলের মধ্যে কবিরাজ এবং ঔষধ উভয়ের কথাই আছে, অথচ এই দু'টো আলাদা জিনিস। তারপর আমি দেখাতে চাই যে, বর্তমানে কবিরাজদের সম্বন্ধে যে গবেষণা হচ্ছে সেটা আয়ুর্বেদের সম্বন্ধে হচ্ছে না এবং উনি যদি সায়েন্স কলেজে যান তাহলে দেখবেন মিসেস্ অসিমা চাটার্জী সর্পগন্ধা নিয়ে যা কিছু কাজ করেছেন তার বেশীর ভাগই করেছেন সেখানে। যাহোক্, এ বিলটি গোড়া থেকে শেষ পর্যন্ত একেবারে কিলবিল করছে এবং যদিও এর সাহায্যে আয়ুর্বেদকে একটু সম্মান দেওয়া হয়েছে বা তাঁদের জাতিতে তোলা হয়েছে কিন্তু এ্যালোপ্যাথদের তুলনায় কোথায় তাঁদের বসিয়ে রেখেছেন সেটা একবার চিন্তা করুন। কিন্তু আমি জিজ্ঞেস করতে চাই যে, যেখানে তাঁদের কল্যাণের জন্য এই বিল নিয়ে আসা হোল সেখানে এটা না করার কি লজিক বা রিজনিং আছে? স্যার, এ প্রসঙ্গে আমার অমৃতলাল বসুর "রাজা বাহাদুর" নামে একখানা প্রহসনমূলক বইর খানিকটা অংশ মনে পড়ে গেল—অর্থাৎ সেখানে রাজাবাহাদুর তাঁর স্ত্রীর আব্দার রক্ষার জন্য স্ত্রীকে বলছেন যে, "কান্দিসনা রে মনা তোর লাইগ্যা ঝুম ঝুমি লইয়া আমুম।" এও যেন ঠিক সেই রকম—অর্থাৎ বিমলানন্দবাবু

অনেক কাঁদাকাটি করেছিলেন তাই তাঁর আত্মার রক্ষার্থে একটা বিল পাশ করে ছেড়ে দেওয়া হলো, অথচ না আছে তাতে তাঁদের সম্মান রক্ষার ব্যবস্থা বা না আছে তাতে ঔষধের গবেষণার ব্যবস্থা। শুধু তাই নয়, প্রাকৃটিশনার এবং ড্রাগ-এর জন্য এক সঙ্গে বিল আসে এও বোধহয় জগতে আর কোথায়ও হয়নি। যাহোক, এই বিলের প্রতি যে ডিপার্টমেণ্টের কোন সিমপ্যাথি নেই সেটা পার্সনস্ এবং এ্যাডভাইসারদের দেখেই বুঝতে পারছি, কাজেই এই বিলের সঙ্গে সঙ্গতি রাখতে হলে বেঙ্গল মেডিকেল এ্যাক্ট এবং রুলস্ এ্যামেণ্ড করতে হবে আর তা নাহলে যেভাবে এটা জাতিচ্যুত হয়েছে সেইভাবেই থাকবে।

The Hon'ble Dr. Anath Bandhu Ray :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহুদিন ধরে বহু তর্কবিতর্কের মধ্য দিয়ে আজ বহু আকাঙ্ক্ষিত আয়ুর্বেদ বিলের আলোচনা তৃতীয় পর্যায়ে এসে উপস্থিত হয়েছে। আমি অবশ্য এর পূর্বে এ বিষয়ে বহু আলোচনা করেছি, তবে যে সমস্ত প্রসঙ্গ এখন উত্থাপিত হয়েছে বা তার মধ্য দিয়ে যসব প্রশ্ন উঠেছে তার উত্তর দিতে চাই। তবে আমার মনে হয় এটা আজ সকলেরই জানা দরকার যে এই সমস্ত তর্কবিতর্কের মধ্য দিয়ে একটা খুব বড় জিনিস ফুটে উঠেছে এবং সেটা হলো আয়ুর্বেদের প্রতি সকলেরই একটা অন্তর্নিহিত শুভেচ্ছা এবং সমর্থন। সকলেই একান্তভাবে চান যে একটা সুপরিকল্পিত এবং সুনিয়ন্ত্রিত পথে আয়ুর্বেদের সুষ্ঠু প্রতিষ্ঠা হোক।

আজকে যে প্রশ্ন উঠেছে সেই প্রশ্ন সম্বন্ধে বলবার আগে আমি কয়েকটি কথা বলছি যে, যখন এই আয়ুর্বেদ বিল তৈরি হয় তখন থেকে এই আয়ুর্বেদ বিল কিছু বছর যাবৎ আমাদের জাতীয় সরকারের পরিকল্পনাধীনে ছিল এবং আজকে ঠিক উপযুক্ত সময়ে এই বিল উত্থাপন করা হয়েছে। প্রথম যখন আয়ুর্বেদ ফ্যাকাল্টি এবং জেনারেল কাউন্সিল তৈরি হয় সেই সময় আয়ুর্বেদকে ঠিক উপযুক্ত মর্যাদা এবং স্বীকৃতি দেওয়া সম্ভব হয়নি, আয়ুর্বেদের সঙ্গে এ্যালোপ্যাথির সংমিশ্রণ করে যে চিকিৎসা পদ্ধতির ব্যবস্থা করা হয় সেই চিকিৎসা পদ্ধতিতে সম্ভব হয়নি। ডাঃ হীরেন চট্টোপাধ্যায় মহাশয় বলেছেন যে আয়ুর্বেদকে কেন মর্যাদা দেওয়া হচ্ছে না। আয়ুর্বেদ, আয়ুর্বেদই এ কথা বহুবার বলেছি এবং বস্ত্রের আচ্ছাদনের দ্বারা আমাদের যে পরিধান তার মধ্য দিয়ে আমাদের যে সভ্যতা তার সঙ্গে কোট প্যাণ্টের তুলনা করা যায় না। তিনি বলেছেন আয়ুর্বেদের পুনরায় সমস্ত আইন কানুন বদল করতে হবে। আমার মনে হয় এর চেয়ে ভ্রান্ত ধারণা আর কল্পনা করা যায় না। আয়ুর্বেদের যে চিকিৎসা পদ্ধতি সেই চিকিৎসা পদ্ধতির স্বীকৃতির পর তার যে ভেষজ ঔষধাবলি তার জন্য এ্যাক্ট তৈরি করতে হবে। আজকে প্রথম পদক্ষেপে যদি তিনি মনে করেন যে প্রথম ধাপে উঠে তারপর একেবারে উপরের ছাদে উঠে চতুর্দিকের সৌন্দর্য উপভোগ করব তাহলে আমি যেকথা বলেছিলাম he is indulging in the imagination of a lotus eater। সুতরাং সব জিনিস আমাদের সামঞ্জস্যের সঙ্গে দেখা দরকার। আজ যদি বলেন আয়ুর্বেদকে মর্যাদা দেওয়া হয়নি আমি বলব পশ্চিমবঙ্গে আয়ুর্বেদের সবচেয়ে বেশী রকম মর্যাদা আজ এই বিলের দ্বারা দেওয়া হবে। অন্যান্য সমস্ত রাজ্যে দেওয়া হয়েছে, আয়ুর্বেদ বিলকে সেখানে স্বীকৃতি দেওয়া সম্ভব হয়েছে। কিন্তু আমাদের এখানে দেওয়া সম্ভব হয়নি এই কারণে যে আয়ুর্বেদের সঙ্গে আধুনিক যে চিকিৎসা পদ্ধতি তার সংমিশ্রণ করা হয়েছিল। আজকে আমরা সেই আয়ুর্বেদকে স্বতন্ত্রভাবে প্রতিষ্ঠা করতে চলেছি যাতে আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতি অনুসারে চিকিৎসা করা যায় এবং সেই সঙ্গে সঙ্গে যে সমস্ত চিকিৎসা শাস্ত্রের জ্ঞান দরকার সেই জ্ঞান অর্জন করতে পারা যায় এবং যেসমস্ত রোগের প্রাদুর্ভাব হয়েছে সেই রোগের পার্থক্য বুঝে সেইভাবে চিকিৎসা পদ্ধতি অবলম্বন করতে পারা যায়। আয়ুর্বেদকে তার নিজের মর্যাদায় প্রতিষ্ঠিত করবার ব্যবস্থা এই প্রথম হয়েছে এবং স্বাধীনতার পর আমাদের ভারতবর্ষের যে মৃত্তিকায় জন্ম হয়েছে সেই মৃত্তিকায় আয়ুর্বেদকে পুনরায় প্রতিষ্ঠা করব। আয়ুর্বেদের যেসমস্ত ঐশ্বর্য সম্পদ

বিক্ষিপ্ত ছড়িয়ে পড়ে আছে তার আজও প্রমাণ রয়েছে—এটা মহেঞ্জোদড়ো, হরপ্পার ইতিহাসের কাহিনী নয়—আমাদের চোখের সামনে প্রত্যক্ষ রয়েছে, সেইসমস্ত সম্পদকে একত্রিত করে আয়ুর্বেদকে পুনরায় সঞ্জীবিত করব। তার জন্য সংহতি দরকার, তার জন্য প্রত্যেক দেশবাসীর কর্তব্য রয়েছে। আয়ুর্বেদকে সেইভাবে স্বীকৃতি দেওয়া হলে সত্যই আমরা আয়ুর্বেদকে জয়যাত্রার দিকে অগ্রগতির পথে এগিয়ে দিতে পারি। এই আয়ুর্বেদ থেকে অন্যান্য চিকিৎসা পদ্ধতির পৃথিবীর মধ্যে উদ্ভব হয়েছে—এটা সকলেই স্বীকার করবেন একবাক্যে যে আমাদের ভারতবর্ষে তার প্রাথমিক চিন্তাধারার সূত্রপাত হয়েছিল যেমন বেদের বাণী ভারতবর্ষে উচ্চারিত হয়েছিল। সেই বেদের সঙ্গে আয়ুর্বেদ পঞ্চম বেদ রূপে স্বীকৃতি পাচ্ছে এইজন্য যে সেখানে মানুষের আয়ুর সম্বন্ধে একটা শাস্ত্র তৈরি হয়েছে। সেই যে মহাবিজ্ঞান সেই মহাবিজ্ঞান ভারতবর্ষ থেকে আরম্ভ হয়েছিল এবং সেই মহাবিজ্ঞানের আজ অনেক কিছু আলোচনা হয়েছে।

[At this stage red light was lit]

[12-15—12-25 p. m.]

আপনি আলো জ্বালাবেন না। সদস্যরা যদি বলেন আমার ক্ষান্ত হওয়া প্রয়োজন তাহলে আমি ক্ষান্ত হব। আমার বহু কথা বলবার রয়েছে ৫ মিনিট সময়ের মধ্যে তার উপসংহার করা সম্ভব নয়। যাহোক প্রথম যে কল্পনায় আশ্রয় গ্রহণ করা হয়েছিল যে পঞ্চভূতের অস্তিত্ব এবং পঞ্চভূতের সৃষ্টি ক্ষিতি, অপ, মরুৎ, তেজ ও ব্যোম সেই পঞ্চভূতকে আশ্রয় করে জন্মেছে এবং পঞ্চভূতকে আশ্রয় করে তার আহার্য এবং তাই থেকে পুষ্টি বৃদ্ধি এবং শেষ পর্যন্ত পঞ্চভূতের লয় এই হচ্ছে আয়ুর্বেদের অন্তর্নিহিত কথা এবং এই আয়ুর্বেদ সম্বন্ধে তার হিতাহিত জ্ঞান, রোগের লক্ষণ এবং তার নিবারণের উপায় এই হচ্ছে আয়ুর্বেদের সংজ্ঞা। আজ পৃথিবীর কোন চিকিৎসাশাস্ত্রে সেই সংজ্ঞা প্রদান করা হয়নি আয়ুর্বেদে যে সংজ্ঞা প্রদান করা হয়েছে। আয়ুর্বেদের বাণী সকলের মংগলের বাণী, সকলের মংগল এর মধ্যে নিহিত রয়েছে। তারা শুধু নিজের নয়, সমস্ত বিশ্বের মংগল তারা চেয়েছেন। সেখানে বলা হয়েছে সর্বেষাম্ মঙ্গলম্ভুয়াৎ সকলের যে ভদ্র ব্যবহার সেই ভদ্র ব্যবহার আয়ুর্বেদের অন্তর্নিহিত বাণী। সকলকে ভদ্র ব্যবহার করতে হবে। সর্বেষাম্ মঙ্গলম্ভুয়াৎ, সর্বেসন্তু নিরাময়ঃ—ভদ্র ব্যবহার, ভদ্র দৃষ্টি, ভদ্র আচরণ, ভদ্র কামনা এই হচ্ছে আয়ুর্বেদের বাণী। আমাদের ধর্ম, কর্ম, জীবনযাত্রা যা কিছু প্রণালী তা এই আয়ুর্বেদকে নিয়ে। সেই আয়ুর্বেদ স্থাপনের জন্য আমরা সকলে অগ্রসর হয়েছি। কয়েকটা কথা এখানে উত্থাপিত হয়েছে—সে সব কথা বলা হয় খুব সংক্ষেপে আমি উপসংহার করছি। প্রথমেই বলেছি আয়ুর্বেদের যে শিক্ষা, যে ব্যবস্থা তার জন্য পরিষদ তৈরী হবে এবং যে কাউন্সিল ফ্যাকাল্টী ছিল সেগুলির পরিবর্তে পরিষদ তৈরী হবে এবং বিশিষ্ট লোক নিয়ে এই পরিষদ তৈরী হবে। যেমন কার্যকাল উপস্থিত হবে সেই অনুসারে তার পরিচালনা নিয়ন্ত্রণ এবং সুষ্ঠুভাবে যাতে সেটা চলতে পারে তার ব্যবস্থা করতে হবে। যাঁরা আয়ুর্বেদের ধারক এবং বাহক তাঁরা আয়ুর্বেদের যা কিছু দৃষ্টিভংগী এবং গুণাগুণ সমস্ত লক্ষ্য করেছেন। আজ তাঁদের জন্য অনেকে বলেছেন যে বছর বছর এসে তাঁদের নাম রেজিস্ট্রি করতে হবে। আমি একথা বলবো যে বিলের মধ্যে এই যে রয়েছে কার্যকালে যেমন দরকার হবে ঠিক সেইরূপভাবে একের পরিবর্ধিত পরিবর্তিত কিম্বা অন্য কোনরকম ব্যবস্থা এতে করা সম্ভব হবে।

আর একটি কথা বলছি। এই Standardisation সম্বন্ধে এখানে বহু বিতর্ক হয়েছে। প্রথম কথা হচ্ছে এই Standardisation-এর দরকার কি? আয়ুর্বেদে যে সমস্ত ভেষজ আছে, তার সঙ্গে পাশ্চাত্য জগতের চিকিৎসা পদ্ধতির মিল খুব কম। তার কারণ আয়ুর্বেদের চিকিৎসা, যে ভিত্তির উপর প্রতিষ্ঠিত, যে ত্রিদোষ ভিত্তির উপর প্রতিষ্ঠিত, যে সমস্ত ধাতের উপর প্রতিষ্ঠিত.

সেই জিনিষ দ্রব্যগুণের মধ্যে নিহিত। পাশ্চাত্য বিজ্ঞান এখনো তার মধ্যে পৌঁছিতে পারেনি সে হচ্ছে বায়ু পিত্ত, কফ। তারা এমন কতকগুলি এখানে বলেছেন—allergic, supersensitiveness ইত্যাদি এই সমস্ত জিনিষের কোন অর্থ হয় না। আয়ুর্বেদে সমস্ত জিনিষ এর অর্থের ভিতর দিয়ে দ্রব্যের যে প্রভাব তার প্রভাবের ভিতর দিয়ে কি করে কাজ করে, তার মধ্যে রাসায়নিক প্রক্রিয়া পদার্থের গুণাবলী এবং সেই অনুসারে রোগের ফলাফল নির্ভর করে। সুতরাং আমাদের ভেষজ, সেই ভেষজ প্রথম জিনিষ হলো নির্ণয় করা,—Identification. এই Identification আয়ুর্বেদের মধ্যে এত চমৎকার আছে যে যেকোন বৈজ্ঞানিক চিকিৎসক আশ্চর্যান্বিত হবেন যে কিভাবে এটা সৃষ্টি হয়েছিল।

কটজ বলে একরকম গাছ আছে যা পর্বত থেকে সংগৃহীত হয়—সেটা হচ্ছে মল্লিকা পুষ্প। কোথায় পাওয়া যায়? কলিঙ্গ গিরি মল্লিকা। কলিঙ্গ দেশের যে গিরি যে পর্বত ছোটনাগপুর ও উড়িষ্যার মধ্যে, সেখানে কুটজ গাছে—পাওয়া যায়। আমাদের বাঁকুড়ায় সে গাছ আছে। সেই গাছ ভেষজ তৈরী হয়। এর যে কি গুণাবলী, এই সমস্ত যে ব্যবস্থা আছে—তা আয়ুর্বেদে অপূর্ব। প্রত্যেক ধাত অনুসারে ইংরেজীতে যাকে বলে Prognosis অনুসারে বহু জিনিষ আছে, যা আজ পর্যন্ত উদ্ঘাটিত হতে পারেনি, সুপ্ত অবস্থায় রয়ে গিয়েছে। আয়ুর্বেদের অনেক মূল্যবান জিনিষ বিদেশী শাসনের ফলে আজ লুপ্ত হয়ে গেছে। যেটুকু আজ আয়ুর্বেদে বিদ্যমান আছে, তার যে অন্তর্নিহিত আদর্শ, তাঁর যে অন্তর্নিহিত বাণী, তা শিক্ষার ভেতর দিয়ে আজ আয়ুর্বেদকে পুনঃ প্রতিষ্ঠিত করা সম্ভব। ভারতবর্ষের সবচেয়ে বড় জিনিষ হচ্ছে, তার ভাবধারা, যা হিমালয় থেকেও উচ্চ। আমাদের যে হিমালয়, সেই বরফের হিমালয় নয়। তার মধ্যে যে ঐশ্বর্য ও রত্ন নিহিত আছে, সেটা হচ্ছে গ্রহণযোগ্য, ভারতের বারিধি, তার অশেষ জলরাশি, তার মধ্যে যে রত্ন আছে, সেই রত্ন হচ্ছে আমাদের ভাবধারা। আমাদের আয়ুর্বেদের মধ্যে সবচেয়ে দরকার এই যে অন্তর্নিহিত রত্ন তাকে উদ্ধার করা বিশেষ দরকার। সুতরাং আজকে আমাদের আয়ুর্বেদের স্বীকৃত হচ্ছে; এর ফলে আয়ুর্বেদকে যে ভাবে প্রতিষ্ঠিত করতে চাচ্ছি, সেই ভাবে তা করা সম্ভব হবে। অনেকে একথা উত্থাপন করেছেন আয়ুর্বেদকে স্বীকৃতি দিলে কি হবে? তাকে সাহায্য দেওয়া যাবে। আমি বলবো—আয়ুর্বেদের যে সমস্ত প্রতিষ্ঠান রয়েছে চিকিৎসা প্রতিষ্ঠান রয়েছে, শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে, তাদের সরকার থেকে বরাবর সাহায্য করা হয়েছে। আমার বাংলাদেশে পাশ্চাত্য বিজ্ঞান যে ভাবে প্রচলিত হয়েছিল, এমন কি ইংরেজী ভাষা আমাদের এখানে যেভাবে প্রচলিত হয়, এই ভারতবর্ষের অন্য কোন রাজ্যে সেইভাবে প্রচলিত হয় নাই, প্রতিষ্ঠিত ও হয় নাই। সেখানে এই আয়ুর্বেদ ও যত্নন ছিল। এই আয়ুর্বেদের যে সমস্ত ওষুধাবলী আমাদের ছিল, তাই নিয়ে আমারা চালিয়েছি। এই আয়ুর্বেদের জন্য পূর্বে অর্থ ব্যয় ও করা হয়েছে। এই আয়ুর্বেদকে আজ স্বীকৃতি দেওয়ার পরে, জনপ্রিয়তার পরে, তাকে আরো বেশী টাকা দিয়ে সাহায্য করা সম্ভব হবে। এই বছর এর জন্য ১ লক্ষ টাকা খরচ করা হয়েছে। আগামী বছর এর জন্য লক্ষ টাকা রাখা হয়েছে। এবং আগামী ৫ বছরের জন্য যদি ১৫ লক্ষ টাকা এর জন্য দরকার হয়, তাহলে অন্যান্য খাতের বরাদ্দ টাকা পরিবর্তন করেও একে সাহায্য করতে হবে।

[12-25—12-28 p.m.]

আপনি জানেন আজকে যে সমস্ত national scheme গ্রহণ করা হয়েছে, সেই national scheme-এর মধ্যে আয়ুর্বেদ শিক্ষা একটা খুব বড় স্থান পেয়েছে। এবং family planing, পরিবার পরিকল্পনার মধ্যে ও একটা স্থান পেয়েছে। এই পরিবার পরিকল্পনার জন্য ২৫ কোটি টাকা খরচ করা হবে এবং সেখানে আয়ুর্বেদ চিকিৎসা ও শিক্ষার জন্য সেই অনুপাতে খরচ করা হবে। গতকাল ভারতবর্ষের ইউনিয়ান মিনিষ্টার শ্রী ডি, পি, কারমাকার এর সঙ্গে আমার কথা

হয়েছিল, তাঁকে আমাদের আয়ুর্বেদের চিকিৎসা, শিক্ষা ইত্যাদি দেখাই, তিনি এ বিষয়ে খুবই উৎসাহী এবং যাতে আমরা এ সম্বন্ধে আরও সাহায্য পেতে পারি তার ব্যবস্থা করা দরকার। সুতরাং আজকে আমাদের মধ্যে সমস্ত মত বিরোধ বিসর্জন দিয়ে, একমত হয়ে আমাদের যে নিজস্ব জিনিস, আমাদের ঐতিহ্য ; সেই ঐতিহ্য যাতে পুনরায় প্রতিষ্ঠিত করতে পারি, সে দিকে সকলকে উৎসাহী হতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিয়ন্তা হিসাবে আমাকে সাহায্য করেছেন, যার জন্য এই বিল আইনে পরিণত করা সম্ভবপর হয়েছে। এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যিনি বহুদিন থেকে আয়ুর্বেদকে সমর্থন করে আসছেন, তার স্থূল গ্রহণ করেছেন এবং তিনি জ্ঞান তপস্বী, এবং তিনি তাঁর আচরণ দ্বারা বহু আয়ুর্বেদ ঔষধ ব্যবহার করে থাকেন। আজকে তিনি আয়ুর্বেদ বিষয়ে যে রকম উৎসাহী, আমার মনে হয় তাঁকে যদি আরও কিছুদিন আমরা পাই এবং এই ভাবে অগ্রসর হতে পারি, তাহলে আয়ুর্বেদের পুরাতন গৌরব ফিরিয়ে আনতে সমর্থন হবো। আমি পুনরায় আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

The motion of the Hon'ble Dr. Anath Bandhu Ray that the Paschim Banga Ayurvedic System of Medicine Bill, 1960, as settled in the Assembly be passed, was then put and agreed to.

Mr. Speaker: I would invite the attention of honourable members to the time-table of the House which is fixed in consultation with the Chief Whip and the different party whips. I am sorry to say that the time table has had to be changed in certain circumstances. I hope this will not happen in future.

The House stands adjourned till 3 p.m. on Monday. One hour will be allotted for questions.

Adjournment.

The House was then adjourned at 12. 28 p. m. till 3 p. m. on Monday, the 27th March 1961, at the Assembly House, Calcutta.

Unstarred Questions

(to which written answers were laid)

Amount of land irrigated under Tank Improvement Scheme

49. (Admitted question No. 158.) **Shri Saroj Roy :** Will the Hon'ble Minister in charge of the Agriculture and Food Production Department be pleased to state—

(*a*) the amount of land in acres irrigated in West Bengal by tanks in 1960 ; and

(*b*) the percentage of irrigated areas by tanks to total irrigated area in the State in 1960 ?

The Minister for Agriculture and Food Production (The Hon'ble Tarun Kanti Ghosh) : *a*) About 938,000 acres. Of this, 292,000 acres were irrigated by tanks improved under the Bengal Tank Improvement Act, 1939.

(*b*) About 29·4 per cent.

Amount of land benefited under Small Irrigation Schemes

50. (Admitted question No. 159) **Shri Saroj Roy :** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state how many acres of lands are being benefited in the year 1960-61 as a result of execution of Small Irrigation Schemes ?

The Minister for Agriculture and Food Production (The Hon'ble Tarun Kanti Ghosh) : 720,000 acres.

Question for Oral Answer

Jabar-dakhal shops on the Government-acquired land in Bangaon subdivision

***13.** (Admitted question No. *164.) **Shri Manindra Bhusan Biswas:** Will the Hon'ble Minister in charge of the Public Works Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে—

(১) বনগাঁ মহকুমার অন্তর্গত বাগদা থানার হেলেঞ্চা হাই স্কুলের সম্মুখস্থিত ১৩১ ও ১৩২নং জমি রিফিউজি পুনর্বাসন বিভাগের অধীনে একটি হাই স্কুলের জন্য ০০·২০ শতাংশ ও ০০·০৮ শতাংশ Works and Buildings বিভাগের অধীনে বনগাঁ-বাগদা পাকা রাস্তার জন্য সরকার একোয়ার করিয়াছেন, এবং

(২) Works and Buildings বিভাগের জন্য দখলীকৃত জমিতে দুইটি জবরদখল দোকান বসিয়াছে ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কিভাবে ঐরূপ দোকান বসিল সে সম্বন্ধে সরকার কোন অনুসন্ধান করিয়াছেন কিনা,

(২) অনুসন্ধান করিয়া থাকিলে, তাহার ফলাফল কি, এবং

(৩) ঐ দোকান দুইটি উঠাইবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

Written Reply laid on the table

The Minister for Public Works and Housing (The Hon'ble Khagendra Nath Das Gupta):

(ক) (১) বাগদা থানার অধীন হেলেঞ্চা মৌজায় ১৩১ এবং ১৩২নং দাগের কতক অংশ সরকার বনগাঁ-বাগদা পাকা রাস্তার জন্য একোয়ার করিয়াছেন।

(২) হাঁ।

(খ) (১) হাঁ।

(২) ২৪ পরগণা জেলা কর্তৃপক্ষ এবং বাস্তু বিভাগের যুক্ত সরজমিনে তদন্তের ফলে জানা যায় যে উক্ত দোকানঘর দুইটি এই বিভাগীয় একোয়ার জমির অন্তর্ভুক্ত।

(৩) উৎখাতের জন্য মামলা দায়ের করার ব্যবস্থা করা হইয়াছে।

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 27th March, 1961, at 3 p. m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 15 Hon'ble Ministers, 8 Deputy Ministers and 173 Members.

CIRCULATION OF PROCEEDINGS

[3—3-10 p.m.]

Dr. Kanailal Bhattacharjee : স্যার, ১৯৫৮ সালের জুন-জুলাইয়ের proceedings ১৯৬১ সালের মার্চ মাসের শেষে পেলাম, আর এই proceedings পাবার জন্য কি ১৯৬৫ সাল অবধি অপেক্ষা করতে হবে ?

Mr. Speaker : হলেই পাঠাবার ব্যবস্থা করা হবে।

QUESTIONS FOR ORAL ANSWERS

Construction of a bridge over the river Rasulpur

*1. (Admitted question No. *17) **Shri Basanta Kumar Panda :** (*a*) Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state if there was a scheme for the construction of a bridge over the river Rasulpur at Kalinagar in the district of Midnapore in the Second Five Year Plan ?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) if the said scheme has been implemented ; and
(*ii*) if not, whether there is any proposal for inclusion of the said scheme in the Third Five Year Plan ?

The Hon'ble Khagendra Nath Das Gupta :

(a) Construction of a bridge over the river Rasulpur at Kalinagar has been taken up as a Central Road Fund Project.
(b) (i) Not yet.
(b) (ii) Construction will be taken up after the rains.

Shri Basanta Kumar Panda : কোন্ Project plan-এ আরম্ভ করার কথা সেই Plan-এ শেষ না হলে পরবর্তী plan-এ কি সেটা Included হয় ?

The Hon'ble Khagendra Nath Das Gupta : আমি তো বলেছি Second Five Year Plan-এ Central Road Fund Project হিসাবে আরম্ভ করবো ঠিক করেছি।

Shri Basanta Kumar Panda : কবে আরম্ভ করবেন ?

The Hon'ble Khagendra Nath Das Gupta : প্রথমেই বলেছি—বর্ষার পরে।

Shri Basanta Kumar Panda : আপনি কি জানেন এটা দীঘার সঙ্গে join করা দরকার ?

The Hon'ble Khagendra Nath Das Gupta : জানি বলেই করা হয়েছে।

Construction of a bridge over the Haldi at Narghat

*2. (Admitted question No. *13.) **Shri Basanta Kumar Panda:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state whether there is a scheme for construction of a new bridge over the river Haldi at Narghat in the district of Midnapore?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether the said scheme has been included in the draft Third Five Year Plan;

(*ii*) if not, the reasons for its not being included in the draft Third Five Year Plan; and

(*iii*) whether the said scheme will be included in the Third Five Year Plan when it will be finally published?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

(a) Yes.

(b) (i) Yes.

(ii) Does not arise.

(iii) Cannot be said definitely at present.

Shri Basanta Kumar Panda: নরঘাটে পুল তৈরী করার সিদ্ধান্ত কবে করা হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta: নরঘাটের সিদ্ধান্ত এখনও হয়নি।

Shri Basanta Kumar Panda: অনেকগুলি কাগজে এটা বেরিয়েছে যেমন আনন্দবাজার ও যুগান্তর পত্রিকায় staff reporter খবর দিচ্ছে যে পশ্চিমবঙ্গ Government তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ঢুকেছে এটা সত্য না মিথ্যা?

The Hon'ble Khagendra Nath Das Gupta: তৃতীয় পঞ্চবার্ষিকী প্ল্যান এখনও finalised হয়নি Draft Plan হয়েছে, সেজন্যই বলছি সিদ্ধান্ত হয়নি।

Shri Basanta Kumar Panda: November—December-এ যে 3rd Draft Plan দিয়েছেন এর মধ্যে আছে।

The Hon'ble Khagendra Nath Das Gupta: হাঁ draft নামে এর মধ্যে আছে।

Shri Basanta Kumar Panda: এটা final plan এর মধ্যে থাকবে কি না বলতে পারেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta: না।

Shri Abani Kumar Basu: এটা কবে finalise হবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta: এখন বলতে পারি না।

Shri Basanta Kumar Panda: এবার কত টাকার ব্যবস্থা আছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta: ৫০ লক্ষ টাকা।

Shri Basanta Kumar Panda: এই পুলটা কি কাঁথি—তমলুক রাস্তার point-এ হবে নাকি আগের District Board-এর রাস্তার যেখানে meet করেছে, নদী যেখানে meet করেছে সেখানে হবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta: ঠিক Norghat-এ হবে কি আরও upstream-এ হবে সে সম্বন্ধে এখনও final decision হয়নি।

Shri Basanta Kumar Panda: এই পুলটার situation যদি না জানেন তাহলে কি করে বলছেন যে plan-র মধ্যে এসে গিয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta : হ্যাঁ, এটা Draft *Plan-র মধ্যে* আছে তবে final estimate যখন হবে তখন ঠিক হবে কত খরচ হবে।

Shri Basanta Kumar Panda : Draft estimate করা হয়েছে বলছেন কিন্তু বিভিন্ন জায়গায় নদীর span অনুসারে খরচ কম হতে পারে, বেশী হতে পারে। তাহলে Draft estimate-টা কিভাবে করেছেন, পুরাণো রাস্তায় না নূতন রাস্তায় ?

The Hon'ble Khagendra Nath Das Gupta : এখানে Draft Plan তৈরী হয়েছে এবং draft estimate যা হয় তার চেয়ে পরে হয়ত তা দু' এক ফুট লম্বা হতে পারে বা কমও হতে পারে। তাতে বিশেষ কিছু এসে যায় না।

Shri Basanta Kumar Panda : এই পুল পুরাণো জায়গায় করলে প্রায় দেড় গুণ বা লম্বা বেশী হয়ে যাবে। সেই জন্য প্রশ্ন করছি যে, এই plan-এ যে টাকা sanction করেছেন সেটা কি সেই estimate অনুযায়ী করেছেন, না এমনিই লিখে রেখেছেন ?

The Hon'ble Khagendra Nath Das Gupta : বিশেষজ্ঞরা সেটা পরে ঠিক করবেন এবং Central Government-র বিশেষজ্ঞরাও সেটা দেখবেন তারপর finalise হবে। মোটামুটি একটা টাকা ধরা হয়েছে, ৫০ লক্ষ।

Construction of roads in Midnapore district during the Second Five Year Plan Period

3. (Admitted question No. '15.) **Shri Basanta Kumar Panda :** (*a*) Will the Hon'ble Minister in charge of the Development (Roads) Department be pleased to state whether the construction of the following roads in the district of Midnapore has been completed during the Second Five Year Plan period, namely—

(*i*) Bajkul-Bhagwanpur ;
(*ii*) Bhagwanpur-Patashpur ;
(*iii*) Heria-Rasulpur ; and
(*iv*) Heria-Mughberia ?

(*b*) If the answer to (*a*) be in the negative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) how far the construction work of each of the said roads has progressed ;
(*ii*) the reasons for incompletion of the said roads during the Second Five Year Plan period ; and
(*iii*) what is the time-limit, if any, during which the construction of the said roads is to be finished ?

The Hon'ble Khagendra Nath Das Gupta : (a) (i) to (iv) No.

(b) (i) A statement is laid on the table.
(ii) In some cases owing to delay in getting possession of requisite lands and in others for want of sufficient funds :
(iii) Within three next plan period.

Statement referred to in reply to clause (*b*) (*i*) at staned Question No. 3.

Progress of work.

(I) **Bajkul-Bhagwanpur :** Earthwork is in progress. Construction of bridges and culverts has also been taken up. Bricks and bats required for the road have already been manufactured.

(II) **Bhagwanpur-Patashpur** . Earthwork could not be taken up as possession of required lands could not be obtained. About 75% of bricks and bats have, however, been manufactured and work on bridges and culverts has been taken up.

(III) **Heria-Rasulpur :** About 80% of earthwork has been completed. Bricks and bats are being manufactured and construction of bridges and culverts has started.

(IV) Heria-Mughberia : Earthwork has been completed on the first four miles and is in progress on the remaining length.

Shri Basanta Kumar Panda : এখানে requisite lands-র কথা বলেছেন। এই land acquisition proceedings কবে থেকে start করেছিলেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta : আপনি কোন্ রাস্তার কথা বলছেন?

Shri Basanta Kumar Panda : বকুল—ভগবানপুর রাস্তা।

The Hon'ble Khagendra Nath Das Gupta : এর কাজ শুরু হয়ে গিয়েছে Land-র জন্য এর কাজ বন্ধ হয়ে গিয়েছে তা নয়। এর earth work আরম্ভ হয়েছে। Bridge এবং culvert-র কাজও হাতে নেওয়া হয়েছে। এর জন্য land র যা প্রয়োজন তা পাওয়া গিয়েছে।

Shri Basanta Kumar Panda : এখানে যে ৪টি রাস্তার কথা বলা হয়েছে, এর মধ্যে কোন্ রাস্তাটির land-র অভাবে কাজ দেরী হচ্ছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta : ভগবানপুর—পটাশপুর রাস্তা।

Shri Basanta Kumar Panda : এই ভগবানপুর—পটাশপুর রাস্তাটির জন্য land acuisition proceedings কবে start করেছেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta আমি date বলতে পারি না।

Shri Basanta Kumar Panda : আপনি বলেছেন land-র অভাবে কাজের অসুবিধা হচ্ছে। Land ছাড়া মাটির কাজ আরম্ভ করেছিলেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta : Land ছাড়া earth work-র কাজ কি করে হবে।

Shri Basanta Kumar Panda : এই Assemly-তে গত ৪।৫ বৎসর ধরে আমি question করেছি যে, এই রাস্তাগুলি কবে শেষ হবে এবং আপনি তার উত্তর দিয়েছেন during the Second Plan period। তাহলে এখনও কি আপনি আশা করেন during the Second Plane period এটা শেষ হবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta : Second Plan period-এ শেষ হবার আশা করি না। তবে Third Plan period-এ নিশ্চই হবে। তার কারণ আমি বাজেটে আমার grant যখন উপস্থিত করেছিলাম তখন স্পষ্টভাবেই বলেছিলাম।

Shri Basanta Kumar Panda : এটা কতদিন সময় লাগবে, Third Plan-র whole period-টাই কি লাগবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta : Third Plan period-এ নিশ্চয়ই শেষ হবে।

Death of Narayan Tamang, a school teacher in Kurseong

*4. (Admitted question No. 9.) **Shri Sunil Das** (a) Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state—

(i) whether Government are aware that Shri Narayan Tamang, a teacher of the Pusparani High School in Kurseong, was severely assaulted by a Head Constable of Kurseong at 10 p.m. on 1st January, 1961;

(ii) that he was not admitted to the local hospital on the night of 1st January, 1961, on the ground that the injuries were of a minor nature; and

(iii) that the local citizens contacted the District Medical Officer at Darjeeling on 2nd January, 1961, who came down to Kurseong on that day and admitted him to the Hospital as his injuries were of a serious nature and that he died on 3rd January, 1961?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) if there was any post-mortem examination of the body :

(*ii*) if so, what are the findingst; and

(*iii*) what steps have been taken to punish the offending police personnel and the Medical Officer who refused admission to Narayan Tamang ?

The Hon'ble Kali Pada Mookerjee : (a) (i) Yes ; but he was assaulted by a constable and not a Head constable.

(a) (ii) Yes.

(a) (iii) The deceased was examined by the Chief Medical Officer of Health, Darjeeling on 2. 1. 61. and on his advice he was admitted into the hospital on the same day. He died on 3. 1. 61.

(b) (i) Yes :

(b) (ii) The death was due to the effect of injuries sustained which might be accidental or homicidal.

(b) (iii) A police case was started and the constable placed under suspension with effect from 2. 1. 61. Investigation of the case is proceeding and the constable in jail custody. The S. D. O. Kurseong and the C. M. O. H. Darjeeling are enquiring into the conduct of the Medical Officer concerned.

[3-10—3-20 p.m.]

Shri Sunil Das : এই postmortem examination report-টার কোন বিবরণ দিতে পারেন কি ?

The Hon'ble Kali Pada Mookerjee :—আমার কাছে যে রিপোর্ট আছে তা থেকেই বলছি, it may be accidental or homicidal.

Shri Sunil Das : Injury কোথায় ছিল, body-র কোন অংশে, সেটা জানতে চাই।

The Hon'ble Kali Pada Mookerjee :—Postmortem examination report আমার কাছে নাই, relevant portion-টুকুই আছে।

Shri Sunil Das : আপনি জানেন কি injury কোথায় হয়েছিল, মাথায়, ঘাড়ে, না পিঠে ?

The Hon'ble Kali Pada Mookherjee : এর বেশী আমার কাছে কোন রিপোর্ট নাই।

Shri Sunil Das : হাসপাতালের medical officer সম্বন্ধে যে enquiry হয়েছিল তার result কি ?

The Hon'ble Kali Pada Mookerjee : আমি আগেই বলেছি S. D. O. and C. M O. of Darjeeling-এঁরাই দুজন joint report পাঠান Health department-এর কাছে, সে সম্বন্ধে আমি ওয়াকিবহাল নই।

Shri Sunil Das : তাঁরা কোন prelimiary report দিয়েছেন ?

The Hon'ble Kali Pada Mookerjee : আমি জানিনা, আমার কাছে কিছু পাঠাননি। Health department-এ পাঠাতে পারেন।

Shri Sunil Das : Police constable, Head constable ছিলেন, আর কোন police personal involved আছে ব'লে জানেন কি ?

The Hon'ble Kali Pada Mookerjee : এরকম কোন information আমার কাছে নাই।

Shri Jyoti Basu : ঐ Medical officer কি এখনও চাকরী করছেন, না suspended হয়েছেন ?

The Hon'ble Kali Pada Mookerjee : Police constable suspended হয়েছে, আরো investigation চলছে, investigation-এর পরে medical department will take necessary action.

Shri Jyoti Basu : *Medical department-এ খোঁজ নিয়েছিলেন এই* medical *officer সেখানে এখনো রয়েছে কিনা?*

The Hon'ble Kali Pada Mookerjee : খোঁজ নিইনি।

Shri Bhadra Bahadur Hamal : নারাণ তামাংকে ২০ বার মারা হয়েছিল এটা জানেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee : উনিশ বার না ২০ বার মারা হয়েছে এখবর আমি জানিনা।

Shri Bhadra Bahadur Hamal : হাসপাতালে admit না করার জন্য পুলিশ ডাক্তারকে বলেছিলো এটা জানেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee তাকে হাসপাতালে ভর্তি করার জন্যই পাঠান হয়েছিল।

Shri Bhadra Bahadur Hamal : কোন compensation দেবার কথা ভাবছেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee : Sub judice case নিষ্পত্তি হলে পর বিবেচনা করা হবে।

Shri Deo Prakash Rai : Is the Honourable Minister aware of the fact that the C. M. O, Darjeeling was contacted over the phone and he wanted Rs. 200/- as bribe ?

The Hon'ble Kali Pada Mookerjee : I know nothing about it.

Shri Deo Prakash Rai : Is he aware that ultimately he agreed to take Rs. 175 as bribe ?

The Hon'ble Kali Pada Mookerjee : That is not a fact.

Shri Deo Prakash Rai : The Honourable Minister does not want to hold the enquiry in view of the election ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : If it is a fact that ultimately a bride of Rs. 175 was given, he needs be very severely dealt with.

Shri Jyoti Basu : আপনি লক্ষ্য করেছেন কিনা কালিপদবাবু বলেছেন it is not a fact that he took Rs. 175/- from somebody as a bribe অথচ তিনি এই মাত্র বলেন যে, medical officer সম্পর্কে তিনি কিছু বলতে পারবেন না। Chief Minister বলেন if that is a fact he should be severely dealt with—এটা কি তিনি খোঁজ নিয়ে বলেছেন, না খোঁজ না নিয়ে বলেছেন?

The Hon'ble Kali Pada Mookerjee : There is nothing on record to show that he has taken bribe.

Shri Jyoti Basu : Medical report না দেখে আপনি কি করে বলেন হাসপাতালে Medical officer তাঁকে attend করেছিলেন কিনা—পাশের ঘরেই তো স্বাস্থ্যমন্ত্রী থাকেন, তাঁর কাছে আমাদের পুলিশ মন্ত্রী একটু খোঁজ নিতে পারলেন না—হাঁা, মশাই ঐ Hospital officer criminnal কাজ করেছেন কিনা, খোঁজ না নিয়ে তিনি জানলেন কি করে?

The Hon'ble Kali Pada Mookerjee : এরকম কোন record ত নাই, and no such complaint was forwarded to me.

Shri Sunil Das : Chief Minister এই মাত্র বললেন he will be severely dealt with, আমি আপনার মাধ্যমে Chief Minister-কে জিজ্ঞাসা করতে চাই would he enquire into the matter? On the statement which my honourable friend Shri Deo Prakash Rai has just now made, will he make an enquiry.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Not on the basis of a verbal report, but let him send a written report with certain evidence.

Shri Deo Prakash Rai : Is the Hon'ble Minister aware of the fact that the Medical Officer, Kurseong Hospital, remained untraced for about a week after the incident ?

The Hon'ble Kali Pada Mookerjee : I do not know anything about that.

Shri Deo Prakash Rai : May I request the Hon'ble Minister to make an enquiry into the matter ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : কালকে কিম্বা পরশু দেব।

Shri Bhadra Bahadur Hamal : এই enquiry করতে এত দেরী হচ্ছে কেন ?

Mr. Speaker : The question does not arise.

Shri Jyoti Basu : তাকে মারা হল কেন তার কোন রিপোর্ট আছে ?

The Hon'ble Kali Pada Mookerjee : কেন মেরেছে আমি জানি না।

Mr. Speaker : Should you go into details ?

Shri Jyoti Basu : আমি details এর মধ্যে যেতে চাইনি। আপনার বোধ হয় মনে আছে এই রকম একটা ব্যাপারে উত্তর দিতে গিয়ে তিনি অনেক details দিয়েছিলেন—নালন্দহেতে কৃষক মেয়েদের উপর পুলিশ rape করেছে—তার উপর তিনি অনেক কথা বলেছিলেন সেইজন্য আমি জিজ্ঞাসা করছি, কারণ এটা পুলিশের ব্যাপার কি না। কোন একটা ব্যাপার হলেই তাঁরা Communist-দের উপর দোষারোপ করেন।

Mr. Speaker : The Minister also should not say that.

Shri Jyoti Basu : আমি সেই কথাই বলছিলাম—কারণে অকারণে তাঁরা যেন কম্যুনিষ্টদের এভাবে আক্রমণ না করেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : There are two questions involved. One is the question of the conduct of the officer. We should enquire into it. The other is the actual crime that was committed. That, of course, will be decided by the court that will make the enquiry—we cannot do it. But certainly with regard to the conduct of the officer which has been mentioned just now, this should be enquired into.

Shri Jyoti Basu : আমি একটা question রাখছি যেটা এর থেকেই arise করে যদি investigation-এর পর prosecute করতে হয় তাহলে তার ভার local কাউকে দিচ্ছেন না বাইরের কাউকে দেবেন in view of the replies given by the Hon'ble Minister in charge and the attitude of the Minister.

The Hon'ble Kali Pada Mookerjee :

মার্ডার চার্জে প্রোসিডিংস ড্র করা হয়েছে।

Shri Jyoti Basu : কাকে দিয়া করান হবে—বাহিরে থেকে কেউ যাবেন কিনা সেখানকার পাবলিক প্রোসিকিউটারকে দিয়া করান হবে ?

The Hon'ble Kali Pada Mookerjee : পাবলিক প্রোসিকিউটার।

Shri Bhadra Bahadur Hamal : 4th June ১১টার সময় যদি হাসপাতালে অ্যাডমিট করতে তাহলে নারাণ তামাং মারা যেত না—একথা ঠিক কিনা ?

Mr. Speaker : That question does not arise.

3-20—3 30 p.m.

Shri Deo Prakash Rai : The Hon'ble Minister said in his reply that the S. D. O. Kurseong and the C. M. O. H. Darjeeling are investigating into this matter. Is it a fact that the C. M. O. H. has been transferred since ?

The Hon'ble Kali Pada Mookerjee : এখন এটা বলা সম্ভব নয়।

Shri Deo Prakash Rai : To help the Minister, let me say that the

C. M. O. H. has been transferred to a place somewhere in Birbhum. How w. the chain of investigation be maintained now?

Mr. Speaker: *You write to him, and he will let you know.*

The Hon'ble Kali Pada Mookerjee: *That concerns the Hea... Department.*

Dr. Hirendra Kumar Chattopadhyay Theirs is a collective responsibility. The Chief Minister can answer.

Shri Deo Prakash Rai: As the Chief Minister is participating in the question, may I know from him whether he has received any representation from any of the survivors of the deceased?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No.

Police firing at Sonadanga, Burdwan

5. (Admitted question No. *25.) **Shri Phakir Chandra Ray:** Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state if it is a fact that there was police firing at Sonadanga, police-station Monteswar in the Kalna subdivision, in the district of Burdwan on 19th. January, 19.. causing death of four persons?

The Hon'ble Kali Pada Mookeajee Yes.

Shri Phakir Chandra Ray: কি কারণে গুলি চালাতে বাধ্য হয়েছিল তা বলবেন কি?

Mr. Speaker. The matter is *sub-judice*.

Murder of one Madan Mohan Ghosh

7. (Admitted question No. 93.) **Shri Saroj Roy.** Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে—

(১) কেশপুর থানার অন্তর্গত ইউনিয়নের তোড়া গ্রামের শ্রীমদনমোহন ঘোষ নামক একটি যুবককে কে বা কাহারা গত ২৬এ জানুয়ারি, ১৯৬১ তারিখে রাত্রিবেলা অপহরণ করিয়া লইয়া যায়,

(২) ঐ শ্রীমদনমোহন ঘোষের মৃতদেহ কয়েক দিন পরে আবিষ্কার হয়; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি এ-বিষয়ে পুলিশ কোন তদন্ত করিয়াছে কিনা এবং কোন লোককে গ্রেপ্তার করিয়াছে কিনা?

The Hon'ble Kali Pada Mookerjee: (ক) (১) এবং (২) হাঁ। (খ) এ বিষয়ে পুলিশ তদন্ত করিতেছে। এবং এ পর্যন্ত একজন ব্যক্তিকে গ্রেপ্তার করিয়াছে।

Shri Saroj Roy: এ কথা কি সত্য যে, কোন একজন মহিলা পুলিশের কাছে কনফেশান দিয়েছিল ৪ জন সম্পর্কে, কিন্তু যে মার্ডার করেছে তাকে গ্রেপ্তার করা হয়নি?

The Hon'ble Kali Pada Mookerjee: আমার যে রিপোর্ট আছে তাতে দেখা যাচ্ছে একটা গণিকাদের দিয়েছিল—a woman of questionable character.

Mr. Speaker: You are making a statement about certain facts which are still being enquired into by the Court. You cannot do that.

Shri Saroj Roy: মন্ত্রী মহাশয় জানাবেন কি যে একজনকে নিয়ে যাবার পর পুলিশ যাদের সম্পর্কে কনফেশন দিয়েছিলেন সেই রকম লোকদের অ্যারেষ্ট করা হয়েছে কিনা?

The Hon'ble Kali Pada Mookerjee: কয়েকজন ফেরার আসামী আছে তাদের তল্লাসী করা হচ্ছে।

Shri Saroj Roy : মন্ত্রীমহাশয় জানাবেন কি যে এই মার্ডার সম্পর্কে লোকাল পুলিশের তরফ থেকে কোন রকম এনকোয়ারী করা হয়েছে কিনা?

The Hon'ble Kali Pada Mookerjee—মার্ডার চার্জ হলে সেটা লোকাল পুলিশের উপর থাকে না—ডিষ্ট্রিক্ট-এর সেন্ট্রাল পুল থেকে অফিসার নিয়ে ইন্‌ভেষ্টিগেশন করে।

Shri Saroj Roy : মন্ত্রীমহাশয় জানাবেন কি যে, যাদের সম্পর্কে কন্‌ফেশন দেওয়া হয়েছিল তাদের অ্যারেষ্ট করা সম্পর্কে সেন্ট্রাল পুল থেকে কতখানি করা হয়েছে?

The Hon'ble Kali Pada Mookerjee : জানা নেই।

Shri Ajit Kumar Ganguli : যে লোককে গেপ্তার করা হয়েছে তার নাম মন্ত্রীমহাশয় জানেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee : সতিশ নামকই; ভিলেজ, তোপড়া।

Shri Ajit Kumar Ganguli : যে ৪ জনের সম্পর্কে মহিলাটি বলেছিলেন তাদের নাম জানেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee : তাদের মধ্যে ২ জন ফেরার আছে—তবে তাদের নাম জানা নেই।

Double-member Assembly constituencies

8 (Admitted question No. [illegible]) **Shri Basanta Kumar Panda** (a) Will the Hon'ble Minister in charge of the Home (Constitution and Elections) Department be pleased to state if it is a fact that the Election Commission has approached the State Government asking for any proposal or opinion for Division of double-member Assembly constituencies in the State of West Bengal?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) if this Government has submitted any suggestion to the Election Commission in this respect,

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, I beg to present the Report of the Public Accounts Committee on the Appropriation and Finance Accounts for 1955-56 and 1 56-57 and Audit Reports thereon.

GOVERNMENT BILL

The West Bengal Shops and Establishments Bill. 1961

[3-40—3-50 p.m.]

The Hon'ble Abdus Sattar : Sir, I beg to introduce the West Bengal Shops and Establishments Bill, 1961.

(Secretary then read the short title of the Bill)

The Hon'ble Abdus Sattar : Sir, I beg to move that the West Bengal Shops and Establishments Bill, 1961, be taken into consideration.

অধ্যক্ষ মহাশয়, আজ থেকে ২০ বছর পূর্বে ১৯৪০ সালে এই আইন প্রথম চালু হয়েছিল। তারপর ২০ বছর পার হয়ে গেছে, এই ২০ বছরের মধ্যে অনেক পরিবর্তন ঘটেছে। এই সময়ের মধ্যে শ্রমিক আন্দোলন ট্রেড ইউনিয়ন আন্দোলন বিস্তৃতি লাভ করেছে এবং বহু শ্রমিক কল্যাণ আইন পাশ হয়েছে, শ্রমিকদের নানারকম কল্যাণ সাধন হয়েছে। সেই সঙ্গে সঙ্গে শুধু বহু সহস্র নয় কয়েক লক্ষ যে দোকান কর্মচারী আছে তাদের মধ্যে একটা নতুন জাগরণ দেখা দিয়েছে। গত ৫ বছর ধরে তারা দাবি করে এসেছে যে এই পুরাতন আইনের বহু সংশোধন আবশ্যক এবং

যুগোপযোগীভাবে তাকে প্রনয়ণ করে কিছু কিছু নতুন ধারা সন্নিবেশ করা উচিত। সরকার থেকেও এটা অনুভব করা হয়েছিল। এই ২০ বছরের মধ্যে আইন চালু করতে গিয়ে দেখা গেল যে বহু অসুবিধার সৃষ্টি হয়েছে, অনেক সহজ সরল কথা যা ছিল তা জটিল হয়েছে। এইজন্য সংশোধনের কার্য আরম্ভ করা হয়। সংশোধন করতে গিয়ে দেখা গেল এর এমন অনেক সংশোধন করতে হবে যে তাতে জটিল অবস্থার সৃষ্টি হবে এবং সহজকে আরও কঠিনভাবে গ্রহণ করতে হবে। সেইজন্য আমরা ঠিক করি যে নতুন করে আইনটাকে প্রনয়ণ করা হোক। এই আইন যখন প্রনয়ণ করা হয় তখন সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে একটা মডেল আইন পাঠান হয়েছিল এবং তা করবার সময় আমরা অন্যান্য প্রদেশের যেসব আইন আছে সেগুলিকে আনিয়েছিলাম। আমরা পরীক্ষা করে দেখেছি যে এই আইন একেবারে সম্পূর্ণ নতুন নয়। আগেই বলেছি পুরাতন যা ছিল তার উপর এটা করা হয়েছে। সবাই জানেন যে দোকান খোলার এবং বন্ধ করবার যে সময় নির্দিষ্ট আছে সেটা নতুনভাবে করা হয়েছে। পুরাতন আইনে আছে সকাল ৮টা থেকে রাত্রি ৮টা পর্যন্ত দোকান খোলা থাকবে, তারপর বন্ধ করতে হবে। ১॥ দিনের যে ছুটির ব্যবস্থা পুরাতন আইনে আছে নতুন আইনেও তা করা হচ্ছে। এই ১॥ দিনের একটা ব্যাখ্যা করা হয়েছে। যখন ১॥ দিন ছুটির ব্যবস্থা করা হয়েছিল তখন এই সভায় বসে যাঁরা আইন প্রনয়ণ করেছিলেন তাঁরা ভাবেননি যে ১॥ দিনের মানে আবার অন্যরকম হয়ে যাবে। দেখতে পাওয়া গেল কোথাও বলা নেই যে ছুটি ১॥ দিন পরপর হবে, সেখানে দোকানদার তার সুবিধা মত আজকে ১ দিন ছুটি দিল, আবার ৩ দিন বাদ দিয়ে ½ দিন ছুটি দিল। কোর্টে গিয়ে দেখা গেল দোকানদারের যে ব্যাখ্যা সেই ব্যাখ্যাকে ভুল বলা চলেনা। সেইজন্য এই আইনের সংশোধন আবশ্যক হল এবং নতুন আইনে এই সম্বন্ধে যাতে আর কোনরকম ভবিষ্যতে গোলযোগ উঠতে না পারে সেইজন্য বলে দেওয়া হয়েছে ১ দিন যে দিনটা ছুটি হবে ঠিক তার পরের দিন কিংবা তার পূর্বের দিনের বৈকাল বেলা ছুটি দিতে হবে। এই গোলযোগটা তাতে পরিষ্কার করবার চেষ্টা করেছি। আর একটা কথা আছে সেটা হচ্ছে আমরা দেখেছি যে দোকানে যারা বছরের পর বছর কাজ করছে তাদের চাকরীর স্থায়ীত্ব নেই, এমনকি তারা যে এই দোকানে কাজ করে তা প্রমাণ করবার কিছু থাকেনা এবং আমি দেখেছি বছরে ১ দিন সেই কর্মচারীদের স্বেচ্ছায় পদত্যাগপত্র লিখে দিতে হয় কিন্তু তার পরের দিন ঠিক তারা কাজ পায়। আসলে কার্যতঃ কর্মচ্যুতি ১ দিনও হয় না, কিন্তু কাগজে কলমে করে রাখা হয় পাছে তারা অন্য কিছু দাবী করে বসে। আজকে এখানকার শ্রমিকদের যাতে কাজের নিশ্চয়তা, "সিকিউরিটি অব সার্ভিস" থাকে তার চেষ্টা এই আইনে করা হয়েছে। সেখানে সার্ভিস বুক করতে আমরা বলেছি যেটা আগে ছিল না। দোকান রেজেষ্ট্রি করতে বলা হয়েছে এবং রেজিষ্ট্রি করার সময় দোকানে কতগুলি লোক কাজ করে, কি নাম ধাম, দোকানের ঠিকানা প্রভৃতি খবর দিতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি বোধহয় জানেন যে আমাদের লেবার ডিপার্টমেন্ট থেকে কর্মচারীরা ইনফরমেশানের জন্য যখন বড়বাজার এলাকায় যায় তখন সেখানে এমন অনেক হোল্ডিং আছে যার নম্বর নিজে থেকে খুঁজে বের করা খুব মুস্কিল হয়। এমন অনেক হোল্ডিং বলে দেওয়া হয় যে তারা খুঁজে পায় না। সেজন্য রেজিষ্ট্রেশানের সময় দোকানের ঠিকানা দিতে বলা হয়েছে। দোকানের মালিকের আগেকার আইনের ব্যাখ্যাতে ২।৩ রকম ইন্টারপ্রিটেশান হত, ম্যানেজারকে ওনার বলা হত না। যদি সত্যিকারের মালিক দোকানে বসে থাকে আর কর্মচারীরা আইন ভঙ্গ করে তাহলে তিনি আইনের আওতায় আসবেন কিন্তু ম্যানেজারের উপস্থিতিতে যদি ভঙ্গ করে তাহলে তিনি আইনের আওতায় আসবেন না। দোকানের মালিক বলতে কাকে কাকে বোঝায় তার ব্যাখ্যা করে দিয়েছি। সেখানে ম্যানেজার হোক বা ওনার হোক তাঁরা আইনের আওতায় পড়বেন।

এখানে আর একটা জিনিস - সাধারণভাবে ফ্যাক্টরী আইনে যে ষ্ট্যাণ্ডিং অর্ডার থাকে এখানে সে ষ্ট্যাণ্ডিং অর্ডার করা যায় না এবং ষ্ট্যাণ্ডিং অর্ডারের কোন বিধান রাখিনি। কিন্তু একজনের চাকরী টার্মিনেট করতে গেলে তাকে নোটিশ দিতে হবে, এই সমস্ত বিধান করা হয়েছে যেটা ফ্যাক্টরীর ষ্ট্যাণ্ডিং অর্ডার থাকে। তারপরে রিট্রেনচমেন্ট বেনিফিটের প্রভিসন আছে—রিট্রেনচমেন্ট যদি

রেফট করে তাহলে ইণ্ডাষ্ট্রীয়াল ডিসপিউট য়্যাকট অনুসারে অন্যান্য শ্রমিকদের যে বেনিফিট পাবার কথা আছে এখানে তা হবে। এখানে সিকিউরিটি অব সার্ভিসের দিকে লক্ষ্য রেখে এই বিধান করা হয়েছে। তারপরে পেমেণ্ট অব ওয়েজেস য়্যাকট আমরা এর মধ্যে এনেছি, অর্থাৎ দোকান কর্মচারীরা পেমেণ্ট অব ওয়েজেস য়্যাকটের আওতায় পড়বে। অনেক সময় দেখা যায় কোন তারিখ নেই,কোনদিন নেই কবে বেতন দেওয়া হবে এবং বেতন না দিলে তা আদায় করবার কোন রকম ব্যবস্থা নেই। এখন যদি পেমেণ্ট অব ওয়েজেস য়্যাকটের আওতায় আসে তাহলে আমরা তাদের বেতন আদায় করতে পারবো এবং বেতন না দিলে পর আইনসঙ্গত যে ব্যবস্থা আছে তা করা যেতে পারবে। আরও একটা জিনিস করা হয়েছে—কর্মচারীদের মধ্যে আমরা দেখতে পাচ্ছি যে ছোট ছোট ছেলে নিয়োগ করা হয়, মেয়েদের কাজ দেয়া হয়। আমরা সেখানে একটা বয়স ঠিক করে দিয়েছি এবং এটাও ঠিক করেছি যে রাত্রি ৮টার পর কোন নারী কর্মীকে বা কিশোর যাদের বলা হয় তাদের কাজে রাখা যাবে না। এই সমস্ত বিধান পুরানো আইনে ছিল না কিন্তু প্রথমে দুটো যে কথা আছে, যে দুটো জিনিস জনসাধারণ লক্ষ্য করে দোকান খোলা বা বন্ধ করার সময় বা ১।৷ দিন ছুটি এটা নূতন নয়। আমরা অন্যান্য প্রদেশের আইন এনেছি। অন্যান্য প্রদেশে আমরা দেখেছি সেখানে সপ্তাহে একদিন ছুটির ব্যবস্থা আছে। আমাদের এখানে পুরানো আইনে দেড় দিন ছিল, এখনও দেড় দিন রাখা হয়েছে। এখানে সীক লিভের ব্যবস্থা করা হয়েছে। মাদ্রাজে এক সপ্তাহ সীক লিভ দেওয়া হয় সেখানে পুরো মজুরী দেওয়া হয়। আমরা এখানে ১৪ দিন সীক লিভের ব্যবস্থা করেছি এবং হাফ্ পে-এর ব্যবস্থা করা হয়েছে। কাজেই আমি এটুকু বলতে চাচ্ছি, এই যে আইন আমরা করেছি একেবারে খুব যে মহাবিপ্লব করা হয়েছে, আকাশ ভেঙ্গে পড়ছে এমন কিছু আশংকা করবার কারণ নেই। তিন দিকে লক্ষ্য রেখে এই আইনকে প্রনয়ণ করতে হয়েছে। অনেক ছোট ছোট দোকানদার আছে, বড় বড় দোকানদার আছে এবং দেশের খরিদ্দার আছে—সকলের স্বার্থের দিকে তাকিয়ে এই আইনকে কার্যকরী করার দিকে যতটা সাহায্য করা যায় সেদিকে লক্ষ্য রাখা হয়েছে। আজকের দিনে এই দোকান-কর্মচারী যাদের সংখ্যা কয়েক লক্ষ হবে তাদের সুযোগ সুবিধার জন্য এই আইন করা হয়েছে। আমি মনে করি যে এর পেছনে প্রচণ্ড জনমত আছে। আমাদের কাছে প্রতিদিন চিঠি আসে কবে এই আইন চালু হবে, বিধানসভার এই অধিবেশনে এটা আছে কিনা এই সমস্ত ব্যাপারে।

[3-50—4 p. m.]

কাজেই আমি একথা বলতে পারি যে দোকানকর্মচারীদের সম্বন্ধে যে জনমত আছে, সেই জনমতকে স্বীকার করে নিয়ে আমরা এই আইন প্রনয়ণ করেছি। এখানেতে আমি আর দীর্ঘ বক্তৃতা করতে চাই না। আলোচনা প্রসঙ্গে যদি কোন নূতন কথার অবতারণা করা হয়, তাহলে তার জবাব তখন দেব। তবে শেষ করবার আগে শুধু এইটুকু বলতে চাই এই আইনটি বহু আকাঙ্ক্ষিত, বহু প্রতীক্ষিত। আমি ব্যক্তিগতভাবে এই বিলটি উত্থাপন করতে খুব আনন্দবোধ করছি ; আরো আনন্দ বোধ করবো যখন বিলটি আইনে পরিণত হয়ে পশ্চিমবঙ্গের সর্বত্র চালু হবে। এই আইনের চাহিদা আছে। এ আইন যখন তৈরী হয়—তখন কলকাতা সহরে, হাওড়া সহরে ও কয়েকটি মিউনিসিপ্যাল সহরে চালু হয়েছিল। এখন কিন্তু সর্বত্র আইনটি চালু করবার চাহিদা আসছে ; গ্রামে গ্রামে এই আইন চালু করবার জন্য আমরা বলছি। বিরোধী-পক্ষের বন্ধুরাও তা চান ; আর এপক্ষে যাঁরা বসে আছেন তাঁরাও এসে বলেন তারকেশ্বরে ও জামালপুরে এই আইন চালু করা হোক্, এখানে চালু করা হোক্, ওখানে চালু করা হোক্, আজ সর্বত্র যদি এই আইন চালু করতে হয়, নূতন করে সময় এসেছে, যতটুকু সম্ভব সংশোধন করে

যুগোপযোগী করে এই আইন আমরা চালু করতে চাই, তা আমি বলতে চাই না—তবে যতটুকু সম্ভবপর মানুষের সাধারণ বুদ্ধিতে আসে ত্রুটী শূন্য করতে পারা যায়—বিশেষ করে সেই সমস্ত বিষয়গুলো, যে সমস্তগুলো অতীতে আদালতে গিয়ে ঠেকে গেছি, তাই চেষ্টা করেছি। আজকে যেমন বললাম—ম্যানেজারকে আইনের আওতায় আনতে পারিনি—ভুল ঠিকানার জন্য তা পারিনি। Payment of wages না দেওয়ার জন্য অনেক শ্রমিক আনতে পারেনি। অতীতে যে সমস্ত অভিজ্ঞতা হয়েছে, তার উপর ভিত্তি করে এই আইন প্রনয়ণ করা হয়েছে। আমি একান্তভাবে আশাকরি এই আইন সভাকক্ষের কাছ থেকে সকলকার সমর্থন পাব।

Dr. Ranendra Nath Sen :

মিষ্টার স্পীকার স্যার, এই বিলটি সম্পর্কে আমি কয়েকটি কথা এখানে উপস্থিত করছি। এই বিলটিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ কয়েকটি বিষয় সম্পর্কে কতকগুলি ধারা সংযোজিত হয়েছে। এই বিলের ফলে পশ্চিমবাংলার প্রায় কয়েক লক্ষ লোকের জীবনে কিছু হয়ত পরিবর্তন আসবে—এই কথা মনে করে মাননীয় শ্রমমন্ত্রী বিলটি উত্থাপন করেছেন এবং বক্তৃতায়ও বলেছেন। এখন আমাদের দেশের যাঁরা দোকানকর্মচারীদের জীবন সম্পর্কে জানেন,—আমরা প্রায় সকলেই জানি, তাঁরা নিশ্চয়ই বলবেন যে খুব ভাল একটা বিল এদের সম্পর্কে আসা দরকার—যাতে কর্মচারীদের জীবনে সত্যিকার উন্নতি হতে পারে। এ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকার কিছুটা অগ্রসর হয়েছেন এবং তাঁরা নিজেরা, যাঁরা ট্রেড্ ইউনিয়নের সঙ্গে সংশ্লিষ্ট, তাঁদের সঙ্গে পরামর্শ করবার চেষ্টা করছেন এবং বিধানসভার সভ্যদের সঙ্গেও পরামর্শ করবার চেষ্টা করেছেন। সেদিক থেকে এই বিলের বিরোধিতা করার কোন প্রশ্ন আমার বক্তৃতার মধ্যে আনছি না। আমি শুধু দেখাব এই বিলটি আরো কত কি ভাবে উন্নত করা যেতে পারতো। আমি আশাকরি আজ ও কালকের মধ্যে এই বিলের আলোচনা শেষ হয়ে যাবে না, পরবর্তী এসেম্ব্লী অধিবেশনে নিশ্চয়ই এই বিলটা উঠবে। ইতিমধ্যে এ নিয়ে ঘরোয়াভাবে আলোচনা হতে পারে, সরকার পক্ষও শুনবেন, আমাদের এ পক্ষও শুনবেন। এই ঘরোয়া আলোচনার ভেতর দিয়ে যাতে ভাল উন্নতি হয়, সেটাই বাঞ্ছনীয়।

এখন আমাদের দেশে এই বিল যাদের স্পর্শ করবে, তারা কারা? এখান থেকে সুরু করি—প্রথম হচ্ছে খুব ছোট ছোট ব্যবসাদার থেকে নিয়ে অত্যন্ত বড় বড় ব্যবসাদার। প্রথমতঃ মালিক যাদের বলা হয়, দোকানী বলা হয়, যাই হোক—সেই রকমের লোকেরা এই বিলের আওতায় এসে যাবে। দ্বিতীয়তঃ অনেক লোক—যাদের অধিকাংশ অত্যন্ত দরিদ্র, তাদের এতদিন পর্য্যন্ত বাঁচবার উপায় ছিল না, সেই রকম কয়েক লক্ষ কর্মচারী তারা এর আওতায় এসে যাবে। এখন আমাদের দেশের অর্থনীতির দিকে তাকিয়ে এই সমস্ত ব্যাপারে আমরা কি ভাবে অগ্রসর হতে পারি, সেটা একটু বিবেচনা করতে হবে। যেটা আমার আশঙ্কা হচ্ছে সেটা এই বিলে খুব স্পষ্ট করে ফুটে ওঠেনি। আমি ট্রেড্ ইউনিয়ন আন্দোলন করি, মুখ্যত কর্মচারী, শ্রমিকদের স্বার্থ দেখি, এখানেও, এই বিলে তাই দেখতে পাবো আশা করে ছিলাম। আমি একটা প্রশ্নকরি ধরুন একজন সাধারণ দোকানদার তাঁর দোকানে একজন কর্মচারী নিয়োগ করলেন। এখন তার সঙ্গে আর কমলালয় ষ্টোর, কিম্বা বড়বাজারের একটা বড় দোকান, এর সঙ্গে কি সেটা সমান ভাবে বিচার করতে পারি; না, করা উচিত। সেটা একটা সামাজিক প্রশ্ন। তাহলে আমাদের এখানে বিবেচনা করতে হবে আমরা কি করবো। বিড়লার কারখানায় কিম্বা ডালমিয়ার কারখানায় আমরা ট্রেড্ ইউনিয়ন আন্দোলন করি, এবং সেখানকার শ্রমিকদের যে দাবী, ঠিক সেই রকম দাবী একটা সাধারণ ঢালাইয়ের কারখানায় চলে কি না। সেটা বিচার্য। এখানে প্রশ্ন হচ্ছে—আমাদের সমাজের একজন দরিদ্র দোকানদার, সে তার দোকানে একজন লোককে কোন প্রকারে নিয়োগ করে, আর তার সঙ্গে বড় দোকানদার, যে ১০।১৫।২০।১০০ জন

কর্মচারীকে নিয়োগ করেন, যেমন commercial establishment, অথবা সিনেমা, তাদের কি হবে! সুতরাং এটা বিবেচনা করার কথা। এ সম্বন্ধে এই বিলের মধ্য দিয়ে কি ব্যবস্থা হবে, তা গভর্ণমেণ্টকে বলে দিতে হবে। আমার দ্বিতীয় কথা হচ্ছে এই বিলে কর্মচারীদের সম্পর্কে আরও অনেকগুলি ভাল ব্যবস্থা করা যেতে পারত। আমি তার কয়েকটি উদাহরণ দেবো, তাহলে মন্ত্রীমহাশয় বুঝতে পারবেন। ধরুন আমি একটা বলি—এই বিলে 'youngman' বলে কথা ব্যবহার করা হয়েছে। অর্থাৎ ১২ বছর বয়স হলে পর, সেই ছেলেকে কাজে নিয়োগ করতে পারবেন। এখন এই যদি হয়, তাহলে আমি বলবো শিশুশ্রমিককে শোষণ করবার জন্ম একটা ব্যবস্থা করা হচ্ছে। আমি ধারণা করতে পারছি না ১২ বছরের ছেলেকে দোকানে নিয়োগ করবে, এই ব্যবস্থা গভর্ণমেণ্ট কেন করলেন! তাঁরা যে সংজ্ঞা দিয়েছেন তার ফলে হচ্ছে—১২ বছর বয়স্ক যে কোন ছেলেকে দোকানে নিয়োগ করা যেতে পারে। এটা গভর্ণমেণ্টের পক্ষে আমি বলি যেমন কলঙ্কজনক, তেমনি এটা আমাদের দেশের পক্ষেও কলঙ্ক। আমরা জানি বহু চায়ের দোকানে, restaurant-এ বা সাধারণ দোকানে ১০।১২।১৪ বছরের ছেলেকে কাজে লাগান হয়, এবং তাদের উপর মার-ধর নানা রকম অত্যাচার চলে। আমি মনে করি এই আইনে সেটা বন্ধ করা দরকার এবং আরও একটু বেশী বয়স্ক লোকদের রাখার ব্যবস্থা করা উচিত। আমাদের যদি কল্যাণ রাষ্ট্র হয়—তাহলে তাদের শিক্ষার ব্যবস্থা করতে হবে এবং তাদের দারিদ্র্য দূর করতে হবে।

এক রকম ভাত, রুটির হোটেল বা restaurant আছে, যেখানে ৮।১০ বছরের ছেলেদের দিয়ে কাজ করান হয়, এবং তাদের উপর মার-ধর, নানা প্রকার অত্যাচার চলে, ফলে তাদের জীবনধারণ করা দুঃসহ হয়ে ওঠে। এখন থেকে যখন গভর্ণমেণ্টের তরফ থেকে একটা আইন প্রবর্তন করতে যাচ্ছেন, তখন তাদের সম্বন্ধে কেন ভাবছেন না? এ সম্বন্ধে গভীর ভাবে চিন্তা করে একটা ব্যবস্থা করুন। আমরা যখন সংশোধনী প্রস্তাব দেবো, তখন আমরা আশা করবো সরকার পক্ষ আমাদের সঙ্গে আলোচনা করবেন। কি ভাবে সেটা করা যায় এই সম্পর্কে একটু ভাববার প্রয়োজন আছে, এবং সেটা সকলে মিলে ভেবে ঠিক করা উচিত।

দ্বিতীয় নম্বর হল, আমাদের একটা সভা হয়েছিল, সেই সভা Joint Secretary, Labour Department ডেকে ছিলেন। আমি এখানে মুক্ত কণ্ঠে স্বীকার করবো—সেখানে যখন সিটিং চলছিল, তাঁরা আমাদের কাছ থেকে কতকগুলি বিষয় পরামর্শ চেয়ে ছিলেন; কিন্তু, আমরা ভাল ভাবে তৈরী ছিলাম না বলে, পরামর্শ দিতে পারিনি। এখনও এটা তৈরী হয়নি। যেমন ধরুন—তাদের কাজের ঘণ্টা, সময় সম্বন্ধে। আমরা একদিকে যেমন বললাম শ্রমিকদের মাইনে ও বোনাস সম্পর্কে, তেমনি অন্যদিকে শ্রমিক-কর্মচারীদের স্বার্থের দিক থেকে, কাজের ঘণ্টার দিক দিয়ে এই যে ওঁরা ব্যবস্থা করেছেন, আমি সেই ব্যবস্থার কথাটা বলছি।

[4—4-10 p. m.]

এই যে ৫ নম্বর ধারাতে This Act shall not apply to…বলে কতকগুলি বলেছেন তার মধ্যে 5 (1) (d)-তে বলেছেন shops or stalls in any public fairs or bazars held for a charitable purpose. মানে কি? Charitable purpose বললে তো অনেক কিছু বোঝায়। সেখানে কর্মচারীদের স্বার্থ দেখবেন না। অর্থাৎ রয়েছে—(e) Stalls and refreshment rooms at railway stations, docks, wharves and airports. এদের বাদ দিয়ে দেওয়া হবে কেন? যুক্তি সঙ্গত কারণ নাই। তারপর ৫ (২)-তে যে সমস্ত exemption-এর কথা বলা হয়েছে এ যদি তিনি বলতেন opening and closing hours যেমন আইনে বলেছে, সেটা সম্পর্কে কেন exemption হবে কিংবা হতে পারে না, অন্য গুলির ব্যাপারে হবে না—তাহলে

বুঝতাম। এখানে হচ্ছে Any provision of this bill-এটা লঙ্ঘন করা যেতে পারে। তার কাজের ঘণ্টা সম্পর্কে করা যেতে পারে ছোট ছোট বিষয়ে যেতে পারে। সমস্ত Govt.-এর হাতে রেখেছেন কেন? পুরো List (a) to (m) পর্যন্ত clubs, residential hotels and boarding houses. সেখানে কর্মচারী বা চাকুরি করছে তার কোন protection থাকবেনা তাহলে কেন এই ব্যবস্থা, তারপর ধরুন shops dealing mainly in supplies, stores, or other articles necessary for shops. এটা কেন থাকবে, এ exemption করার অধিকার কেন দিচ্ছেন? Government যদি এ রকম বলেন ২৪ ঘণ্টা চলতে থাকবে তাহলে সেই ব্যবস্থা হোক, কর্মচারী বিনিময় হোক্। তার বাইরে যদি overtime করতে বাধ্য হয় তাহলে এই ব্যবস্থা করা হোক্ কিন্তু Government অধিকার নিচ্ছেন কেন exemption-এর, সে জন্য আমি মনে করি এ জিনিস করা ঠিক হবে না।

তারপর দু একটি জিনিস বুঝতে পারিনি, উল্লেখ করছি। 6 (1) B-তে যে provision দেওয়া আছে, সেটার মানেটা কি? সেটা ধরা গেলনা। সাত নম্বর, সেরকম 8 (1) provision মাস্তার সাহেব দেখে নেবেন Provided that-এগুলি পরিষ্কার হয়নি। যাই হোক দ্বিতীয় কথা হল working hours। আমি মনে করি যেখানে দোকান খোলার কথা বলা হচ্ছে, আমার মনে হচ্ছে সকাল ৮ টা থেকে রাত ৮ টার কথা, আমার মনে হয় সেখানে ৮ টা না হয়ে সন্ধ্যা ৭ টা হতে পারে না? এখানে একটা প্রশ্ন উঠেছিল, এবং আমিও বুঝি—বলতে বাধ্য যে লোক অফিস থেকে কাছারী থেকে যাবে কখন সময় পাবে হাট বাজার করবার? কিন্তু যে দোকান কর্মচারী মনে করুন ব্যাণ্ডেল কিংবা শ্রীরামপুর কিংবা উত্তরপাড়া থেকে আসে সকালে দোকানে হাজিরা দেয়, তারা দোকান বন্ধকরে বাড়ী ফিরে যেতে কত রাত হয় চিন্তা করুন, তাদের কি কোন সামাজিক জীবন থাকবে না? শুধু তাই নয় স্থানীয় সপ্তাহে ১৷৷০ দিন বন্ধ থাকলে অসুবিধা হলেও অভ্যস্ত হয়ে যাচ্ছে। ইয়োরোপে দেখেছি সেখানে সন্ধ্যা ৬ টা থেকে দোকান বন্ধ হয়। সেখানে কি প্রশ্ন উঠেছে office-থেকে কাছারী থেকে দোকানে যেতে পারে না। সুতরাং এই যে দোকান কর্মচারী দূর থেকে আসে, শ্রীরামপুর কিংবা ঐ রকম জায়গা থেকে আসে—তাদের দোকান ৮ টায় বন্ধ হলে বেরোতে বেরোতে ৯ টা তারপর বাড়ী যাবে কখন? সুতরাং এই প্রশ্ন বিচার করার প্রয়োজন আছে। তাই এদিকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

আর এই দিক দিয়ে মাস্তার সাহেবের আমি দৃষ্টি আকর্ষণ করছি। সুতরাং এখানে বলা হয়েছে ৯ ঘণ্টা। কিন্তু এখানে কথা হচ্ছে ৮ ঘণ্টা হবে না কেন। সমস্ত পৃথিবীর Trade Union আজকে কাজের ঘণ্টা কমাবার কথা বলছে এবং সভ্য সমাজ এই দিকে দৃষ্টি রেখে অগ্রসর হচ্ছে। সুতরাং সে দিক দিয়েও কাজের ঘণ্টা কমিয়ে সেই রকম সুবিধাজনক পরিস্থিতির সৃষ্টি করতে হবে। এখানে আমার আরো দু'একটা বিষয়ের প্রতি চোখ পড়ছে, যেমন ৭ (৩) (a), ৭ ঘণ্টা কাজ করার পর একঘণ্টা interval, আর ৫ ঘণ্টা কাজ করার পর আধঘণ্টা rest। আমার ধারণা এই সব পুজাপার্বন, এই সমস্ত ব্যাপারে ছেড়ে দিলেও সে সময় rush থাকে সে সময় সেটা হতে পারে। কিন্তু আমার কথা হচ্ছে একটা লোক কি ৭ ঘণ্টা এক নাগাড়ে কাজ করতে পারে? তা যদি করে তাহলে সে দামে ভুল করবে, হিসাবে ভুল করবে এবং তার জন্য তার জরিমানা হবে। সেইজন্য Government-র বোঝা উচিত যে এটা ৭ ঘণ্টা হতে পারে না। যেমন ধরুন সিনেমা-কর্মচারী, আমার অন্যান্য বন্ধুরা যাঁরা এখানে আছেন তাঁরাও এ সম্বন্ধে বলবেন, তাদের spread over-এর প্রশ্ন নেই। কারণ তাদের বাঁধা সময়। অমুক সময় সিনেমা আরম্ভ হয়, অমুক সময় শেষ হয়। কাজেই সেখানে spread over-এর প্রশ্ন নয়। তবে যদি বেশী কাজ করে—তাহলে সেখানে over time দেবেন। এখানে over time-এর rate হচ্ছে দেড়গুণ। কিন্তু আমি দেখেছি, বাংলাদেশের বাইরে, কোন কোন জায়গায় over time-র rate হচ্ছে double।

তাহলে এখানে overtime-এর rate double হবে না কেন। তারপর ধরুন আরো একটা প্রশ্ন রয়েছে, Gratuity এর প্রশ্ন। এই Gratuity-র প্রশ্ন কেন এই বিলে নেই। আমি বুঝি, যে দোকানদার একজন কর্মচারী বিনিয়োগ করে তার পক্ষে এ নিয়ম মানা নাও সম্ভব হতে পারে কিন্তু ধরুন Bengal Stores। সেটা বিড়লার দোকান, তাদের কর্মচারীদের জন্য gratuity-র ব্যবস্থা হবে না কেন? সুতরাং gratuity-র ব্যবস্থা এই বিলে আনা দরকার। ছুটি ছাটার ব্যাপারে আমি বলছি, ছুটি-ছাটা বেঁধে দিয়েছেন Privilege leave এবং Sick leave; Privilege leave ২১ দিন হতে পারে এবং Sick leave ১৪ দিন half pay-তে, এই Sick leave full pay-তে করতে পারেন। এর মধ্যে দিয়ে যাতে কর্মচারীদের সত্যই অবস্থার উন্নতি হয় তা করতে হবে। এই বিলের বিরোধীতার জন্য আমি এই কথা বলছিনা, যাতে এই সম্বন্ধে ভালভাবে আলোচনা হয়, তার জন্য বলছি। কারণ এই বিল কালও শেষ হবে না।

[4·10—4·20 p.m.]

Shri Panchanan Bhattacharjee : I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1961.

My reading of the Bill in between the lines has convinced me that it will make matters more complicated and invite many more petitions under article 226 of the Indian Constitution. The Labour Department certainly knows that the Bill is purported to affect at least twenty per cent of the population, because in occupational evaluation shop-keeping or working in establishments come second only to agricultural pursuit. There is a model and that model could have been gainfully folowed. It is to be found in the Bombay Act.

The number lacunae I am pointing out, I hope, will be properly considered by the Labour Minister. In the definitions we find that "commercial establishment" means a concern or undertaking in which is conducted the business of a clerical department of a factory. In a number of factories, I know, the clerical department is connected with the manufacturing process. The people working there get the benefit of the Factories' Act. Similarly, in the question of payment of overtime in Calcutta many commercial establishments pay overtime at double rate or even at higher rates. This Act will deprive these gentlemen of what they are getting. We find that in a shop there is no other person employed. If the shopkeeper himself, his son, his wife and his daughter work, that will not com under the purview of this Act. That is all right but that will create a camouflage for others. Categories of workmen have been defined, but we do not find what will happen to the large number of porters working in Calcutta. Again, in section 5 we see this Act shall not apply to certain establishments. Motor service is a dangerous thing. There are so many motor garages in Calcutta, motor repairing shops in railway service, water transport service, tramway or motor service, etc.—all these have not been clarified by the Act itself. Perhaps the rules will make the position clear.

Then I refer to the supply of power. That is a more dangerous thing. I know there are a numer of sub-stations, as for example, the Bongaon Electric Supply Company, the Naihati Electric Supply Company and others. They purchase electric current from generating stations. They cater electric current to meet the needs of the people of the locality concerned. But the workmen employed by them neither do come under the Factories Act, nor under the Electricity Act, nor under the Electricity Act, nor under the Shops and Establishment Act. Sir, this Bill will not give any benefit to them.

Then we find—"The State Government, if it thinks fit to do so in the public interest, may, by notification, exempt from the operation of any of the provisions

of this Act, any class or classes of shops or establishment of the following description, namely :—

Public utility concerns or undertakings". This definition is very very vague — extremely vague. Hotel is a public utility concern. The *pan* shop within the compound of a hotel will also be a public utility concern, it being a part and parcel of the hotel or hotel premises.

Then we find in Section 6 (1) (a)—"Every shop shall be entirely closed in each week on at least one day and a half day next preceding or next following such day." But in cases where exemption will be granted, the Bill should have provided to have such shops and establishments shift working. There is absolutely no provision for shift working. Discrepancies are also there. Factories Act provides that the maximum number of extra or overtime hours should be 200 hours a year. Why 120 hours in this Bill ? It has got no justification. In many establishments if the workmen are allowed to work overtime and if they get double rates for that, they will be benefited and they will be working at least 200 hours because that is the standard set up in the Factories Act. Factories Act provides normal working hours to the extent of 48. Here also the total is 48. Wages should have been paid at double rate. That is the custom. The only benefit that this Bill will extend to many employers of the firms is that the employees will be deprived of the double rate they are enjoying at present.

Then, Sir, as regards the question of compensation, we find that this Act is purported to deprive the shop assistants and workmen employed in shops and establishments of the right of seeking redress undress under the Industrial Disputes Act because it has been held by the highest law courts of the country that if there is any remedy in any other Act of Parliament or of any Provincial Legislature, then in that case the provisions of the Industrial Disputes Act will not apply. Here if a workman is discharged, the workman concerned shall have to go to a Presidency Magistrate or a Magistrate of the First Class and the maximum compensation that he can have is one month's wages. Section 18 (2) says that "any person employed in a shop or an establishment, whose services have been terminated in contravention of the provisions of sub-section (1), etc., may go to a Presidency Magistrate or a Magistrate of the First Class and file a suit before him and if the Magistrate is satisfied that his services have been terminated without sufficient cause, he shall summon the shop-keeper concerned and after hearing him, direct that such shop-keeper or employer shall pay one month's wages as compensation. The Industrial Disputes Act has given unlimited power to Tribunal judges. That Act even allows payment of compensation for no work. If a man is made to sit idle for three years, the Tribunal can grant him three years' wages along with some cost. But here the maximum amount allowable is 30 days' pay. Sir, what is the purpose of depriving the poor shop assistants of the right they may enjoy under the Industrial Disputes Act ? Even in damage suits such people used to get three months' wages but this Act will debar them from any such proceedings.

Finally, Sir, in section 24 of the Bill we find that the punishment is almost the same as it was in the previous Act. The section says that the fine may extend to two hundred and fifty rupees for the first offence but it does not definitely fix amount. That means that the fine may be Rs. 30 or Rs. 40 or Rs. 50, and unscrupulous shop-owners and owners of establishments prefer to pay a fine of Rs. 20 or Rs. 30 or Rs. 40 or Rs. 50 after the proceedings which may take at least one year, if not more. They prefer to pay such fine because they know that in the meantime they may earn a lot by keeping their shops open on Saturdays and Sundays and granting no amenity to the poor employees. So the question of punishment, viz., that the maximum amount of fine to be imposed is Rs. 500, is a misnomer.

Then in section 27 we find that the right granted under the Industrial Disputes Act has been taken away once again. Finally, the Government will make rules and we find in section 28 (3) that "in making any rule under this section the State Government may direct that any person committing a breach thereof shall, on conviction, be punishable withe fine" etc. I would request the Labour Minister to see that when people who work in lifts and in similar appartus of mercatile establishments come under the purview of the Factories Act, similarly the shop assistants should have the scope of getting compensation under the Workmen's Compensation Act and the Employees' State Insurance Act.

[4-20—4-30 p.m.]

Shri Nepal Ray : মাননীয় স্পীকার মহাশয় West Bengal Shops & Establishment বিল যা এখানে আনা হয়েছে সেটা বাংলাদেশের হাজার হাজার দোকান-কর্মচারীরা এটাকে আশীর্বাদ স্বরূপ মনে করছে। এই বিল-এ যখন clause-গুলি আলোচনা হবে তখন আমি কতকগুলি amendment আনব। এবার আশা করি মন্ত্রীমহাশয় সেগুলি বিশেষভাবে বিবেচনা করবেন এবং accept করবার চেষ্টা করবেন।

বিলের মধ্যে এক জায়গায়, ১২ বছরের ছেলের চাকরীর কথা বলা হয়েছে। এদিক থেকে চিন্তা করতে হবে যে, বাংলাদেশে এমন অনেক বিধবা আছেন যাঁরা হয়ত একটিমাত্র সন্তান, সে হয়ত চায়ের দোকান বা খাবারের দোকানে চাকরী করে জীবিকার্জন করে। এই ১২ বছরের জায়গায় যদি সেটা ১৬ বছর করা হয় তাহলে ভাল হবে। কারণ ১২ বছরের ছেলে ঐ বয়সে চায়ের বা অন্য দোকানে চাকরী করলে সে বকাটে হয়ে যায়। আমি বলব, যে এটা একটা সমাজের কলঙ্ক। সরকার ঐ সব ছেলেদের দায়িত্ব যদি নেন তাহলে ভাল হয়। আর একটা জিনিসের জন্য মন্ত্রীমহাশয়ের প্রশংসা না করে পারলাম না—সেটা হচ্ছে সেকসান—১৩। আজকাল ছোট ছোট রেষ্টুরেণ্টে দেখা যায়, চৌরঙ্গী এলাকায় ম্যাসেজহোমে যে সমস্ত মেয়েরা ছিল সেই সমস্ত মেয়েদের বেশীরভাগকেই টেনে নেওয়া হয়েছে। বাংলাদেশের আবহাওয়া এখনও এমন ভাবে তৈরী হয়নি যাতে করে মেয়েরা রাত্রি ১২ টা পর্যন্ত দোকানে কাজ করতে পারে। আমরা জানি, বাংলাদেশের মেয়েদের নিয়ে একবার ঐ ম্যাসেজ-হোমের নাম করে কিছু লোক লক্ষ লক্ষ টাকা রোজগার করেছে। আজও আবার ঠিক সেই ভাবে খাবারের দোকানে বা রেষ্টুরেণ্টে মেয়েদের নিয়ে গিয়ে উপায় করা হচ্ছে। মন্ত্রীমহাশয় যে এদিকে লক্ষ্য দিয়েছেন সে জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। স্যার, এই বিলের আলোচনা করতে গিয়ে আর একটা বিষয়ে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঐ যে দুদিন হটাৎ একদিন ফুল্‌ডে এবং আর একদিন হাফ্‌ডে ছুটির ব্যবস্থা করা হয়েছে—যদি সেটা পার্টিকুলারলি মেনসান করে না দেওয়া হয় তাহলে কিছুই হবে না। আবার এটা করতে হলে জোনাল বেসিসে করতে হবে—অর্থাৎ বড়বাজারে সোমবার হাফডে, রবিবার ফুল্‌ডে, আবার শ্যামবাজারে বৃহস্পতিবার হাফ্‌ডে, অন্যদিন ফুল্‌ডে। এই ব্যবস্থা যদি করা হয় তাহলে জিনিসটা খুব ভাল হবে। গোহত্যা আন্দোলনের ফলে যখন বিল আমরা এনেছিলাম তাতে যে আইন হয় ; কিন্তু তা applicable হচ্ছে না। সেজন্য বলছি যে আইন করলে হবে না তার applicable চাই, এটা যে applicable করতে হলে একদিকে জোনাল বেসিস যেটা বিলের মধ্যে আছে সেটাকে রুলের মধ্যে দিতে হবে। বড়বাজারে নিয়ম আছে যে, শনিবার হাফডে ও রবিবার ফুল্‌ডে বন্ধ রাখতে হবে, কিন্তু আমি স্পষ্টকরে আপনাকে বলতে পারি যে, বড়বাজার এলাকায় সব দোকানই ৮ টার জায়গায় রাত ১০।১২ পর্য্যন্ত খোলা থাকে। অবশ্য অনেক বন্ধু বলেছেন যে ৬।৭ টা পর্যন্ত, কিন্তু আমি বলব যে রাত্রি ৮ পর্য্যন্ত খোলা রাখা হোক। এই আইন না মানলে ২৫০ টাকা ফাইন যেটা আছে সেখানে হাজার টাকা ফাইনের ব্যবস্থা রাখা দরকার। কারণ তানাহলে দোকানদার ২০।২৫ টাকা ইন্সপেক্টরকে ঘুস দিয়ে দোকান খোলা

রাখবে—যেটা এখন হচ্ছে। সেজন্য বলছি যে ফাইনের পরিমাণ আরও বাড়ান দরকার। কারণ একটা লোক যদি একবার হাজার টাকা জরিমানা দেয় তাহলে সে আর ঐ কাজ করবে না। বড়বাজার এলাকায় দোকান-কর্মচারীদের জীবন এমন দুর্বিসহ যে, সেই সকাল ৬টার সময় এসে দোকান খুলবে—যেখানে ৮টায় খোলার কথা, আর রাত্রি ১১ ১২ টার সময় তাকে বাড়ী ফিরে যেতে হয়।

শ্রমিকদের সেখানে সিকিউরিটি অব সার্ভিস নেই অথচ সেটা আইনের মধ্যে আছে। কাজেই এটাকে খুব কঠোর ভাবে পালন করলে তবেই এই আইন সত্যিকারের আইন হবে, আর তা নাহলে অনেক আইন যেমন এখান থেকে পাশ হওয়া সত্ত্বেও প্রয়োগ হয়না এও সেই রকম হবে। যা হোক্, এই আইনের ফলে লক্ষ লক্ষ লোক আমাদের মন্ত্রীমহাশয়কে আশীর্বাদ করবে এবং মনে হয় বাংলাদেশের প্রতিটি মানুষ এই বিল সমর্থন করবে। আমাদের বিরোধীদলের বন্ধুরা যদিও এই বিলের বিরোধীতা করেন নি, তবে তাঁরা যে সমস্ত অ্যামেণ্ডমেণ্ট দিয়েছেন তা যদি ভাল হয় তাহলে মন্ত্রীমহাশয় নিশ্চয়ই সেগুলো নেবেন। স্যার, আমার সবশেষ বক্তব্য হচ্ছে যে, এই ধরণের একটা বিল যাতে আনা হয় তার জন্য আমরা বহুদিন ধরে সকলেমিলে চেষ্টা করছিলাম কাজেই সেটা এসেছে দেখে আনন্দ প্রকাশ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Chitto Basu: Sir, I beg to move that the West Bengal Shops and Establishments Bill, 1961 be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1961.

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয়ের প্রারম্ভিক বক্তৃতা আমি শুনেছি এবং সত্যিই যখন এই আইন বহু আকাঙ্ক্ষিত এবং প্রত্যাশিত এবং বাংলাদেশের একটা বিরাট অংশের উপর প্রভাব বিস্তার করবে তখন এ সম্পর্কে আমাদের খুব চিন্তাসহকারে অগ্রসর হওয়া উচিত। স্যার, আমার প্রথম কথা হচ্ছে, এই আইনের দ্বারা যখন শ্রমিক কর্মচারী অর্থাৎ লেবার, ওনার্স অব দি সপ এবং সাধারণভাবে জনসাধারণের ইণ্টারেষ্ট অ্যাফেক্টেড হবে তখন এই ধরনের একটা সামাজিক আইন তৈরী বা গ্রহণ করার সময় আমাদের ঐ ৩টি শ্রেণীর স্বার্থ বিবেচনা করতে হবে। তবে আমি খুব পুঙ্খানুপুঙ্খভাবে লক্ষ্য করে দেখেছি যে, সমস্ত দিক থেকে এই আইনের দ্বারা ঐ ৩টি শ্রেণীর স্বার্থকে সুসামঞ্জস্যভাবে দেখবার চেষ্টা করা হয়নি। যা হোক, আমি এখন শুরুতে এই সমস্ত শ্রমিক এবং কর্মচারী অর্থাৎ যারা দোকানে কাজ করে তাদের স্বার্থের কথা বলতে গিয়ে বলব যে একটা বিরাট সংখ্যক শ্রমিক এবং কর্মচারী এর সঙ্গে সংশ্লিষ্ট রয়েছে। স্যার, আমাদের শ্রম বিভাগ থেকে প্রতি বছর যে অ্যানুয়াল রিপোর্ট বার করা হয় তাতে তাঁদের সর্বশেষ রিপোর্টে আমি দেখলাম যে যেখানে পশ্চিমবাংলায় দোকানের সংখ্যা হচ্ছে ১লক্ষ ৫০ হাজার সেখানে কর্মে নিযুক্ত কর্মচারীর সংখ্যা হচ্ছে ১লক্ষ ২৫ হাজার। কাজেই এই হিসেব থেকে মনে হয় যে একই কর্মচারী একের বেশী দোকানে কাজ করে কেননা তা নাহলে পর যেখানে দোকানের সংখ্যা ১লক্ষ ৫০ হাজার সেখানে কর্মচারীর সংখ্যা ১লক্ষ ২৫ হাজার কি করে হতে পারে? তবে এটা আমি আমার নিজের অভিজ্ঞতা থেকে বলছি যে ছোট ছোট ছেলেরা অনেকেই দুই দোকানে কাজ করে —অর্থাৎ সকালে এক দোকানে এবং বিকেলে আর এক দোকানে, কাজেই এই ক্লিয়ার মেথড অব এক্সপ্লয়টেসন-কে প্রথমতঃ রোধ করা প্রয়োজন। তারপর যেখানে কমার্শিয়াল এষ্টাব্লিসমেণ্টের সংখ্যা ১০ হাজার সেখানে এম্প্লয়ীস্-এর সংখ্যা হচ্ছে ২ লক্ষ, সেখানে পাবলিক এণ্টারটেইনমেণ্টের সংখ্যা হচ্ছে ৫ হাজার ৮৩৮ সেখানে কর্মচারীর সংখ্যা হচ্ছে ১৫ হাজার, যেখানে সিনেমা ১৬৭টি সেখানে কর্মচারীর সংখ্যা হচ্ছে ৫০০, তাহলে ১০০ যোগ করলে দাঁড়ায় ৩ লক্ষ ৪৩ হাজার ৫০০— এটা ১৯৫৭ সালের ফিগার এবং এখন বোধ হয় সেটা ৪ লক্ষ হয়েছে। কাজেই এখন আমাদের দেখতে হচ্ছে যে এই ৪ লক্ষ কর্মচারী সম্পর্কে এই আইন কি বলে। আর, এই সম্পর্কে ১৯৪০

সালে আমাদের সামনে যে আইন ছিল তাতে কয়েকটি বিধান ছিল—অর্থাৎ উইকলী হলিডে, স্ট্যাটুটরী লিভ, ওভার টাইম অ্যালাউন্স এবং ৯ ঘণ্টা ডিউটির কথা ছিল। কিন্তু সে কথা ছেড়ে দিলেও মন্ত্রীমহাশয় নিজে সেখানে বলেছেন যে গত ২০ বছরে পৃথিবীর এবং পশ্চিমবাংলার অবস্থার অনেক পরিবর্তন হয়েছে এবং সামাজিক ন্যায়নীতি সম্পর্কে সমাজের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হয়েছে সেখানে আমি তাঁর দৃষ্টিআকর্ষণ করে বলতে চাইযে সামাজিক দৃষ্টিভঙ্গীর পরিবর্তনের যে কথা সরকার ঘোষণা করেন তা সত্যি হলেও শ্রমিক কর্মচারীদের বেলায় এই আইনে তা প্রতিফলিত হয়েছে কি? কেননা আপনারা যদিও এখানে তাদের নানা রকম সুযোগের কথা বলছেন কিন্তু আমরা দেখছি ওভারটাইম আগে যেখানে দেড়া ছিল এখনও সেই দেড়াই রয়েছে। শুধু তাই নয়, অপরাপর কারখানায় এবং অন্যান্য রাজ্যে—অর্থাৎ মাদ্রাজ, ইউ. পি., বিহার প্রভৃতি জায়গায় যেখানে তাঁরা এই আইন চালু করে ৮ ঘণ্টা কাজ করার প্রথা চালু করেছে সেখানে আমাদের এখানে কি হয়েছে? তারপর স্যার, এখন যে বেতন দেওয়া হয় তা মোটেই সন্তোষজনক নয় অথচ এই আইনের মধ্য দিয়ে মিনিমাম ওয়েজকে আওতার মধ্যে রাখা হোল না। কাজেই আমার প্রশ্ন হোল তাঁরা যে সর্বনিম্ন বেতন দেওয়ার কথা বলেন তাতে সেটা এখানে কেন বলা হোলনা বা তাদের গ্রাচুয়িটি, পেন্‌সন্ এবং চিকিৎসার কথা কেন বলা হোল না? কাজেই এই যদি অবস্থা হয় তাহলে শ্রমিকদের উন্নতি করবার জন্য যে আইন এখানে আনা হোল তাতে তাদের কি উপকার হবে। অবশ্য আপনি হয়ত এ কথা বলতে পারেন যে, যে সমস্ত ছোট ছোট দোকান আছে তাদের মালিকদের পক্ষে এ সব জিনিসের ব্যবস্থা করা সম্ভবপর নয়।

[4-30—4-40 p. m.]

আমি সেই প্রশ্নে আসছি। বিলের একটা অন্যতম মূল ত্রুটি হল দোকানদারদের স্বার্থ রক্ষা করতে গিয়ে জহরলাল পান্নালাল, কমলালয় স্টোর্স, ইত্যাদি ঐ ধরণের বড় বড় প্রতিষ্ঠানের শ্রমিক এবং কর্মচারীদের যেখানে আরও বেশী রকম সাহায্য দিতে পারেন, তাদের জীবনের জন্য আরও ভাল ব্যবস্থা করতে পারেন, তাদের ওয়ার্কিং কণ্ডিসান আরও বেটার করতে পারেন সেখানে তাঁরা কিন্তু এই আইনের সুযোগে রেহাই পেয়ে গেলেন, তাদের আমরা বাধ্য করাতে পারলাম না। তাঁরা বেশী মুনাফা আদায় করেন, তাঁরা বেশী এক্সপ্লয়টেসান করেন, তাঁরা বেশী পুঁজি নিয়োগ করেন। কাজেই তাঁরা যে সুযোগটা শ্রমিক এবং কর্মচারীদের দিতে পারেন সেই সুযোগ এবং সুবিধাগুলি আমরা এই আইনের মধ্য দিয়ে তাঁদের কাছ থেকে আদায় করতে পারব না। অপর দিকে দেখুন ছিদাম মোদীর মত সামান্য একটা দোকান যার একজন কি দুজন লোক কাজ করে তার উপর আপনারা এই আইন প্রয়োগ করতে গিয়ে নানাবিধ হয়রানী করলেন। তাদের সেই হয়রানীর হাত থেকে রেহাই দিতে গেলে কিছু কিছু প্রভিসান থাকা দরকার। দোকানের যে সমস্ত ইনস্‌পেক্টর আছে তাঁদের বিরুদ্ধে নানাবিধ অভিযোগ এই সভাতে আলোচিত হয়েছে। তাঁরা কি ভাবে ঐ বড় বড় দোকানদারদের সঙ্গে মাসহারার বন্দোবস্ত করে এবং আরও বেশী রকম ভাবে তাঁরা এদের অত্যাচার করেন সেটা আমাদের বিবেচনা করা দরকার। কাজেই আমি বলছিলাম ছোট এবং বড় দোকানদারদের মধ্যে কোন পার্থক্য না রেখে শ্রমিক এবং কর্মচারীদের যে স্বার্থ দেখা সম্ভব ছিল সেই স্বার্থ দেখা সম্ভবপর হল না। সবচেয়ে বড় কথা আমি জানি যে কথাটা পঞ্চানন বাবু উল্লেখ করেছিলেন যে Industrial Disputes Act-এ শ্রমিক এবং কর্মচারীদের জন্য কিছু কিছু সুযোগের বন্দোবস্ত আছে। ভিক্‌টিমাইজেসান সম্পর্কে এখানে যে ব্যবস্থা আছে তাতে মালিক যদি এক মাসের ক্ষতিপূরণ দেয় তাহলে যে কোন সময়ে যে কোন কারণে যে কোন মালিক যে কোন কর্মচারীকে তার কাজ থেকে বরখাস্ত করতে পারে। Security of service যদি অন্যতম উদ্দেশ্য হয়ে থাকে তাহলে এই আইনের মধ্য দিয়ে

security of service করা যাবে না, কেননা মালিক শুধুমাত্র ১ মাসের কমপেনসেশান দিয়ে তাদের যে কোন সময়ে কাজ থেকে বরখাস্ত করতে পারবে। একটা পয়েন্ট বাকি আছে, —আমি দেখলাম এদের কাজের ঘণ্টা, ছুটি সম্পর্কে establishment for public amusements-এর chapter আছে, commercial establishment সম্পর্কে আইনে উল্লেখ নেই। তারা কত দিনের ছুটি পাবে, ওভার টাইম করলে কত রেট দিতে হবে এবং তাতে এই ধরনের ব্যবস্থা করা হবে এই commercial establishment সম্পর্কে আইনে উল্লেখ করা নেই। অনেক ছোটখাট কন্ট্রাক্টর ফার্ম আছে সেখানে শ্রমিকদের শোষণ করা হয়; তারা ওভার টাইম পায়না, ছুটি পায়না এবং তাদের কোন ব্যবস্থা এই আইনের মধ্য দিয়ে করা যাবে না। তাদের সংখ্যা ১/২ জন নয়, এই সব commercial establishment-এ নিয়োজিত শ্রমিকদের সংখ্যা প্রায় ২ লক্ষ। এই ২ লক্ষ শ্রমিককে এইভাবে এই আইনের মধ্য দিয়ে ছুটির সুযোগ থেকে আমরা বাদ দিচ্ছি। অবশ্য যেখানে বেশী সংখ্যক কর্মচারী কাজ করেন সেখানে তাঁরা ইউনিয়ন গঠন করেছেন এবং তার মাধ্যমে তাঁরা তাঁদের দাবি-দাওয়া আদায় করতে পারেন কিন্তু ছোট-খাট ব্যাপারগুলি সেখানে দেখা সম্ভবপর হবে না। কাজেই আমি মনে করি মাননীয় স্পীকার মহাশয়, এই আইনকে যদিও সামাজিক দৃষ্টিভঙ্গিতে আমাদের গ্রহণ করা উচিত কিন্তু এই জিনিসগুলি আমাদের বিবেচনা করা প্রয়োজন এবং সংশোধন করা উচিত। আশা করি মন্ত্রীমহাশয় এই ত্রুটিগুলি দূর করে একটা সর্বাঙ্গসুন্দর আইন আনবেন।

Procession of Shop assistants

Shri Nepal Ray: মাননীয় স্পীকার মহাশয়, ৫।৬ হাজার দোকান-কর্মচারী মাননীয় মন্ত্রীমহাশয়ের এই বিলকে সমর্থন করেছেন এবং তাঁরা বলছেন যে এটা তাড়াতাড়ি enforced হোক। তাঁরা একটা memorandum আমার কাছে পাঠিয়েছেন, আমি আপনার অনুমতি নিয়ে মন্ত্রীমহাশয়ের কাছে সেটা দিচ্ছি।

The West Bengal Shops and Establishments Bill, 1961.

Shri Jatindra Chandra Chakravorty: মাননীয় স্পীকার মহাশয়, এই যে বিলটা আনা হয়েছে, মাননীয় সদস্য ডাঃ রনেন সেন বলেছেন যে এই বিল সম্পর্কে লেবার ডিপার্টমেন্টের জয়েন্ট সেক্রেটারী মন্ত্রীমহাশয়ের নির্দেশে কেন্দ্রীয় সংগঠনদলের প্রতিনিধিদের সাথে আলাপ আলোচনা করেছেন। সেই আলাপ আলোচনা করার সময় আমরা কতকগুলি সংশোধনী প্রস্তাব রেখেছিলাম। সেগুলির অবশ্য সবই বর্তমান অবস্থায় সরকারের পক্ষে গ্রহণ করা সম্ভবপর হয়নি কিন্তু সেই আলোচনার সময় এটা আমরা বলেছি যে আইনে যতই ত্রুটি থাকুকনা কেন, এই আইনকে যদি সাজিয়ে ঠিকভাবে কার্যকরী করা হয় তাহলে দোকান-কর্মচারীদের বর্তমানে যে অবস্থা আছে সেই অবস্থায় বহুলাংশে উন্নতি হবে কিন্তু স্যার আমাদের সন্দেহ হচ্ছে এই আইন ঠিকমত কার্যকরী হবে কিনা। কারণ এই আইনটা কার্যকরী করার জন্য যে মেসিনারী কাস্টা, সেটা পাকা করা দরকার, যে বহুসংখ্যক ইনস্পেক্টর নিয়োগ করা দরকার এই আইন কার্যকরী হচ্ছে কিনা তা দেখবার জন্য সরকারের পক্ষে সেই ইনস্পেক্টর-এর সংখ্যা রাখা সম্ভবপর হবে কিনা সে বিষয়ে আমাদের সন্দেহ আছে। যেমন এমনভাব আমরা বলেছি আমাদের কন্সিলিয়েশন অফিসারের সংখ্যা কম থাকার ফলে আমরা বহু ক্ষেত্রে বিরোধ মেটাতে পারছি না এবং বিরোধ থেকে যাচ্ছে। এই আইন কার্যকরী করতে গিয়ে ডাঃ রায়ের ফিনান্স ডিপার্টমেন্ট যথারীতি বাধা দেবেন এবং এই আইন একটা ডেড্ এ্যাক্ট হিসাবে থাকবে। সে জন্য প্রথমে আমি যেটার উপর গুরুত্ব দিচ্ছি সেটা হচ্ছে, এই আইনকে সত্য সত্যই যদি মন্ত্রীমহাশয় চান যে কার্যকরী করা হোক্ তাহলে সে রকম ভাবে যেন মেসিনারী সেট আপ করা হয়। কিছুদিন আগে আমি বহরমপুর গিয়েছিলাম—

সমস্ত বহরমপুর জেলার জন্ত একজন মাত্র ইনস্পেক্টর রয়েছে। যদি এরকমভাবে মেসিনারী সেট আপ করা হয় এক একটা জেলার জন্ত এক একজন তাহলে স্তার, এই আইন কার্যকরী হবে না। তারপর আমার বক্তব্য ক্লজ ২-এ কমার্শিয়াল এষ্টাবলিসমেণ্টের যে সংজ্ঞা নির্দেশ করেছেন মন্ত্রীমহাশয় ভেবে দেখুন সমস্ত আণ্ডারটেকিংস এবং সমস্ত ম্যানুফ্যাক্টারিং কনসার্নস, সেভারল ফ্যাক্টরী এ্যাক্টের আওতায় আসবে না, অথচ এখানকার শ্রমিকরা, কর্মচারীরা শোষিত হয়ে আসছে—তারা ফ্যাক্টরী আইনের স্থবিধা পাচ্ছে না, অথচ তাদের কোন রকম প্রোটেকসন নেই। এই সপস য়্যাণ্ড এষ্টাবলিসমেণ্ট এ্যাক্টের মধ্যে কামার্শিয়াল এষ্টাবলিসমেণ্টের যে সংজ্ঞা দিয়েছেন তার মধ্যে তাদের আনতে পারেন কিনা, কিছুটা তাদের স্থবিধা দিতে পারেন কিনা—সেটা আজকে দেখা দরকার। এরপর ৬নং ক্লজে দেখুন যে প্রভাইসো রয়েছে সাব ক্লজটিতে—দুই রকম যদি বিজনেস বা ট্রেড থাকে তাহলে তার মধ্যে যে ট্রেড আর বিজনেস এই আইনের আওতায় আসবে সেটা ছাড়া অন্ত যে ট্রেড য়্যাণ্ড বিজনেস সেটা করবার জন্ত দোকান খোলা থাকবে। আমি বলছি যে এই প্রভাইসোটাকে ডিলিট করা হোক্, কারণ ঐ ফাঁক দিয়ে সব দোকানদার বেরিয়ে যাবেন—তারা দোকান খুলে রাখবেন একজেমপটেড্ বলে, সেই প্রভিসনে সেটা করছেন এই অজুহাত দেখিয়ে তারা কর্মচারীদের উপর জুলুম করে যাবেন। এর পরে স্তার, আমার দুর্ভাগ্য যে নেপালবাবুর সংগে আমাকে সহমত হতে হচ্ছে—উনি বলেছেন যে ১২ বছরের উপর চিলড্রেনদের খালি যাতে এমপ্লয় করা না হয়। উনি যে উপমা দিয়েছেন, আমরাও বহু ক্ষেত্রে দেখেছি বর্তমানে আমাদের যে অবস্থা যে পরিবেশ—অনেক জায়গায় সত্যই হয়ত বিধবা মা আছে, তাঁর ছোট ছেলে আছে। সেই বিধবা মা হয়ত ঝি-এর কাজ করে, ছেলেটা দোকানে কাজ করে। অথচ এই সরকার সেই ছেলের ভরণপোষণের তাকে লেখাপড়া শেখাবার জন্ত কোন বন্দোবস্ত করবেন না—সে কথা বলেও কোন লাভ নেই।

[4-40—4-50 p. m.]

অথচ সেই জায়গায় যদি আপনি child employment সম্পূর্ণভাবে restrict করে দেন, তাহলে আমার মনে হয় অনেক দরিদ্র পরিবারের ক্ষতি হবে। সেই জন্ত আমি সংশোধন প্রস্তাব রেখেছি যে এ সম্বন্ধে কিছুটা restriction করা উচিত। তাদের যে scheduled work—যেটা এর মধ্যে আছে, সেটা আপনি reduce করুন। এবং তারা যাতে—so that they are not put under severe strain. এই রকম ভাবে কোন সংশোধনী করা যায় কিনা, একটু বিবেচনা করে দেখুন। একেবারে child employment সম্পূর্ণভাবে বন্ধ করতে আমি চাই না। clause 13—মহিলাদের রাত্রি আটটার পরে দোকানে কাজ করাটা বন্ধ করা উচিত, তবে practical difficulty রয়ে যাচ্ছে সিনেমার মেয়েদের ব্লকে—যেখানে মেয়ে দ্বার-রক্ষিকা থাকেন, তাদের তো শেষ পর্যন্ত থাকতে হয়। সেখানে তো পুরুষ দ্বার-রক্ষক থাকে না। এইরকম কতকগুলি জায়গায় সেখানে এই আইন relax করতে হবে। কারণ সিনেমার ক্ষেত্রে মহিলারা যেখানে বসেন, সেখানে মেয়ে কর্মচারী রাখতে হয়, তাদের শেষ পর্যন্ত থাকতে হতে পারে।

তারপর স্তার, clause 15 দেখুন—তাতে আপনি যে any registered doctor কথাটা বলেছেন, সেটা কেন হবে? কেবলমাত্র registered under Bengal Medical Act, সেটা কেন করবেন? কারণ এই কিছুদিন আগে আমাদের আয়ুর্বেদ চিকিৎসকদের সম্পর্কে আইন হয়েছে, তাঁরা সার্টিফিকেট দেবার অধিকারী। যদি কোন কর্মচারী কবিরাজকে দেখান, সেই registered কবিরাজ কোন সার্টিফিকেট দিলে সেটা গ্রাহ্ হবে। আমি বলছি যেগুলি registered চিকিৎসক, সেগুলি registered under Bengal Medical Act হওয়া দরকার।

তারপর clause 15-এ আর একটি সংশোধন প্রস্তাব এনেছি—যেখানে ছুটির প্রশ্ন আছে, ওটা

আমার মনে হয়, এক বছর কাজ না করে, যদি কেউ ছয়মাস কাজ করে, তাহলেও pro rata ছুটি-ছাটা দেওয়া যায়। তাদের জন্ত সেই রকম একটা বন্দোবস্ত থাকা উচিত।

তারপর overtime-এর কথা বলেছেন। নেপাল কম বলেছে, আমি একটু এ সম্বন্ধে বলছি —overtime payment, one and a half times. সেটা আমি মনে করি—অন্তান্ত ক্ষেত্রে যে রকম আছে factory আইনে আছে ডবল দি ওয়েজেজ্। আমার মনে হয় যেখানেতে আপনি clause 18-এ অতিরিক্ত ক্ষমতা দেওয়া হয়েছে ম্যাজিষ্ট্রেটকে—যে without suff cient cause-এ হলেই যেন হয়ে গেল! এই without sufficient cause-এটা অত্যন্ত vague. সেইজন্ত আমি মনে করি আপনি আর একটু specific হোন্—without sufficient cause and for gross misdemeanour, তা যদি না হয়, তাহলে কর্মচারীদের এক মাসের নোটীশ দিয়ে তাড়াতে পারবে না। এটা থাকা উচিত without sufficient cause এবং gross misdemeanour বললে অত্যন্ত vague হয়ে যাবে। অন্তান্ত ক্ষেত্রে যেমন আছে, এখানেও সেই রকম হওয়া দরকার এবং compensation দেবে তখনই, ম্যাজিষ্ট্রেট যখন বুঝবেন তাকে without sufficient cause সরিয়েছে এবং ম্যাজিষ্ট্রেট হুকুম দেবেন—পুনর্বার তাকে reinstate করা হবে। সেটা যদি না মানেন, compensation ঠিক করা হোক্ এবং সেই compensation-এর টাকা কর্মচারীকে দেওয়া হোক্।

তারপর clause 24 সম্বন্ধে একটু বক্তব্য আছে। Maximum-ওতে দেখ্ছি প্রথম আড়াইশো টাকা ফাইনের বন্দোবস্ত করা হয়েছে। Subsequent offences-এ পরে কম করতে পারেন। সাধারণত: কি হয়? দশজনের টাকা হয়, যেখানে minimum fix করে দেওয়া উচিত আড়াইশোর উপর minimum first offence and second subsequent offence-এ কমসে কম ৫০ টাকা করে fine হবে minimum, এই রকম হওয়া দরকার। তা না হলে দেখা গেছে দোকান মালিকরা offence-এর উপরে offence করে যায় ও পাঁচ দশ টাকা ফাইন হয়। অথচ এই আইন ভঙ্গ করে কাজ করার ফলে যা উপার্জন করে, তা থেকে টাকা দিয়ে সহজে তারা বেঁচে যেতে পারবে।

Shri Subodh Banerjee: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী তাঁর প্রারম্ভিক ভাষণে বললেন, এই বিল রচনা করতে গিয়ে তিনটি শ্রেণীর দিকে দৃষ্টি দিতে হয়েছে। প্রথম দোকানদার শ্রেণী, দ্বিতীয় দোকান কর্মচারী শ্রেণী, তৃতীয় খরিদ্দার। আমার মনে হয় এই যে তিনটা জিনিসের কথা তিনি বক্তৃতায় বললেন, তা আদতে তিনি করেন নি। আগের আইনের তুলনায় ছিটে-ফোঁটা progressive কথা এর মধ্যে আছে নি:সন্দেহ। কিন্তু যেটা থাকা উচিত খুব বেশী নয়, সামান্ততম যা থাকা দরকার, তাও এখানে নেই। প্রথম দোকানদারদের কথা ধরুন। আমি গোড়াতে বলবো দোকানদারদের মধ্যে category-তে ভাগ করা দরকার। কমলালয় কিম্বা ঐ জাতের বড় বড় দোকান আর ঐ ছোট ছোট মুদির দোকান, 'ছিদাম‌মুদির' এ এক নয়। তিনি সকলকে এক পর্যায় ফেলে দিয়েছেন।

তারপর prescribed fee-এর কথা বলা হয়েছে। সকলকে দোকান registration করতে হবে, এবং এই registration করবার fee সকলকে দিতে হবে। আমি মনে করি এটা ঠিক প্রগতিবাদীর দৃষ্টি নয়। Fee কি হবে, বা হবে না, তা বড় কথা নয়। আমার প্রশ্ন হচ্ছে দৃষ্টি-ভঙ্গীর ক্ষেত্রে এই কথা বলা উচিত ছিল যাদের দোকানে তিন, *চার, পাঁচ জন লোক, অন্তত:* পক্ষে তিন জন লোক কাজ করেন, সেই সমস্ত দোকানকে exclude করা হল ফি দেওয়ার ক্ষেত্রে। তা নাহ'লে যারা সংসার চালাতে পারেন না, তাদেরউপর ফি চাপিয়েদিচ্ছেন, এটা যুক্তিযুক্ত নয়। আমি মনে করি ফি-এর যদি একটা grade করতেন slab system-এ এই ভাবে, যে দোকানে যত বেশী কর্মচারী থাকবে, তত বেশী ফি-এর পরিমাণও হবে। এই যদি করতেন, তাহলে

আমরা সেটা welcome করতে পারতাম। কারণ তাতে করে বড় বড় দোকানদারদের কাছ থেকে বেশী করে ফি আদায় করা যেতে পারবে। কিন্তু ছোট ছোট দোকানদার, যারা নিজেদের সংসার চালাতে পারে না, তাদের এই ফি থেকে একেবারে exempt করে দেওয়া উচিত, আর না হয় ফি এর পরিমাণ কমিয়ে দেওয়া উচিত সেই দৃষ্টিভঙ্গী এখানে নেই। যে সামাজিক দৃষ্টিভঙ্গীর কথা শ্রমমন্ত্রী মহাশয় বলেছেন তার অভাব একটা শ্রেণীর ক্ষেত্রে দেখছি। দেখলাম মুড়ি, মুড়কির এক দর উনি করেছেন। কমলালয় আর 'ছিদামমুদির' দোকানকে তিনি এক পর্যায় ফেলে দিয়েছেন।

তৃতীয় জিনিস, দোকান-কর্মচারীদের ক্ষেত্রে এই বিলে কি কি ব্যবস্থা আছে? এই বিলেতে বলা হচ্ছে দোকান-কর্মচারীদের ক্ষেত্রে holiday and hours of work. কিন্তু অন্যান্য commercial establishment-এর ক্ষেত্রে বলা হচ্ছে only holidays. Hotel, restaurant এর ক্ষেত্রে holidays and hours of work আছে। দোকান কতক্ষণ খোলা থাকবে বলা হচ্ছে, কিন্তু hotel, restaurant-এর ক্ষেত্রে কিছু বলা নেই।

তারপর এই এ্যাক্টটা কোথায়, কি ভাবে applicable হচ্ছে আমি একটা, একটা করে দেখাচ্ছি। প্রথম কথা, এই এ্যাক্টটা কিসের প্রতি, কোন্ কোন্ বিষয়ের উপর প্রযোজ্য হবে।

স্পীকার মহাশয়, আশ্চর্য লাগে ১৯৪৭-৪৮ সালে মাদ্রাজে যে আইন হয়েছে সেই আইনেরও সমান এই আইন নয়। শ্রমমন্ত্রী মহাশয় বললেন কুড়ি বছরের মধ্যে গঙ্গায় বহু জল বয়ে গিয়েছে, বহু শ্রমিক স্বার্থ রক্ষাকারী আইন হয়েছে। কিন্তু আশ্চর্যের কথা মাদ্রাজত ইংলণ্ড নয়, জার্মানী নয়; মাদ্রাজ ভারতবর্ষেরই একটা রাজ্য, সেখানে কংগ্রেসী রাজত্ব চলছে। সেখানে যদি আইন হতে পারে, তাহলে বাংলাদেশে ১৪ বছর পরে সেই আইন হতে পারে না। এর কি যুক্তি থাকতে পারে তা আমি বুঝতে পারি না। মাদ্রাজের আইন কোন্ কোন্ ক্ষেত্রে applicable নয়, আর কোন্, কোন্ ক্ষেত্রে apply হবে, সেই সামান্য জিনিসটা পরিষ্কার করে দেওয়া আছে। আর আমাদের এখানে যা দিয়েছেন, ইচ্ছা করলে সেটা বাদ চলে যেতে পারে। কোন দোকানের প্রতি এটা apply নাও হতে পারে, সেই রকম ব্যবস্থা রয়েছে।

[4-50—5 p. m.]

ধরুন, আমি এ কথা বলতে পারি প্রধানত: এই সমস্ত কথা দিয়েছেন Institutions for the treatment or care of the sick, infirm, destitute or mentally unfit; shops or stalls in any public fair or bazar held for a charitable purpose; and stalls and refreshment rooms at railway stations, docks, wharves and airports, etc. কেন? মাদ্রাজে কি আছে? মাদ্রাজের বেলায় খোলা এবং বন্ধের ক্ষেত্রে limitation দিয়েছেন ছুটি ছাটার ক্ষেত্রে limitation নাই। বাদ দিয়েছে কেন? আপনি বলতে পারেন কেবলমাত্র খোলার সময় ৮টা apply করবে বাকী সময় apply করবেন না। কেননা আমি বুঝি train-station-এর রেঁস্তোরায়, port-এর রেঁস্তোরায় working hours বাড়িয়ে দেওয়ার জন্য এটা হচ্ছে। কিন্তু সেটা বাড়িয়ে না দিয়ে other amenities যা আছে তার ব্যবস্থা করা হয়নি এর যুক্তি কি আছে? এখানে ১৯৪০ সালের আইনটা হুবহু রেখে দেওয়া হয়েছে। তারপর আমি দেখছি holidays in shops সপ্তাহে ১½ দিন ছুটি হবে, মূল আইনে with pay হবে এটা ছিল না। যদি appointed হয় no work, no pay; basis-এ with pay হবে কি হবে না কিছু মূল আইনে লেখা ছিল না। আমি যে সংশোধনী প্রস্তাবে দিয়েছিলাম সেটা গ্রহণ করেছেন কাজেই একটু improved হয়েছে বলে মনে করি তা' নাহলে হয়ত এটা বেরিয়ে যেতো। দ্বিতীয় নম্বর এই যে hours of work দিনে ৯ ঘণ্টা সপ্তাহে ৪৮ ঘণ্টা এটা

spread over করে ১২ ঘণ্টা পর্যন্ত হচ্ছে। আমি বলি ১৫ মিনিট gap দিয়ে একটা লোককে খাটান অন্যায়। আমি জানি যে সমস্ত club বেঁস্তোরা drinks, snacks খাওয়ায় সেখানে এ ভাবে spread over করে ১৫ মিনিট gap দিয়ে দিলে অনেকক্ষণ খাটিয়ে নেবে অথচ এই ১০।১৫ মিনিট gap-এর কোন অর্থ হয় না। কেননা সে না পারে বাড়ী যেতে বা কোন কাজ করতে, ফলে total period ১২ ঘণ্টা ৮টা থেকে ৮ পর্যন্ত রয়েছে, একথা কোথাও নাই, ১ ঘণ্টা minimum recess ধরা নাই। ৫ মিনিট তারপর ৫ মিনিট recess দিয়ে এরকম করে ১২ ঘণ্টা খাটিয়ে নিতে পারবেন। এই recess-এর কোন utility হয় না। এটা আমার অভিজ্ঞতা থেকে বলছি। overtime যা রয়েছে সেটা factory-তে ২ দিন দেওয়া হয়। Commercial Establishment-এ Holiday বলে দিয়েছেন কিন্তু Hours of work-এর কোন কথা নাই হোটেল Restaurant কখন খুলবে কখন বন্ধ হবে বলে দেওয়া হয়নি যদিও মন্ত্রীমহাশয় বলেছেন ছুটির নূতন করে ব্যবস্থা করেছেন। কি রকম ফাঁকি দেখুন। After twelve months continuous employment হলে একটা লোক বদলী leave পাবে—on full pay for 14 days. Continuous employment বলতে কি বুঝায় কোন সংজ্ঞা নাই। ১৮ নম্বরে continuous employment-এর সংজ্ঞা দেখুন, ১৫ নম্বরে continuous employment-এর সংজ্ঞা কি? আমার সংশোধনীর আধখানা নিয়েছেন আধখানা নেন নি। কাউকে ছদিন কাজ দিয়ে ২ দিন বসিয়ে দিলে continuous employment বন্ধ হয়ে গেল, ফলে আইনের যে উদ্দেশ্য তা বানচাল হয়ে যাচ্ছে। ফলে ছুটি পাওয়া যাচ্ছে না। আইনের এই ফাঁকগুলি বন্ধ করে দেওয়া দরকার।

Industrial Disputes Act-এ যে সুবিধাটা আছে তাও এখানে দিচ্ছেন না। যদি একমাসের notice দিয়ে তাকে ছাড়িয়ে দেওয়া হয় তাহলে তার security of service রইলো কোথায়। যে কোন কর্মচারীকে একমাসের notice দিয়ে ছাড়িয়ে দেবেন, এ জিনিস হতে পারে না। সর্বশেষে, আমার বক্তব্য, মেয়ে দোকান-কর্মচারীদের সম্বন্ধে বলছি। এখানে আর একটা জিনিসের প্রতি দৃষ্টি দেওয়া দরকার আছে। শুধু রাত্রি ৮ টার পর থাকতে পারবে না, এই কথা বললেই হবে না। কারণ কি ভাবে serve করবে সে বিষয় restriction থাকা দরকার। কারণ কোন কোন জায়গায় তাদের নিয়ে অন্য রকম জিনিস হয়। একদিকে থাকবে counter আর একদিকে থাকবে খরিদ্দার এই রকম ব্যবস্থা করা দরকার। তারপর এর মধ্যে health এবং sanitation সম্বন্ধে কোন কথা নেই। ১৯৪৮ সালে Madras Act-এ যা ছিল তাও এখানে নেই।

Shri Haridas Dey: মাননীয় স্পীকার মহোদয়, আমি শ্রমমন্ত্রী মহাশয় এই যে বিল এনেছেন, তারজন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। ১৯৪০ সালে এই দোকান-কর্মচারী আইন প্রথম প্রবর্তিত করা হয়েছিল তাতে অনেক অসুবিধা হোত, সেই জন্য নূতন করে ঢেলে নূতন করে বিল এনেছেন। প্রথমে আমি বলতে চাই, দোকান খোলা নিয়ে যে নিয়ম করছেন এবং আমাদের বন্ধুরাও বলেছেন যে ঘণ্টা আরো কমিয়ে দেওয়া উচিত। অবশ্য কমিয়ে দেওয়া উচিত কর্মচারীদের দিক থেকে কিন্তু সব জায়গায় সমান করলে হবে না। মফঃস্বল ও সহরকে আলাদা করে দেখা উচিত। মফঃস্বলে অনেক অসুবিধা হবে যদি খোলার নিয়ম একই রকম থাকে। এবং যদি একই নিয়ম হয় তাহলে যারা দৈনিক খেটে খায়, মজদুর শ্রমিক, যারা সমস্ত দিন খেটে সন্ধ্যার পর বাজার করতে আসে তাদের পক্ষে অসুবিধা হবে। সেইজন্য মফঃস্বলে সেইভাবে আইন করা উচিত। এবং এর সঙ্গে সঙ্গে বলছি যে শীত ও গ্রীষ্মে এই একই সময় দোকান খোলার নিয়ম করলে হবে না। এই খোলার নিয়ম আলাদা করে করা উচিত বলে মনে করি। আর কর্মচারীদের কাজের জন্য বলেছেন, ৮ ঘণ্টা করছেন, তাতে যদি দোকানে একজন কর্মচারী থাকে তাহলে তাদের পক্ষে

এই আইন মেনে চলা অসুবিধা হবে। সুতরাং একথাও বিবেচনা করা উচিত। এখানে দেড়দিন দোকান বন্ধ করার কথা হচ্ছে, কিন্তু মন্ত্রীমহাশয়কে চিন্তা করতে বলি যে, যদি কোন দোকানদার একদিন বন্ধ রেখে তার একদিন পর আবার অর্ধেক দিন বন্ধ রাখে তাহলে কর্মচারীদের অসুবিধা হবে। এই বন্ধ যাতে একসঙ্গে হয়, এর যাতে continuity থাকে সে দিকে নজর দেওয়া উচিত। আর একটা কথা সুবোধবাবু বলেছেন, ছোট দোকান, বড় দোকান এইগুলি বাস্তবিক দেখা উচিত। শুধু registration fee-র কথা নয়, এমন অনেক দোকান আছে যেখানে তারা নিজেরা নিজেদের ছেলে-পেলে দিয়ে দোকান চালায় তারা এই আইনের মধ্যে পড়বে কিনা। কারণ একটা বড় দোকানের পাশে ছোট দোকান থাকলে গোলমাল হয়। ছোট দোকানে কর্মচারী নেই, সুতরাং তারা এই আইনের মধ্যে পড়ে না। তারা তাদের দোকান বন্ধ করে না, অথচ তার ফলে সেই বড় দোকানের ক্ষতি হয়। সেইজন্য গোলমাল হয়। আশা করি মন্ত্রীমহাশয় এদিকেও দৃষ্টি দেবেন। আর একটা কথা, ছুটির ব্যাপারে বলা হয়েছে যে তাদের privilege leave জমবে 38 days কিন্তু কার্যতঃ তারা সে ছুটি পাবে না। কারণ তারা তাদের permanent না করে temporary করে রেখে দেবেন এবং ছুটি চাইলেই তাদের তাড়িয়ে দেওয়া হবে। এর মধ্যে দিয়ে সেই ব্যবস্থাই পাকা-পাকি ভাবে করা হবে।

[5—5-20 p. m.]

সবচেয়ে দুঃখের কথা যে ১৯৪০ সালে এই আইন ভাল ভাবে চালু হয় নি। এক একটা থানায় মাত্র একজন করে Inspector রাখা হয়েছিল। সুতরাং তার পক্ষে সম্ভব ছিল না যে প্রত্যেকটা দোকানের প্রতি লক্ষ্য রাখা যে এই আইন ঠিক মত কার্যকরী হচ্ছে কী না। আমি বলব যে আরও বেশী Inspector নিযুক্ত করতে হবে এবং যাতে কর্মচারীরা এর সুযোগ গ্রহণ করতে পারে। এবার সরকারের দেখা উচিত যাতে এই আইনটা ঠিকমত কার্যকরী হয়। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House adjourned for 15 minutes]

[After adjournment]

[5-20—5-30 p. m.]

Shri Rama Shankar Prasad : মাননীয় স্পীকার মহাশয়, ১৯৪০ সালের Shops and Establishment Act যেটা ছিল সেটা amendment করা হচ্ছে। পূর্বেকার আইনে যে সমস্ত complications ছিল সেগুলি যাতে দূর করা যায় তার জন্য আজকে এই বিল আনা হয়েছে। আমি মন্ত্রীমহাশয়কে একটু ভেবে দেখতে বলি, এই amendment-এর দ্বারা ঐ complications গুলি দূরীভূত হবে কিনা। আমি এ সম্পর্কে clause-wise কয়েকটা কথা বলব—clause 2-তে বলা হচ্ছে, half day means, when used in relation to a shop, a continuous period of half of the ordinary daily working hours of such shop beginnig at the commencement or ending on the termination of the ordinary daily working hours, or in the case of establishment, a continuous period of six hours between the hours of half past eight o'clock ante meridiem—and half past eight o'clock post meridiem. Amusement establishment-এ যারা কাজ করেন তারা একটা নির্দিষ্ট সময় আরম্ভ করেন এবং শেষ করেন। আরেকটা difficulty হচ্ছে, ante-Meridiem Post-meridiem ইত্যাদি নানা রকম কথা বলে তাদের ক্ষেত্রে এই আইনে একটা অদ্ভুত ধারা আনা হয়েছে। তারপর, ৪নং ধারা সম্পর্কে আমাদের বন্ধু চিত্তবাবু বললেন

এর দ্বারা ছোট ছোট দোকানদারদের পক্ষে খুব অসুবিধা হবে। তারপর,যে সব establishment-এ ২।৩ জন employee এই ৪নং ধারার মাধ্যমে তাদের এর আওতা থেকে বাইরে রাখতে চান। ৫নং ধারার যে complications আছে তার প্রতি আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—আমার মনে আছে, বোধহয় 1958-এ নৈনিতাল Labour Conference-এ নান্ডার সাহেব চেষ্টা করেছিলেন কি করে strike বন্ধ করা যায় এবং একটা বিলও আনার চেষ্টা করেছিলেন হাসপাতাল ইত্যাদি সম্পর্কে। কিন্তু এখনও আমরা দেখতে পাচ্ছি সেটা না এনে অন্তরকম একটা আইন আনতে যাচ্ছেন যার মধ্যে অন্যান্য জিনিস ঢুকিয়ে দিচ্ছেন, কারণ তিনি বলছেন, "shops or stalls in any public fair or bazar held for a charitable purpose" · shops and refreshment rooms at railway stations, docks, wharves and airports. আমরা দেখছি, মাদ্রাজ, বোম্বে, দিল্লীতে এই ধরনের Act আছে। এই যে West Bengal Shops and Establishments Act, 1940 এই ধরণের Act অন্যান্য রাজ্যেও আছে। কিন্তু আজ পশ্চিমবংগে যে amendment হতে যাচ্ছে তাতে complications আরো বেড়ে যাচ্ছে এবং শ্রমিক কর্মচারীরা যে সব অধিকার বহু লড়াই করার পর অর্জন করেছিলো তা কেড়ে নেওয়া হচ্ছে। এখানে দেখা যাচ্ছে এই amendment-এর দ্বারা complications আরো বেড়ে যাচ্ছে। Clubs and residential hotels and boarding houses,—তারপর shops dealing mainly in medicines, surgical appliances, bandages or other medical requisites. আমি শ্রমমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই তাদের অপরাধ কি। যেহেতু তারা এই ধরনের ব্যবসা সংস্থার কাজ করে সেই কারণেই কি তারা তাদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হবে—Calcutta Club-এর মতে অন্যান্য ক্লাবে যারা এই ধরনের কাজ করে তারা কি কারণে এই আইনের আওতা থেকে বাদ পড়বে এবং এই আইনে প্রাপ্ত minimum facilities and benefit থেকে বঞ্চিত থাকবে?

আপনি যদি হেডিং দেখেন shops and establishments bill—তাহলে দেখবেন যে নানা ধরনের ঐ সব কর্মচারীদের আপনি বাদ দেবার চেষ্টা করছেন। আপনি আগে বলেছেন যে মাদ্রাজ, বম্বে ইত্যাদি এ্যাক্টগুলো তার থেকে আপনি শিক্ষা নিয়েছেন। কিন্তু দেখা যাচ্ছে মাদ্রাজ, বম্বে, দিল্লী, পাঞ্জাব ইত্যাদি প্রদেশের এ্যাক্টে ভাল বেনিফিটস যে গুলো আছে—সেই বেনিফিটসগুলো না নিয়ে ডিফেকটস গুলোকে নেওয়া হয়েছে। তারপর ৫-এর ৬নং ধারাতে আমরা দেখছি যে the very purpose of the Bill has been defeated। কেননা আপনি বিলে বলছেন, every person employed shall be allowed in each week as holiday at least one day and a half day next preceding or next following such day. এইভাবে দারোয়ান, পিয়ন, ওয়াচম্যান তারা যাতে এই বেনিফিটসগুলো থেকে বঞ্চিত থাকে তার ব্যবস্থা আপনি করছেন। স্পেশাল সিনামা কর্মচারীদের ক্ষেত্রে এটা আমরা দেখছি। এই ভাবেই অনেক গেটকিপার বুকিং, ক্লার্ক এবং other employees এই বেনিফিটগুলি থেকে বঞ্চিত হবে। আর একটা ভাইটাল কোয়েশ্চেন আমি বলছি যে আপনারা বলেছেন যে হোটেল রেষ্টুরেন্টে যারা কাজ করে তারা রাত্রি ৮ টার পরে আর কাজ করতে পারবে না। Residential Hotel-এ যে সব মেয়েরা কাজ করে তাদের রাত্রি ১০।১১ টা পর্যন্ত থাকতে হয়।

[At this stage the honourable member having reached his time limit resumed his seat]

Shri Basanta Kumar Panda : Sir, there has been some improvement over the Act of 1940 no doubt, but during the last 21 years there should have been much more improvement. We expected much more improvement of this Bill,

because it is replacing an old Act. First of all, in the short span of my time I shall try to point out the intrinsic defects of this Bill. The first defect of this Bill is that it is being made applicable to those places and with regarding to those shops and establishments to which 1940 Act applied. We are repealing that very Act. Therefore, after repealing that very Act which were the shops, which were the establishments that were governed by 1940 Act it would be very difficult to ascertain. There fore, without taking recourse to the Act which is going to be repealed, we should have entertained within this Act those very shops and establishments which we wish to benefit thereby. Another very important defect, and a constitutional defect at that, has crept in this Bill. In this Bill a definition is being given of 'young person' by which the lower age limit has been fixed at 12 and the upper age limit at 15. Sir, by this we are trying to do away with some constitutional provision. Sir, in our Constitution there has been a definition of the word 'child' and the age of the child comes up to 14 years. I will request you and the Hon'ble Minister as well as Mr. Banerjee to look to Article 45 of the Constitution.

[5-30—5-40 p. m.]

Article 45 says "The State shall endeavour to provide, within a period of ten years from the commencement of this Constitution, for free and compulsory education for all children until they complete the age of fourteen years." Therefore, according to the language of this Article the age of the child or children comes up to 14 years. Then I shall draw the attention of the House through you to another Article and put my argument. Article 39 (e) says "the health and strength of workers, men and women, and the tender age of children are not abused and that citizens are not forced by economic necessity to enter avocations unsuited to their age or strength" and (f) says "children are protected against exploitation and against moral and material abandonment." But, Sir, this Bill in a sense recognises the employment of persons between the age of 12 and 14. Therefore according to the definition of the Constitution children are upto the age of 14. Of course these two Articles appear in chapter IV-directive principles of the State and in enacting laws we shall obey the directive principles of the Constitution. There is another Act—the Bengal Rural Education Act of 1930 which says that the education of children from class 1 to Class IV should be made compulsory and they should be given compulsory and free primary education—the Constitution says upto the age of 14 years. Therefore, your definition of the words' young person' is not in consonance with the Constitution which makes the provision that nobody shall be allowed to employ or exploit a child of a tender age due to economic pressure. At the present time no man who has got enough means will allow his children to be employed but economic pressure may compel him to allow his children to work. Therefore, the definition of the words "young man" should be changed. You may make it 14 to 18 according to our Acts-Indian Majority Act, according to which a person attains majority at the age of 18.

Then I came to the power of Government to exempt certain establishments or shops from the purview of this Act—clause 5 (2). In (g) says—shops dealing mainly in supplies, stores, or other articles necessary for shops. These are big concerns and you are trying to exempt them from the purview of this Act, (i) barbers' and hairdressers' establishments ; then another very big establishment, namely, (j) shops dealing in petroleum products or spare parts for motor vehicles. I ask the Hon'ble Minister are these small establishments that they require to be exempted ? Then there are the excise shops-how are you exempting these shops from the purview of this Act ? So this Act is to some extent leaning towards the rich people and giving them some premium.

Then comes section 23-powers of inspectors. They have been given enormous

power for the application of this Act, for the purpose of giving unnecessary annoyance to different persons.

Sir, there is very little provision in this Act to check these Inspectors if they do not act according to law or if they resort to illegal gratification.

Sir, there is very little chance with regard to the application of the wages Act. The application of the wages Act entails a very long and costly procedure. Of course, by the Wages Act, the employee is benefited no doubt and we should look to the interest of the employees first, but by the application of the Wages Act, payment may be delayed and the proceedings may be delayed because on the one side there is the employer-the rich shop-keeper-and on the other side there is the poor employer.

Then for illegal dismissal, the only provision is for payment of compensation of one month's salary. That is very meagre. The compensation should be much more than that.

A uniform rate of fee for registration is against natural justice. Gradation should be made according to the size of the establishment, according to the capital invested in the establishment and according to the standing or standard of business of the establishment and registration fee should vary accordingly.

Shri Abani Kumar Basu: স্পীকার মহাশয়, আজকে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যে West Bengal Shops and Establishments Bill-টা এই বিধান সভায় এনেছেন তার জন্য আমি প্রথমে তাঁকে আমার আন্তরিক ধন্যবাদ জানাই। বাংলাদেশের লক্ষ লক্ষ দোকান-কর্মচারী এবং অন্যান্য সংস্থার কর্মচারীদের ন্যায্য অধিকার আজ পর্যন্ত প্রতিষ্ঠিত হতে পারেনি। ১৯৪০ সালে যে আইন এসেছিল তাতে তাদের সম্পূর্ণ অধিকার দেওয়া সম্ভব হয়নি—তাদের চাকরির কোন স্থায়ীত্ব ছিল না, তাদের ছুটি সম্বন্ধে কোন আইন-কানুন ছিল না। বর্তমান আইনে সেই সমস্ত বিধান করা হয়েছে। স্যার, আমি দেখতে পাই যে ১৯৪০ সালের আইনকে বড় বড় মালিকরা বিভিন্ন উপায়ে ফাঁকি দেবার ব্যবস্থা করে চলেছেন। সেইজন্য আইনের সংশোধন প্রয়োজন ছিল। শ্রমমন্ত্রী আমাদের বলেছেন যে tinkering, piecemeal legislation না করে সমস্ত আইনটাকে ভেঙে সাজানর সত্যই প্রয়োজন ছিল। আজকে দেখতে পাই যে পূর্বেকার আইনে এমপ্লোয়ারের ডেফিনিসানের মধ্যে ম্যানেজার কিংবা যাঁরা ম্যানেজমেন্টের জন্য রেসপন্সিবল ছিলেন তাঁদের সম্বন্ধে কোন বিধান না থাকায় তাঁরা আইনকে ভালভাবে ফাঁকি দিতে পারতেন। স্যার, একটা জিনিস সম্বন্ধে আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে hours of work সম্বন্ধে clause 7 তে তিনি বলছেন যে hours of work শুধু দোকানদের সম্বন্ধে প্রযোজ্য হবে। আমার মনে হয় যে সমস্ত বিভিন্ন establish ments রয়েছে commercial establishments অন্যান্য establishments-এর কর্মচারীরাও এই hours of work-এর বিধান থেকে যে কেন বাদ পড়েছেন তা আমি বুঝতে পারছি না। স্যার, শ্রমিকদের সবচেয়ে বড় অধিকার হচ্ছে তাদের চাকরির স্থায়ীত্ব। আজকে তাদের retrenchmemt করতে গেলে এই আইনের বিধান আসবে এবং Industrial Disputes Act তাদের চাকরিকে রেগুলেট করবে এটা একটা নিশ্চয়ই বড় অধিকার এবং এ ক্ষেত্রে মালিকরা কোন শ্রমিককে ছাঁটাই করতে গেছে নিশ্চয়ই সেই বিষয়ে চিন্তা করবেন।

[5·40—5·50 p. m.]

আজকে আমরা আরো প্রাত্যহিক অভিজ্ঞতা থেকে দেখতে পাই সেই কর্মচারীদের কোন অর্গানাইজড্ ইউনিয়ন না থাকার ফলে মালিকদের খেয়াল-খুশীমত তাদের বরখাস্ত করা হত, তাদের চাকরীর কোন গ্যারান্টি ছিল না। আজকে এই শ্রমিকরা যদি এক বছর কমপ্লিটেড্

সার্ভিস করেন তাহলে তাদের ছাঁটাই করতে গেলে সাফিসিয়েন্ট কজ না দেখিয়ে ছাঁটাই করা চলবে না। আর এক বছরের কম হলে তাদের যে ন্যায্য পাওনা আছে তা তাদের দেওয়া হবে। আমি স্যার, এ বিষয়ে শ্রমমন্ত্রীকে আরো নিবেদন করতে চাই এই যে এক বছর কমপ্লিটেড সার্ভিস আছে, এই পিরিয়াড্‌টাকে কমিয়ে এনে ৬ মাসের কমপ্লিটেড্‌ সার্ভিস করা হোক্‌। স্যার, ওভারটাইম ওয়েজেস দেবার ব্যবস্থা আছে। শুধু তাই নয়, পেমেণ্ট অফ ওয়েজেস এ্যাক্ট ১৯৩৬ সালের সেগুলিকে দিয়ে চাকরীর সর্তাবলী রেগুলেট করা হবে। স্যার, তাদের চাকরীর যে ঘণ্টা বেঁধে দেওয়া হচ্ছে—আমরা দেখতে পাই অনেক ক্ষেত্রে তাদের যে সময় পর্যন্ত কাজ করা উচিত তাছাড়াও অনেক বেশী সময় পর্যন্ত তাদের আটক থাকতে হয়। আজকে সে সম্বন্ধে এই আইনে কোন বিধান নেই। আমি সেজন্য শ্রমমন্ত্রীকে বলতে চাই যে স্প্রেড ওভার পিরিয়াডের দিকে বিশেষ ভাবে দৃষ্টি দেওয়া দরকার আছে এবং এই আইনে এরকম ম্যানেজিং ক্লজ এনে সে সম্বন্ধে বিশেষ ব্যবস্থা করার প্রয়োজন আছে। স্যার, ছুটি সম্বন্ধে আমরা দেখতে পাচ্ছি—যে আজকে শ্রমিকদের প্রিভিলেজ লিভ্‌, মেডিকেল লিভ্‌, ক্যাজুয়াল লিভ্‌ প্রভৃতি বিভিন্ন রকম ছুটির ব্যবস্থা করা হয়েছে কিন্তু সেই সংগে আমি আর একটা বিষয় এই সভার সামনে তুলে ধরতে চাই—সেটা হচ্ছে বিভিন্ন সংস্থায় যে আজকে ক্রমশ: মিনিমাম ওয়েজেস এ্যাক্ট চালু হচ্ছে এটা এক একটা ক্যাটিগরী অব এমপ্লয়মেণ্ট, এক একটা ক্যাটিগরী অব সপ্‌স য্যাণ্ড এষ্টাবলিসমেণ্টের জন্য। প্রত্যেক জায়গায় যদি এককভাবে মিনিমাম ওয়েজেসের ব্যবস্থা হত তাহলে নিশ্চয়ই ভাল হত এবং এই আইনকে আরো বেশী করে শ্রমিকরা অভিনন্দিত করতে পারতো। আমি এ সম্বন্ধে শ্রমমন্ত্রীকে বিবেচনা করতে বলি। মোটের উপর আমি এই বলে শেষ করতে চাই যে ১৯৪০ সালের যে আইন বর্তমান যুগের সংগে তা কোনদিক দিয়ে খাপ খেতে পারে না, একটা আউটমোডেড্‌ ষ্ট্যাটুট হয়েছিল। আজকে শ্রমমন্ত্রী এই আইন এনে সেই সমস্ত দোষ ত্রুটীগুলি সংশোধন করার ব্যবস্থা করেছেন এবং সে সম্পর্কে উন্নতিবিধান করার যে প্রচেষ্টা এই আইনের মধ্যে তিনি দেখিয়েছেন তারজন্য আমি তাঁকে অভিনন্দিত করি।

Shri Apurba Lal Majumdar : মাননীয় স্পীকার মহোদয়, এই বিল আলোচনা করতে গিয়ে প্রথমেই মনে পড়ে ২০ বছর আগে যে বিলটা এই বিধানসভা থেকে পাশ হয়েছিল, তার উপর অতি সামান্য এবং অত্যন্ত নেগ্লিজিবল ইমপ্রুভমেণ্ট হয়েছে। এই বিল যদি আমরা ভালভাবে বিশ্লেষণ করে দেখি তাহলে এতে বিশেষ আনন্দিত হবার মত কে অভিনন্দিত জানাবার কোন কারণ আছে বলে আমি মনে করি না।

বাংলাদেশের দোকান-কর্মচারী এবং Commercial Establishments-এ যাঁরা কাজ করেন এই যে বিরাট সংখ্যক মানুষ তাঁরা দীর্ঘদিন ধরে প্রতীক্ষা করতেছিলেন, যে সুযোগ-সুবিধা এই আইনের মধ্যে তাঁরা আশা করেছিলেন, তাঁদের সেই আশা ধ্বংস হয়ে গেছে বলে আমি মনে করি।

প্রথম ৫নম্বর ধারায় আছে যে কি কি কারণে, কোন্‌ কোন্‌ দোকানগুলি এই আইনের আওতায় আসবে না—তার বিস্তারিত একটা লিষ্ট দেওয়া হয়েছে। তার মধ্যে দেখে অবাক হতে হয় যে ক্লাব, রেষ্টুরেণ্ট, মদের দোকান ইত্যাদি এর মধ্যে আসবে না। মদের দোকান excise ক্লাব রেষ্টুরেণ্ট যেখানে ফুর্তি করার জায়গা, সমাজবিরোধী লোকেরা গিয়ে যেখানে ফুর্তি করেন, তা কেন এই আইনের আওতা থেকে আপনি বাদ দিলেন? এর যৌক্তিকতা আমি বুঝতে পারি না।

তারপর security of service—অন্তত: একটা social legislation করতে গেলে, যে আইনের মধ্যে সরকারী হিসেবে দেখছি ৪ লক্ষ, বে-সরকারী হিসেব ধরলে প্রায় ১০ লক্ষ মানুষ, আসবে বলে ধরা হয়েছে, সেই মানুষের security of service সম্বন্ধে একটা কথা বলা হয়েছে—তাদের service card দেওয়া হয়েছে; সেই service card দেওয়া মানে তাদের employment সম্পূর্ণ discretion of the employer হয়ে থাকা অর্থাৎ দোকান-মালিকের discretion

অনুযায়ী যখন তখন তাদের ছাটাই করা যাবে, তার বিরুদ্ধে কোন appeal নাই। তার বিরুদ্ধে appeal হচ্ছে ম্যাজিষ্ট্রেটের কাছে first class power, তাঁরা দরখাস্ত করতে পারবেন। যদি দেখা যায় এক মাসের নোটিশ দেওয়া হয়নি বা এক মাসের মাইনে দেওয়া হয়নি, সেখানে ম্যাজিষ্ট্রেট যদি মনে করেন অন্যায়ভাবে তাকে ছাটাই করা হয়েছে, তাহলে এক মাসের মাইনে পাবার ব্যবস্থা তিনি করে দেবেন। স্পীকার মহাশয়, আপনার কোর্টের অভিজ্ঞতা আছে, আপনি জানেন যদি ম্যাজিষ্ট্রেট, যিনি বিচার করবেন, reinstatement-এর order না করতে পারেন, তাহলে কোন কর্মচারী তার মাইনে পাবার জন্য কোর্টে গিয়ে দিনের পর দিন দরখাস্ত করবেন, আর enquiry হবে, এটা নিতান্তই হাস্যকর ব্যাপার বলে মনে হয়। যদি সেখানে অন্যায় করে চাকরী থেকে বরখাস্ত করা হয়ে থাকে, এটা যদি ম্যাজিষ্ট্রেট মনে করেন, তাহলে ম্যাজিষ্ট্রেট সেখানে তাকে reinstatement-এর অর্ডার দিতে পারবেন। Clause 8-এ এটা করুন, তাহলে তারা খানিকটা উপকৃত এর দ্বারা হতে পারে।

তারপর minimum wage সম্পর্কে অন্যান্য বক্তারা বলেছেন। এই minimum wage-এর কোন ইঙ্গিত এই আইনের মধ্যে নাই। কোন শ্রমিক কর্মচারী সম্বন্ধে social legislation করতে গেলে প্রথম দরকার security of service, তারপর minimum wage এবং old age pension এই তিনটি মূল বিষয়ের ব্যবস্থা থাকা প্রয়োজন। এটা গত বিশ বছরে বিভিন্ন জায়গায় স্বীকৃতিলাভ করেছে। শ্রমমন্ত্রী মহাশয়ও তা অস্বীকার করতে পারেন না। এই দীর্ঘ বিশ বছরে আমাদের চিন্তাধারা অনেক এগিয়ে গিয়েছে এবং এই অগ্রসর চিন্তাধারার পরিপ্রেক্ষিতে তাদের এই সমস্ত বিষয়গুলি সম্পর্কে শ্রমিক কর্মচারীদের সম্বন্ধে একটা সরকারী নীতি গ্রহণকরা উচিত— যা সর্ববাদীসম্মত ভাবে স্বীকৃতিলাভ করেছে। এই আইনের মধ্যে সেই security of service, minimum wage, old age ইত্যাদি সম্বন্ধে কোন বক্তব্যই নাই। এই প্রধান মূল বিষয়গুলির দিকে দৃষ্টি রেখে এই আইন রচিত হওয়া উচিত ছিল। তা এই আইন থেকে সম্পূর্ণ বাদ গিয়েছে।

তারপর দেখছি registration-এর ব্যাপারে সমস্ত বাংলাদেশের সমস্ত দোকানের নাম registry করতে হবে—ঠিক কথা। আমি তাতে আপত্তি করছি না। কিন্তু এর জন্য prescribed fee করবেন—সেই prescribed fee সম্পর্কে আইনের মধ্যে কোন কথা আপনি বলেননি। একই—Similar prescribed fee সকল দোকানের মালিকের জন্য নির্দিষ্ট থাকবে। সেখানে আমাদের শ্রমমন্ত্রীর কাছে অনুরোধ যখন এই আইনের clause by clause আলোচনায় যাব, তখন যেন তিনি এ বিষয়ে একটু সুবিবেচনা করেন। অর্থাৎ যে দোকানে যত বেশী কর্মচারী, income সেখানে বেশী হচ্ছে তার উপর ভিত্তি করে যদি এই registration fee নির্ধারণ করা হয়, তাহ'লে খানিকটা টাকা ও পাওয়া যাবে আবার ছোট মালিকরাও কিছু উপকৃত হবে। বেশী করে Inspector নিয়োগ করতে হবে যাতে করে সমস্ত জায়গায় এর ব্যবস্থা বিস্তার হতে পারে এবং ঠিকভাবে সমস্ত কিছু দেখা শোনার ব্যবস্থা হতে পারে। এই registration fee নির্ধারণ করবার সময় ছোটখাট দোকান যাতে এই ফি-র হাত থেকে রেহাই হতে পারে, সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[5-50—6 p. m.]

একটা কথা এই প্রসঙ্গে বলতে হয়। গত ২০ বছর ধরে দোকান-কর্মচারী আইন বাংলাদেশে চালু আছে। ১০৭টা জায়গায়, বিভিন্ন সহরে ও বন্দর এলাকায় এই আইন চালু আছে। আজকে শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাসা বাংলাদেশে ১০৭টি ব্যবসা কেন্দ্রে যে আইন চালু আছে এবং তার যে সকল সুযোগ, সুবিধা আছে, তার দুই অংশও সুযোগ, সুবিধা কি

দোকান কর্মচারীরা পেয়েছে? এই আইন কি কোথাও enforced হয়েছে? এই আইন কোথাও enforced হয়নি। এই সম্পর্কে আমি আশা করি, শ্রমমন্ত্রী মহাশয় একমত হবেন। আমি এজন্য বহু চেষ্টা করেছি। ইনস্পেক্টারের সঙ্গে দেখা করে, তাঁকে বলেছি, এবং তাঁদের অফিসে পর্যন্ত গিয়ে তাঁদের অনুরোধ করেছি কিন্তু কোন ফল হয়নি। আমি দিনের পর দিন দেখেছি বহু দোকান রাত্রি ১০টা পর্যন্ত খোলা রয়েছে। আমি কোন দিন দেখিনি তাঁরা সেই সমস্ত জায়গায় গিয়ে দোকানগুলি ইনস্পেকসন্ করে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করেছেন। কাজেই এই আইন পাশ করে, social legislation করে, যদি তাকে ঠিক ভাবে enforce করাতে না পারি, বা enforce করাবার দায়িত্ব যদি সরকার না নেন, তাহলে এই আইন পাশ করিয়ে কাগজে কলমে আইন করে রেখে কোন লাভ নেই, যুক্তি নেই। ১৯৪৭ সাল থেকে ১৯৬১ সাল, এই ১৪ বছরের যে অভিজ্ঞতা আমার আছে, তার কষ্টিপাথরে বিচার করে বলতে পারি এই আইনে যেটুকু সুযোগ, সুবিধা ছিল, সেইসব সুযোগ, সুবিধা থেকে দোকান-কর্মচারীরা সম্পূর্ণভাবে বঞ্চিত হয়েছে। সুতরাং এই আইন পাশ হবার পরে, আমি তাঁর কাছ থেকে এমনি আশ্বাস চাই—সেটা তিনি enforce করবেন কিনা? তিনি যদি enforce না করেন, তাহলে এই রকম একটা আইন এনে সাধারণ দোকান কর্মচারীদের ধোঁকা দেবার কোন যৌক্তিকতা আছে বলে আমি মনে করি না। তারপর overtime-এর জন্য double salary দেওয়া উচিত সকলেই বলেছেন। Holidays, privilege leave সম্পর্কে বাংলা দেশের বাইরে অন্যান্য province-এ যে আইন আছে এবং তাতে যে সকল সুযোগ, সুবিধা রয়েছে তার তুলনায় এখানে অনেক কম পাচ্ছে। কেন কম পাচ্ছে! তার জন্য শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ অন্যান্য প্রভিন্স এ বিষয় যতটা এগিয়েছে বাংলাদেশও এই ব্যাপারে অন্তত: ততখানি যাক, তার চেয়ে বেশী যেতে যদি ভরসা না করে।

আমার শেষ কথা হল—আমাদের এই আইনের মধ্যে দিয়ে যে সমস্ত বক্তব্যগুলি বিরোধী পক্ষের সদস্যরা রেখেছেন, অন্তত: নীতির দিক থেকে সেগুলি যাতে কার্যকরী হয়, তার জন্য চেষ্টা করুন। বাংলাদেশের দশলক্ষ লোকের security of service, minimum wage এবং old age p nsion সম্পর্কে মালিক যাতে চিন্তা করে, এই রকম একটা সংশোধনী আইন নিয়ে আসুন। এই পরিবর্তনকে বাংলাদেশের লক্ষ লক্ষ দোকান-কর্মচারীরা সমর্থন করবে এবং আমরাও এই পরিবর্তনকে আর একটু জোর ভাষায় সমর্থন করবো।

Shri Satyendra Narayan Mazumdar : মাননীয় স্পীকার মহাশয়, আমাদের শ্রম-মন্ত্রী মহাশয় এই বিল উত্থাপন করতে গিয়ে জনমতের কথা বলেছেন।

পুরাণ যে আইন আছে, সেই আইনের সংশোধন কেন! সেই আইনকে আমূল পরিবর্তন করে যাতে দোকান-কর্মচারীদের স্বার্থ সংরক্ষিত হয়, তার পক্ষে জনমত প্রবল এবং সেই জনমত বিভিন্ন ভাবে প্রকাশিত হয়েছে। দোকান কর্মচারীরা সংগঠিত ভাবে আন্দোলন করেছে, বিধান সভায় অভিযানও করেছে। সভার সাহেব যেমন বলেছেন অনেক সময় অনেকে পর্দার আড়ালে গিয়ে কথা বলে থাকেন, কিন্তু তিনি সব সময় জনমতের সামনে দাঁড়িয়ে কথা বলতে চান। এটা খুব আনন্দের কথা, এতে ক্ষতি কিছু নেই। সেই জনমতের সামনে সরকারকে বলি, সভার সাহেবকে বলি, শ্রম দপ্তরকে বলি—তাঁরা যেটুকু এগিয়েছেন, সেটা একেবারে কুণ্ঠিতগতি, বা half-heartedly.

আমি সভার সাহেবকে না বলে, সমগ্র সরকারকে বলছি এইজন্য যে, সভার সাহেব যদিও একটা নীতি বোঝেন, কিন্তু সরকারকে দিয়ে সেই নীতি গ্রহণ করান খুব কঠিন ব্যাপার হয়ে পড়ে। এবং সরকার বলতে বিশেষ করে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়। কারণ যখন শ্রমিক,

কর্মচারীদের স্বার্থ সংক্রান্ত কোন বিল আসার কথা হয়, তখন অপর পক্ষ অর্থাৎ মালিক পক্ষের যে প্রবল চাপ ও আবেদনগুলি যে ভাবে গভর্ণমেণ্টের উপর পড়ে, তার অভিজ্ঞতা আমাদের আছে। এই বিল যে ভাবে অগ্রসর হয়েছে, তার সেই কুষ্ঠিতগতিতে এই অগ্রসরের পিছনে বড় বড় দোকানদার মালিকদের চাপ রয়েছে। আমরা শুনতে পাচ্ছি সেই সমস্ত মালিকরা নাকি চেষ্টা করছেন যেটুকু অগ্রসর হয়েছে সেটুকুও যাতে বন্ধ হয়ে যায়। যাতে এই বিল পাশ না হয় তার জন্ত তাঁরা বিশেষভাবে চেষ্টা করছেন বলে আমরা শুনতে পাচ্ছি। আমি এই প্রসঙ্গে সভার সাহেবকে একটা জিনিস বিশেষভাবে অনুধাবন করতে বলি—এই বিলের আলোচনা করতে গিয়ে বিরোধী পক্ষের তরফ থেকে যে সমস্ত বক্তব্য রাখা হয়েছে, সেগুলি সভার সাহেব যেন বিশেষ ভাবে বিশ্লেষণ করে, বিচার করে দেখেন।

এই প্রসঙ্গে একটা কথা সাত্তার সাহেবকে অনুধাবন করতে হচ্ছে। আজকে এই বিল আলোচনা করতে গিয়ে যে সমালোচনা হয়েছে, বিরোধী পক্ষের তরফ থেকে যে সমস্ত বক্তৃতা হয়েছে তাতে সাত্তার সাহেব নিশ্চয়ই দেখেছেন যাতে এ বিলের আরও উন্নতি করা যায় এই উদ্দেশ্যেই এ জিনিসগুলি বলা হয়েছে—এটা আমি সাত্তার সাহেবকে বিশেষভাবে অনুধাবন করতে অনুরোধ করবো। বিল সম্বন্ধে সাধারণভাবে কয়েকটি কথা বলার আগে আমি একটা জিনিসের উপর বিশেষ ভাবে জোর দিতে চাই—সেটা হচ্ছে Implementation-এর দিক। আগের মাইনার যতটা সুবিধা ছিল কম হলেও সেটাও লোকে পায়নি Implementation-এর অভাবে। কেননা Implementation-এর কোন machinery নাই বললেই হয়। আজকে মফঃস্বলে circle officer-কে করা হয়েছে Inspector, তিনি নানা কাজ করেন, কোথাও Relief-এর কাজ করেন, test relef-এর কাজ করেন, grutuitous relief-এর কাজ করেন। নানা কাজ করেন ফলে দোকানগুলি তার পরিদর্শন করা আর হয়ে উঠে না। দার্জিলিং-এর কথা জানি সেখানে Inspector নিযুক্ত হয়নি। জলপাইগুড়িতে যিনি হয়েছেন তিনি দার্জিলিং এবং জলপাইগুড়ি দু-জায়গাই দেখছেন। ওখানকার দোকান-কর্মচারীরা বহুবার আবেদন করেছে যাতে এ আইন প্রচলিত হয়, আইনের সুযোগ-সুবিধা দেওয়া হয়—এ নিয়ে শ্রমদপ্তরের সঙ্গে আলাপ আলোচনা করেছে। শ্রমমন্ত্রীর সঙ্গে আলাপ আলোচনা করেছে কিন্তু কোথাও দার্জিলিং-এ সে সুযোগ-সুবিধা পাচ্ছে না। কাজেই Implementation-এর দিকটাতে বিশেষ জোর দেওয়া দরকার। তারপর এ সম্বন্ধে কতকগুলি জিনিস সাধারণভাবে বলছি সাত্তার সাহেব এ বিল প্রসঙ্গে দোকান কর্মচারীদের অসুবিধা সম্বন্ধে সে সমস্ত কথা বলেছেন—তার মধ্যে কয়েকটি জিনিস সম্বন্ধে তার দৃষ্টি আকৃষ্ট হয়নি—চাকুরি বেশী মাইনে কম, স্থায়ীত্ব নাই। অসুখ নিয়ে তাদের কাজ করতে হয়। এমন কি এও আমি দেখেছি বিশেষ এক সম্প্রদায়ের মালিক যারা সেই সম্প্রদায়েরই গরীব কর্মচারীদের এমনভাবে খাটায়, কাজ করায় তাদের উপর দুর্ব্যবহার করে যে টাইফয়েড জর নিয়ে দোকানে খাতা লিখতে হচ্ছে, ছুটি নাই। এই রকম দৃষ্টান্ত আমি আরও দেখেছি—তারা এই সম্প্রদায়ের লোক বলে, নিজের দেশ থেকে এনেছে বলে শুধু দোকানেরই কাজ নয় বাড়ীর কাজ পর্যন্ত করিয়ে নেয়, এই জিনিসগুলির দিকে দৃষ্টি দিতে হবে এবং এটা যাতে বন্ধ হয় তার ব্যবস্থা করতে হবে। এখন সাত্তার সাহেব balfhearted way-তে অগ্রসর হচ্ছেন, কিছু কিছু দৃষ্টান্ত পূর্ববর্তী বক্তারা দিয়েছেন। ভারতের কংগ্রেস শাসিত অন্যান্ত রাজ্যে যে সমস্ত আইন রচিত হয়েছে তাতে privelege leave, medical leave কাজের ঘণ্টায় spread over ইত্যাদি বিষয়ের ব্যবস্থা হয়েছে। সাত্তার সাহেব সে পর্যন্ত অগ্রসর হতে পারেন। অন্যান্ত রাজ্যে যে জিনিসগুলি রয়েছে সেগুলি পশ্চিমবঙ্গে কেন হবে না? পশ্চিমবঙ্গ Trade union-এর আন্দোলনের দিক থেকে অনেক বেশী উন্নত হতে পারে।

তারপর আর একটা কথা সাত্তার সাহেবকে বলছি। এ বিলটি উন্নতি করার সময় তিনটি Inter.st-এর দিকে নজর দিতে হবে—দোকান-কর্মচারী, মালিক এবং public ; বিলটি যে ভাবে লেখা হয়েছে তাতে বড় বড় মালিক যারা তাদের দিকেই দৃষ্টি রাখা হয়েছে এতে অনেকে বাদ পড়ে যাবে। ছোট যারা মালিক তাদের সম্বন্ধে কতকগুলি ব্যবস্থা করুন কিন্তু বড় বড় মালিক যারা তারা যে সব সুবিধা দিতে পারে সেই সুবিধা থেকে তাদের ফাঁকি দেওয়ার সুযোগ দেওয়া হবে কেন ? যেমন একটু আগে কংগ্রেস পক্ষের বক্তা বল্লেন minimum wages Act কিন্তু এই ব্যাপারে প্রয়োগ করা হবে না। আমিও বলি এ ব্যাপারে কেন minimum wages Act প্রয়োগ করা হবেনা কোন যুক্তি পাইনা।

[6—6-10 p. m.]

একমাত্র উত্তর যদি এই হয় যে বড় বড় মালিকদের চাপে সরকার অগ্রসর হতে পারছেন না, শ্রমদপ্তর সাহস পাচ্ছে না তাহলে সে আলাদা কথা। তারপর এখানে একজন বলেছেন gratuity-র কথা, একজন বলেছেন provident fund-র কথা ; নিশ্চয়ই এইগুলি যাতে কর্মচারীরা পায় তার ব্যবস্থা করতে হবে। অবশ্য সে সব দোকানে দু'একজন কর্মচারী কাজ করে তাদের এর থেকে অব্যাহতি দেবার ব্যবস্থা করতে হবে। কিন্তু বড় বড় দোকানে যে সব কর্মচারী আছে তাদের এই সুযোগ দেবেন না কেন তার কোন সদুত্তর নেই। আশা করি সাত্তার সাহেব এর সদুত্তর দেবেন। তারপর, আর একটা কথা হল, এই বিলের দুর্বলতার দিক থেকে দু'একজন বক্তা দু'একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন। আমি বিশেষভাবে এই দিকে দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, সে সমস্ত কর্মচারী Industiial Disputes Act-র সুবিধা পাচ্ছে, বিশেষতঃ ছুটির ব্যাপারে, compensation-র ব্যাপারে, সেগুলি থেকে এদের বঞ্চিত করা হবে কেন। Tribunal-এ যাবার বাইরে হবে কেন। তাহলে এটা পরিষ্কারভাবে ঘোষণা করুন। এই বিলে যে ধারা দেখছি, সেখানে একটা কথা বলেছেন sufficient cause-এ ছাটাই হবে। এখানে তাহলে sufficient cause ঠিক করবে কে ? যদি sufficient অভিযোগ না হয়ে থাকে তাহলে ১ মাসের মাইনে পাবে। কিন্তু Industrial Disputes Act-এ এর চেয়ে অনেক বেশী সুযোগ দেওয়া হচ্ছে। এই সম্বন্ধেও সাত্তার সাহেব কি বলবেন তা জানতে চাই। তারপর আর একটা জিনিস বিশেষভাবে বলছি, তিনি নিজেও বলেছেন, তাঁর অভিজ্ঞতা আছে, বহু জায়গায় দেখা গিয়েছে মালিক কর্মচারীদের বাধ্য করে পদত্যাগ পত্র লিখিয়ে নিয়ে পরের দিন আবার তাকে পুনর্নিয়োগ করে। এই জিনিসগুলি বন্ধ করা দরকার। এখানে যেমন আইন করছেন তেমনি তা implementation করা দরকার। নানাভাবে এই আইনের অপব্যবহার করা হয় সেগুলি বন্ধ করা প্রয়োজন। এই কৌশলগুলি কিভাবে বন্ধ করা যেতে পারে সে দিকে দৃষ্টি দেওয়া প্রয়োজন এবং implementation-র উপরেও জোর দেওয়া দরকার। আমি শেষ কথা বলতে চাই, যেটা তাকে অনেকে বলেছেন আমি তার পুনরাবৃত্তি করছি। এখানে সরকার নিজেদের হাতে ঢালাও ক্ষমতা রাখছেন। এখানে কতকগুলি establishment-কে সম্পূর্ণভাবে আইন থেকে অব্যাহতি দেওয়া হচ্ছে। বড় বড় মালিকরা অব্যাহতি পাবে কিনা সেটি পরিষ্কার-ভাবে আইনে থাকা দরকার। যেমন আমি কতকগুলি দৃষ্টান্ত দিচ্ছি, clubs, residential hotel ইত্যাদি এই ধরনের জিনিসগুলিকে অব্যাহতি দেওয়া যেতে পারে সেই ক্ষমতা হাতে রাখছেন। সেইজন্য আমি বিশেষভাবে বলতে চাই যে, আমি এই বিলটা যতটুকু অধ্যয়ন করেছি তাতে আমার এই ধারণা বদ্ধমূল হয়েছে যে সরকার বড় বড় মালিকদের বাঁচাবার জন্য চেষ্টা করবেন। সেই জন্যই আমি এখানে এই দিক দিয়ে বিশেষভাবে সতর্কবাণী উচ্চারণ করছি।

Shri Sankardas Bandyopadhyay: Mr. Speaker, Sir, certain important questions were raised by the honourable members opposite. One was raised by Shri Basanta Kumar Panda. At first sight it appears to be a very substantial point, but perhaps we will have to scrutinise the Act a little more closely. It is not the employment of children which is really the object of the Bill. It is regulating the hours of work, terms of employment, etc., and since the Bill is not going to be dealt with finally, I hope the honourable members of the House will examine the Bill from another angle. In the old Act which is still in force, the Bengal Shops and Establishments Act of 1940, there was no absolute prohibition of employment of children. Therefore, anybody could employ anybody. The Act which is now in force has no restriction in this behalf. In the present Bill an absolute prohibition has been put in so far as employment of children under the age of 12 is concerned. So far as the children between the ages of 12 and 15 the hours of work have been reduced. That is the second point to be considered. The only thing which everyone of us will have to consider if we bring in absolute restriction is that it may lead to a largescale unemployment. I know the directives in the Constitution, but still we have not been able to implement all the directives contained in the Constitution. I do see the force of one point which was made by our friends opposite-emloyment of children in excise shops. Personally speaking, I think it is a wrong thing to do, because to my mind the excise shops include not only the liquor shops but shops where other intoxicants are sold, and there may be a temptation for young people to take the intoxicants, and the atmosphere is not likely to be very good. In the Shops and Establishments Act which is still in force-when that Act was enacted, our Constitution was there, and the directive for prohibition was there-this directive for prohibition was not implemented. I think it is very desirable that Government should look into these things very closely. Certainly they have tried to retain power. The retention of such power may be of use to the Government and it is not likely to harm the public, but we should have to consider whether young people should be brought in or should be permitted to work in the excise shop. The Childrens Act together with this Act should be considered in order to enable us to find out whether they are consistent with each other. I do not think that many of our honourable members. I will not say all of them have really considered the Childrens Act, the present Act and the Bill which is now before the House today. The Central Government sent a model Act. There is no compulsion to adopt it, but it was just a thing to draw out attention to. That may be considered when clause by clause consideration of the Bill will be taken up. On the whole an attempt has been made to afford greater amenities, more restricted working hours, and so on, so far as shop assistants are concerned, and I think it is a measure which will really bring any amount of good to the public.

Sir, I have been hearing constantly about the inspectors, breach, and enforcement. That would largely depend on the public. We do not want another police force to regulate and enforce the Act. If you wish that would be done, but I do not think it always yields good result. Many of the honourable members know that Food Adulteration Act is there. Sometimes food inspectors come to the shops and seal up the foodstuff. I am not making a wholesale attack, but public must cooperate with the Government and bring it to their notice if there is any breach and violation. Mr Nepal Ray with his usual flow has suggested a fine of Rs. 1000/- and so on. I do not think this is a matter in which a heavy fine or penalty should be introduced but certain amount of penalty is necessary and enforcement of the rule is essential and that will largely depend on public cooperation. We cannot depend on inspectors alone for enforcement of the provisions of the Bill. Thank you.

[6-10—6-20 p. m.]

The Hon'ble Abdus Sattar: মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় সভ্যগণ এই বিল সমর্থন করেছেন দেখে আমি আনন্দিত হয়েছি। এখানে অনেক কথাই উঠেছে, সেই সব কথার

উত্তর দেওয়া সম্ভবপর হবে যখন clause by clause আলোচনা হবে। মোটামুটিভাবে এখানে যে সব কথা উঠেছে আমার মনে হয় সেগুলি ঠিক প্রাসঙ্গিক নয়। দোকান কর্মচারীদের minimum wages কেন এখানে নির্ধারণ করা হয়নি তার উত্তরে বলতে চাই minimum wages Act একটা আছে—এই আইনের আওতায় যারা পড়ে সিনেমা-কর্মচারী তাদের minimum wages Act-এ আনা হয়েছে, দোকান-কর্মচারীদের সম্পর্কেও সেই পরিকল্পনা সরকারের সম্মুখে আছে। তাদের সংখ্যা ইত্যাদি এবং বর্তমানে তারা কি পায় না পায় দেখে minimum wages-এর যে schedule আছে তার মধ্যে অন্তর্ভুক্ত করে তাদের minimum wages নির্ধারণ করা যাবে। কাজেই এখানে উল্লেখ করা হয়নি বলে তারা minimum wages থেকে বঞ্চিত হবে এমন কোন কথা নাই। মাঃ অধ্যক্ষ মহোদয়, এখানে provident fund নিয়েও কথা উঠেছে, provident fund-এর একটা আলাদা আইন আছে, সেই আইনের বলে ঠিক করা হয়েছে কতগুলি প্রতিষ্ঠানে যেখানে সংখ্যা ৫০ ছিল সেখানে ২০ করা হয়েছে, এবং ২০ জন থাকলেই provident fund-এর অধিকার তাদের উপর বর্তাবে। দোকান-কর্মচারীদের বেলায়ও এই provident fund-এর সুবিধা extend করা হবে, কাজেই তাদের ভবিষ্যৎ নাই একথা ঠিক নয়। তারপর, অনেকে বলেছেন অন্যান্য রাজ্যে এই আইনের বলে যে সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে তা এখানে কেন দেওয়া হয়নি। তাঁরা যদি ভাল করে সেই আইনের প্রভিসনগুলির সংগে আমাদের এখানকার আইনের প্রভিসনগুলি দেখেন তাহলে দেখবেন কোথাও কম আছে, কোথাও বেশী আছে। আমাদের পশ্চিমবাংলায় ১॥ দিন ছুটির ব্যবস্থা আছে, অন্যান্য রাজ্যে যেমন, দিল্লী, মাদ্রাজ, বোম্বেতে একদিন আছে। তারপর এখানে কাজের ঘণ্টা সম্পর্কে অনেকে বলেছেন, সপ্তাহে সে সবজায়গায় ৫৬ ঘণ্টা কাজের সময় নির্ধারণ করা হয়েছে, কিন্তু মাননীয় সদস্যরা একটু ভাল করে লক্ষ্য করলে দেখতে পাবেন তার পরিবর্তে আমাদের এখানে ৪৮ ঘণ্টা ঠিক করা হয়েছে—এবং ৫॥ দিনে ৫০ ভাগ করা হয়েছে। কেউ কেউ বলেছেন এই বিলে তেমন কিছু করা হয়নি। আমি আগেও বলেছি—আমি বলতে চাই না এটা একটা খুব বৈপ্লবিক বিল বা এই বিল একটা বিপ্লব সৃষ্টি করেছে, কিন্তু কিছুই হয়নি একথা বল্লে ঠিক হবে না। ৫৬ ঘণ্টার জায়গায় ৪৮ ঘণ্টা করা হয়েছে সপ্তাহে। তারপর, ছোটবড় দোকানের কথা উঠেছে—২০ বৎসর ধরে যে আইন চলছে সেই আইনে ছোটবড় দোকানের মধ্যে কোন পার্থক্য করা হয়নি। Registration fee কত হবে তা ঠিক হয়নি—টাকার দিকে আমাদের লক্ষ্য নয়, আমাদের লক্ষ্য হল registration করে যে তথ্য পাওয়া দরকার তা আমরা পেতে চাই। মানুষ কোথায় কি ভাবে কি অবস্থায় কাজ করে, দোকানের সংখ্যা বাড়ছে, কর্মচারীদের সংখ্যাও বাড়ছে—তারা নিজের দোকানেও কাজ করতে পারে আবার পরের দোকানেও কাজ করতে পারে—এগুলির কোন সংখ্যা আমাদের কাছে নাই। Registration-এর দ্বারা আমরা বুঝতে পারব পশ্চিমবাংলায় কত লোক কর্মে নিযুক্ত আছে—কেউ কেউ বলেন আন্দাজ করে average করে যে ২০ লক্ষ—registration হলে পর এটা জানালে আমাদের সুবিধা হবে।

আমরা নিশ্চয় ছোট বড়োর মধ্যে পার্থক্য করব। আজ কমলালয়ে যেটা করা হবে, সেটা ছোট দোকানের জন্য করা হবে না। এখানে যদি আমরা ৫০ টাকা ফি করি সেটা সকলের বেলায় করবনা—তবে যদি আমরা একটা নমিন্যাল ফি করি সেটা সকলের কাছে সমান হতে পারে। মাননীয় সদস্যমহাশয়, যে সাজেশান দিয়েছেন সেটা আমরা গ্রহণ করব। বড় বড় দোকান যত আছে তাদের ক্যাপাসিটির দিকে তাকিয়ে যদি আমরা রেট ঠিক করি তা হলে যে টাকা পাওয়া যাবে তাতেই হবে এক তাহলে স্বভাবতঃ কাইন্যাল লোক দিতে যে আপত্তি করে সেটা করবে না। এখানে কেউ কেউ বলেছেন যে ছোটর দিকে লক্ষ্য করা হয়নি—মুড়ি মুড়কি সব সমান করা হয়েছে। কিন্তু আমি বলব যে ছিদামমুদি ও কমলালয়কে এক করা হয়নি। এই আইনে কে কত বেতন

পাবে সেটা ঠিক করিনি। অর্থাৎ যে যেখানে কাজ করবে সেখানকার বাঁধের মধ্যে সে পড়বে। কমলালয় দোকানের লোক যত বেতন পায়, ছিদাম মুদির দোকানের লোক সেই রকম পায় না। এই পার্থক্য শুধু দোকানের ক্ষেত্রে নয়, বড় বড় শিল্পের ক্ষেত্রেও আছে। অর্থাৎ যেমন বার্ণপুর, টাটা ইত্যাদিতে যারা কাজ করে তারা যে বেতন পায় আর একটা ছোট ইনজিনিয়ারিং ফার্মের লোক সেই রকম নিশ্চয় পাবে না। একটা মিনিমাম তবে সব জায়গায় হওয়া উচিত। এই মিনিমাম বেতন ধার্য্য করা সরকারের বিবেচনাধীন আছে। এখানে exemption-এর কথা উঠেছে। পুরানো আইন যদি দেখেন তাহলে দেখবেন যে সেখানেও exemption-এর কথা আছে। এই exemption এর ক্ষমতা আমাদের আছে এবং প্রয়োজন হলে আমরা সেটা প্রয়োগ করব। দোকান বন্ধ করার ব্যাপারে যেমন ... ...

(শ্রীভদ্রবাহাদুর হামাল :—দার্জিলিং সম্বন্ধে বলুন) দার্জিলিং শুধু পশ্চিমবাংলা নয় দার্জিলিং একটা জেলা। আজ আমরা দেখছি বউবাজারে ৪ টা দোকান বন্ধ আছে, তার পাশে আর ১টা দোকান খোলা আছে। অনেক বইয়ের দোকান চিঠি লিখেছে যে আমরা আইন মানতে প্রস্তুত আছি। কিন্তু আমাদের পাশের দোকান খোলা আছে। সে জন্য আমরা ঠিক করেছি যে সরকারের এই ক্ষমতা আছে যে একটা নির্দিষ্ট দিন বলে দেবেন যে বউবাজারে এই দিন বন্ধ থাকবে। আর একটা কথা বলব যে এ বিষয়ে আমি ডাঃ রনেনসেনের সঙ্গে একমত যে এ বিষয়ে একটা সামাজিক দৃষ্টিভঙ্গী থাকা দরকার। কারণ অনেক সময় দেখা গেছে যে লোকে ৮টার সময় দোকান বন্ধ হবার কথা সেই সময়ও লোকে দোকানে গেছে। এবং তার ফলে দোকান বন্ধ করতে দেরী হয়। সেজন্য বলব যে আজ যে আইনই করা হোক না কেন জনসাধারণে যদি সহযোগিতা না করেন তাহলে আইনকে কার্যকরী করা সহজ হয় না। এই আইনের আলোচনা করতে গিয়ে ইমপ্লিমেনটেসানের কথা উঠেছে। এই বিল যখন বিশদভাবে আলোচিত হবে তখন এই ইমপ্লিমেনটেশানের কথা আলোচনা করলে ভাল হয়।

[6-20—6-27 p. m.]

ইমপ্লিমেনটেসন করার দিকে আমাদের লক্ষ্য আছে কিন্তু যেখানে এই আইন চালু আছে সেখানে বহু লোক এর সঙ্গে সংশ্লিষ্ট। আমি দেখেছি একজন লোক গাড়ী হাঁকিয়ে ৮টা বাজতে ৫ মিনিট বাকী থাকতে দোকানে এসে ঢুকলেন। কিন্তু সেই ভদ্রলোক যদি আধঘণ্টা আগে আসেন বা আর একদিন আসেন তাহলে কিছু ক্ষতি হয় না। সাহেবরা হাট-বাজার করে থায় এবং তাঁদেরও দৈনন্দিন জীবন আছে। কিন্তু রবিবারদিন সেখানে বন্ধ থাকে কাজেই কেউ সেখানে যায় না। সুতরাং এ রকম একটা সামাজিক বুদ্ধি সকলের হওয়া উচিত।

তারপর আজকে কেউ কেউ কাজের ঘণ্টা কমাবার কথা বলেছেন, কিন্তু তা সম্ভব নয়। আজকে আমাদের পরিবর্তিত অবস্থায় সমস্ত ঘটনা বিবেচনা করতে হবে এবং দেশের মনোভাব বিবেচনা করতে হবে। আমি অবশ্য নাম করবনা তবে এমন অনেক লোক আমাদের মধ্যে আছেন যাঁরা বর্তমানে যে আইন আছে তার খবরও রাখেন না। যদি আইন না আনি বা আইন পাশ নাও হয় তাহলে ৮টার আগে দোকান খোলা যাবেনা এবং ৮টার পর বন্ধ করার আইনও আছে। তারপর অনেকে মনে করেন এটা নূতন করা হচ্ছে। কিন্তু এটা নূতন কিছু নয়, পুরাণোর উপর যা কিছু ভাল করা সম্ভবপর তাই করা হচ্ছে। ইন্সপেক্টর সম্বন্ধে যে কথা বলা হয়েছে তার উত্তরে বলব যে পূর্বে যদিও এটা ছিলনা তবে আমরা এখন অনেক জায়গায় হোলটাইম ইন্সপেক্টর দিয়েছি। তবে এটা ঠিক এবং আমরাও জানি যে অনেক জায়গায়ই একটি জেলার জন্য ১জন ইন্সপেক্টর যথেষ্ট নয়। তারপর এই আইন এক্সটেণ্ড করবার জন্য কথা উঠেছে এবং প্রত্যেকদিন আমার কাছে চিঠি আসছে। কিন্তু আমরা ঠিক করেছি হোল-টাইমের বেশী না করে আপাততঃ আর এক্সটেণ্ড করব না। যা হোক, এই আইনের বিধানে আপনারা জানেন যে এই আইন এক সঙ্গে সারা বাংলাদেশে চালু না করে যেখানে যেখানে এক্সটেণ্ড করব সেখানে সেখানে এটা করা

হবে। তবে শুধু আইনের ব্যবস্থা করলেই হবে না, আইনকে কার্যকরী করতে হবে। আমি অন্যান্য শ্রমিক সংক্রান্ত আইন আলোচনা করতে গিয়ে বা তাদের সমস্যার কথা বলতে গিয়ে যে কথা বলি এখানেও সে কথা বলব যে, এই আইন যদি ইম্প্রুভমেন্ট করতে হয় তাহলে তাদের যে অর্গানাইজেসন্ আছে—অর্থাৎ ট্রেডইউনিয়ন তাকে মজবুত করতে হবে এবং জনসাধারণকে সামাজিক বুদ্ধিসম্মত হতে হবে যে তাঁরা কেউ ৮টার পূর্বে বা পরে দোকানে যাবেন না।

তারপর exemption-এর যে কথা উঠেছে তার উত্তরে বলব যে সেই exemption আমরা হাতে রেখে দিয়েছি এবং বর্তমানে যে আইন চালু আছে তাতে exemption দেওয়া আছে কাজেই আমাদের আর কোন হাত নেই। তবে যদি দেখা যায় যে রাত ১২টা পর্যন্ত ইটিং হাউস খোলা রাখা হয়েছে তাহলে তাদের আমরা exemption নাও দিতে পারি। কাজেই ক্ষমতা হাতে রেখে দিয়েছি এবং এটাই হচ্ছে নূতন আইনের সঙ্গে পুরাণো আইনের তফাৎ। যে সমস্ত কথা বলা হয়েছে তাতে আমি মনে করি সার্কুলেসনের যে কথা বলা হয়েছে তাতে এই বিল সার্কুলেসনে দেবার আর কোন প্রয়োজন নেই এবং তা ছাড়া এ ব্যাপারে যথেষ্ট সার্কুলেশন করা হয়েছে। যেমন, ১ বছর আগে গেজেট করা হয়েছে, প্রধান প্রধান সংবাদ পত্রে আলোচনা হয়েছে, বহু পত্র পত্রাদি এসেছে এবং বোধ হয় বাংলাদেশের ব্যবসায়ী হোক বা শ্রমিকেরই হোক এমন কোন সংস্থা নেই যারা এই বিল সম্পর্কে আলোচনা করেনি বা তাঁদের মতামত দেয়নি। কাজেই আমি এই বিল পুনরায় সার্কুলেসনে দেবার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sankardas Bandyopadhyay : With your permission, Sir, may I ask the Hon'ble Minister to consider one aspect of the matter ? In the Bill before the House there is a provision for punishment for wrongful dismissal and payment of compensation realised as fine, but I find there is no provision for reinstatement. A man may lose his job after twenty years' service ; he gets a month's pay and he gets off.

Shri Rabindra Nath Mukhopadhyay : মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, ওয়েজ বোর্ড এবং ছোট ছোট শিল্পে ট্রাইবুনালের দাবীতে এ্যাসেম্বলীর বাইরে ইঞ্জিনিয়ারিং শ্রমিকদের একটা বিরাট মিছিল এসেছে। কাজেই আমরা চাচ্ছি যে মিনিষ্টার এ সম্পর্কে কিছু বলবেন।

The Hon'ble Abdus Sattar : স্যার, মাননীয় সদস্য শ্রীশঙ্করদাস ব্যানার্জী মহাশয় যে কথা বলেছেন তার উত্তরে বলতে চাই যে, ইণ্ডাস্ট্রিয়াল ডিস্‌পুট এ্যাক্টের আওতা থেকে এই দোকান কর্মচারীদের নিয়ে নেওয়া হয়নি বা তাঁরা বাইরেও পড়েনি। তা ছাড়া ইণ্ডাস্ট্রিয়াল ডিসপুট এ্যাক্টে যে রিলিফ আছে সেই রিলিফ তাঁরা পাবেন এবং যদি প্রয়োজন হয় তাহলে সে কথা সুস্পষ্ট করে আইনে বলা হবে। তারপর রবীনবাবু যে কথা বলেছেন তার উত্তরে বলতে চাই যে সমাবেশের কোন প্রয়োজন ছিলনা কারণ আমি বাজেটের সময় বলেছি এবং আবারও বলছি যে প্রস্তাবিত ট্রাইবুনাল নিয়োগের জন্য আমরা অনুসন্ধান কার্য আরম্ভ করেছি। তারপর ওয়েজ বোর্ড সম্বন্ধে বারে বারে বলেছি যে ওয়েজ বোর্ড কেন্দ্রীয় সরকারের দ্বারা নিযুক্ত হয়, তবে আমরা আমাদের অভিমত জানিয়েছি এবং আবার জানাব। যা হোক্, সর্বশেষ আর একটা কথা জানিয়ে যাচ্ছি যে আমরা লৌহ, ইস্পাত কর্মচারীদের জন্য ওয়েজ বোর্ডের পক্ষপাতী।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of the Hon'ble Abdus Sattar that the West Bengal Shops and Establishment Bill, 1961, be taken into consideration, was then put and agreed to.

The Hon'ble Jagannath Koloy: Sir, I move a motion with your permission. The motion is that the West Bengal Shops and Establishments Bill, 1961, be taken up next session from the stage where it is being left.

The motion was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned *sine die*. Thank you, honourable members.

Adjournment

The House was accordingly adjourned sine die at 6-27 p.m.

Note: The Assembly was subsequently prorogued with effect from the 31st March, 1961, under notification No. 668 A. R., dated the 30th March, 1961, published in an extraordinary issue of the Calcutta Gazette of even date.